ফিন্যান্স ও ব্যাংকিং

ঢাকা বোর্ড– ২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 5 2**

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

সময়– ৩০ মিনিট পূর্ণমান– ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. মূলধন বাজেটিং নিচের কোনটির সাথে জড়িত?
ক জমি ক্রয় খ পণ্য ক্রয়
গ পণ্যমূল্য নির্ধারণ ঘ পণ্যের মান যাচাই

২. আর্থিক প্রতিষ্ঠান হিসেবে সোনালী ব্যাংক—
i. বিনিময় মাধ্যম সৃষ্টি করে ii. মূলধন গঠন করে iii. নোট ও মুদ্রা প্রচলন করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩. নিচের কোনটিকে প্রবর্তকের শেয়ার বলে অভিহিত করা হয়?
ক সাধারণ শেয়ার খ অগ্রাধিকার শেয়ার গ বিলম্বিত শেয়ার ঘ বোনাস শেয়ার

৪. $\frac{\text{বিনিয়োগ}}{\text{বার্ষিক নগদ প্রবাহ}}$ = নিচের কোনটি?
ক গড় মুনাফার হার খ নিট বর্তমান মূল্য
গ অভ্যন্তরীণ মুনাফার হার ঘ পে-ব্যাক সময়

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৫, ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ফারহানের একটি ব্যাংকের তিনটি শাখায় জমাকৃত অর্থের তথ্য নিম্নরূপ :

শাখা	জমা (টাকা)	মুনাফা প্রদান হার	উত্তোলন (টাকা)
X	১,০০,০০০	স্বল্প হারে	৫০,০০০
Y	৫,০০,০০০	উচ্চ হারে	—
Z	২,০০,০০০	প্রদান করা হয় না	১,০০,০০০

৫. জনাব ফারহান 'X' শাখায় কোন ধরনের হিসাব খোলেন?
ক সঞ্চয়ী খ চলতি গ স্থায়ী ঘ ডিপোজিট পেনশন স্কিম

৬. উদ্দীপকের কোন শাখার হিসাবটি ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য উপযুক্ত?
ক 'X' শাখা খ 'Y' শাখা গ 'X' ও 'Y' ঘ 'Z' শাখা

৭. উদ্দীপক অনুযায়ী—
i. 'X' শাখা থেকে সপ্তাহে শুধু দুইবার টাকা উত্তোলন করা যায়
ii. একটি নির্দিষ্ট সময়ের জন্য 'Y' শাখার হিসাবটি খোলা হয়
iii. 'Z' শাখার হিসাবে জমাতিরিক্ত উত্তোলনের সুযোগ রয়েছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮. EAR-এর পূর্ণরূপ কোনটি?
ক Equal Annual Rate খ Effective Annuity Rate
গ Effective Annual Rate ঘ Excess Annual Rate

৯. নিচের কোনটি দাগকাটা চেকের ক্ষেত্রে প্রযোজ্য?
ক চেকের অর্থ নগদে উত্তোলন করা যায়
খ চেকের অর্থ কোনো হিসাবে জমা দিয়ে উত্তোলন করতে হয়
গ ব্যাংক চেকের বাহককে নগদ অর্থ দিতে বাধ্য থাকে
ঘ চেকের ডান কোণে দুটি সমান্তরাল রেখা থাকে

১০. একটি ব্যাংকের চেক অন্য আরেকটি ব্যাংকে জমা করে চেকের অর্থ সংগ্রহ করলে নিচের কোন কাজটি সম্পন্ন হবে?
ক ঋণ নিয়ন্ত্রণ খ নিকাশ ঘর গ জনকল্যাণ ঘ প্রতিনিধিত্ব

১১. নিচের কোন সেবাটির জন্য গ্রাহক ব্যাংককে নির্দিষ্ট পরিমাণে ভাড়া প্রদান করে থাকে?
ক ইজারা খ মুদারাবা গ মুসারাকা ঘ মুরাবাহা

১২. বাংলাদেশ ব্যাংকের নির্বাহী প্রধান কে?
ক অর্থ সচিব খ মহাব্যবস্থাপক গ গভর্নর ঘ নির্বাহী পরিচালক

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৩, ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
ABC কোম্পানির মোট মুনাফা ১০০ কোটি টাকা যার ৬০% নিজস্ব এবং অবশিষ্টাংশ ১৫% ঋণ। কর হার ২০%।

১৩. ABC কোম্পানির ঋণ মূলধন কত?
ক ৩০ কোটি খ ৪০ কোটি গ ৬০ কোটি ঘ ৮০ কোটি

১৪. কর সমন্বয়কৃত ঋণ মূলধন ব্যয় কত?
ক ১২% খ ১৫% গ ২০% ঘ ৩০%

১৫. মূলধন মিশ্রণে ABC কোম্পানি বিবেচনা করবে—
i. করের পরিমাণ হ্রাসে ii. সর্বনিম্ন মূলধন ব্যয়ে iii. গড় মূলধন ব্যয়ে
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. 'স্বল্প ব্যয়ে অধিক মুনাফা' ব্যাংকিং ব্যবসার কোন নীতির অন্তর্ভুক্ত?
ক মুনাফার নীতি খ দক্ষতার নীতি গ সাবধানতার নীতি ঘ মিতব্যয়িতার নীতি

১৭. বহুবিধ উৎস থেকে তহবিল সংগ্রহ করা হলে অর্থায়নের কোন নীতি অনুসৃত হয়?
ক তারল্য বনাম মুনাফা খ উপযুক্ততার
গ বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন ঘ অর্থের সময়মূল্য

১৮. ১,০০০ টাকায় একটি জামা ক্রয় করলে মুদ্রা কাজ করবে—
i. বিনিময়ের মাধ্যম হিসেবে ii. সঞ্চয়ের ভাণ্ডার হিসেবে iii. মূল্যের পরিমাপক হিসেবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. নিচের কোনটির বিনিময়ে বাণিজ্যিক ব্যাংক কমিশন আদায় করে?
ক প্রত্যয়পত্র খ লকার ভাড়া গ প্রদত্ত ঋণ ঘ বিল বাট্টাকরণ

২০. বাংলাদেশে কয়টি স্টক একচেঞ্জ আছে?
ক ১টি খ ২টি গ ৩টি ঘ ৪টি

২১. নিচের কোনটি থেকে সঞ্চিতি তহবিল গঠন করা হয়?
ক মালিকের মূলধন খ ব্যাংক ঋণ
গ লভ্যাংশ সমতাকরণ তহবিল ঘ অবণ্টিত মুনাফা

২২. বাণিজ্য ঘাটতি পূরণে বিশেষ ভূমিকা রাখে কোনটি?
ক রেমিটেন্স খ অনুদান গ প্রত্যয়পত্র ঘ ঋণপত্র

২৩. অর্থের আন্তঃপ্রবাহের সাথে জড়িত—
ক পণ্য ক্রয় খ পণ্য বিক্রয় গ বেতন পরিশোধ ঘ ঋণ পরিশোধ

২৪. ব্যাংক গ্রাহকের হিসাব সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে—
i. গ্রাহকের নির্দেশে ii. কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশে iii. আদালতের নির্দেশে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. কোন শতাব্দীতে কাগজি মুদ্রার প্রচলন শুরু হয়?
ক উনবিংশ খ বিংশ গ একবিংশ ঘ দ্বাবিংশ

২৬. বহিস্থ অর্থায়নের দীর্ঘমেয়াদি উৎস কোনটি?
ক প্রদেয় বিল খ আন্তর্জাতিক মুদ্রা তহবিল
গ বাণিজ্যিক পত্র ঘ বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৭, ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হোসেন প্রকল্প 'X' থেকে গত তিন বছর ১৫% হারে মুনাফা অর্জন করলেন। পক্ষান্তরে তিনি প্রকল্প 'Y' থেকে মুনাফা অর্জন করলেন যথাক্রমে ১০%, ১৫% ও ২০% হারে। ভবিষ্যতে তিনি একটি প্রকল্প বাদ দিতে চান।

২৭. 'Y' প্রকল্পটির গড় মুনাফা কত?
ক ১০% খ ১৫% গ ২০% ঘ ৪৫%

২৮. প্রকল্প 'Y' এর আদর্শ বিচ্যুতি কত?
ক ৫% খ ১০% গ ১৫% ঘ ২০%

২৯. উদ্দীপক অনুযায়ী—
i. 'X' প্রকল্পটি ঝুঁকিমুক্ত ii. 'X' প্রকল্পটির মোট মুনাফা ১৫%
iii. জনাব হোসেন 'Y' প্রকল্পটি বাদ দিবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৩০. বাণিজ্যিক পত্র বিক্রয়ে জামানত হিসেবে কাজ করে—
ক অঙ্গীকার পত্র খ প্রত্যয়ন পত্র
গ প্রতিষ্ঠানের সুনাম ঘ প্রতিষ্ঠানের দলিলপত্র

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

উত্তর	১		২		৩		৪		৫		৬		৭		৮		৯		১০		১১		১২		১৩		১৪		১৫	
	১৬		১৭		১৮		১৯		২০		২১		২২		২৩		২৪		২৫		২৬		২৭		২৮		২৯		৩০	

ঢাকা বোর্ড– ২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম তিনটি প্রশ্ন নিয়ে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ফিন্যান্স অংশ

১। জনাব আমীন 'জারা' ও 'মামিয়া' নামে দুটি প্রকল্পে দুই লক্ষ টাকা করে বিনিয়োগের চিন্তা করছেন। 'জারা' প্রকল্পের চার বছরের সম্ভাব্য বিক্রয় যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৮০,০০০ টাকা, ৭০,০০০ টাকা ও ৬০,০০০ টাকা। অবচয় ৮,০০০ টাকা, চলতি খরচ ১০,০০০ টাকা এবং কর হার ২০%। 'মামিয়া' প্রকল্পে বিনিয়োগকৃত অর্থ তিন বছরেই ফেরত আসবে বলে তিনি আশা করেন।

ক. নগদ আন্তঃপ্রবাহ কী? ১
খ. "উৎপাদন পদ্ধতির আধুনিকায়নে মূলধন বাজেটিং গুরুত্বপূর্ণ"–ব্যাখ্যা কর। ২
গ. 'জারা' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব আমীনের কোন প্রকল্পটিতে বিনিয়োগ করা অধিক লাভজনক? 'জারা' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক মতামত দাও। ৪

২। জনাব নেহাল ও সাদাফ সাত বছর পর দেশে ফিরেছেন। জনাব নেহাল তার সঞ্চিত অর্থ 'সাফা' ব্যাংকে আট বছরের জন্য জমা রাখতে চান। উক্ত ব্যাংক তাকে ৭.৫% ত্রৈমাসিক সুদে মেয়াদ শেষে ১০ লক্ষ টাকা ফেরত দিবে বলে জানিয়েছে। অন্যদিকে, তার বন্ধু সাদাফ ফার্নিচার তৈরির ব্যবসার প্রয়োজনে ২২ লক্ষ টাকা ১০ বছরের জন্য ঋণ নিতে চান। 'সুহেলা' ব্যাংক তাকে ৮% ষান্মাসিক সুদের প্রস্তাব দিয়েছেন এবং মেয়াদ শেষে 'ঝুমা ব্যাংক' এ ৫০ লক্ষ টাকা পরিশোধ করতে হবে।

ক. চক্রবৃদ্ধি সুদ কী? ১
খ. জমিতে বিনিয়োগ করে ব্যাংকের মুনাফা ত্যাগ করাকে কোন ধরনের ব্যয় বলে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব নেহালকে 'সাফা' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় কর। ৩
ঘ. জনাব সাদাফের ব্যবসায়ের জন্য কোন ব্যাংক থেকে ঋণ নেয়া অধিক যৌক্তিক বলে তুমি মনে কর? অর্থের সময় মূল্যের ভিত্তিতে মতামত দাও। ৪

৩। 'উর্মি লিমিটেড' কোম্পানির মূলধনের বিভিন্ন উৎসের স্তরবিন্যাস নিম্নরূপ :

মূলধনের উৎস	পরিমাণ (কোটি টাকায়)
১২% অগ্রাধিকার শেয়ার	২০০
সাধারণ শেয়ার	২০০

সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ২৫০ টাকা ও ১৫০ টাকা। অগ্রাধিকার শেয়ারের লিখিত মূল্য ১০০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের শেয়ার প্রতি ১০ টাকা করে লভ্যাংশ প্রদান করেছে এবং লভ্যাংশ বৃদ্ধির হার ৫%। 'উর্মি লিমিটেড' কোম্পানির ব্যবসায় সম্প্রসারণের জন্য আরও ১০০ কোটি টাকা প্রয়োজন। এজন্য একজন পরিচালক ব্যাংক ঋণ নেওয়ার পরামর্শ দেন, যেখানে সুদের হার ১৬% এবং কর হার ৩০%। বর্তমানে কোম্পানির গড় মূলধন ব্যয় ৯%।

ক. বোনাস শেয়ার কী? ১
খ. সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ধারণের একক কোনো পদ্ধতি নেই কেন? ব্যাখ্যা কর। ২
গ. 'উর্মি লিমিটেড' কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. 'উর্মি লিমিটেড' কোম্পানি যদি তার পরিচালকের প্রস্তাবে রাজি হয়, তাহলে তার ব্যবসায়ে কী ধরনের প্রভাব পড়বে? গড় মূলধন ব্যয় নির্ণয়পূর্বক বিশ্লেষণ কর। ৪

৪। জনাব সাগর একজন প্যাকেটজাত চিপস ও জুস প্রস্তুতকারক। প্রতি বছরের ন্যায় এ বছরও তিনি ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণ নেন। তার ব্যবসায়ের গড় আয় ৭% এবং আদর্শ বিচ্যুতি ৬%। কিন্তু বাচ্চাদের পেটের অসুখ বেড়ে যাওয়ায় অভিভাবকরা বাচ্চাদের চিপস ও জুস খাওয়ানো বন্ধ করে দেন। ফলে বিক্রি কম হওয়ায় সময় মত ঋণের কিস্তি পরিশোধে তিনি ব্যর্থ হন। অন্যদিকে, সাগর এর বন্ধু সুজন জুয়েলারির ব্যবসায় করেন। গত ৫ বছরে তার অর্জিত আয় ছিল যথাক্রমে ১০%, ১৪%, ৮%, ৭% ও ৬%।

ক. ঝুঁকিমুক্ত আয় কী? ১
খ. 'সকল অনিশ্চয়তাই ঝুঁকি নয়"— ব্যাখ্যা কর। ২
গ. জনাব সাগর কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সাগর ও সুজনের ব্যবসায়ের মধ্যে কোনটিতে ঝুঁকি বেশি? আদর্শ বিচ্যুতি নির্ণয়পূর্বক বিশ্লেষণ কর। ৪

৫। জনাব সাব্বির গ্লাস ও সিরামিক তৈরির কারখানা স্থাপন করেন। তিনি আধুনিক পদ্ধতি ও প্রযুক্তি ব্যবহার করে মানসম্মত পণ্য তৈরি করেন। সম্প্রতি তিনি ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে 'আল আমিন ব্যাংক' থেকে ৯% সুদে ১০ বছরের জন্য ঋণ নেন। তাঁর প্রতিষ্ঠানে বর্তমানে প্রচুর শ্রমিক কাজ করে। চলতি বছরের বিক্রিত পণ্যের সম্পূর্ণ অর্থ তিনি 'মৌরি ব্যাংক' এর বন্ডে বিনিয়োগ করেন। হঠাৎ, গ্লাস ও সিরামিক তৈরির উপাদান বালির দাম তুলনামূলক সস্তা হওয়া সত্ত্বেও তিনি প্রয়োজনীয় মজুদ সংরক্ষণ করতে ব্যর্থ হন।

ক. বাণিজ্য ঘাটতি কী? ১
খ. বইয়ের দোকানে পাঠ্যবই এর পাশাপাশি গল্পের বই ও কবিতার বই বিক্রি করার ফলে অর্থায়নের কোন নীতি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ২
গ. ব্যবসায় সম্প্রসারণের জন্য ঋণ গ্রহণ জনাব সাব্বির এর কোন ধরনের অর্থায়ন কার্যাবলির অন্তর্গত? বর্ণনা কর। ৩
ঘ. অর্থায়নের নীতির আলোকে জনাব সাব্বির এর ব্যবসায়ের কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

৬। জনাব দিদার একজন বিনিয়োগকারী। তিনি জানেন শেয়ার বাজারে বিনিয়োগ লাভজনক। তাই তিনি 'ক' ও 'খ' নামক দুই ধরনের শেয়ারে বিনিয়োগ করেন। 'ক' এ বিনিয়োগ করে তিনি কোম্পানির পক্ষ হয়ে ভোট দিতে পারেন এবং 'খ' এ বিনিয়োগ করে তিনি মুনাফা ও সম্পদের উপর অগ্রাধিকার পান। তবে জনাব দিদার তার বিনিয়োগ থেকে নিশ্চিত আয় প্রত্যাশা করেন। তিনি আর একটি বিনিয়োগ 'গ' এর কথা ভাবছেন, যেটির মাধ্যমে তিনি কিছু জামানত দিয়ে নিশ্চিন্তে বসে আয় করতে পারবেন এবং প্রয়োজন অনুসারে তার বিনিয়োগকে শেয়ারে রূপান্তরও করতে পারবেন।

ক. বাণিজ্যিক পত্র কী? ১
খ. ক্ষুদ্র ব্যবসায়ীদের কাছে লিজিং জনপ্রিয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব দিদারের 'গ' বিনিয়োগটি কোন ধরনের? বর্ণনা কর। ৩
ঘ. জনাব দিদারের জন্য 'ক' ও 'খ' এর মধ্যে কোন বিনিয়োগটি বেশি উপযুক্ত বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

ব্যাংকিং অংশ

৭। মুদ্রার ক্রমবিকাশের ধারা :

ধাপ-১ | ফলমূল আহরণ ও দ্রব্য বিনিময়।
↓
ধাপ-২ | ঝিনুক, স্বর্ণ, রোপ্য, কড়ির মাধ্যমে বিনিময়।
↓
ধাপ-৩ | মুদ্রার সৃষ্টি ও ব্যবহার।
↓
ধাপ-৪ | ব্যাংক ব্যবস্থার প্রবর্তন।

ক. মুরাবাহা কী? ১
খ. ধাতব মুদ্রার ব্যবহার বেশিদিন স্থায়িত্ব লাভ করতে পারেনি কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে চতুর্থ ধাপটির সাথে তৃতীয় ধাপটির সম্পর্ক ব্যাখ্যা কর। ৩
ঘ. মুদ্রার ব্যবহার কীভাবে দ্রব্য বিনিময়কে সহজ ও সাবলীল করেছে? মুদ্রার কার্যাবলির আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। জনাব হাসনাত মাল্টিন্যাশনাল কোম্পানিতে চাকরি করেন। তিনি তার প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বেতন ব্যাংক হিসাবের মাধ্যমে সংগ্রহের জন্য স্থানীয় 'রিজিক ব্যাংক' এ একটি হিসাব খোলেন। উক্ত ব্যাংক তাকে নির্দিষ্ট হারে সুদ প্রদানসহ চেকবই ও একটি প্লাস্টিক কার্ড দেন যা দিয়ে তিনি কেনাকাটা ও অর্থ উত্তোলন করতে পারবেন। কিন্তু তিনি একদিন কেনাকাটা করতে গিয়ে কার্ডের মাধ্যমে অর্থ পরিশোধ করতে পারেননি। পক্ষান্তরে তার বন্ধু জিহাদ কার্ডের মাধ্যমে অর্থ পরিশোধ করে এবং সে জনাব হাসনাতকে বলেন, তার ব্যাংক হিসাবে অর্থ জমা না থাকলেও কেনাকাটা করতে পারেন।

ক. এসএমএস ব্যাংকিং কী? ১
খ. কর্মসংস্থান সৃষ্টিতে ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. জনাব হাসনাত এর ব্যাংক হিসাবটি কোন ধরনের? বর্ণনা কর। ৩
ঘ. জনাব হাসনাত ও তার বন্ধু জিহাদ এর কার্ড দুটোর মধ্যে তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৯। 'সুরভী' ব্যাংক ও 'মালতী' ব্যাংকের কিছু কার্যক্রম নিম্নরূপ :

'সুরভী' ব্যাংক'
- ঋণ গ্রহণের জন্য গ্রাহককে হিসাব খুলতে বলেন।
- গ্রাহক সুমি তার হিসাব থেকে ছেলের হিসাবে টাকা পাঠালেন।
- গ্রাহকের জীবন বিমা প্রিমিয়াম পরিশোধ।

'মালতী ব্যাংক'
- 'মালতী ব্যাংক' সুরভী ব্যাংকের ঋণের সুদ ৯% নির্ধারণ করে দেন।
- বিভিন্ন ব্যাংকের ঋণ প্রদানে বিশেষ নির্দেশনা প্রদান করেন।
- মূল্যস্তর কীভাবে স্থিতিশীল রাখা যায় তা নিয়ে সেমিনার আয়োজন করেন।

ক. নিকাশ ঘর কী? ১
খ. সোনালি ব্যাংক বাংলাদেশ ব্যাংকে রিজার্ভ হিসেবে কী জমা রাখে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'সুরভী' ব্যাংক কী ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুদ্রাবাজার নিয়ন্ত্রণে 'মালতী' ব্যাংক এর ভূমিকা গুরুত্বপূর্ণ বলে কি তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। জনাব মারুফ ব্যাংকে এমন একটি হিসাব খুলতে চান যেখানে তিনি যখন ইচ্ছা টাকা জমা ও উত্তোলন করতে পারবেন। তার প্রতিবেশী বন্ধু তাকে 'সারথী' ব্যাংক এ হিসাব খোলার পরামর্শ দেন যেটি খুব বিশ্বস্ত ও যুগোপযোগী। অতপর তিনি 'সারথী' ব্যাংক এ হিসাব খোলেন। তিনি তার যাবতীয় দলিলপত্র ও স্বর্ণালংকার উক্ত ব্যাংকে জমা রাখেন। সম্প্রতি জনাব মারুফ তার পাওনাদার ইমতিয়াজকে ১ লক্ষ টাকার একটি চেক দেন। ইমতিয়াজ চেকটি 'সারথী' ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক উক্ত চেকের অর্থ নগদে পরিশোধ না করে তার ব্যাংক হিসাবের মাধ্যমে উপস্থাপন করতে বলেন।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. চেক অঙ্কনে কীভাবে সতর্কতা অবলম্বন করতে হয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব ইমতিয়াজ এর প্রদত্ত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব মারুফ এর সাথে 'সারথী ব্যাংক' এর সম্পর্ক, ব্যাংক-গ্রাহক সম্পর্কের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। জনাব রায়হান একজন ব্যবসায়ী। তিনি চীন ও জাপান থেকে গাড়ির যন্ত্রাংশ আমদানি করেন। নতুন একটি ট্রাক তৈরি ও যন্ত্রাংশ ক্রয়ের জন্য ২৫ লক্ষ টাকার প্রয়োজন হলে তিনি 'আধুনিক ব্যাংক' এ ঋণের আবেদন করেন। ব্যাংক তাঁর ব্যবসায়ের সুনাম, লাভজনকতা, দক্ষতা ও বিশ্বস্ততা যাচাই-বাছাই করে ঋণ প্রদানে সম্মত হন। এছাড়াও উক্ত ব্যাংক তাকে আধুনিক সকল সুযোগ-সুবিধা প্রদান করেন।

ক. প্রত্যয়পত্র কী? ১
খ. ব্যাংকিং কার্যক্রমে আর্থিক সচ্ছলতা কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. কার্যভিত্তিক শ্রেণিকরণে 'আধুনিক ব্যাংক' কী ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩
ঘ. ব্যাংক ব্যবসায়ের নীতির আলোকে 'আধুনিক ব্যাংক' এর কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

উত্তরমালা (ঢাকা বোর্ড ২০২৫)

বহুনির্বাচনি অভীক্ষা

১	ক	২	ক	৩	গ	৪	ঘ	৫	ক	৬	ঘ	৭	ঘ	৮	গ	৯	ঘ	১০	খ	১১	ক	১২	গ	১৩	খ	১৪	ক	১৫	ঘ
১৬	ঘ	১৭	গ	১৮	খ	১৯	ক	২০	খ	২১	ঘ	২২	ক	২৩	খ	২৪	ঘ	২৫	ক	২৬	খ	২৭	খ	২৮	ক	২৯	ঘ	৩০	গ

সৃজনশীল

প্রশ্ন ▶ ০১ জনাব আমীন 'জারা' ও 'মামিয়া' নামে দুটি প্রকল্পে দুই লক্ষ টাকা করে বিনিয়োগের চিন্তা করছেন। 'জারা' প্রকল্পের চার বছরের সম্ভাব্য বিক্রয় যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৮০,০০০ টাকা, ৭০,০০০ টাকা ও ৬০,০০০ টাকা। অবচয় ৮,০০০ টাকা, চলতি খরচ ১০,০০০ টাকা এবং কর হার ২০%। 'মামিয়া' প্রকল্পে বিনিয়োগকৃত অর্থ তিন বছরেই ফেরত আসবে বলে তিনি আশা করেন।

ক. নগদ আন্তঃপ্রবাহ কী? ১

খ. "উৎপাদন পদ্ধতির আধুনিকায়নে মূলধন বাজেটিং গুরুত্বপূর্ণ" —ব্যাখ্যা কর। ২

গ. 'জারা' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব আমীনের কোন প্রকল্পটিতে বিনিয়োগ করা অধিক লাভজনক? 'জারা' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক মতামত দাও। ৪

[ঢা. বো. ২০২৫]

১নং প্রশ্নের উত্তর

ক প্রতিষ্ঠানের অর্থের আগমনে নগদ আন্তঃপ্রবাহ ঘটে।

খ কোনো প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তকে বলা হয় মূলধন বাজেটিং। প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদ থেকে শুরু করে পণ্য, ক্রয়, বৈচিত্র্যায়ণ, উৎপাদন পদ্ধতির আধুনিকায়ন ইত্যাদি সকল ক্ষেত্রেই এর ভূমিকা অপরিসীম। দীর্ঘমেয়াদি বিনিয়োগের সব ক্ষেত্রেই মূলধন বাজেটিং প্রয়োগ রয়েছে। এর মাধ্যমে প্রতিষ্ঠান দীর্ঘমেয়াদি সম্পদে বিনিয়োগ করে। যেমন : ব্যবসায় সম্প্রসারণ, স্থায়ী সম্পদ ক্রয়, পণ্য বৈচিত্র্যায়ণ ইত্যাদি মূলধন বাজেটিং সিদ্ধান্ত। মূলধন বাজেটিংকে অর্থায়নের সাফল্যের চাবিকাঠিও বলা হয়। চলমান কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতা বাড়াতে মূলধন বাজেটিং— এ অধিকাংশ সিদ্ধান্তসমূহ ভবিষ্যতের উপর নির্ভরশীল। ভবিষ্যতে কী করতে হবে, কীভাবে হবে, কোথায় হবে, কী প্রয়োজন ইত্যাদি সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। কোনো প্রতিষ্ঠানকে ব্যবসায় সম্প্রসারণে নতুন পণ্য বাজারে ছাড়তে এবং ব্যবসায়টি কিভাবে আধুনিকায়ন করা যায় সেই সম্পর্কে সিদ্ধান্ত নিতে হয়। ফলে মূলধন বাজেটিং-এ উৎপাদন পদ্ধতি গুরুত্বপূর্ণ।

গ জারা প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় :

বিবরণ	পরিমাণ (টাকায়)			
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর
বিক্রয়	১,০০,০০০	৮০,০০০	৭০,০০০	৬০,০০০
চলতি খরচ	(১০,০০০)	(১০,০০০)	(১০,০০০)	(১০,০০০)
বার্ষিক অবচয়	(৮,০০০)	(৮,০০০)	(৮,০০০)	(৮,০০০)
করযোগ্য মুনাফা	৮২,০০০	৬২,০০০	৫২,০০০	৪২,০০০
কর হার (২০%)	(১৬,৪০০)	(১২,৪০০)	(১০,৪০০)	(৮,৪০০)
নিট মুনাফা	৬৫,৬০০	৪৯,৬০০	৪১,৬০০	৩৩,৬০০

এখানে,

$$\text{গড় নিট মুনাফা} = \frac{৬৫,৬০০ + ৪৯,৬০০ + ৪১,৬০০ + ৩৩,৬০০}{৪}$$

$$= \frac{১,৯০,৪০০}{৪}$$

$$= ৪৭,৬০০ \text{ টাকা}$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ} + \text{ভগ্নাবশেষ মূল্য}}{২}$$

$$= \frac{২,০০,০০০ + ০}{২}$$

$$= ১,০০,০০০ \text{ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{৪৭,৬০০}{১,০০,০০০} \times ১০০$$

$$= ০.৪৭৬ \times ১০০$$

$$= ৪৭.৬০\%$$

∴ জারা প্রকল্পের গড় মুনাফার হার ৪৭.৬০%।

উত্তর : জারা প্রকল্পের গড় মুনাফার হার ৪৭.৬০%।

ঘ জনাব আমীনের কোন প্রকল্পটিতে বিনিয়োগ করা অধিক লাভজনক তা নির্বাচন করতে হলে উভয় প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করতে হবে।

জারা প্রকল্পের পে-ব্যাক নির্ণয় সারণী :

বিবরণ	পরিমাণ (টাকায়)			
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর
নিট মুনাফা (গ-থেকে)	৬৫,৬০০	৪৯,৬০০	৪১,৬০০	৩৩,৬০০
যোগ : অবচয়	৮,০০০	৮,০০০	৮,০০০	৮,০০০
নগদ প্রবাহ (প্রায়)	৭৩,৬০০	৫৭,৬০০	৪৯,৬০০	৪১,৬০০

পে-ব্যাক সময় নির্ণয় সারণি :

বছর	বার্ষিক নগদ প্রবাহ (টাকায়)	ক্রয়যোজিত নগদ প্রবাহ (টাকায়)
০	− ২,০০,০০০	− ২,০০,০০০
১	৭৩,৬০০	− ১,২৬,৪০০
২	৫৭,৬০০	− ৬৮,৮০০
৩	৪৯,৬০০	− ১৯,২০০
৪	৪১,৬০০	২২,৪০০

$\therefore$ পে-ব্যাক সময় $= ৩$ বছর $+ \frac{১৯,২০০}{৪১,৬০০}$ বছর

$= (৩ + ০.৪৬২)$ বছর

$= ৩.৪৬$ বছর

আমরা জানি, যে প্রকল্পের পে-ব্যাক সময় যত কম, ঐ প্রকল্পের গ্রহণযোগ্যতা তত বেশি। এখানে জারা প্রকল্পের পে-ব্যাক সময় ৩.৪৬ বছর। অন্যদিকে, 'মামিয়া' প্রকল্পের পে-ব্যাক সময় ৩ বছর (উদ্দীপকে দেওয়া আছে)। অর্থাৎ মামিয়া প্রকল্পের পে-ব্যাক সময় 'জারা' প্রকল্প অপেক্ষা কম। তাই জনাব আমীনের 'মামিয়া' প্রকল্পে বিনিয়োগ করা অধিক লাভজনক।

প্রশ্ন ▶ ০২ জনাব নেহাল ও সাদাফ সাত বছর পর দেশে ফিরেছেন। জনাব নেহাল তার সঞ্চিত অর্থ 'সাফা' ব্যাংকে আট বছরের জন্য জমা রাখতে চান। উক্ত ব্যাংক তাকে ৭.৫% ত্রৈমাসিক সুদে মেয়াদ শেষে ১০ লক্ষ টাকা ফেরত দিবে বলে জানিয়েছে। অন্যদিকে, তার বন্ধু সাদাফ ফার্নিচার তৈরির ব্যবসার প্রয়োজনে ২২ লক্ষ টাকা ১০ বছরের জন্য ঋণ নিতে চান। 'সুহেলা' ব্যাংক তাকে ৮% ষান্মাসিক সুদের প্রস্তাব দিয়েছেন এবং মেয়াদ শেষে 'ঝুমা ব্যাংক' এ ৫০ লক্ষ টাকা পরিশোধ করতে হবে।

ক. চক্রবৃদ্ধি সুদ কী? ১

খ. জমিতে বিনিয়োগ করে ব্যাংকের মুনাফা ত্যাগ করাকে কোন ধরনের ব্যয় বলে? ব্যাখ্যা কর। ২

গ. জনাব নেহালকে 'সাফা' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় কর। ৩

ঘ. জনাব সাদাফের ব্যবসায়ের জন্য কোন ব্যাংক থেকে ঋণ নেয়া অধিক যৌক্তিক বলে তুমি মনে কর? অর্থের সময় মূল্যের ভিত্তিতে মতামত দাও। ৪

[ঢা. বো. ২০২৫]

২নং প্রশ্নের উত্তর

ক সুদ-আসলের ওপর যে সুদ ধার্য করা হয় তাকে চক্রবৃদ্ধি সুদ বলে।

খ জমিতে বিনিয়োগ করে ব্যাংকের মুনাফা ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে বিনিয়োগের সুযোগ ব্যয় বলে। প্রত্যেকটি প্রকল্পেরই সুযোগ ব্যয় থাকে। কারণ একজন বিনিয়োগকারীর একই সাথে একাধিক প্রকল্পে বিনিয়োগের সুযোগ থাকতে পারে। বিনিয়োগকারীকে একটি প্রকল্পে বিনিয়োগ করতে হলে অপর একটি প্রকল্পে বিনিয়োগ হতে প্রাপ্ত মুনাফার সুযোগ ত্যাগ করতে হয়। উদাহরণস্বরূপ বলা যায়, হাবিব সাহেব খুলনা শহরে জমি ক্রয় করতে চান, যেখানে জমির মূল্য ৫ বছরে দ্বিগুণ হওয়ার সম্ভাবনা রয়েছে। অন্যদিকে, সোনালী ব্যাংকে টাকা জমা রাখলে ১০% হারে সুদ পাবেন। হাবিব সাহেব জমি ক্রয় করলে তাকে ব্যাংকে টাকা জমা রাখার সুযোগ ত্যাগ করতে হবে। এ ত্যাগকেই বলা হয় বিনিয়োগের সুযোগ ব্যয়।

গ জনাব নেহালের 'সাফা ব্যাংকে' জমাকৃত টাকার পরিমাণ নির্ণয় :

দেওয়া আছে,

ভবিষ্যৎ মূল্য, (FV) = ১০,০০,০০০

সুদের হার (i) = ৭.৫% = ০.০৭৫

মেয়াদকাল (n) = ৮ বছর

চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ৪ বার ($\because$ ত্রৈমাসিক চক্রবৃদ্ধি)

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{FV}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$$

$$= \frac{১০,০০,০০০}{\left(১ + \frac{০.০৭৫}{৪}\right)^{৮ \times ৪}}$$

$$= \frac{১০,০০,০০০}{১.৮১২০২}$$

$= ৫,৫১,৮৭০$ টাকা

$\therefore$ জনাব নেহালকে সাফা ব্যাংকে ৫,৫১,৮৭০ টাকা জমা রাখতে হবে।

উত্তর : ৫,৫১,৮৭০ টাকা।

ঘ জনাব সাদাফের ব্যবসায়ের জন্য কোনো ব্যাংক থেকে ঋণ নেওয়া অধিক যৌক্তিক তা নির্ণয় :

সুহেলা ব্যাংকের ভবিষ্যৎ মূল্য :

দেওয়া আছে,

বর্তমান মূল্য, (PV) = ২২,০০,০০০ টাকা

সুদের হার (i) = ৮% = ০.০৮

মেয়াদকাল (n) = ১০ বছর

চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ২ বার [$\because$ ষাণ্মাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য, FV} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$

$$= ২২,০০,০০০\left(১ + \frac{০.০৮}{২}\right)^{১০ \times ২}$$

$= ২২,০০,০০০ \times ২.১৯১১২৩$

$= ৪৮,২০,৪৭০.৬০$ টাকা

$\therefore$ 'সুহেলা ব্যাংক' থেকে ঋণ নিলে জনাব নেহালকে ১০ বছর পর ৪৮,২০,৪৭০.৬০ টাকা পরিশোধ করতে হবে।

এখানে 'সুহেলা ব্যাংক' থেকে ঋণ গ্রহণ করলে নেহালকে ১০ বছর পর ৪৮,২০,৪৭০.৬০ টাকা পরিশোধ করতে হবে। অন্যদিকে 'ঝুমা ব্যাংক' থেকে ঋণ গ্রহণ করলে ৫০,০০,০০০ টাকা পরিশোধ করতে হবে। অর্থাৎ ঝুমা ব্যাংক থেকে ঋণ গ্রহণ করলে (৫০,০০,০০০ − ৪৮,২০,৪৭০) = ১,৭৯,৫৩০ টাকা বেশি পরিশোধ করতে হবে। তাই নেহালের জন্য 'সুহেলা ব্যাংক' থেকে ঋণ গ্রহণ করা যৌক্তিক।

প্রশ্ন ▶ ০৩ 'উর্মি লিমিটেড' কোম্পানির মূলধনের বিভিন্ন উৎসের স্তরবিন্যাস নিম্নরূপ :

মূলধনের উৎস	পরিমাণ (কোটি টাকায়)
১২% অগ্রাধিকার শেয়ার	২০০
সাধারণ শেয়ার	২০০

সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ২৫০ টাকা ও ১৫০ টাকা। অগ্রাধিকার শেয়ারের লিখিত মূল্য ১০০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের শেয়ার প্রতি ১০ টাকা করে লভ্যাংশ প্রদান করেছে এবং লভ্যাংশ বৃদ্ধির হার ৫%। 'উর্মি লিমিটেড' কোম্পানির ব্যবসায় সম্প্রসারণের জন্য আরও ১০০ কোটি টাকা প্রয়োজন। এজন্য একজন পরিচালক ব্যাংক ঋণ নেওয়ার পরামর্শ দেন, যেখানে সুদের হার ১৬% এবং কর হার ৩০%। বর্তমানে কোম্পানির গড় মূলধন ব্যয় ৯%।

ক. বোনাস শেয়ার কী? ১

খ. সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ধারণের একক কোনো পদ্ধতি নেই কেন? ব্যাখ্যা কর। ২

গ. 'উর্মি লিমিটেড' কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. 'উর্মি লিমিটেড' কোম্পানি যদি তার পরিচালকের প্রস্তাবে রাজি হয়, তাহলে তার ব্যবসায়ে কী ধরনের প্রভাব পড়বে? গড় মূলধন ব্যয় নির্ণয়পূর্বক বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৫]

৩নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৪ জনাব সাগর একজন প্যাকেটজাত চিপস ও জুস প্রস্তুতকারক। প্রতি বছরের ন্যায় এ বছরও তিনি ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণ নেন। তার ব্যবসায়ের গড় আয় ৭% এবং আদর্শ বিচ্যুতি ৬%। কিন্তু বাচ্চাদের পেটের অসুখ বেড়ে যাওয়ায় অভিভাবকরা বাচ্চাদের চিপস ও জুস খাওয়ানো বন্ধ করে দেন। ফলে বিক্রি কম হওয়ায় সময় মত ঋণের কিস্তি পরিশোধে তিনি ব্যর্থ হন। অন্যদিকে, সাগর এর বন্ধু সুজন জুয়েলারির ব্যবসায় করেন। গত ৫ বছরে তার অর্জিত আয় ছিল যথাক্রমে ১০%, ১৪%, ৮%, ৭% ও ৬%।

ক. ঝুঁকিমুক্ত আয় কী? ১

খ. 'সকল অনিশ্চয়তাই ঝুঁকি নয়"— ব্যাখ্যা কর। ২

গ. জনাব সাগর কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সাগর ও সুজনের ব্যবসায়ের মধ্যে কোনটিতে ঝুঁকি বেশি? আদর্শ বিচ্যুতি নির্ণয়পূর্বক বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৫]

৪নং প্রশ্নের উত্তর

ক যে আয়ের প্রকৃত আয় সর্বদা প্রত্যাশিত আয়ের সমান হয়, সে আয়কে ঝুঁকিমুক্ত আয় বলে।

খ অনিশ্চয়তার পরিমাপযোগ্য অংশকে ঝুঁকি বলে। সব অনিশ্চয়তা ঝুঁকি নয়।

যদিও অনিশ্চয়তা থেকে ঝুঁকির সৃষ্টি হয়, তবে সকল অনিশ্চয়তা ঝুঁকি নয়। কিছু কিছু অনিশ্চয়তা আছে যা পরিমাপ করা যায় না। অনিশ্চয়তার যে অংশটুকু পরিমাপ করা যায় তাই ঝুঁকি। বিভিন্ন কৌশল প্রয়োগ করে ঝুঁকি কমানো বা পরিহার করা যায় কিন্তু অনিশ্চয়তাকে পরিমাপ বা পরিহার করা যায় না। অর্থাৎ, ঝুঁকি হলো অনিশ্চয়তার একটি অংশ। তাই বলা যায়, সব অনিশ্চয়তাই ঝুঁকি নয়।

গ জনাব সাগরের প্রতিষ্ঠানটি আর্থিক ঝুঁকির সম্মুখীন হয়েছে।

আর্থিক ঝুঁকি বলতে প্রতিষ্ঠানের দায় পরিশোধের অক্ষমতাকে বোঝানো হয়। প্রতিষ্ঠান তার আর্থিক সংকটে বা অর্থায়নের উৎস হিসেবে ঋণ নিতে পারে। তবে এ ঋণ ও ঋণের সুদ পরিশোধে ব্যর্থ হওয়ার আশঙ্কা থেকেই আর্থিক ঝুঁকির সৃষ্টি হয়।

উদ্দীপকে জনাব সাগর একজন প্যাকেটজাত চিপস ও জুস প্রস্তুতকারক। এজন্য তিনি আর্থিক প্রতিষ্ঠান থেকে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। বর্তমানে প্রতিষ্ঠানটি মুনাফা করতে ব্যর্থ হওয়ায় ঋণ পরিশোধ করতে পারছে না। এ অবস্থায় দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হলে প্রতিষ্ঠানটি দেউলিয়া হয়ে যেতে পারে। ঋণ পরিশোধের ব্যর্থতা থেকে এরূপ ঝুঁকির সৃষ্টি হওয়া আর্থিক ঝুঁকির বৈশিষ্ট্য। তাই বলা যায়, উদ্দীপকের প্রতিষ্ঠানটি আর্থিক ঝুঁকির সম্মুখীন হয়েছে।

ঘ জনাব সাগর ও সুজনের ব্যবসায়ের মধ্যে কোন প্রকল্পটির ঝুঁকি বেশি তা আদর্শ বিচ্যুতি মাধ্যমে নির্ণয় করা হলো–

সুজনের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়–গড়)	ব্যবধানের বর্গ (আয়-গড়)
১	১০	(১০ – ৯) = ১	১
২	১৪	(১৪ – ৯) = ৫	২৫
৩	৮	(৮ – ৯) = – ১	১
৪	৭	(৭ – ৯) = – ২	৪
৫	৬	(৬ – ৯) = – ৩	৯
যোগফল =	৪৫	ব্যবধান বর্গের যোগফল =	৪০
গড় আয়	$\frac{৪৫}{৫} = ৯$	ব্যবধান বর্গের গড় = $\frac{৪০}{৫-১} = \frac{৪০}{৪}$	= ১০

$\therefore$ আদর্শ বিচ্যুতি $= \sqrt{১০}$

$= ৩.১৬\%$ (প্রায়)

এখানে, জনাব সাগরের আদর্শ বিচ্যুতি ৬% (উদ্দীপকে দেওয়া আছে)। অন্যদিকে, জনাব সুজনের আদর্শ বিচ্যুতি ৩.১৬% (প্রায়)। যে প্রকল্পের আদর্শ বিচ্যুতি বেশি সে প্রকল্প অধিক ঝুঁকিপূর্ণ। এখানে জনাব সুজন অপেক্ষা জনাব সাগরের আদর্শ বিচ্যুতি বেশি। তাই বলা যায় আদর্শ বিচ্যুতি বিবেচনায় জনাব সাগরের প্রকল্পে ঝুঁকি বেশি।

প্রশ্ন ▶ ০৫ জনাব সাব্বির গ্লাস ও সিরামিক তৈরির কারখানা স্থাপন করেন। তিনি আধুনিক পদ্ধতি ও প্রযুক্তি ব্যবহার করে মানসম্মত পণ্য তৈরি করেন। সম্প্রতি তিনি ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে 'আল আমিন ব্যাংক' থেকে ৯% সুদে ১০ বছরের জন্য ঋণ নেন। তাঁর প্রতিষ্ঠানে বর্তমানে প্রচুর শ্রমিক কাজ করে। চলতি বছরের বিক্রিত পণ্যের সম্পূর্ণ অর্থ তিনি 'মৌরি ব্যাংক' এর বন্ডে বিনিয়োগ করেন। হঠাৎ, গ্লাস ও সিরামিক তৈরির উপাদান বালির দাম তুলনামূলক সস্তা হওয়া সত্ত্বেও তিনি প্রয়োজনীয় মজুদ সংরক্ষণ করতে ব্যর্থ হন।

ক. বাণিজ্য ঘাটতি কী? ১

খ. বইয়ের দোকানে পাঠ্যবই এর পাশাপাশি গল্পের বই ও কবিতার বই বিক্রি করার ফলে অর্থায়নের কোন নীতি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. ব্যবসায় সম্প্রসারণের জন্য ঋণ গ্রহণ জনাব সাব্বির এর কোন ধরনের অর্থায়ন কার্যাবলির অন্তর্গত? বর্ণনা কর। ৩

ঘ. অর্থায়নের নীতির আলোকে জনাব সাব্বির এর ব্যবসায়ের কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৫]

৫নং প্রশ্নের উত্তর

ক দেশে রপ্তানি অপেক্ষা আমদানি বেশি হওয়ার কারণে সৃষ্ট ঘাটতিকে বাণিজ্য ঘাটতি বলে।

খ বইয়ের দোকানে পাঠ্যবই এর পাশাপাশি গল্পের বই ও কবিতার বই বিক্রি করার ফলে অর্থায়নের বৈচিত্র্যায়ণ নীতি পরিলক্ষিত হয়।

একই ব্যবসায়ে বিভিন্ন প্রকার পণ্যের সমাহার ঘটিয়ে ঝুঁকি কমানোর ব্যবস্থাকেই পণ্য বৈচিত্র্যায়ণ বলে।

একটি পণ্য নিয়ে ব্যবসায় করলে মুনাফা না হওয়ার আশঙ্কা থাকে। পণ্য বৈচিত্র্যপূর্ণ হলে একটি পণ্যের লোকসান হলে অন্য একটি পণ্যের মুনাফা দ্বারা তা পুষিয়ে নেওয়া যায়। অর্থায়নের বৈচিত্র্যায়ণের নীতি অনুযায়ী ব্যবসায়ী বা বিনিয়োগকারী তার সব অর্থ একটি পণ্য বা সম্পদে বিনিয়োগ না করে একাধিক পণ্য বা সম্পদে বিনিয়োগ করে। এর মাধ্যমে বিনিয়োগকারীর মোট বিনিয়োগের ঝুঁকি কমে এবং একটি আদর্শ হারে কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত হয়।

গ ব্যবসায় সম্প্রসারণের জন্য ঋণ গ্রহণ জনাব সাব্বিরের ব্যবসায় অর্থায়ন কার্যাবলির অন্তর্গত।

কারবার বা ব্যবসায় প্রতিষ্ঠান তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য যে অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে তাকে ব্যবসায় অর্থায়ন বলে। ব্যবসায় অর্থায়নের সাধারণ বৈশিষ্ট্য হলো বিনিয়োগের জন্য অর্থ সংগ্রহ ও এর ব্যবস্থাপনা। এক্ষেত্রে অর্থ সংগ্রহের জন্য নিজস্ব মূলধন, আত্মীয়স্বজন থেকে গৃহীত ঋণ ও ব্যাংক থেকে ঋণ উৎস হিসেবে ব্যবহৃত হয়।

উদ্দীপকে জনাব সাব্বির গ্লাস ও সিরামিক তৈরির কারখানা স্থাপন করেন। সম্প্রতি তিনি ব্যবসায় সম্প্রসারণের জন্য ব্যাংক থেকে তহবিল সংগ্রহ করেন। বর্তমানে তার প্রতিষ্ঠানে প্রচুর শ্রমিক কাজ করে। তিনি বিক্রিত পণ্যের অর্থ মৌরি ব্যাংকের বন্ডে বিনিয়োগ করেন। অর্থাৎ জনাব সাব্বির বিভিন্ন উৎস থেকে ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহ করেন এবং মুনাফা অর্জনের উদ্দেশ্যে সংগৃহীত তহবিল ব্যবহার করেন। অতএব এ ধরনের বৈশিষ্ট্য ব্যবসায় অর্থায়নের সাথে সামঞ্জস্যপূর্ণ থাকায় গ্লাস ও সিরামিক তৈরির কারখানায় জনাব সাব্বিরের সামগ্রিক কার্যক্রমকে ব্যবসায় অর্থায়ন বলা যায়।

ঘ অর্থায়নের নীতির আলোকে জনাব সাব্বিরের ব্যবসায়ের কার্যক্রম বিষয়টি তারল্য বনাম মুনাফা নীতির অন্তর্ভুক্ত।

তারল্য ও মুনাফার মধ্যে উপযুক্ত ভারসাম্য বজায় রাখার নীতিকে তারল্য বনাম মুনাফা নীতি বলে। এ নীতি অনুযায়ী ব্যবসায়ে নগদ অর্থের পরিমাণ এমনভাবে রাখতে হবে যেন প্রতিষ্ঠানে চলতি মূলধনের ঘাটতি না হয়। আবার মুনাফাও যেন কমে না যায়।

উদ্দীপকে জনাব সাব্বির গ্লাস ও সিরামিক তৈরি কারখানা স্থাপন করেন। তিনি আধুনিক পদ্ধতি ও প্রযুক্তি ব্যবহার করে মানসম্মত পণ্য তৈরি করেন। সম্প্রতি তিনি ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে ব্যাংক থেকে তহবিল সংগ্রহ করেন। তার প্রতিষ্ঠানে বর্তমানে প্রচুর শ্রমিক কাজ করেন। চলতি বছরের বিক্রিত পণ্যের সম্পূর্ণ অর্থ বিনিয়োগ করেন। এতে তার মুনাফার হার বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। হঠাৎ গ্লাস ও সিরামিক তৈরির উপাদান বালির দাম হ্রাস পাওয়ার পরও তিনি কাঁচামাল মজুদে ব্যর্থ হন। কারণ তিনি মুনাফা বন্ডে বিনিয়োগ করে ফেলেছেন।

ব্যবসায়ে চলতি ব্যয় নির্বাহের জন্য বেশি পরিমাণ নগদ অর্থ (তারল্য) সংরক্ষণ করলে আয় বা মুনাফা কমে যায়। আবার মুনাফা বৃদ্ধির জন্য অর্থ কম সংরক্ষণ করে তা বিনিয়োগ করলে ব্যবসায়ের প্রতিদিনের খরচ পরিশোধে ঘাটতি দেখা দিতে পারে। ফলে ব্যবসায়ীকে তারল্য ও বিনিয়োগের মধ্যে ভারসাম্য রেখে আর্থিক ব্যবস্থাপনা করতে হয়। একদিকে যেমন তাকে দৈনন্দিন কার্য পরিচালনার জন্য নগদ অর্থ হাতে রাখা প্রয়োজন। অন্যদিকে মুনাফা অর্জনের জন্য সেই অর্থ বিনিয়োগ করাও প্রয়োজন।

তাই বলা যায় যে, জনাব সাব্বিরের গ্লাস ও সিরামিক তৈরির কারখানা বিনিয়োগের মাধ্যমে ব্যবসায়ে সম্প্রসারণের বিষয়টি তারল্য বনাম মুনাফা নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ।

প্রশ্ন ▶ ০৬ জনাব দিদার একজন বিনিয়োগকারী। তিনি জানেন শেয়ার বাজারে বিনিয়োগ লাভজনক। তাই তিনি 'ক' ও 'খ' নামক দুই ধরনের শেয়ারে বিনিয়োগ করেন। 'ক' এ বিনিয়োগ করে তিনি কোম্পানির পক্ষ হয়ে ভোট দিতে পারেন এবং 'খ' এ বিনিয়োগ করে তিনি মুনাফা ও সম্পদের উপর অগ্রাধিকার পান। তবে জনাব দিদার তার বিনিয়োগ থেকে নিশ্চিত আয় প্রত্যাশা করেন। তিনি আর একটি বিনিয়োগ 'গ' এর কথা ভাবছেন, যেটির মাধ্যমে তিনি কিছু জামানত দিয়ে নিশ্চিন্তে বসে আয় করতে পারবেন এবং প্রয়োজন অনুসারে তার বিনিয়োগকে শেয়ারে রূপান্তরও করতে পারবেন।

ক. বাণিজ্যিক পত্র কী? ১

খ. ক্ষুদ্র ব্যবসায়ীদের কাছে লিজিং জনপ্রিয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব দিদারের 'গ' বিনিয়োগটি কোন ধরনের? বর্ণনা কর। ৩

ঘ. জনাব দিদারের জন্য 'ক' ও 'খ' এর মধ্যে কোন বিনিয়োগটি বেশি উপযুক্ত বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

[ঢা. বো. ২০২৫]

৬নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৭ মুদ্রার ক্রমবিকাশের ধারা :

ধাপ-১ | ফলমূল আহরণ ও দ্রব্য বিনিময়।
↓
ধাপ-২ | ঝিনুক, স্বর্ণ, রোপ্য, কড়ির মাধ্যমে বিনিময়।
↓
ধাপ-৩ | মুদ্রার সৃষ্টি ও ব্যবহার।
↓
ধাপ-৪ | ব্যাংক ব্যবস্থার প্রবর্তন।

ক. মুরাবাহা কী? ১

খ. ধাতব মুদ্রার ব্যবহার বেশিদিন স্থায়িত্ব লাভ করতে পারেনি কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে চতুর্থ ধাপটির সাথে তৃতীয় ধাপটির সম্পর্ক ব্যাখ্যা কর। ৩

ঘ. মুদ্রার ব্যবহার কীভাবে দ্রব্য বিনিময়কে সহজ ও সাবলীল করেছে? মুদ্রার কার্যাবলির আলোকে বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৫]

৭নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৮ জনাব হাসনাত মাল্টিন্যাশনাল কোম্পানিতে চাকরি করেন। তিনি তার প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বেতন ব্যাংক হিসাবের মাধ্যমে সংগ্রহের জন্য স্থানীয় 'রিজিক ব্যাংক' এ একটি হিসাব খোলেন। উক্ত ব্যাংক তাকে নির্দিষ্ট হারে সুদ প্রদানসহ চেকবই ও একটি প্লাস্টিক কার্ড দেন যা দিয়ে তিনি কেনাকাটা ও অর্থ উত্তোলন করতে পারবেন। কিন্তু তিনি একদিন কেনাকাটা করতে গিয়ে কার্ডের মাধ্যমে অর্থ পরিশোধ করতে পারেননি। পক্ষান্তরে তার বন্ধু জিহাদ কার্ডের মাধ্যমে অর্থ পরিশোধ করে এবং সে জনাব হাসনাতকে বলেন, তার ব্যাংক হিসাবে অর্থ জমা না থাকলেও কেনাকাটা করতে পারেন।

ক. এসএমএস ব্যাংকিং কী? ১

খ. কর্মসংস্থান সৃষ্টিতে ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. জনাব হাসনাত এর ব্যাংক হিসাবটি কোন ধরনের? বর্ণনা কর।৩

ঘ. জনাব হাসনাত ও তার বন্ধু জিহাদ এর কার্ড দুটোর মধ্যে তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৫]

৮নং প্রশ্নের উত্তর

ক মোবাইল এসএমএসের মাধ্যমে বিভিন্ন ব্যাংকিং সেবা প্রদান করাকে, এসএমএস ব্যাংকিং বলে।

খ ব্যাংক হচ্ছে কর্মসংস্থান সৃষ্টির অন্যতম হাতিয়ার।

ব্যাংক তার কার্যাবলি সম্পাদনের জন্য প্রচুর লোক নিয়োগ দেয়। এছাড়া ব্যাংকের সাহায্যে দেশে বিভিন্ন বাণিজ্যিক ও শিল্প কারখানা গড়ে ওঠে। এসব স্থানে প্রচুর লোকের কাজের সুযোগ তৈরি হয়। ফলে দেশে বেকারত্ব হ্রাস পায়। আর এভাবেই ব্যাংক কর্মসংস্থান সৃষ্টি করে থাকে।

গ 'রিজিক ব্যাংকে' জনাব হাসনাত সঞ্চয়ী হিসাব খোলেন।

সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায়। কিন্তু সাপ্তাহে দুইবার বা নির্দিষ্ট নিয়মানুযায়ী টাকা উত্তোলন করতে হয়। সাধারণত অব্যবসায়ী বা নির্দিষ্ট আয়ের জনগণ সঞ্চয়ের উদ্দেশ্যে এ হিসাব খুলে থাকেন। এ হিসাবের বিনিময়ে স্বল্প হারে সুদ দেওয়া হয়।

উদ্দীপকে জনাব হাসনাত একজন চাকরিজীবী। তিনি তার প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বেতন ব্যাংক হিসাবের মাধ্যমে সংগ্রহের জন্য স্থানীয় রিজিক ব্যাংকে হিসাব খোলেন। উক্ত ব্যাংক তাকে নির্দিষ্ট হারে সুদ, চেকবই, প্লাস্টিক কার্ড দেন। যার মাধ্যমে তিনি অর্থ উত্তোলন ও কেনাকাটা করেন। সাধারণত সঞ্চয়ী হিসাবে নিয়মিত অর্থ জমা দেওয়া যায় এবং প্রয়োজনে অর্থ উত্তোলন করা যায়। এই হিসাবে স্বল্প হারে সুদ পাওয়া যায়। চাকরিজীবীদের জন্য এ হিসাব খুবই উপযোগী। বৈশিষ্ট্যগত দিক থেকে জনাব হাসনাতের হিসাবটির সাথে সঞ্চয়ী হিসাবের সাদৃশ্য রয়েছে। তাই বলা যায়, উদ্দীপকের জনাব হাসনাতের ব্যাংক হিসাবটি একটি সঞ্চয়ী হিসাব।

ঘ জনাব হাসনাতের ব্যবহৃত কার্ড হলো ডেবিট কার্ড এবং তার বন্ধুর ব্যবহৃত কার্ড হলো ক্রেডিট কার্ড।

ডেবিট কার্ডের মাধ্যমে গ্রাহক যেকোনো সময় ATM থেকে টাকা উত্তোলন ও জমা করতে পারে। প্রয়োজনে এ কার্ডের মাধ্যমে নগদ টাকা ছাড়াও কেনাকাটা করা যায়। তবে ব্যাংক হিসাবে টাকা থাকা সাপেক্ষে এ কার্ড ব্যবহার করা যায়। অন্যদিকে, ক্রেডিট কার্ডের মাধ্যমে উক্ত সেবাগুলো ব্যাংক হিসাবে টাকা না থাকলেও গ্রহণ করা যায়।

উদ্দীপকের ব্যাংক জনাব হাসনাতকে একটি ইলেকট্রনিক কার্ড সরবরাহ করে। তিনি একটি আধুনিক শপিং মলে কেনাকাটা করেন। কেনাকাটার পর তিনি উক্ত কার্ডের মাধ্যমে বিল পরিশোধে ব্যর্থ হন। এমতাবস্থায় তার বন্ধু জিহাদের কার্ডটি দিয়ে বিল পরিশোধ করেন।

তার বন্ধু জিহাদের ব্যবহৃত কার্ডটি ক্রেডিট কার্ড এবং তার কার্ডটি হলো ডেবিট কার্ড। দুটি কার্ডই ব্যাংক প্রদত্ত ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড হলেও এদের মধ্যে পার্থক্য রয়েছে। জানাব হাসনাত তার বন্ধু জিহাদের কার্ডের মাধ্যমে ব্যাংক হিসাবে অর্থ না থাকলেও কেনাকাটা কিংবা সব ধরনের লেনদেন করতে পারবেন। অন্যদিকে, তার কার্ডটি দ্বারা লেনদেন করতে হলে অবশ্যই ব্যাংক হিসাবে পর্যাপ্ত পরিমাণে অর্থ থাকতে হবে। আবার, তার কার্ড ব্যবহার করার জন্য ব্যাংক হিসাব থাকা বাধ্যতামূলক। অন্যদিকে, তার বন্ধুর কার্ড ব্যবহার করার জন্য ব্যাংক হিসাবের বাধ্যবাধকতা নেই। তাই বলা যায়, দুটি কার্ড একই মনে হলেও বৈশিষ্ট্যগত দিক থেকে তুলনামূলক পার্থক্য রয়েছে।

প্রশ্ন ▶ ০৯ 'সুরভী' ব্যাংক ও 'মালতী' ব্যাংকের কিছু কার্যক্রম নিম্নরূপ :

'সুরভী' ব্যাংক'

- ঋণ গ্রহণের জন্য গ্রাহককে হিসাব খুলতে বলেন।
- গ্রাহক সুমি তার হিসাব থেকে ছেলের হিসাবে টাকা পাঠালেন।
- গ্রাহকের জীবন বিমা প্রিমিয়াম পরিশোধ।

'মালতী ব্যাংক'

- 'মালতী ব্যাংক' সুরভী ব্যাংকের ঋণের সুদ ৯% নির্ধারণ করে দেন।
- বিভিন্ন ব্যাংকের ঋণ প্রদানে বিশেষ নির্দেশনা প্রদান করেন।
- মূল্যস্তর কীভাবে স্থিতিশীল রাখা যায় তা নিয়ে সেমিনার আয়োজন করেন।

ক. নিকাশ ঘর কী? ১

খ. সোনালি ব্যাংক বাংলাদেশ ব্যাংকে রিজার্ভ হিসেবে কী জমা রাখে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'সুরভী' ব্যাংক কী ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. মুদ্রাবাজার নিয়ন্ত্রণে 'মালতী' ব্যাংক এর ভূমিকা গুরুত্বপূর্ণ বলে কি তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৫]

৯নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ১০ জনাব মারুফ ব্যাংকে এমন একটি হিসাব খুলতে চান যেখানে তিনি যখন ইচ্ছা টাকা জমা ও উত্তোলন করতে পারবেন। তার প্রতিবেশী বন্ধু তাকে 'সারথী' ব্যাংকে এ হিসাব খোলার পরামর্শ দেন যেটি খুব বিশ্বস্ত ও যুগোপযোগী। অতপর তিনি 'সারথী' ব্যাংক এ হিসাব খোলেন। তিনি তার যাবতীয় দলিলপত্র ও স্বর্ণালংকার উক্ত ব্যাংকে জমা রাখেন। সম্প্রতি জনাব মারুফ তার পাওনাদার ইমতিয়াজকে ১ লক্ষ টাকার একটি চেক দেন। ইমতিয়াজ চেকটি 'সারথী' ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক উক্ত চেকের অর্থ নগদে পরিশোধ না করে তার ব্যাংক হিসাবের মাধ্যমে উপস্থাপন করতে বলেন।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. চেক অঙ্কনে কীভাবে সতর্কতা অবলম্বন করতে হয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব ইমতিয়াজ এর প্রদত্ত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব মারুফ এর সাথে 'সারথী ব্যাংক' এর সম্পর্ক, ব্যাংক-গ্রাহক সম্পর্কের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৫]

১০নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ১১ জনাব রায়হান একজন ব্যবসায়ী। তিনি চীন ও জাপান থেকে গাড়ির যন্ত্রাংশ আমদানি করেন। নতুন একটি ট্রাক তৈরি ও যন্ত্রাংশ ক্রয়ের জন্য ২৫ লক্ষ টাকার প্রয়োজন হলে তিনি 'আধুনিক ব্যাংক' এ ঋণের আবেদন করেন। ব্যাংক তাঁর ব্যবসায়ের সুনাম, লাভজনকতা, দক্ষতা ও বিশ্বস্ততা যাচাই-বাছাই করে ঋণ প্রদানে সম্মত হন। এছাড়াও উক্ত ব্যাংক তাকে আধুনিক সকল সুযোগ-সুবিধা প্রদান করেন।

ক. প্রত্যয়পত্র কী? ১
খ. ব্যাংকিং কার্যক্রমে আর্থিক সচ্ছলতা কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. কার্যভিত্তিক শ্রেণিকরণে 'আধুনিক ব্যাংক' কী ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩
ঘ. ব্যাংক ব্যবসায়ের নীতির আলোকে 'আধুনিক ব্যাংক' এর কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

[ঢা. বো. ২০২৫]

১১নং প্রশ্নের উত্তর

ক LC বা প্রত্যয়পত্র হলো একটি ঋণের দলিল যার মাধ্যমে ব্যাংক তার মক্কেল তথা আমদানিকারকের পক্ষে রপ্তানিকারকের অনুকূলে রপ্তানিকৃত পণ্যের মূল্য পরিশোধের নিশ্চয়তা দেয়।

খ সুষ্ঠুভাবে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য আর্থিক সচ্ছলতার প্রয়োজন হয়।

ব্যাংকিং ব্যবসায় একটি ঝুঁকিবহুল ব্যবসায়। অন্যের অর্থ নিয়ে ব্যবসায় করার কারণে ব্যাংকিং প্রতিষ্ঠানকে ঝুঁকি এড়ানোর জন্য বেশকিছু মৌলিক নীতি মেনে চলতে হয়। তার মধ্যে অন্যতম হলো সচ্ছলতার নীতি। ব্যাংকিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আর্থিক সচ্ছলতা প্রয়োজন। কারণ আর্থিক সচ্ছলতার অভাবে ব্যাংক তার দৈনন্দিন কার্যক্রম চালাতে ব্যর্থ হলে দেউলিয়া হয়ে যেতে পারে। এজন্যই ব্যাংকের আর্থিক সচ্ছলতা থাকা একান্ত প্রয়োজন।

গ কার্যভিত্তিক শ্রেণিকরণে 'আধুনিক ব্যাংক' একটি বাণিজ্যিক ব্যাংক।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও পরিচালিত ব্যাংক হলো বাণিজ্যিক ব্যাংক। এ ব্যাংক গ্রাহকদের সঞ্চিত অর্থ বিভিন্ন হিসাবের (চলতি, স্থায়ী ও সঞ্চয়ী) মাধ্যমে জমা রাখে। ব্যাংকটি বিভিন্ন খাতে অর্থ ঋণ দেয়।

বাণিজ্যিক ব্যাংক মূলত আমানত গ্রহণ ও ঋণদান করে। তবে ব্যাংক গ্রাহকদের চেক, বিনিময় বিল, প্রত্যয়পত্র, ব্যাংক ড্রাফট, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড ইত্যাদি বিনিময়ের মাধ্যম হিসেবে ব্যবহার করার সুযোগ দেয়। বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত হলেও এটি শিল্প, বাণিজ্য, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে বিভিন্ন রকম সেবা প্রদান করে থাকে। এ ব্যাংকের প্রধান কার্যাবলির অন্তর্ভুক্ত হলো আমানত গ্রহণ, মূলধন গঠন, ঋণ মঞ্জুর, বিনিময়ের মাধ্যম সৃষ্টি, আমদানি-রপ্তানিতে সাহায্য ইত্যাদি।

উদ্দীপকে জনাব রায়হান একজন ব্যবসায়ী। তিনি চীন ও জাপান থেকে গাড়ির যন্ত্রাংশ আমদানি করেন। নতুন একটি ট্রাক তৈরির যন্ত্রাংশ ক্রয়ের জন্য আধুনিক ব্যাংক হতে ঋণ গ্রহণ করে। তার সুনাম ও খ্যাতির জন্য ব্যাংক তাকে সকল ধরনের আধুনিক সুবিধা প্রদান করে। সাধারণত বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে আমানতকৃত অর্থ ঋণ হিসেবে প্রদান করে। আর ঋণের সুদই বাণিজ্যিক ব্যাংকের আয়ের মূল উৎস। এছাড়াও বাণিজ্যিক ব্যাংক গ্রাহকের আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তিতে সহায়তা করে। অতএব, বলা যায়, আধুনিক ব্যাংকটি একটি বাণিজ্যিক ব্যাংক।

ঘ উদ্দীপকে আধুনিক ব্যাংক ঋণমঞ্জুর নীতি ও নিরাপত্তার নীতির বিবেচনা করেছে।

ব্যাংকিং প্রতিষ্ঠানের ঝুঁকি এড়াতে বেশ কিছু মৌলিক নীতি মেনে চলতে হয় যা ব্যাংক ব্যবসায়ের মূলনীতি নামে পরিচিত। ঋণনীতি অনুযায়ী ব্যাংক ঋণ দেওয়ার আগে প্রকল্পের উৎপাদনশীলতা ও লাভজনকতা যাচাই করে। অনুৎপাদনশীল ও অনিশ্চিত ক্ষেত্রে ব্যাংক ঋণ দেয় না। নিরাপত্তা নীতি অনুযায়ী ব্যাংক ঋণ দেওয়ার সময় পর্যন্ত জামানত গ্রহণ করে। ফলে প্রদত্ত ঋণের নিরাপত্তা নিশ্চিত হয়।

উদ্দীপকে 'আধুনিক ব্যাংক' যন্ত্রপাতি ক্রয়, ভূমি ক্রয়, কারখানা নির্মাণের জন্য জনগণকে ঋণ প্রদান করে থাকে। ব্যাংক ঋণ প্রদানের পূর্বে গ্রাহকের আর্থিক স্বচ্ছলতা ও সততাসহ অন্যান্য তথ্য যাচাইপূর্বক ঋণ প্রদান করে থাকে। সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রকল্পের বিনিয়োগপূর্ব সম্ভাব্যতা যাচাই গুরুত্বপূর্ণ। আমানতকৃত অর্থ থেকে ব্যবসায়ীদের ঋণ দেওয়া ব্যাংকের জন্য এক ধরনের বিনিয়োগ এক্ষেত্রে ঋণ দেওয়ার আগে ঋণ গ্রহীতা সম্পর্কে ভালোভাবে যাচাই করে নেওয়া হয়। তা না হলে ঋণ ফেরত পাবার সম্ভাবনা কম থাকে। এক্ষেত্রে ব্যাংকের গ্রাহকের অর্থের নিরাপত্তা নষ্ট হতে পারে। এছাড়াও অর্থের নিরাপত্তা নিশ্চিত করতে পর্যাপ্ত জামানত গ্রহণ করা হয়, অর্থাৎ ঝুঁকি এড়ানোর জন্য ঋণদানের ক্ষেত্রে ব্যাংক নিরাপত্তার নীতিটি মেনে চলে। পরিশেষে বলা যায়, 'আধুনিক ব্যাংক' ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতির নিরাপত্তার নীতি পালন করে।

অন্যদিকে ব্যাংক যেহেতু তার উৎপাদনশীলতা যাচাই করেছে এর মূল উদ্দেশ্য আমানতকারীর জমাকৃত অর্থের নিরাপত্তা নিশ্চিত করা। তাই বলা যায় আধুনিক ব্যাংক ব্যবসায়ের মূলনীতির নিরাপত্তার নীতি ও ঋণমঞ্জুর নীতি পালন করেছে।

রাজশাহী বোর্ড–২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড : 1 5 2

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

সময়– ৩০ মিনিট পূর্ণমান– ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ৬ বছর পর ৫ লক্ষ টাকা দ্বিগুণ হলে সুদের হার কত?
ক) ১২% খ) ১০% গ) ৮% ঘ) ৬%

২. 'A' প্রতিষ্ঠানের ব্যবধানের বর্গের গড় ১৫০.০৬ হলে আদর্শ বিচ্যুতি কত?
ক) ১০.২৪% খ) ১২.২৫% গ) ১২.২৭% ঘ) ১২.৫২%

৩. মনে কর, তুমি একজন ব্যাংকার। চাহিবামাত্র গ্রাহককে তুমি কোনটি দিতে বাধ্য থাকবে?
ক) গ্রাহকের টাকা খ) ঋণ প্রদান গ) ঋণের সুদ ঘ) LC

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ থেকে ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
গ্রামীণ ব্যাংক থেকে মিস. মল্লিকা মাসিক ১% হারে চক্রবৃদ্ধি সুদে ঋণ গ্রহণ করেন। এতে বার্ষিক সুদ হার ১২%।

৪. গ্রামীণ ব্যাংক থেকে গৃহীত মিস মল্লিকার EAR এর পরিমাণ কত?
ক) ১২.৬৮% খ) ৬৭.৭৭% গ) ৬৬.৬৮% ঘ) ১৩.৭৭%

৫. মিস মল্লিকার গৃহীত ঋণ মাসিক ১% হারে চক্রবৃদ্ধির পরিবর্তে সাপ্তাহিক ১% হারে চক্রবৃদ্ধি হলে কী হত?
ক) মিস মল্লিকা লাভবান হত খ) মিস. মল্লিকার ক্ষতি হত
গ) এতে সুদের হার পরিবর্তন হত না ঘ) গ্রামীণ ব্যাংকের লোকসান হত

৬. কোন চেকের অর্থ ব্যাংক থেকে নির্দিষ্ট ব্যক্তি ব্যতীত অন্য কেউ উত্তোলন করতে পারে না?
ক) বাহক চেক খ) দাগকাটা চেক
গ) হুকুম চেক ঘ) এমআইসিআর চেক

৭. পাবলিক লিমিটেড কোম্পানি মালিকানায় সর্বনিম্ন কতজন পরিচালকের সমন্বয়ে ব্যাংক প্রতিষ্ঠা করা যায়?
ক) ২ জন খ) ১৩ জন গ) সীমাহীন ঘ) ৭ জন

৮. আর্থিক ব্যবস্থাপকরা কয় ধরনের সিদ্ধান্ত নিয়ে কাজ করে?
ক) দু'ধরনের খ) তিন ধরনের গ) চার ধরনের ঘ) পাঁচ ধরনের

৯. অর্থের সময়মূল্যের মূল কারণ কোনটি?
ক) মুদ্রানীতি খ) সুদের হার গ) অর্থের তারল্য ঘ) বর্ধিত মুনাফা

১০. ইলেকট্রনিক ব্যাংকিং এর বিভিন্ন পণ্য বা সেবা হলো–
i. ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড ii. এটিএম কার্ড
iii. রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. মিস লিমা একজন আমদানিকারক তিনি বৈদেশিক বাণিজ্যের সুবিধার্থে L. C. খুলতে চান। এক্ষেত্রে তিনি কোন ব্যাংকের সহায়তা নিবেন?
ক) বিডিবিএল খ) কেন্দ্রীয় ব্যাংক
গ) আন্তর্জাতিক ব্যাংক ঘ) বাণিজ্যিক ব্যাংক

১২. একটি প্রতিষ্ঠানে কাম্য মূলধন কাঠামোতে নিচের কোনটি গ্রহণ করা উচিৎ?
ক) স্থায়ী ব্যয় সর্বনিম্ন খ) চলিত ব্যয় সর্বনিম্ন
গ) বিনিয়োগ ব্যয় সর্বনিম্ন ঘ) মূলধন ব্যয় সর্বনিম্ন

১৩. একটি প্রকল্পের প্রারম্ভিক বিনিয়োগ যদি ৯০,০০০ টাকা হয়, তাহলে ঐ প্রকল্পের গড় বিনিয়োগ কত হবে?
ক) ৯০,০০০ টাকা খ) ১,৮০,০০০ টাকা
গ) ৪৫,০০০ টাকা ঘ) ৫৫,০০০ টাকা

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪ থেকে ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
সম্প্রতি আমাদের দেশের গ্রাম-গঞ্জে মহিলা উদ্যোক্তাদের সুবিধার্থে 'ইকো ব্যাংকিং' নামে একটি মহিলা ব্যাংকিং কার্যক্রম নতুনভাবে চালু করার কথা ভাবছেন।

১৪. উদ্দীপকের ব্যাংকিং কার্যক্রম কোন ব্যাংকিং শ্রেণিবিন্যাসের অন্তর্গত?
ক) কার্যভিত্তিক খ) মালিকানা ভিত্তিক
গ) অঞ্চল ভিত্তিক ঘ) বিশেষ গ্রাহক ভিত্তিক

১৫. মহিলাদের এই বিশেষায়িত ব্যাংক স্থাপনের মূল উদ্দেশ্য কী?
ক) জীবনযাত্রার মানন্নোয়ন করা খ) সঞ্চয়ে উৎসাহিত করা
গ) পৃথক ব্যাংকিং সিস্টেম চালু করা ঘ) আত্মকর্মসংস্থানে উৎসাহ দেওয়া

১৬. আমাদের দেশে lender of the last resort বলা হয় কোন ব্যাংককে?
ক) বাংলাদেশের ব্যাংক খ) গ্রামীণ ব্যাংক
গ) সোনালী ব্যাংক ঘ) বিডিবিএল

১৭. তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য কোনটি?
ক) সঞ্চয় সৃষ্টি খ) মুনাফা অর্জন
গ) লভ্যাংশ সমতাকরণ ঘ) বিল বাট্টাকরণ

১৮. ব্যাংক মক্কেলের পক্ষে বাট্টার মাধ্যমে কী বাড়িয়ে ব্যবসায় বাণিজ্যে সহায়তা করে?
ক) প্রত্যয়পত্র খ) ব্যাংক ড্রাফট গ) বিনিময় বিল ঘ) ক্রেডিট কার্ড

১৯. মূলধন বাজেটিং সর্বদাই কীরূপ সিদ্ধান্ত?
ক) ঝুঁকিযুক্ত খ) ঝুঁকিমুক্ত
গ) অনিশ্চয়তাযুক্ত ঘ) অনিশ্চয়তামুক্ত

২০. তুমি ব্যাংকে প্রতিদিন লেনদেন করতে চাইলে কোন ধরনের হিসাব খুলবে?
ক) স্থায়ী হিসাব খ) সঞ্চয়ী হিসাব
গ) চলতি হিসাব ঘ) ঋণ আমানত হিসাব

২১. কাজলী শীতকালীন পোষাকের ব্যবসা করে ভালো মুনাফা করে কিন্তু গ্রীষ্মকালে তিনি কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে পারেন না। কাজলীর ব্যবসায় কোন নীতিটি অনুপস্থিত রয়েছে?
ক) উপযুক্ততার নীতি খ) তারল্য বনাম মুনাফা নীতি
গ) ব্যবসায়ের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকিবণ্টন নীতি ঘ) লভ্যাংশ সমতাকরণ নীতি

২২. নিচের কোনটির মাধ্যমে সংরক্ষিত তহবিল গঠন করা যাবে?
ক) ঋণপত্র বিক্রি করে খ) অবণ্টিত মুনাফা থেকে
গ) আমানত থেকে ঘ) শেয়ার ইস্যু করে

২৩. মূলধন মিশ্রণ নির্বাচনে গুরুত্ব দেয়া হয়–
i. সর্বোচ্চ ঋণের সুবিধা ii. কাম্য ঋণনীতি iii. সর্বনিম্ন মূলধন ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৪ থেকে ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মিস. রেহানা একজন বিনিয়োগকারী। তিনি তার ৫,০০,০০০ টাকা নিয়ে একটি স্বনামধন্য কোম্পানির শেয়ার কিনলেন। কোম্পানিটি মিস রেহানাকে সকল শেয়ার হোল্ডারদের দাবি মিটানোর পর লভ্যাংশ প্রদান করে।

২৪. মিস. রেহানা কোন ধরনের শেয়ার কিনেছেন?
ক) সাধারণ শেয়ার খ) বোনাস শেয়ার
গ) বিলম্বিত শেয়ার ঘ) অগ্রাধিকার শেয়ার

২৫. বিনিয়োগকৃত অর্থ থেকে
ক) নির্দিষ্ট হারে খ) সীমিত হারে
গ) আনুপাতিক হারে ঘ) সমানুপাতিক হারে

২৬. ব্যাংক ব্যবস্থার জননী কোনটি?
ক) মুদ্রা খ) রূপা গ) স্বর্ণ ঘ) কেন্দ্রীয় ব্যাংক

২৭. পাবলিক লি. কোম্পানির তহবিল বা মূলধন সংগ্রহের একটি গুরুত্বপূর্ণ উৎস হচ্ছে–
ক) বন্ড খ) ডিবেঞ্চার গ) শেয়ার ক্রয় ঘ) শেয়ার বিক্রয়

২৮. ব্যাংক হিসাব খোলার মাধ্যমে জনগণের মধ্যে কী সৃষ্টি হয়?
ক) পুঁজির খ) সঞ্চয় প্রবণতা গ) কর্মসংস্থান ঘ) ঋণ আমানত

২৯. বিনিয়োগের ক্ষেত্রে প্রত্যাশার থেকে প্রাপ্তির ব্যবধান হওয়ার সম্ভাবনা থেকে কীসের সৃষ্টি হয়?
ক) ঝুঁকির খ) অনিশ্চয়তার গ) মুনাফার ঘ) বিচ্যুতি

৩০. সাময়িক সময়ের জন্য অর্থায়নের উৎস হল–
i. ক্রেতা হতে অগ্রিম গ্রহণ ii. মজুদ পণ্য বন্ধকীকরণ
iii. গ্রাম্য মহাজন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

উত্তর	১		২		৩		৪		৫		৬		৭		৮		৯		১০		১১		১২		১৩		১৪		১৫	
	১৬		১৭		১৮		১৯		২০		২১		২২		২৩		২৪		২৫		২৬		২৭		২৮		২৯		৩০	

রাজশাহী বোর্ড–২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম তিনটি প্রশ্ন নিয়ে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ফিন্যান্স অংশ

১। মিসেস শিরীন রহমান ২০২২ সালে ৫ কাটা জমি বিক্রি করে ১ কোটি টাকা পান। তিনি তার টাকা একটি কোম্পানির শেয়ারে বিনিয়োগ করেন। যার ফলে তিনি কোম্পানিটির মালিকানা লাভ করেন এবং অধিক আয় করেন। কোম্পানিটি শেয়ারহোল্ডারদের প্রতি বছর শেয়ার প্রতি ১৫ টাকা লভ্যাংশ দিয়ে আসছিল। কিন্তু এ বছর লাভ বেশি হওয়ায় অর্জিত মুনাফার ৫০% লভ্যাংশ প্রদান করে।

ক. স্টক এক্সচেঞ্জ কাকে বলে? ১
খ. বিনিয়োগের জন্য ডিবেঞ্চারের তুলনায় বন্ড অধিক নিরাপদ কেন? ব্যাখ্যা কর। ২
গ. মিসেস শিরীন রহমান কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কোম্পানিটির লভ্যাংশ নীতি বিশ্লেষণ কর। ৪

২। জনাব স্বপন একজন সরকারি চাকরিজীবী। তিনি নগর ব্যাংক থেকে মাসিক ১% হারে চক্রবৃদ্ধি সুদে ৫,০০,০০০ টাকা ঋণ নেন। তিনি এই টাকা ১১% হারে মাসিক চক্রবৃদ্ধিতে ১০ বছরের জন্য শাপলা ব্যাংকে জমা রাখতে চান। কিন্তু তার স্ত্রী তাকে জমি ক্রয়ের পরামর্শ দেন। কারণ জমির মূল্য ১০ বছরে দ্বিগুণ হওয়া ছাড়াও প্রতিবছর সবজি বিক্রি বাবদ ৫০,০০০ টাকা আয় করতে পারবেন।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. বাট্টাকরণ প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ২
গ. জনাব স্বপনের গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব স্বপনের কোন ক্ষেত্রটিতে বিনিয়োগ করা উচিত? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩। জনাব করিম কাপড় থেকে পোশাক তৈরি করে বিক্রি করেন। কিন্তু শীতের মৌসুমে হঠাৎ কাপড়ের দাম বেড়ে যাওয়ায় অর্থের অভাব দেখা দেয়। যার ফলে ব্যবসায় পরিচালনায় সমস্যা হয়। তার ব্যবসায় থেকে গত পাঁচবছরে অর্জিত মুনাফার হার ছিল যথাক্রমে ১০%,১৪%, ১০%, ১৬% ও ২০%। জনাব করিম বর্তমান ব্যবসায়টি পরিবর্তন করে নতুন একটি বিকল্প ব্যবসায়ের কথা ভাবছেন। নতুন ব্যাবসায়টির সম্ভাব্য গড় আয় ১৪% এবং ঝুঁকির পরিমাণ ৫%।

ক. তারল্য ঝুঁকি কী? ১
খ. সরকার কর্তৃক ইস্যুকৃত বিনিয়োগ ক্ষেত্র ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব করিম তার ব্যবসায়ে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঝুঁকি বিবেচনায় জনাব করিমের ব্যবসায় পরিবর্তনের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪। মি. সবুজ ভুট্টার খোসা থেকে ব্যাগ তৈরির কারখানা স্থাপন করতে চান। এ জন্য যন্ত্রপাতি স্থাপন বাবদ ব্যয় হবে ২০,০০,০০০ টাকা। বার্ষিক অবচয়ের পরিমাণ ১,০০,০০০ টাকা এবং কর হার ৩০%। উক্ত কারখানা থেকে আগামী ৫ বছরে যথাক্রমে ৫,০০,০০০ টাকা, ৬,০০,০০০ টাকা, ৫,০০,০০০ টাকা, ৭,০০,০০০ টাকা এবং ৫,৫০,০০০ টাকা বিক্রয়বাবদ আয় হতে বলে আশা করছেন। চলতি খরচ বিক্রয় আয়ের ২০%।

ক. পণ্য বৈচিত্র্যায়ণ কী? ১
খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. মি. সবুজের বিনিয়োগের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. মি. সবুজের কারখানা স্থাপনের যৌক্তিকতা পে-ব্যাক সময় নির্ণয়ের মাধ্যমে মূল্যায়ন কর। ৪

৫। TF কোম্পানির সাধারণ শেয়ার ১০,০০,০০০ টাকা যার মূলধন ব্যয় ১৩%, ১০% অগ্রাধিকার শেয়ার ৬,০০,০০০ টাকা। প্রতিটি অগ্রাধিকার শেয়ারের লিখিত মূল্য ১,২০০ টাকা এবং শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত আয় ১,০০০ টাকা। ১০% ব্যাংক ঋণ ৪,০০,০০০ টাকা। কর হার ২০%।

ক. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের পূর্বশর্ত কী? ১
খ. সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় ব্যাখ্যা কর। ২
গ. TF কোম্পানির অগ্রাধিকার শেয়ারের ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. TF কোম্পানির গড় মূলধন ব্যয়ের উপর ঋণ মূলধন ব্যয়ের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৬। জনাব মিরাজ পড়ালেখা শেষ করে তার বাবার লাইব্রেরি ব্যবসায়ে যোগ দেন। নিয়মিত লাভ না হওয়ায় তিনি একটি কম্পিউটার ও একটি ফটোকপি মেশিন দোকানে স্থাপন করেন। ফলে দ্রুতগতিতে বিক্রি বৃদ্ধি পায়। অন্যদিকে, তার ছোট ভাই ইফাজ মালয়শিয়াতে একটি কোম্পানিতে চাকরি করেন। তিনি তার উপার্জিত অর্থ সঠিক চ্যানেলের মাধ্যমে দেশে পরিবারের নিকট প্রেরণ করেন।

ক. বিনিয়োগ সিদ্ধান্ত কী? ১
খ. আধুনিক অর্থায়নের সূচনায় 'WTO' এর ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. জনাব মিরাজ ব্যবসায় অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? বাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনীতিতে ইফাজের ভূমিকা অর্থায়নের শ্রেণিবিভাগের আলোকে বিশ্লেষণ কর। ৪

ব্যাংকিং অংশ

৭। চীনের ওয়াংফু কোম্পানি বাংলাদেশের CPS ফার্মাসিউটিক্যালসকে নিয়মিত ঔষুধের কাঁচামাল সরবরাহ করে। এক্ষেত্রে গোমতী ব্যাংক CPS ফার্মাসিউটিক্যালস এর পক্ষ থেকে একটি বিশেষ ব্যবস্থায় চীনের ওয়াংফু কোম্পানিকে অর্থ প্রদানের পদক্ষেপ গ্রহণ করে। গোমতী ব্যাংক শেয়ার বিক্রির মাধ্যমে ব্যবসায় তহবিল সংগ্রহ করেছিল। ব্যাংকটি প্রতিবছর নীট মুনাফার ৭০% শেয়ার মালিকদের মধ্যে বণ্টন করে এবং বাকী ৩০% ভবিষ্যৎ মূলধনের জন্য জমা রাখে।

ক. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কোনটি? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. ওয়াংফু কোম্পানি ও CPS ফার্মাসিউটিক্যাল এর মধ্যে আর্থিক ও ব্যবসায়িক সম্পর্ক স্থাপনে গোমতী ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. গোমতী ব্যাংকের তহবিলে উৎস বিশ্লেষণ কর। ৪

৮। জনাব রায় কক্সবাজারে ব্যবসায় করেন। এলাকার "MN" ব্যাংকের সাথে একটি হিসাবের মাধ্যমে ব্যবসায়িক লেনদেন করেন। তার ছেলে নয়ন ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ে। তিনি টাকা পাঠালে নয়ন একটি কার্ডের মাধ্যমে টাকা উত্তোলন করে। একবার জনাব রায় হঠাৎ অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলেন এবং বিল পরিশোধের জন্য তার হিসাবে কোন টাকা না থাকলেও একটি বিশেষ কার্ডের মাধ্যমে বিল পরিশোধ করেন।

ক. এসএমএস ব্যাংকিং কী? ১
খ. বর্তমানে বাংলাদেশে ইলেকট্রনিক ব্যাংকিং অনেক জনপ্রিয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রায়ের ব্যাংক হিসাবটির ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রায় ও নয়নের ব্যবহৃত কার্ড দুটির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৯। দৃশ্যপট-১ : তাসফিন এমন একটি ব্যাংকে চাকরি করেন, যে ব্যাংকের নাম টাকার নোটের উপর লিপিবদ্ধ থাকে।
দৃশ্যপট-২ : তামজিদ একটি ব্যাংকে চাকরি করেন। এই ব্যাংক তাসফিনের ব্যাংকের নীতি ও পরিকল্পনা বাস্তবায়ন করে এবং সময়ে সময়ে রিপোর্ট প্রেরণ করে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন সরকারের ব্যাংক বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. তাসফিনের কর্মরত ব্যাংকটির ধরণ ব্যাখ্যা কর। ৩
ঘ. তাসফিন ও তামজিদের কর্মরত ব্যাংক দুটির পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

১০। জনাব ইফাম একজন সরকারি চাকরিজীবী। তিনি আলফা ব্যাংকের মাধ্যমে তাঁর সমস্ত ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করেন। আলফা ব্যাংক দীর্ঘ ২০ বছর যাবৎ তাঁর পক্ষ থেকে অনেক কাজ করে দেয়। এবছর তিনি ঢাকার মিরপুরে একটি ফ্ল্যাট ক্রয় করেন। ফ্ল্যাটের মূল্য তিনি এমন একটি মাধ্যমে পরিশোধ করেন যাতে ফ্ল্যাট বিক্রেতার ব্যাংক হিসাবে টাকা জমা হওয়া ব্যতীত নগদে উত্তোলনের সুযোগ নেই।

ক. গ্রাহক কাকে বলে? ১
খ. গ্রাহকের স্বার্থরক্ষা করা ব্যাংকের কোন ধরনের দায়িত্ব? ব্যাখ্যা কর। ২
গ. জনাব ইফামের ফ্ল্যাটের মূল্য পরিশোধের কৌশল ব্যাখ্যা কর। ৩
ঘ. আলফা ব্যাংক ও গ্রাহক জনাব ইফামের মধ্যকার সম্পর্কে ধরন বিশ্লেষণ কর। ৪

১১। মিসেস তুলি গৃহস্থালী কাজের পাশাপাশি হাঁস, মুরগি, গরু, ছাগল পালন করেন। তিনি তার উপার্জিত টাকা মাটির পাত্রে জমা রাখতেন এমনকি তার জমির দলিলপত্র এবং সোনার গহনাও ঘরে রাখেন। সবকিছুই স্বাভাবিক ছিল। কিন্তু হঠাৎ তার বাসায় ডাকাতি হওয়ায় তিনি সর্বস্ব হারিয়ে ফেলেন। পরে তিনি জানতে পারেন এমন একটি নিরাপদ ব্যবস্থা আছে সেখানে তিনি টাকা পয়সাসহ মূল্যবান সামগ্রী রাখলে নিশ্চিন্তে থাকতে পারতেন।

ক. বিনিময় প্রথা কী? ১
খ. মুদ্রা কীভাবে সঞ্চয়ের বাহন হিসেবে কাজ করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন নিরাপদ ব্যবস্থার প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের নিরাপদ ব্যবস্থাটির সাথে মুদ্রার সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

উত্তরমালা (রাজশাহী বোর্ড ২০২৫)

বহুনির্বাচনি অভীক্ষা

১	ক	২	খ	৩	ক	৪	ক	৫	খ	৬	খ	৭	ঘ	৮	ক	৯	খ	১০	ক	১১	ঘ	১২	ঘ	১৩	গ	১৪	ঘ	১৫	খ
১৬	ক	১৭	খ	১৮	গ	১৯	ক	২০	গ	২১	গ	২২	খ	২৩	ঘ	২৪	গ	২৫	গ	২৬	ক	২৭	ঘ	২৮	খ	২৯	ক	৩০	ঘ

সৃজনশীল

প্রশ্ন ▶ ০১ মিসেস শিরীন রহমান ২০২২ সালে ৫ কাটা জমি বিক্রি করে ১ কোটি টাকা পান। তিনি তার টাকা একটি কোম্পানির শেয়ারে বিনিয়োগ করেন। যার ফলে তিনি কোম্পানিটির মালিকানা লাভ করেন এবং অধিক আয় করেন। কোম্পানিটি শেয়ারহোল্ডারদের প্রতি বছর শেয়ার প্রতি ১৫ টাকা লভ্যাংশ দিয়ে আসছিল। কিন্তু এ বছর লাভ বেশি হওয়ায় অর্জিত মুনাফার ৫০% লভ্যাংশ প্রদান করে।

ক. স্টক এক্সচেঞ্জ কাকে বলে? ১

খ. বিনিয়োগের জন্য ডিবেঞ্চারের তুলনায় বন্ড অধিক নিরাপদ কেন? ব্যাখ্যা কর। ২

গ. মিসেস শিরীন রহমান কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কোম্পানিটির লভ্যাংশ নীতি বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

১নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০২ জনাব স্বপন একজন সরকারি চাকরিজীবী। তিনি নগর ব্যাংক থেকে মাসিক ১% হারে চক্রবৃদ্ধি সুদে ৫,০০,০০০ টাকা ঋণ নেন। তিনি এই টাকা ১১% হারে মাসিক চক্রবৃদ্ধিতে ১০ বছরের জন্য শাপলা ব্যাংকে জমা রাখতে চান। কিন্তু তার স্ত্রী তাকে জমি ক্রয়ের পরামর্শ দেন। কারণ জমির মূল্য ১০ বছরে দ্বিগুণ হওয়া ছাড়াও প্রতিবছর সবজি বিক্রি বাবদ ৫০,০০০ টাকা আয় করতে পারবেন।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. বাট্টাকরণ প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব স্বপনের গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব স্বপনের কোন ক্ষেত্রটিতে বিনিয়োগ করা উচিত? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

২নং প্রশ্নের উত্তর

ক অর্থের সময়মূল্য হলো সময় পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্য পরিবর্তন হওয়া।

খ অর্থের বর্তমান মূল্য নির্ণয়ের পদ্ধতিকে বাট্টাকরণ প্রক্রিয়া বলে। অর্থের ভবিষ্যৎ মূল্য জানা থাকলে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। একে বলে বাট্টাকরণ প্রক্রিয়া। একাধিকবার চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রেও ভবিষ্যৎ মূল্য থেকে বাট্টাকরণের মাধ্যমে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। সাধারণত বর্তমান মূল্য নির্ণয়ে নিম্নোক্ত সূত্র ব্যবহার করা হয়–

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য (FV)}}{(১ + \text{সুদের হার})^{\text{মেয়াদ}}}$$

বাট্টাকরণ প্রক্রিয়ায় ভবিষ্যৎ মূল্য থেকে বর্তমান মূল্য নির্ণয় করা হয়।

গ জনাব স্বপনের গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় :

দেওয়া আছে,

সুদের হার (i) = ১% বা ০.০১

চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার

আমরা জানি,

$$\text{প্রকৃত সুদের হার, EAR} = \left\{\left(1 + \frac{i}{m}\right)^m - ১\right\} \times ১০০$$

$$= \left\{\left(১ + \frac{০.০১}{১২}\right)^{১২} - ১\right\} \times ১০০$$

$$= (১.০১০০৪৫ - ১) \times ১০০$$

$$= ১.০০৪\%$$

∴ জনাব স্বপনের প্রকৃত সুদের ১.০০৪%।

ঘ জনাব স্বপনের জন্য কোন ক্ষেত্রটিতে বিনিয়োগ উপযুক্ত হবে তা জানতে শাপলা ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য (PV) = ৫,০০,০০০ টাকা

মেয়াদ কাল (n) = ১০ বছর

সুদের হার (i) = ১১% বা ০.১১

চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার [∵ মাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎমূল্য} = FV = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$

$$= ৫,০০,০০০\left(১ + \frac{০.১১}{১২}\right)^{১০ \times ১২}$$

$$= ১৪,৯৪,৫৭৪.৮০ \text{ টাকা (প্রায়)}$$

∴ জনাব স্বপন ১০ বছর পর শাপলা ব্যাংক থেকে ১৪,৯৪,৫৭৪.৮০ টাকা পাবেন।

স্ত্রীর পরামর্শ অনুসারে জমি ক্রয় করলে, তিনি পাবেন

$$= \{(৫,০০,০০০ \times ২) + (৫০০০০ \times ১০)\}$$

$$= ১০,০০,০০০ + ৫,০০,০০০$$

$$= ১৫,০০,০০০ \text{ টাকা}$$

∴ তিনি যদি জমি ক্রয় করেন তাহলে (১৫,০০,০০০ – ১৪,৯৪,৫৭৪) = ৫,৪২৬ টাকা বেশি পাবেন। সুতরাং জমি ক্রয় করা হবে জনাব স্বপনের জন্য উপযুক্ত বিনিয়োগ।

প্রশ্ন ▶ ০৩ জনাব করিম কাপড় থেকে পোশাক তৈরি করে বিক্রি করেন। কিন্তু শীতের মৌসুমে হঠাৎ কাপড়ের দাম বেড়ে যাওয়ায় অর্থের অভাব দেখা দেয়। যার ফলে ব্যবসায় পরিচালনায় সমস্যা হয়। তার ব্যবসায় থেকে গত পাঁচবছরে অর্জিত মুনাফার হার ছিল যথাক্রমে ১০%,১৪%, ১০%, ১৬% ও ২০%। জনাব করিম বর্তমান ব্যবসায়টি পরিবর্তন করে নতুন একটি বিকল্প ব্যবসায়ের কথা ভাবছেন। নতুন ব্যাবসায়টির সম্ভাব্য গড় আয় ১৪% এবং ঝুঁকির পরিমাণ ৫%।

ক. তারল্য ঝুঁকি কী? ১

খ. সরকার কর্তৃক ইস্যুকৃত বিনিয়োগ ক্ষেত্র ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব করিম তার ব্যবসায়ে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঝুঁকি বিবেচনায় জনাব করিমের ব্যবসায় পরিবর্তনের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

[রা. বো. ২০২৫]

৩নং প্রশ্নের উত্তর

ক বিনিয়োগকৃত সিকিউরিটিসমূহ দ্রুত নগদ অর্থে রূপান্তর করতে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে তারল্য ঝুঁকি বলে।

খ সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড ঝুঁকিমুক্ত বিনিয়োগের ক্ষেত্র হিসেবে পরিচিত।

সরকার কর্তৃক ইস্যুকৃত এসব বিনিয়োগের ক্ষেত্রে দেউলিয়াত্ব ঝুঁকি নেই। কারণ সরকার দেউলিয়া হতে পারে না। এসব বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে। তাই সরকার কর্তৃক ইস্যুকৃত বিনিয়োগের ক্ষেত্র ঝুঁকিমুক্ত।

গ উদ্দীপকের জনাব করিম তার ব্যবসায়ে 'ব্যবসায়িক ঝুঁকির' সম্মুখীন হয়েছেন।

পরিচালনা খরচ পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকি সৃষ্টি হয় তাকে ব্যবসায়িক ঝুঁকি বলে।

ব্যবসায় প্রতিষ্ঠান সফলভাবে পরিচালনার জন্য বিভিন্ন ধরনের পরিচালনা ব্যয়ের সৃষ্টি হয়। যেমন– কাঁচামাল ক্রয়, শ্রমিকদের বেতন, অফিস ভাড়া, বিমা খরচ ইত্যাদি। এসব পরিচালনা খরচ পরিশোধের অক্ষমতা থেকে ব্যবসায়িক ঝুঁকির সৃষ্টি হয়। সাধারণত বিক্রয় থেকে আয়ের স্থিতিশীলতা না থাকলে পরিচালনা ব্যয় পরিশোধে অক্ষমতা দেখা দেয় এবং ব্যবসায়িক ঝুঁকি সৃষ্টি করে।

উদ্দীপকে জনাব করিম কাপড় থেকে পোশাক তৈরী করে বিক্রয় করেন। কিন্তু শীতের মৌসুমে হঠাৎ কাপড়ের দাম বৃদ্ধি পাওয়ায় অর্থের অভাব দেখা দেয়, ফলে ব্যবসায় পরিচালনায় সমস্যা হয়। যার ফলে তার ব্যবসায়ে ব্যবসায়িক ঝুঁকির সৃষ্টি হয়েছে। কেননা কাঁচামাল ক্রয়জনিত সমস্যায় পড়ে তার অর্থের অভাব দেখা দিয়েছে। পরিচালনা খরচ পরিশোধের অক্ষমতা থেকে তার ব্যবসায়িক ঝুঁকি সৃষ্টি হয়েছে। সুতরাং বলা যায় তিনি ব্যবসায়িক ঝুঁকির সম্মুখীন হয়েছেন।

ঘ জনাব করিমের কাপড়ের ব্যবসায়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় করে ব্যবসায় পরিবর্তনের সিদ্ধান্ত মূল্যায়ন করা হলো :

আদর্শ বিচ্যুতি নির্ণয়

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয় - গড়)	ব্যবধানের বর্গ
১	১০	(১০ − ১৪) = − ৪	১৬
২	১৪	(১৪ − ১৪) = ০	০
৩	১০	(১০ − ১৪) = − ৪	১৬
৪	১৬	(১৬ − ১৪) = ২	৪
৫	২০	(২০ − ১৪) = ৬	৩৬
যোগফল	৭০	ব্যবধানের বর্গের যোগফল	৭২
গড় আয়	$\frac{৭০}{৫} = ১৪\%$	ব্যবধানের বর্গের গড় $= \frac{৭২}{৫ - ১}$	১৮

$\therefore$ আদর্শ বিচ্যুতি $= \sqrt{১৮}$

$= ৪.২৪\%$ (প্রায়)

নতুন ব্যবসায়ের ঝুঁকির পরিমাণ ৫% ও পুরাতন ব্যবসায়ের ঝুঁকির পরিমাণ ৪.২৪%। সুতরাং জনাব করিমের ব্যবসায় পরিবর্তনের সিদ্ধান্তটি যৌক্তিক নয়।

প্রশ্ন ▶ ০৪ মি. সবুজ ভুট্টার খোসা থেকে ব্যাগ তৈরির কারখানা স্থাপন করতে চান। এ জন্য যন্ত্রপাতি স্থাপন বাবদ ব্যয় হবে ২০,০০,০০০ টাকা। বার্ষিক অবচয়ের পরিমাণ ১,০০,০০০ টাকা এবং কর হার ৩০%। উক্ত কারখানা থেকে আগামী ৫ বছরে যথাক্রমে ৫,০০,০০০ টাকা, ৬,০০,০০০ টাকা, ৫,০০,০০০ টাকা, ৭,০০,০০০ টাকা এবং ৫,৫০,০০০ টাকা বিক্রয়বাবদ আয় হতে বলে আশা করছেন। চলতি খরচ বিক্রয় আয়ের ২০%।

ক. পণ্য বৈচিত্র্যায়ণ কী? ১

খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. মি. সবুজের বিনিয়োগের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. মি. সবুজের কারখানা স্থাপনের যৌক্তিকতা পে-ব্যাক সময় নির্ণয়ের মাধ্যমে মূল্যায়ন কর। ৪

[রা. বো. ২০২৫]

৪নং প্রশ্নের উত্তর

ক একই ব্যাবসায়ে বিভিন্ন পণ্যের সমাহার ঘটিয়ে ঝুঁকি কমানোর ব্যবস্থাকেই পণ্য বৈচিত্র্যায়ণ বলে।

খ ভবিষ্যতের তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে মূলধন বাজেটিং করা হয় বলে এটি অনুমাননির্ভর।

মূলধন বাজেটিং-এ অধিকাংশ অনুমানই ভবিষ্যতের ওপর নির্ভরশীল। একটি স্থায়ী সম্পত্তি যেমন– মেশিনটিতে বিনিয়োগ করা উচিত কি না এই সিদ্ধান্তটি ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্যটির ভবিষ্যতে বিক্রয় বাবদ ও উৎপাদিত খরচের ওপর নির্ভর করে। ভবিষ্যতের এই তথ্য-উপাত্ত একটি অনুমাননির্ভর যা বাস্তবসম্মত নাও হতে পারে। তাই মূলধন বাজেটিং সবসময় অনুমাননির্ভর হয়।

গ মি. সবুজের গড় মুনাফার হার নির্ণয় :

বিবরণ	পরিমাণ (টাকায়)				
	বছর - ১	বছর - ২	বছর - ৩	বছর - ৪	বছর - ৫
বিক্রয়	৫,০০,০০০	৬,০০,০০০	৫,০০,০০০	৭,০০,০০০	৫,৫০,০০০
(−) চলতি ব্যয় (২০%)	(১,০০,০০০)	(১,২০,০০০)	(১,০০,০০০)	(১,৪০,০০০)	(১,১০,০০০)
(−) অবচয়	(১,০০,০০০)	(১,০০,০০০)	(১,০০,০০০)	(১,০০,০০০)	১,০০,০০০)
করযোগ্য মুনাফা	৩,০০,০০০	৩,৮০,০০০	৩,০০,০০০	৪,৬০,০০০	৩,৪০,০০০
(−) কর হার (৩০%)	(৯০,০০০)	(১,১৪,০০০)	(৯০,০০০)	(১,৩৮,০০০)	(১০২,০০০)
নিট মুনাফা	২১০,০০০	২,৬৬,০০০	২১০,০০০	৩২২,০০০	২,৩৮,০০০

$$\therefore \text{ গড় মুনাফা} = \frac{২,১০,০০ + ২,৬৬,০০০ + ২,১০,০০০ + ৩,২২,০০০ + ২,৩৮,০০০}{৫}$$

$$= ২,৪৯,২০০ \text{ টাকা}$$

$$\therefore \text{ গড় বিনিয়োগ} = \frac{২০,০০,০০০ + ০}{২}$$

$$= ১০,০০,০০০ \text{ টাকা}$$

$$\therefore \text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{২,৪৯,২০০}{১০,০০,০০০} \times ১০০$$

$$= ২৪.৯২\%$$

∴ গড় মুনাফার হার ২৪.৯২% ।

ঘ মি. সবুজের পে-ব্যাক সময় নির্ণয় :

বিবরণ	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪	বছর-৫
নিট মুনাফা	২১০,০০০	২৬৬,০০০	২১০,০০০	৩২২,০০	২,৩৮,০০০
যোগ : অবচয়	১০০,০০০	১০০,০০০	১০০,০০০	১০০,০০০	১০০,০০০
নগদ আন্তঃপ্রবাহ	৩১০,০০০	৩৬৬,০০০	৩১০,০০০	৪২২,০০০	৩৩৮,০০০

বছর	বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ	আয়োজিত নগদ আন্তঃপ্রবাহ
০	− ২০,০০,০০০	− ২০,০০,০০০
১	৩,১০,০০০	− ১৬,৯০,০০০
২	৩,৬৬,০০০	− ১৩,২৪,০০০
৩	৩,১০,০০০	− ১০,১৪,০০০
৪	৪,২২,০০০	− ৫৯২,০০০
৫	৩,৩৮,০০০	− ২৫৪, ০০০

মি. সবুজের বিনিয়োগকৃত অর্থ আগামী ৫ বছরেও ফেরত আসবে না। সুতরাং তার কারখানা স্থাপনের ভাবনা যৌক্তিক হবে না।

প্রশ্ন ▸ ০৫ TF কোম্পানির সাধারণ শেয়ার ১০,০০,০০০ টাকা যার মূলধন ব্যয় ১৩%, ১০% অগ্রাধিকার শেয়ার ৬,০০,০০০ টাকা। প্রতিটি অগ্রাধিকার শেয়ারের লিখিত মূল্য ১,২০০ টাকা এবং শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত আয় ১,০০০ টাকা। ১০% ব্যাংক ঋণ ৪,০০,০০০ টাকা। কর হার ২০% ।

ক. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের পূর্বশর্ত কী? ১

খ. সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় ব্যাখ্যা কর। ২

গ. TF কোম্পানির অগ্রাধিকার শেয়ারের ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. TF কোম্পানির গড় মূলধন ব্যয়ের উপর ঋণ মূলধন ব্যয়ের প্রভাব বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

৫নং প্রশ্নের উত্তর

ক বিনিয়োগ সিদ্ধান্তের পূর্বশর্ত হচ্ছে ঝুঁকি বিবেচনা।

খ সংরক্ষিত আয়ের ব্যয় বলতে সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয়কে বোঝায়। সংরক্ষিত আয় বলতে কোম্পানি অর্জিত মুনাফার যে অংশ শেয়ারমালিকদের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য ব্যবসায়ে সংরক্ষণ করা হয় তাকে বোঝায়। কোম্পানি অর্জিত মুনাফা বা আয় বণ্টন না করলে শেয়ারমালিকরা উক্ত অর্থ অন্যত্র বিনিয়োগে প্রাপ্ত আয় থেকে বঞ্চিত হয়। এখানে অর্থের অন্যত্র বিনিয়োগে প্রাপ্ত আয় থেকে বঞ্চিত হওয়াটাকে সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় হিসেবে আখ্যায়িত করা হয়।

গ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

ঘ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▸ ০৬ জনাব মিরাজ পড়ালেখা শেষ করে তার বাবার লাইব্রেরি ব্যবসায়ে যোগ দেন। নিয়মিত লাভ না হওয়ায় তিনি একটি কম্পিউটার ও একটি ফটোকপি মেশিন দোকানে স্থাপন করেন। ফলে দ্রুতগতিতে বিক্রি বৃদ্ধি পায়। অন্যদিকে, তার ছোট ভাই ইফাজ মালয়শিয়াতে একটি কোম্পানিতে চাকরি করেন। তিনি তার উপার্জিত অর্থ সঠিক চ্যানেলের মাধ্যমে দেশে পরিবারের নিকট প্রেরণ করেন।

ক. বিনিয়োগ সিদ্ধান্ত কী? ১

খ. আধুনিক অর্থায়নের সূচনায় 'WTO' এর ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. জনাব মিরাজ ব্যবসায় অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? বাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে ইফাজের ভূমিকা অর্থায়নের শ্রেণিবিভাগরে আলোকে বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

৬নং প্রশ্নের উত্তর

ক কোন খাতে বিনিয়োগ করলে কম ঝুঁকিতে বেশি লাভ করা যাবে। সে সিদ্ধান্ত গ্রহণ করাকে বিনিয়োগ সিদ্ধান্ত বলে।

খ ব্যবসায় বাণিজ্যে WTO (World Trade Organization) বা বিশ্ব বাণিজ্য সংস্থা এর ভূমিকা অপরিসীম।

বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) একটি আন্তর্জাতিক সংগঠন ১৯৯০-এর দশকে বিশ্ব বাণিজ্য সংস্থার আত্মপ্রকাশ ঘটে। এটি বিশ্বের বাণিজ্য সংক্রান্ত নীতি প্রবর্তন এবং সদস্য রাষ্ট্র বা পক্ষসমূহের মধ্যকার মত পার্থক্য দূর করতে সাহায্য করে। এর ফলে বিশ্বব্যাপী আমদানি-রপ্তানির প্রতিবন্ধকতা ব্যাপকভাবে হ্রাস পায় এবং অর্থায়ন ও আন্তর্জাতিকতা লাভ করে।

গ জনাব মিরাজ ব্যবসায় অর্থায়নের পণ্য বৈচিত্র্যায়ণ নীতি অনুসরণ করেছেন।

একই ব্যবসায়ে বিভিন্ন প্রকার পণ্যের সমাহার ঘটিয়ে ঝুঁকি কমানোর ব্যবস্থাকেই পণ্য বৈচিত্র্যায়ণ বলে।

একটি পণ্য নিয়ে ব্যবসায় করলে মুনাফা না হওয়ার আশঙ্কা থাকে। পণ্য বৈচিত্র্যপূর্ণ হলে একটি পণ্যের লোকসান হলে অন্য একটি পণ্যের মুনাফা দ্বারা তা পুষিয়ে নেওয়া যায়। অর্থায়নের বৈচিত্র্যায়ণের নীতি অনুযায়ী ব্যবসায়ী বা বিনিয়োগকারী তার সব অর্থ একটি পণ্য বা সম্পদে বিনিয়োগ না করে একাধিক পণ্য বা সম্পদে বিনিয়োগ করে।

উদ্দীপকে জনাব মিরাজ পড়ালেখা শেষ করে তার বাবার লাইব্রেরি ব্যবসায়ে যোগ দেন। নিয়মিত লাভ হওয়াতে তিনি একটি কম্পিউটার ও ফটোকপি মেশিন দোকানে যুক্ত করেন। ফলে তিনি ব্যবসায় অর্থায়নের পণ্য বৈচিত্র্যায়ণ নীতি অনুসরণ করেছেন। উক্ত কারণে তার ব্যবসায়ে ক্রেতার সংখ্যা বৃদ্ধি পায়। কেননা বিভিন্ন প্রয়োজনে ক্রেতার সমাগম হয়েছে। যার ফলে তার ব্যবসায়ে বিক্রয় বৃদ্ধি পায়। তাই বলা যায় যে, জনাব মিরাজ পণ্য বৈচিত্র্যায়ণ নীতি অনুসরণ করেছে।

ঘ বাংলাদেশের অর্থনীতিতে ইফাজের ভূমিকা অপরিসীম।

বাংলাদেশে প্রতিবছর বাণিজ্য ঘাটতি দেখা দেয়। কারণ রপ্তানি থেকে আমাদানি বেশি হলে তখন তাকে বাণিজ্য ঘাটতি বলে। এ ঘাটতি পূরণে বিভিন্ন খাত যেমন– রেমিটেন্স বিশেষ ভূমিকা পালন করে। বাংলাদেশ প্রধানত আমদানি নির্ভর একটি দেশ। রপ্তানি হতে আমদানি বেশি করতে হয় বলে প্রতিবছর বিরাট অঙ্কের বাণিজ্য ঘাটতি দেখা দেয়। এ ঘাটতি পূরণে রেমিটেন্স (প্রবাসীদের পাঠানো অর্থ) বিশেষ ভূমিকা পালন করে।

উদ্দীপকে ইফাজ তিনি একজন প্রবাসী। মালয়েশিয়াতে একটি কোম্পানিতে চাকুরী করেন। তিনি তার উপার্জিত অর্থ সঠিক চ্যানেলের মাধ্যমে দেশে তার পরিবারের নিকট পাঠান। তার পাঠানো রেমিটেন্সের ফলে দেশে বৈদেশিক মুদ্রা আসে। এতে বৈদেশিক মুদ্রার সরবরাহ বৃদ্ধি পায় ও দেশের মোট আয় বাড়ে। ইফাজের পাঠানো অর্থের ফলে দেশে বাণিজ্য ঘাটতির পরিমাণ হ্রাস পায় ও বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি পায়।

তাই বলা যায় যে, প্রবাসী ইফাজের পাঠানো রেমিটেন্স বাংলাদেশের অর্থনীতিকে সচল রাখে ও উন্নয়নে প্রভাব বিস্তার করে। বাংলাদেশের অর্থনীতিতে ইফাজের ভূমিকা অপরিসীম।

প্রশ্ন ▶ ০৭ চীনের ওয়াংফু কোম্পানি বাংলাদেশের CPS ফার্মাসিউটিক্যালসকে নিয়মিত ঔষুধের কাঁচামাল সরবরাহ করে। এক্ষেত্রে গোমতী ব্যাংক CPS ফার্মাসিউটিক্যালস এর পক্ষ থেকে একটি বিশেষ ব্যবস্থায় চীনের ওয়াংফু কোম্পানিকে অর্থ প্রদানের পদক্ষেপ গ্রহণ করে। গোমতী ব্যাংক শেয়ার বিক্রির মাধ্যমে ব্যবসায় তহবিল সংগ্রহ করেছিল। ব্যাংকটি প্রতিবছর নীট মুনাফার ৭০% শেয়ার মালিকদের মধ্যে বণ্টন করে এবং বাকী ৩০% ভবিষ্যৎ মূলধনের জন্য জমা রাখে।

ক. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কোনটি? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. ওয়াংফু কোম্পানি ও CPS ফার্মাসিউটিক্যাল এর মধ্যে আর্থিক ও ব্যবসায়িক সম্পর্ক স্থাপনে গোমতী ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. গোমতী ব্যাংকের তহবিলে উৎস বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

৭নং প্রশ্নের উত্তর

ক ঋণের সুদ হচ্ছে বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস।

খ বাণিজ্যিক ব্যাংক ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে।

ব্যাংক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ দেওয়ার সময় সরাসরি অর্থ না দিয়ে তার হিসাবে জমা করে। এরপর ঋণগ্রহীতা চেকের মাধ্যমে ঐ হিসাব থেকে অর্থ উত্তোলন করে। এভাবেই বাণিজ্যিক ব্যাংক ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে।

গ ওয়াংফু কোম্পানি ও CPS ফার্মাসিউটিক্যালস এর মধ্যে আর্থিক ও ব্যবসায়িক সম্পর্ক স্থাপনে গোমতী ব্যাংক LC বা প্রত্যয়পত্র ইস্যু করে।

আমদানি-রপ্তানি বাণিজ্যে ব্যবহৃত একটি গুরুত্বপূর্ণ দলিল হলো Letter of Credit (LC) বা প্রত্যয়পত্র।

প্রত্যয়পত্রের মাধ্যমে ব্যাংক বৈদেশিক বাণিজ্যে রপ্তানিকারককে আমদানিকারকের পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে। প্রত্যয়পত্র এমন একটি ব্যবস্থা, যেখানে আমদানিকারক ও রপ্তানিকারকের মধ্যে আর্থিক এবং ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে তাদের মনোনীত ব্যাংক দুই পক্ষের স্বার্থ সংরক্ষণের মাধ্যমে অভ্যন্তরীণ এবং বৈদেশিক ব্যবসায়-বাণিজ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

উদ্দীপকে চীনের ওয়াংফু কোম্পানি বাংলাদেশের CPS ফার্মাসিউটিক্যালসকে নিয়মিত ঔষুধের কাঁচামাল সরবরাহ করে। এক্ষেত্রে গোমতী ব্যাংক CPS ফার্মাসিউটিক্যালস এর পক্ষ থেকে একটি বিশেষ ব্যবস্থায় ওয়াংফু কোম্পানিকে অর্থ প্রদানের পদক্ষেপ গ্রহণ করে। উক্ত বিশেষ ব্যবস্থাটি হচ্ছে প্রত্যয়পত্র ইস্যু। কারণ প্রত্যয়পত্রের দ্বারা বাণিজ্যিক ব্যাংক বৈদেশিক বাণিজ্যে রপ্তানিকারককে আমদানিকারকের পক্ষ থেকে অগ্রিম অর্থ পরিশোধের ব্যবস্থা করে। তাই বলা যায়, প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে গোমতি ব্যাংক আর্থিক ও ব্যবসায়িক সম্পর্ক করে ওয়াংফু কোঃ ও CPS ফার্মাসিউটিক্যালস এর মধ্যে।

ঘ গোমতী ব্যাংক হচ্ছে একটি বাণিজ্যিক ব্যাংক। নিম্নে বাণিজ্যিক ব্যাংকের তহবিলের উৎস বিশ্লেষণ করা হলো :

বাণিজ্যিক ব্যাংক সাধারণত নিম্নলিখিত উৎস থেকে তার তহবিল সংগ্রহ করে থাকে। এর কিছু বহিস্থ উৎস আর কিছু অভ্যন্তরীণ উৎস।

ব্যাংকের প্রাথমিক ও প্রধান উৎস হচ্ছে পরিশোধিত মূলধন। অংশীদারি কারবারি প্রতিষ্ঠান হলে মালিকগণ নিজেরা মূলধন সরবরাহ করে এবং

যৌথ মূলধনি প্রতিষ্ঠান হলে শেয়ার ইস্যু করে মূলধন গঠন করা হয়। প্রতিবছর মুনাফার একটি অংশ শেয়ারহোল্ডার বা মালিকগণের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করে রাখা হয় তাকে সংরক্ষিত তহবিল বলে। এই অর্থ ভবিষ্যতে মূলধন হিসেবে ব্যবহার করা হয়ে থাকে। বাণিজ্যিক ব্যাংকের তহবিলের একটি গুরুত্বপূর্ণ বাহ্যিক উৎস হচ্ছে আমানত। ব্যাংক বিভিন্ন মেয়াদে আমানত গ্রহণ করে থাকে, যা আমানতকারীরা একত্রে তুলে নেয় না, ফলে ব্যাংক এ অর্থ ঋণ অথবা বিনিয়োগ হিসেবে ব্যবসায়ে খাটিয়ে মুনাফা অর্জন করে থাকে। বাণিজ্যিক ব্যাংকসমূহ কেন্দ্রীয় ব্যাংক এবং অন্যান্য বাণিজ্যিক ব্যাংকগুলো হতে ঋণ নিতে পারে। আবার সিকিউরিটি বা ঋণপত্র বিক্রয় করেও মুদ্রা বাজার হতে তহবিল সংগ্রহ করে থাকে।

অতএব, উপরিউক্ত উৎস দ্বারা গোমতী ব্যাংকের তহবিল সংগৃহীত হয়।

প্রশ্ন ▶ ০৮ জনাব রায় কক্সবাজারে ব্যবসায় করেন। এলাকার "MN" ব্যাংকের সাথে একটি হিসাবের মাধ্যমে ব্যবসায়িক লেনদেন করেন। তার ছেলে নয়ন ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ে। তিনি টাকা পাঠালে নয়ন একটি কার্ডের মাধ্যমে টাকা উত্তোলন করে। একবার জনাব রায় হঠাৎ অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলেন এবং বিল পরিশোধের জন্য তার হিসাবে কোন টাকা না থাকলেও একটি বিশেষ কার্ডের মাধ্যমে বিল পরিশোধ করেন।

ক. এসএমএস ব্যাংকিং কী? ১

খ. বর্তমানে বাংলাদেশে ইলেকট্রনিক ব্যাংকিং অনেক জনপ্রিয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রায়ের ব্যাংক হিসাবটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রায় ও নয়নের ব্যবহৃত কার্ড দুটির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

৮নং প্রশ্নের উত্তর

ক মোবাইলের এসএমএসের মাধ্যমে বিভিন্ন ব্যাংকিং সেবা প্রদান করাকে এস. এম. এস ব্যাংকিং বলে।

খ উন্নততর প্রযুক্তি ব্যবহার করে অতি দ্রুত, নির্ভুল ও বিস্তৃত কার্য পরিচালনায় সক্ষম ব্যাংক ব্যবস্থাকেই ইলেকট্রনিক বা ই-ব্যাংকিং বলে।

এ ব্যাংকিংয়ের সেবাসমূহ হলো অনলাইন ব্যাংকিং, ডেবিট ও ক্রেডিট কার্ড, এটিএম, মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং ইত্যাদি। এসব সেবার কারণে গ্রাহকরা অতি দ্রুত লেনদেন সম্পাদনে সক্ষম হচ্ছে। গ্রাহকরা যেকোনো স্থান থেকে ইলেকট্রনিক ব্যাংকিং সেবা ব্যবহার করে ব্যাংকিং লেনদেন করতে পারছে।

২৪ ঘন্টা ধরেই একজন গ্রাহক প্রায় সব ধরনের ব্যাংকিং সেবা পেতে পারে বিক্রয় কর্মব্যস্ত গ্রাহকদের কাছে এই সেবা দিনে দিনে জনপ্রিয় হয়ে উঠেছে।

গ জনাব রায়ের ব্যাংক হিসাবটি হচ্ছে চলতি হিসাব ।

গ্রাহক যে হিসাবের মাধ্যমে কার্যদিবসে যতবার খুশি অর্থ জমা ও উত্তোলন করা যায় তাকে চলতি হিসাব বলে। এ হিসাব সাধারণত ব্যবসায়ীরা খুলে থাকে। এ হিসাবে ব্যাংক গ্রাহকদের কোনো ধরনের সুদ বা লাভ প্রদান করে না। ব্যবসায়ীরা এ হিসাব খুলে নানাবিধ ব্যাংকিং সেবা গ্রহণ করে বিধায় ব্যাংকের আয়ও হয়ে থাকে। এজন্যই অতিরিক্ত সুবিধা হিসেবে ব্যাংক চলতি হিসাব থেকে জমাতিরিক্ত উত্তোলনের সুযোগ দিয়ে থাকে।

উদ্দীপকে জনাব রায় কক্সবাজারে ব্যবসায় করেন। এলাকার "MN" ব্যাংকের সাথে একটি হিসাবের মাধ্যমে ব্যবসায়িক লেনদেন করেন। একবার তিনি অসুস্থ হলে হাসপাতালে ভর্তি হন। তার হিসাবে টাকা না থাকলেও একটি বিশেষ কার্ডের দ্বারা তিনি বিল পরিশোধ করেন। তিনি "MN" ব্যাংকে চলতি হিসাব খুলেছেন বিধায় জমাতিরিক্ত অর্থ উত্তোলনের সুবিধাটি ভোগ করেছেন। কেননা শুধুমাত্র চলতি হিসাবেই জমাতিরিক্ত অর্থ উত্তোলন করা যায়।

তাই বলা যায়, জনাব রায়ের হিসাবের ধরন চলতি হিসাব।

ঘ জনাব রায়ের ব্যবহৃত কার্ডটি হচ্ছে ক্রেডিট কার্ড এবং তার ছেলে নয়নের ব্যবহৃত কার্ডটি হচ্ছে ডেবিট কার্ড। এই দুটো কার্ডের ভেতরে পার্থক্য হচ্ছে ক্রেডিট কার্ডে ঋণ সুবিধা আছে, যা ডেবিট কার্ডে নেই।

ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড হচ্ছে একক ধরনের ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড। এই কার্ডের মাধ্যমে নগদ টাকা ছাড়াই কেনা-কাটা ও বিল পরিশোধ করা যায় ও এটিএম মেশিন থেকে নগদ টাকা উত্তোলন করা যায়। ব্যাংকের হিসাবে টাকা থাকা সাপেক্ষে ডেবিট কার্ড ব্যবহার করা যায়, অপরদিকে ক্রেডিট দ্বারা লেনদেন করতে হিসাব টাকা না থাকলেও বিল পরিশোধ করা যায়। ক্রেডিট কার্ড হচ্ছে এক ধরনের ব্যক্তিগত ঋণ, যা নির্দিষ্ট সময় শেষে গ্রাহককে সুদসহ পরিশোধ করতে হয়।

উদ্দীপকে নয়ন তিনি একটি কার্ডের দ্বারা এটিএম মেশিন থেকে টাকা উত্তোলন করে, যা একটি ডেবিট কার্ড। এই ডেবিট কার্ডে হিসাবে অর্থ থাকা সাপেক্ষে বিল পরিশোধ ও অর্থ উত্তোলন করা যায়। অপরদিকে রায় সাহেব তিনি হঠাৎ অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলেন এবং বিল পরিশোধের জন্য তার হিসাবে টাকা না থাকলেও একটি কার্ডের দ্বারা বিল পরিশোধ করেন। যা ছিলো ক্রেডিট কার্ড। যার মাধ্যমে ঋণ সুবিধা নিয়ে অর্থ পরিশোধ করা যায়। যা তাকে সুদসহ পরিশোধ করতে হবে।

প্রশ্ন ▶ ০৯ দৃশ্যপট-১ : তাসফিন এমন একটি ব্যাংকে চাকরি করেন, যে ব্যাংকের নাম টাকার নোটের উপর লিপিবদ্ধ থাকে।

দৃশ্যপট-২ : তামজিদ একটি ব্যাংকে চাকরি করেন। এই ব্যাংক তাসফিনের ব্যাংকের নীতি ও পরিকল্পনা বাস্তবায়ন করে এবং সময়ে সময়ে রিপোর্ট প্রেরণ করে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন সরকারের ব্যাংক বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. তাসফিনের কর্মরত ব্যাংকটির ধরণ ব্যাখ্যা কর। ৩

ঘ. তাসফিন ও তামজিদের কর্মরত ব্যাংক দুটির পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

৯নং প্রশ্নের উত্তর

ক নিকাশঘর হলো কেন্দ্রীয় ব্যাংক নিয়ন্ত্রিত ও পরিচালিত এমন একটি ঘর বা স্থান যেখানে তালিকাভুক্ত ব্যাংকসমূহের প্রতিনিধিগণ একত্রিত হয়ে তাদের আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তি করে।

খ কেন্দ্রীয় ব্যাংক সরকারের পক্ষ হয়ে বিভিন্ন প্রকার কার্যাবলি সম্পাদন করে বিধায়, কেন্দ্রীয় ব্যাংককে সরকারের ব্যাংক বলা হয়।
কেন্দ্রীয় ব্যাংক সরকারের আয়-ব্যায়, ঋণ ব্যবস্থাপনা ও মুদ্রা ইস্যুর কাজ করে। পাশাপাশি এটি সরকারের আর্থিক নীতিতে সহায়তা করেও ঋণ প্রদান করে। তাই কেন্দ্রীয় ব্যাংককে সরকারের ব্যাংক বলা হয়।

গ তাসফিনের কর্মরত ব্যাংকটির ধরন হচ্ছে কেন্দ্রীয় ব্যাংক।
কেন্দ্রীয় ব্যাংক একটি দেশের নোট ও মুদ্রা প্রচলন, মুদ্রামান সংরক্ষণ করে। এছাড়া ব্যাংকিং খাতের নেতৃত্ব দেওয়া এবং ঋণ নিয়ন্ত্রণের মাধ্যমে মূল্যস্তরের স্থিতিশীলতা বজায় রাখে।
উদ্দীপকে তাসফিন একজন ব্যাংক কর্মকর্তা। তার ব্যাংকের নাম টাকার নোটের উপরে লিপিবদ্ধ থাকে। কেন্দ্রীয় ব্যাংকের অন্যতম কাজ হলো অন্যান্য ব্যাংকের নিয়ন্ত্রণ ও পরিচালনায় সাহায্য করা। এছাড়াও বাণিজ্যিক ব্যাংক কোনো বিপদে পড়লে কেন্দ্রীয় ব্যাংক তাকে সাহায্য করে। উপরের বৈশিষ্ট্যের সাথে কেন্দ্রীয় ব্যাংকের বৈশিষ্ট্য মিলে যায়। তাই বলা যায়, তাসফিনের ব্যাংকটি একটি কেন্দ্রীয় ব্যাংক।

ঘ তাসফিনের কর্মরত ব্যাংকটি হচ্ছে কেন্দ্রীয় ব্যাংক ও তামজিদের কর্মরত ব্যাংকটি হচ্ছে বাণিজ্যিক ব্যাংক। ব্যাংক দুটির পারস্পরিক সম্পর্ক তুলে ধরা হলো :
একটি দেশের প্রধান ব্যাংক হলো কেন্দ্রীয় ব্যাংক। এ ব্যাংক দেশের মুদ্রাবাজার ও ব্যাংকিং ব্যবস্থা নিয়ন্ত্রণ করে। পাশাপাশি বাণিজ্যিক ব্যাংকগুলোর অভিভাবক হিসেবে কাজ করে।
দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, আর্থিক শৃঙ্খলা রক্ষা ও সদস্যভুক্ত ব্যাংককে সহযোগিতা করে যাচ্ছে। পাশাপাশি নতুন ব্যাংকিং পণ্য উদ্ভাবন, বাস্তবায়ন ও জনকল্যাণে ব্যাংকটি ভূমিকা রাখছে। বাণিজ্যিক ব্যাংক প্রয়োজনে কেন্দ্রীয় ব্যাংকের কাছ থেকে ঋণ নেয় বলে তাদের মাঝে ব্যাংকার-মক্কেল সম্পর্ক গড়ে ওঠে। আবার, নিকাশঘরের দায়িত্ব পালন করে তাদের মাঝে বিশেষ সম্পর্কের সৃষ্টি হয়। পাশাপাশি অভিভাবক হিসেবে বিধিবদ্ধ রিজার্ভ ও তারল্য সংরক্ষণ করে। কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংক একে অপরের সহযোগী হিসেবে কাজ করে। এছাড়া ঋণের শেষ আশ্রয়স্থল হিসেবে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের নিকট সবচেয়ে আপনজন হিসেবে পরিচিত।

প্রশ্ন ▸ ১০ জনাব ইফাম একজন সরকারি চাকরিজীবী। তিনি আলফা ব্যাংকের মাধ্যমে তাঁর সমস্ত ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করেন। আলফা ব্যাংক দীর্ঘ ২০ বছর যাবৎ তাঁর পক্ষ থেকে অনেক কাজ করে দেয়। এবছর তিনি ঢাকার মিরপুরে একটি ফ্ল্যাট ক্রয় করেন। ফ্ল্যাটের মূল্য তিনি এমন একটি মাধ্যমে পরিশোধ করেন যাতে ফ্ল্যাট বিক্রেতার ব্যাংক হিসাবে টাকা জমা হওয়া ব্যতীত নগদে উত্তোলনের সুযোগ নেই।

ক. গ্রাহক কাকে বলে? ১
খ. গ্রাহকের স্বার্থরক্ষা করা ব্যাংকের কোন ধরনের দায়িত্ব? ব্যাখ্যা কর। ২
গ. জনাব ইফামের ফ্ল্যাটের মূল্য পরিশোধের কৌশল ব্যাখ্যা কর। ৩
ঘ. আলফা ব্যাংক ও গ্রাহক জনাব ইফামের মধ্যকার সম্পর্কে ধরন বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

১০নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▸ ১১ মিসেস তুলি গৃহস্থালী কাজের পাশাপাশি হাঁস, মুরগি, গরু, ছাগল পালন করেন। তিনি তার উপার্জিত টাকা মাটির পাত্রে জমা রাখতেন এমনকি তার জমির দলিলপত্র এবং সোনার গহনাও ঘরে রাখেন। সবকিছুই স্বাভাবিক ছিল। কিন্তু হঠাৎ তার বাসায় ডাকাতি হওয়ায় তিনি সর্বস্ব হারিয়ে ফেলেন। পরে তিনি জানতে পারেন এমন একটি নিরাপদ ব্যবস্থা আছে সেখানে তিনি টাকা পয়সাসহ মূল্যবান সামগ্রী রাখলে নিশ্চিন্তে থাকতে পারতেন।

ক. বিনিময় প্রথা কী? ১
খ. মুদ্রা কীভাবে সঞ্চয়ের বাহন হিসেবে কাজ করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন নিরাপদ ব্যবস্থার প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের নিরাপদ ব্যবস্থাটির সাথে মুদ্রার সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

১১নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

কুমিল্লা বোর্ড-২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 5 2**

সময় : ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. অর্থ বিনিয়োগ না করলে কোনটি সৃষ্টি হয়?
ক সুযোগ ব্যয় খ চলতি ব্যয় গ মুনাফা ঘ দায়

২. ৫ বছর মেয়াদি একটি প্রকল্পের গড় আয় ১৩% এবং ব্যবধানের বর্গের যোগফল ৭৩০। প্রকল্পটির আদর্শ বিচ্যুতি কত?
ক ১৪.০৩% খ ১৩.৫০% গ ১২.০৮% ঘ ১১.০৩%

৩. কোম্পানি দেউলিয়া হয় কী কারণে?
ক শেয়ার মূল্য বৃদ্ধি পেলে খ ব্যবসায়িক ঝুঁকি বেশি হলে
গ সুদ হারের ঝুঁকি বেশি হলে ঘ দায় পরিশোধে ব্যর্থ হলে

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. অজিত তার সেলুনের জন্য ৩০,০০০ টাকা দিয়ে একটি হুইল চেয়ার ক্রয় করেছেন যা থেকে তিনি আগামী ৫ বছরে বার্ষিক ৬,০০০ টাকা আন্তঃপ্রবাহ নিশ্চিত করতে পারবেন।

৪. মি. অজিতের বিনিয়োগের পে-ব্যাক সময় কত?
ক ৩ বছর খ ৪ বছর গ ৫ বছর ঘ ৬ বছর

৫. হুইল চেয়ার ক্রয়ের সিদ্ধান্তটি—
i. একটি দীর্ঘমেয়াদি বিনিয়োগ
ii. গ্রহণযোগ্য কিনা তা যাচাই করা কঠিন
iii. লাভজনক কিনা তা অর্থের সময়মূল্য বিবেচনা করে নেয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬. নিচের কোন সংগঠনে তারল্য ঝুঁকি বেশি পরিলক্ষিত হয়?
ক রাষ্ট্রীয় খ সমবায় গ যৌথ মূলধনী ঘ অংশিদারি

৭. নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে কোনটি পাওয়া যায়?
ক আন্তঃপ্রবাহ খ ক্রমযোজিত নগদ প্রবাহ
গ বহিঃপ্রবাহ ঘ মোট মুনাফা

৮. কর হ্রাস ঋণ মূলধন ব্যয়ের কোন ধরনের সুবিধা?
ক প্রত্যক্ষ খ পরোক্ষ গ স্বল্পমেয়াদি ঘ দীর্ঘমেয়াদি

৯. 'নিট টেক্স' কোম্পানি ১২০০ টাকা লিখিত মূল্যের ৮% অগ্রাধিকার শেয়ার বাজারে ছাড়ল। প্রতিটি শেয়ার বিক্রী থেকে কোম্পানি ৯১০ টাকা পাওয়ার প্রত্যাশা করে। অগ্রাধিকার শেয়ারের ব্যয় কত?
ক ১০.৫৫% খ ১২.৫৫% গ ১৩.৫৫% ঘ ১৫.৫৫%

১০. জনসংখ্যা বৃদ্ধির ফলে মুদ্রা হিসেবে ব্যবহার ক্রমশঃ হ্রাস পায়—
i. সোনার ii. রূপার iii. তামার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১১. ব্যাংক শব্দটির ল্যাটিন উৎপত্তির পেছনে বেশি সমর্থন পাওয়া যায় কোনটি?
ক বস্তু বিশেষের স্তূপ খ কোষাগার গ লম্বা টুল ঘ ধন ভাণ্ডার

১২. নিম্নের কোন ব্যাংক গ্রাহকদের বাকিতে পণ্য ক্রয়ের সুবিধা দেয়?
ক শ্রমিক ব্যাংক খ ভোক্তা ব্যাংক গ নারীদের ব্যাংক ঘ স্কুল ব্যাংক

১৩. লকার ভাড়ার বিপরীতে বাণিজ্যিক ব্যাংক কী আদায় করে?
ক সুদ খ মুনাফা গ কমিশন ঘ সার্ভিস চার্জ

১৪. প্রাইভেট ব্যাংকের সর্বোচ্চ পরিচালকের সংখ্যা কত?
ক ৭ জন খ ১০ জন গ ১১ জন ঘ ১৩ জন

১৫. নিচের কোন ব্যাংকটি দেশের মুদ্রা বাজারকে সুসংগঠিত আকারে পরিচালনা করে?
ক সোনালী ব্যাংক খ জনতা ব্যাংক গ বাংলাদেশ ব্যাংক ঘ অগ্রণী ব্যাংক

১৬. গ্রাহকের ক্ষেত্রে ব্যাংক আমানতের উদ্দেশ্য কোনটি?
ক নিরাপদে অর্থ সংরক্ষণ খ তহবিল গঠন
গ সঞ্চয় প্রবণতা সৃষ্টি ঘ কর্মসংস্থান সৃষ্টি

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হাসিমের একটি ফ্রিজ কেনা দরকার। তার প্রয়োজনীয় অর্থ না থাকায় তিনি ইলেকট্রনিক ব্যাংকিং সেবার মাধ্যমে ফ্রিজটি ক্রয় করেন। পরবর্তীতে তিনি সুদসহ উক্ত অর্থ ব্যাংকে জমা দেন।

১৭. হাসিম সাহেব ব্যাংকের কোন সেবাটি গ্রহণ করেছেন?
ক ডেবিট কার্ড খ ক্রেডিট কার্ড
গ ইন্টারনেট ব্যাংকিং ঘ এসএমএস ব্যাংকিং

১৮. ইলেকট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণের ফলে হাসিম সাহেবের—
i. ব্যক্তিগত দায় সৃষ্টি হয়েছে ii. সম্পদ বৃদ্ধি পেয়েছে
iii. ব্যাংকে হিসাব খুলতে হয়েছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. বৈদেশিক মুদ্রা বিনিময়ের জন্য কোন ব্যাংক প্রতিষ্ঠিত হয়?
ক বিনিময় ব্যাংক খ বাণিজ্যিক ব্যাংক গ বিনিয়োগ ব্যাংক ঘ কেন্দ্রীয় ব্যাংক

২০. ব্যাংকের প্রতি গ্রাহকের দায়িত্ব কোনটি?
ক অর্থ ফেরত খ ঠিকভাবে চেক অঙ্কন
গ হিসাবের গোপনীয়তা ঘ সুদের আদান-প্রদান

২১. দাগকাটা চেকের সমান্তরাল রেখার মধ্যে কী লেখা থাকে?
ক প্রাপকের নাম খ প্রাপকের হিসাব নম্বর
গ প্রাপকের হিসাবে দেয় ঘ টাকার পরিমাণ

২২. কোন ধরনের অর্থায়নে আয় অপেক্ষা ব্যয় বেশি হতে পারে?
ক পারিবারিক খ সরকারি গ আন্তর্জাতিক ঘ অব্যবসায়ী

২৩. বাণিজ্যিক পত্র—
i. বিক্রয়ে প্রতিষ্ঠানের সুনাম জামানত হিসেবে কাজ করে
ii. স্বল্পমেয়াদি অর্থায়নের একটি উৎস
iii. শেয়ার বাজারে বিনিয়োগের একটি বিকল্প হাতিয়ার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. বিশ্ব বাণিজ্য সংস্থা আত্মপ্রকাশ করে কোন দশকে?
ক ১৯৯০ খ ১৯৮০ গ ১৯৭০ ঘ ১৯৬০

২৫. পুরাতন শেয়ার মালিকগণ কোন ধরনের শেয়ার ক্রয়ে অগ্রাধিকার পেয়ে থাকে?
ক বোনাস খ অগ্রাধিকার গ রাইট ঘ বিলম্বিত

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জাহিদ আইসক্রিম প্রস্তুতকরণ ব্যবসায় শুরু করতে চান। আইসক্রিম প্রস্তুতকরণ ব্যবসায় শুরু করতে চান। আইসক্রিম উৎপাদনের জন্য একটি মেশিন প্রয়োজন। কিন্তু মেশিন ক্রয়ের জন্য নিজস্ব তহবিল অপর্যাপ্ত হওয়ায় তিনি বিকল্প উপায়ে মেশিনটি সংগ্রহের চিন্তা করছেন।

২৬. জনাব জাহিদের অর্থায়নের উপযুক্ত উৎস কোনটি?
ক শেয়ার বিক্রয় খ প্রাপ্য বিল বাট্টাকরণ গ লিজিং ঘ গ্রাম্য মহাজন

২৭. মেশিনটি সংগ্রহের শর্তানুযায়ী জনাব জাহিদ—
i. নির্দিষ্ট হারে ভাড়া প্রদান করবেন ii. ক্রেতা হতে অগ্রিম অর্থ গ্রহণ করবেন
iii. মেয়াদান্তে সরবরাহকারীকে ফেরত দিবেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. জনাব শুভ 'ধরনী লিঃ'-এর ১০০ টাকা মূল্যের ৫০০টি শেয়ারের মালিক। কোম্পানি চলতি বছর শেয়ার প্রতি ২০ টাকা লভ্যাংশ ঘোষণা করে, যার অর্ধেক স্টক লভ্যাংশ হিসেবে প্রদান করে। জনাব শুভর প্রাপ্তির পর শেয়ার সংখ্যা কত?
ক ৪৫০ খ ৫০০ গ ৫৫০ ঘ ৬০০

২৯. কেবল আসলের উপর কোন কোনটি প্রদান করা হয়েছে?
ক নিট সুদ খ মোট সুদ গ চক্রবৃদ্ধির সুদ ঘ সরল সুদ

৩০. বন্ড মালিকরা—
i. কোম্পানির মালিক হিসেবে গণ্য হয় ii. নির্দিষ্ট হারে সুদ পায়
iii. কোম্পানির নিয়ন্ত্রণে অংশগ্রহণ করতে পারে না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

উত্তর	১		২		৩		৪		৫		৬		৭		৮		৯		১০		১১		১২		১৩		১৪		১৫	
	১৬		১৭		১৮		১৯		২০		২১		২২		২৩		২৪		২৫		২৬		২৭		২৮		২৯		৩০	

কুমিল্লা বোর্ড-২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান– ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম তিনটি প্রশ্ন নিয়ে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ফিন্যান্স অংশ

১। জনাব জাহিদ দুগ্ধ খামার থেকে পাইকারি মূল্যে দুধ সংগ্রহ করে স্থানীয় বাজারে খুচরা মূল্যে বিক্রি করেন। সম্প্রতি আরও দুধ বিক্রেতা বেড়ে যাওয়ার তার বিক্রয় হ্রাস পায়। তাই বন্ধু পাভেলের পরামর্শে তিনি নিজস্ব অর্থের সাথে ব্যাংক ঋণ নিয়ে দুধের পাশাপাশি দুগ্ধজাত দ্রব্য বিক্রি শুরু করেন। এতে তার কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত হয়।

ক. আন্তর্জাতিক অর্থায়নে কোন খাতগুলো নিয়ে আলোচনা করা হয়? ১
খ. আয় সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব জাহিদের অর্থায়নের ধরন বর্ণনা করো। ৩
ঘ. কাঙ্ক্ষিত মুনাফা অর্জনে জনাব জাহিদের গৃহীত পদক্ষেপটি অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ করো। ৪

২। জনাব কামাল তার প্রতিষ্ঠানের জন্য ৫,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করতে চান। এজন্য তিনি দুইটি মেশিনের আয়-ব্যয় বিশ্লেষণ করে নিম্নোক্ত তথ্য পান :

মেশিনের নাম	নিট মুনাফা (আনুমানিক)				
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
নিহাল	২০,০০০	৫০,০০০	৩০,০০০	১০,০০০	৫০,০০০
সজিব	১০,০০০	৩০,০০০	৫০,০০০	২০,০০০	৪০,০০০

মেশিন দুটিরই মেয়াদকাল ৫ বছর এবং নিহাল মেশিনের পে-ব্যাক সময় ৩.৯১ বছর।

ক. কোনটি থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তপ্রবাহ ঘটে? ১
খ. মূলধন বাজেটিং এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত ঝুঁকিপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
গ. নিহাল মেশিনের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩
ঘ. জনাব কামালের জন্য কোন মেশিনটি ক্রয় করা যুক্তিযুক্ত? পে-ব্যাক সময়ের ভিত্তিতে সিদ্ধান্ত দাও। ৪

৩। মেহরিন ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে 'দিপ্তি' ও 'সুপ্তি' নামক দুইটি প্রকল্পে বিনিয়োগ করেন। সম্প্রতি তার আয় কমে যাওয়ায় তিনি ব্যাংক ঋণের কিস্তি পরিশোধ করতে পারছেন না। এমতাবস্থায় দেওলিয়াত্বের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য তিনি একটি প্রকল্প বন্ধ করে দিতে চান। 'দিপ্তি' প্রকল্পের গত ৫ বছরের গড় আয় ১০% এবং আদর্শ বিচ্যুতি ৩.৭৮%। অপরদিকে 'সুপ্তি' প্রকল্পের গত ৫ বছরের আয় হার যথাক্রমে ১৫%, ১০%, ১২%, ৭% ও ৬%।

ক. আদর্শ বিচ্যুতি কোন ধরনের পদ্ধতি? ১
খ. ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব মেহরিন কোন ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঝুঁকি বিবেচনায় মেহরিনের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? বিশ্লেষণ করো। ৪

৪। জনাব অয়ন সম্প্রতি চাকরি থেকে অবসর গ্রহণ করেন। তিনি এককালীন প্রাপ্ত অর্থ হতে ৮,০০,০০০ টাকা ব্যাংকে জমা রাখতে চান। এক্ষেত্রে 'অরিত্র ব্যাংক' তাকে বার্ষিক ৯% হারে মুনাফা প্রদানের প্রস্তাব দেয়। অপরদিকে 'নক্ষত্র ব্যাংক' তাকে ৮.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. কোন ক্ষেত্রে কেবল আসলের উপর সুদ গণনা করা হয়? ১
খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব অয়ন 'অরিত্র ব্যাংক' থেকে মেয়াদ শেষে কত টাকা পাবেন? নির্ণয় করো। ৩
ঘ. জনাব অয়নের কোন ব্যাংকে টাকা জমা রাখা অধিক লাভজনক? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৫। 'বর্নীল লি:' তার নিট মুনাফার একটি অংশ ভবিষ্যতে অর্থনৈতিক বিপর্যয় মোকাবেলার জন্য রেখে দেয়। নিয়মিত লভ্যাংশ প্রদান করায় শেয়ার হোল্ডারদের মধ্যে প্রতিষ্ঠানটির বেশ সুনাম রয়েছে। কিন্তু এ বছর মুনাফা কম হওয়ায় শেয়ার হোল্ডারদের লভ্যাংশ দিতে পারেনি। ফলে শেয়ারবাজারে প্রতিষ্ঠানটির সুনাম ক্ষুণ্ন হচ্ছে।

ক. স্বল্প মেয়াদ বলতে কত সময়কে বুঝানো হয়? ১
খ. মজুত মালের মাধ্যমে অর্থসংস্থান বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২
গ. বর্নীল লি. তার নিট মুনাফার যে অংশ রেখে দেয় তাকে কী বলা হয়? বর্ণনা করো। ৩
ঘ. বর্নীল লি. এর সুনাম অক্ষুণ্ন রাখার জন্য করণীয় কী? বিশ্লেষণ করো। ৪

৬। রিমন ও সুমন দুই বন্ধু। তারা দু'জন ভিন্ন ভিন্ন খাতে বিনিয়োগ করেছে। রিমনের বিনিয়োগের বিপরীতে নিশ্চয়তা আছে যে, বিনিয়োগকৃত প্রতিষ্ঠানটি বিলুপ্ত হলেও তার বিনিয়োগের অর্থ ফেরত পেতে কোনো সমস্যা হবে না। অন্যদিকে বন্ধু সুমনের বিনিয়োগকৃত খাতটিতে ঝুঁকি থাকলেও আয়ের সম্ভাবনাও বেশি।

ক. শেয়ার কী? ১
খ. স্টক লভ্যাংশ কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সুমন কোন খাতে বিনিয়োগ করেছেন? বর্ণনা করো। ৩
ঘ. "আয় কম হলেও সুমনের তুলনায় রিমনের বিনিয়োগটি অধিক নিরাপদ"– উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন করো। ৪

ব্যাংকিং অংশ

৭। 'হিমালয় ব্যাংক' জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং আমানতকৃত অর্থ ঋণ হিসেবে প্রদান করে। ব্যাংকটি জমাকৃত অর্থের একটি অংশ সবসময় সংরক্ষণ করে যেন গ্রাহকদের প্রয়োজন প্রদান করতে পারে। অপরদিকে ব্যাংকটি ঋণগ্রহীতাদের আর্থিক স্বচ্ছলতা ও সততা যাচাই করে পর্যাপ্ত জামানত গ্রহণ করে ঋণ প্রদান করে।

ক. কোন মুদ্রা সহজে বহনযোগ্য? ১
খ. কোন প্রথাটি বিনিময় প্রথা হিসেবে পরিচিত? ব্যাখ্যা করো। ২
গ. হিমালয় ব্যাংকের গ্রাহকদের জমাকৃত অর্থ প্রদান দ্বারা ব্যাংকের কোন নীতির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকটির গৃহীত পদক্ষেপ ব্যবসায়ের মূলনীতির আলোকে মূল্যায়ন করো। ৪

৮। বিশিষ্ট ব্যবসায়ী জনাব মালেক-এর ব্যাংক হিসাবের তথ্যাদি নিম্নরূপ :

শাখার নাম	জমা (টাকা)	মুনাফা (টাকা)	উত্তোলন (টাকা)
বাবু বাজার	২,০০,০০০	১৩,০০০	৭০,০০০
নবাবপুর	৫,০০,০০০	–	৫,২৫,০০০

ক. ব্যাংক তার মক্কেলের হিসাব থেকে কীভাবে সেবার ফি কর্তন করে? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? ব্যাখ্যা করো। ২
গ. জনাব মালেক বাবুবাজার শাখায় কোন হিসাব খুলেছেন? বর্ণনা করো। ৩
ঘ. 'মুনাফা না থাকলেও নবাবপুর শাখার হিসাবটি জনাব মালেকের জন্য বেশি উপযোগী'–বিশ্লেষণ করো। ৪

৯। রাজগঞ্জ বাজারে 'কাবেরী ব্যাংক'-এর একটি শাখা রয়েছে। উক্ত শাখার মাধ্যমে রাজগঞ্জসহ আশপাশের জনগণ নিরাপদে টাকা জমা রাখা, অর্থ উত্তোলন ও নানাবিধ ব্যবসায়িক কার্যক্রম সম্পাদন করে থাকে। রাজগঞ্জ বাজারের বিশিষ্ট ব্যবসায়ী জনাব মাহাদী চীন থেকে একটি মেশিন আমদানি করতে চান। এক্ষেত্রে 'কাবেরী ব্যাংক' মাহাদীকে মেশিনটি ক্রয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে।

ক. কার্ড ব্যবহার করে কোনটি থেকে টাকা উত্তোলন করতে হয়? ১
খ. ব্যাংক কীভাবে ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২
গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'কাবেরী ব্যাংক' কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩
ঘ. জনাব মাহাদীর মেশিনটি ক্রয়ে 'কাবেরী ব্যাংকের' ভূমিকা বিশ্লেষণ করো। ৪

১০। জনাব ফয়সাল ঢাকা বংশাল এর রড ও সিমেন্টের একজন পাইকারি বিক্রেতা। তিনি সাভারের ভূঁইয়া এন্টারপ্রাইজের নিকট থেকে সিমেন্টের মূল্যবাবদ ২ লক্ষ ও ৫ লক্ষ টাকার দুইটি চেক পান। চেক দুইটির টাকা উত্তোলন করতে ব্যাংকে গেলে ১ম চেকটির টাকা ব্যাংক নগদে প্রদান করে কিন্তু ২য় চেকটি তার ব্যাংক হিসাবে জমা দিতে বলে।

ক. সব ব্যাংকের ব্যাংকার কে? ১
খ. নির্দিষ্ট মেয়াদের জন্য কোন হিসাব খোলা হয়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব ফয়সালের প্রাপ্ত ১ম চেকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. "ব্যবসায়িক লেনদেনে ২য় চেকটি অধিক নিরাপদ"– উক্তিটির সত্যতা বিশ্লেষণ করো। ৪

১১। ফাহাদ ও রাহাত দুই বন্ধু প্লাস্টিক কার্ড দ্বারা যাবতীয় ব্যয় নির্বাহ করেন। সম্প্রতি ফাহাদ একটি সুপার শপ হতে কেনাকাটার মূল্য তার কার্ডের মাধ্যমে পরিশোধ করতে ব্যর্থ হন। এমতাবস্থায় তার বন্ধু রাহাত তার কার্ড দিয়ে মূল্য পরিশোধ করে দেন। যদিও রাহাতের ব্যাংকে কোনো হিসাব ছিল না।

ক. বিধিবদ্ধ রিজার্ভ কী? ১
খ. এনি ব্রাঞ্চ ব্যাংকিং বলতে কী বোঝায়? ২
গ. লেনদেন সম্পাদনে রাহাত কোন কার্ড ব্যবহার করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ফাহাদের কেনাকাটায় মূল্য পরিশোধে ব্যর্থ হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

উত্তরমালা (কুমিল্লা বোর্ড ২০২৫)

বহুনির্বাচনি অভীক্ষা

১	ক	২	খ	৩	ঘ	৪	গ	৫	খ	৬	ঘ	৭	ক	৮	খ	৯	ক	১০	ঘ	১১	গ	১২	খ	১৩	ঘ	১৪	ঘ	১৫	গ
১৬	ক	১৭	খ	১৮	ক	১৯	ঘ	২০	খ	২১	গ	২২	খ	২৩	ঘ	২৪	ক	২৫	গ	২৬	গ	২৭	ক	২৮	গ	২৯	ঘ	৩০	গ

সৃজনশীল

প্রশ্ন ▸ ০১ জনাব জাহিদ দুগ্ধ খামার থেকে পাইকারি মূল্যে দুধ সংগ্রহ করে স্থানীয় বাজারে খুচরা মূল্যে বিক্রি করেন। সম্প্রতি আরও দুধ বিক্রেতা বেড়ে যাওয়ার তার বিক্রয় হ্রাস পায়। তাই বন্ধু পাভেলের পরামর্শে তিনি নিজস্ব অর্থের সাথে ব্যাংক ঋণ নিয়ে দুধের পাশাপাশি দুগ্ধজাত দ্রব্য বিক্রি শুরু করেন। এতে তার কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত হয়।

ক. আন্তর্জাতিক অর্থায়নে কোন খাতগুলো নিয়ে আলোচনা করা হয়? ১

খ. আয় সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব জাহিদের অর্থায়নের ধরন বর্ণনা করো। ৩

ঘ. কাঙ্ক্ষিত মুনাফা অর্জনে জনাব জাহিদের গৃহীত পদক্ষেপটি অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

১নং প্রশ্নের উত্তর

ক আন্তর্জাতিক অর্থায়নে আমদানি ও রপ্তানি খাতগুলো নিয়ে আলোচনা করা হয়।

খ আয় সিদ্ধান্তের অপর নাম অর্থায়ন সিদ্ধান্ত।

অর্থায়ন সিদ্ধান্ত বলতে মূলত একটি কোম্পানি মূলধন তহবিল সংগ্রহ করার সিদ্ধান্তকে বোঝায়। এর আওতায় তহবিল সংগ্রহের জন্য ভিন্ন ভিন্ন উৎস নির্বাচন করা হয়। উক্ত উৎসের সুবিধা-অসুবিধা বিশ্লেষণ করে অর্থায়ন সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ করা হয়।

গ উদ্দীপকে জনাব জাহিদের অর্থায়ন হলো ব্যবসায় অর্থায়ন।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত প্রতিষ্ঠানের জন্য এ ধরনের অর্থায়ন করা হয়। ব্যবসায় প্রতিষ্ঠান তা তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য এ ধরনের অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে। অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন হচ্ছে ব্যবসায় অর্থায়ন।

উদ্দীপকে জনাব জাহিদ একজন খুচরা বিক্রেতা। তিনি দুগ্ধ খামার থেকে পাইকারি মূল্যে দুধ সংগ্রহ করে স্থানীয় বাজারে খুচরা মূল্যে বিক্রি করেন। সম্প্রতি আরো দুধ বিক্রেতা বেড়ে যাওয়ায় তার বিক্রির পরিমাণ হ্রাস পায়। এখানে প্রতিষ্ঠানটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ করে। সংগৃহীত তহবিল দুগ্ধজাত দ্রব্য উৎপাদনে ব্যবহার করে এবং পরবর্তীতে তা বিক্রয় করে মুনাফা অর্জন করেন। আর মুনাফা অর্জনের উদ্দেশ্যে অর্থায়ন করাই হলো ব্যবসায় অর্থায়ন। তাই বলা যায়, জনাব জাহিদের অর্থায়নের বিষয়টি ব্যবসায় অর্থায়নের সাথে জড়িত।

ঘ উদ্দীপকে উল্লিখিত জনাব জাহিদের কাঙ্ক্ষিত মুনাফা অর্জনে জনাব জাহিদের গৃহীত পদক্ষেপটি হলো অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি।

এ নীতি অনুযায়ী ব্যবসায়িক পণ্যে বৈচিত্র্য আনা হয়। যেকোনো এক ধরনের পণ্য বিক্রি করে সাফল্য অর্জন করা কঠিন। তাই একাধিক ও বৈচিত্র্যপূর্ণ পণ্য নিয়ে ব্যবসায় সাজানো হয়। এর উদ্দেশ্য হলো ঝুঁকি বণ্টন ও বেশি মুনাফা অর্জন করা।

উদ্দীপকে জনাব জাহিদ একজন খুচরা ব্যবসায়ী। তিনি প্রথমে শুধু স্থানীয় বাজারে দুধ বিক্রি করেন। কিন্তু তীব্র প্রতিযোগিতায় আশানুরূপ মুনাফা অর্জন করতে পারছে না। তাই প্রতিষ্ঠানটি পরবর্তীতে দুগ্ধজাত দ্রব্য বিক্রি শুরু করেন। পরবর্তীতে তার মুনাফা অর্জিত হয়। বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি অনুযায়ী একাধিক পণ্য বিনিয়োগ করা হয়। উদ্দীপকে জনাব জাহিদও একাধিক খাতে বিনিয়োগ করে ঝুঁকি বণ্টন ও হ্রাস করেছেন। কোনো কারণে একটি পণ্যের মুনাফা না হলে তা অন্য পণ্যের মুনাফা দ্বারা পুষিয়ে নিতে পেরেছে। ফলে তার ব্যবসায়টির জন্য প্রত্যাশিত মুনাফা ও সাফল্য অর্জন সহজ হয়েছে। তাই বলা যায়, উদ্দীপকের প্রতিষ্ঠানটির কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের কারণ হলো ব্যবসায় অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি অনুসরণ করা।

প্রশ্ন ▸ ০২ জনাব কামাল তার প্রতিষ্ঠানের জন্য ৫,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করতে চান। এজন্য তিনি দুইটি মেশিনের আয়-ব্যয় বিশ্লেষণ করে নিম্নোক্ত তথ্য পান :

মেশিনের নাম	নিট মুনাফা (আনুমানিক)				
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
নিহাল	২০,০০০	৫০,০০০	৩০,০০০	১০,০০০	৫০,০০০
সজিব	১০,০০০	৩০,০০০	৫০,০০০	২০,০০০	৪০,০০০

মেশিন দুটিরই মেয়াদকাল ৫ বছর এবং নিহাল মেশিনের পে-ব্যাক সময় ৩.৯১ বছর।

ক. কোনটি থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তঃপ্রবাহ ঘটে? ১

খ. মূলধন বাজেটিং এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত ঝুঁকিপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২

গ. নিহাল মেশিনের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. জনাব কামালের জন্য কোন মেশিনটি ক্রয় করা যুক্তিযুক্ত? পে-ব্যাক সময়ের ভিত্তিতে সিদ্ধান্ত দাও। ৪

[কু. বো. ২০২৫]

২নং প্রশ্নের উত্তর

ক বিক্রয় থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তঃপ্রবাহ ঘটে।

খ ভবিষ্যতের তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে মূলধন বাজেটিং করা হয় বলে এটি সর্বদাই ঝুঁকিযুক্ত সিদ্ধান্ত।

মূলধন বাজেটিং প্রক্রিয়ায় অধিকাংশ অনুমানই ভবিষ্যতের ওপর নির্ভরশীল। একটি স্থায়ী সম্পত্তি যেমন- মেশিনটিতে বিনিয়োগ করা উচিত কি না এই সিদ্ধান্তটি ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্যটির ভবিষ্যতে বিক্রয় বাবদ ও উৎপাদিত খরচের ওপর নির্ভর করে। ভবিষ্যতের এই তথ্য-উপাত্ত একটি অনুমাননির্ভর যা বাস্তবসম্মত নাও হতে পারে। তাই মূলধন বাজেটিং সর্বদা ঝুঁকিপূর্ণ সিদ্ধান্ত।

গ নিহাল প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় :

দেওয়া আছে, প্রাথমিক বিনিয়োগ ৫,০০,০০০ টাকা।

এখানে,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$\therefore \text{গড় নিট মুনাফা} = \frac{২০,০০০ + ৫০,০০০ + ৩০,০০০ + ১০,০০০ + ৫০,০০০}{৫} \text{ টাকা}$$

$$= \frac{১,১৬,০০০}{৫} \text{ টাকা}$$

$$= ৩২,০০০$$

$$\therefore \text{গড় বিনিয়োগ} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ + ভগ্নাংশের মূল্য}}{২} \text{ টাকা}$$

$$= \frac{৫,০০,০০০}{২} \text{ টাকা}$$

$$= ২,৫০,০০০ \text{ টাকা}$$

$$\therefore \text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০ \text{ টাকা}$$

$$= \frac{৩২,০০০}{২,৫০,০০০} \times ১০০ \text{ টাকা}$$

$$= ০.১২৮ \times ১০০ \text{ টাকা}$$

$$= ১২.৮০\%$$

নিহাল প্রকল্পের গড় মুনাফার হার ১২.৮০%।

ঘ জনাব কামালকে মেশিন গ্রহণের পরামর্শ দেওয়ার জন্য উভয় প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করা প্রয়োজন।

সজিব প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

বিবরণ	পরিমাণ (টাকা)				
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
নিট মুনাফা	১০,০০০	৩০,০০০	৫০,০০০	২০,০০০	৪০,০০০
অবচয় (নোট)	১,০০,০০০	১,০০,০০০	১,০০,০০০	১,০০,০০০	১,০০,০০০
নগদ প্রবাহ	১,১০,০০০	১,৩০,০০০	১,৫০,০০০	১,২০,০০০	১,৪০,০০০

নোট : অবচয় $= \frac{\text{প্রাথমিক বিনিয়োগ − ভগ্নাংশের মূল্য}}{\text{আয়ুষ্কাল}}$

$$= \frac{৫,০০,০০০ - ০}{৫}$$

$$= ১,০০,০০০ \text{ টাকা}$$

বছর	বার্ষিক নগদ প্রবাহ	ক্রমযোজিত নগদ প্রবাহ
০	৫,০০,০০০	− ৫,০০,০০০
১	১,১০,০০০	− ৩,৯০,০০০
২	১,৩০,০০০	− ২,৬০,০০০
৩	১,৫০,০০০	− ১,১০,০০০
৪	১,২০,০০০	১০,০০০
৫	১,৪০,০০০	১,৫০,০০০

$$\therefore \text{পে-ব্যাক সময়} = ৩ \text{ বছর} + \frac{১,১০,০০০}{১,২০,০০০}$$

$$= ৩ \text{ বছর} + ০.৯১৬৭$$

$$= ৩.৯১ \text{ বছর}$$

নিহাল মেশিনের পে-ব্যাক সময় ৩.৯১। অন্যদিকে সজিব মেশিনের পে-ব্যাক সময় ৩.৯১ (প্রশ্নে প্রাপ্ত)। বিনিয়োগ সিদ্ধান্তের ক্ষেত্রে অপেক্ষাকৃত কম পে-ব্যাক সময়কে গ্রহণ করা হয়। যেহেতু আমাদের দুইটি মেশিনের পে-ব্যাক সময় সমান। তাহলে দুইটি মেশিনের মধ্যে যেকোনো একটি ক্রয় করা যৌক্তিক হবে।

প্রশ্ন ▸ ০৩ মেহরিন ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে 'দিপ্তি' ও 'সুপ্তি' নামক দুইটি প্রকল্পে বিনিয়োগ করেন। সম্প্রতি তার আয় কমে যাওয়ায় তিনি ব্যাংক ঋণের কিস্তি পরিশোধ করতে পারছেন না। এমতাবস্থায় দেওলিয়াত্বের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য তিনি একটি প্রকল্প বন্ধ করে দিতে চান। 'দিপ্তি' প্রকল্পের গত ৫ বছরের গড় আয় ১০% এবং আদর্শ বিচ্যুতি ৩.৭৮%। অপরদিকে 'সুপ্তি' প্রকল্পের গত ৫ বছরের আয় হার যথাক্রমে ১৫%, ১০%, ১২%, ৭% ও ৬%।

ক. আদর্শ বিচ্যুতি কোন ধরনের পদ্ধতি? ১

খ. ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মেহরিন কোন ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঝুঁকি বিবেচনায় মেহরিনের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

৩নং প্রশ্নের উত্তর

ক আদর্শ বিচ্যুতি একটি পরিসংখ্যানিক পদ্ধতি।

খ সরকার কর্তৃক ইস্যু হয় বলে ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য হয়।

সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড ঝুঁকিমুক্ত বিনিয়োগের ক্ষেত্র হিসেবে পরিচিত। সরকার কর্তৃক ইস্যুকৃত হয় বলে এসব বিনিয়োগের ক্ষেত্রে দেউলিয়াত্ব ঝুঁকি নেই। কারণ সরকার কখনও দেউলিয়া হতে পারে না। এসব বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে অর্থাৎ নির্দিষ্ট হারে আয় পাওয়া যায়। তাই, ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত।

গ উদ্দীপকের জনাব মেহরিনের প্রতিষ্ঠানটি আর্থিক ঝুঁকির সম্মুখীন হয়েছে।

ঋণকৃত মূলধনের দায় পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে আর্থিক ঝুঁকি বলে। আর্থিক ঝুঁকি সৃষ্টি হলে কোম্পানি দেউলিয়া হওয়ার আশঙ্কা থাকে। কারণ ঋণ পরিশোধে ব্যর্থ হলে ঋণদাতা উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে পারে।

উদ্দীপকের জনাব মেহরিন ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে দুটি প্রকল্প চালু করেন। কিন্তু প্রতিষ্ঠানটি পর্যাপ্ত মুনাফা অর্জন করতে ব্যর্থ হওয়ায় ঋণ পরিশোধ করতে পারছে না। কারণ ঋণের সুদ পরিশোধ করা বাধ্যতামূলক। সাধারণত ঋণকৃত মূলধন বিনিয়োগ থেকে পর্যাপ্ত নগদ প্রবাহ না পেলে ঋণের দায় পরিশোধর অক্ষমতা দেখা দেয়। মূলত জনাব মেহরিন ব্যবসায়ে ঋণ মূলধন ব্যবহার করায় এ ধরনের দায় সৃষ্টি হয়েছে। ফলে দায় পরিশোধের অক্ষমতা থেকে জনাব মেহেরিনের প্রতিষ্ঠানটি আর্থিক ঝুঁকির সম্মুখীন হয়েছে।

ঘ ঝুঁকি বিবেচনায় জনাব মেহরিনের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত তা জানতে সুপ্তি প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়−গড়)	ব্যবধানের বর্গ %
১	১৫	(১৫ − ১০) = ৫	২৫
২	১০	(১০ − ১০) = ০	০
৩	১২	(১২ − ১০) = ২	৪
৪	৭	(৭ − ১০) = − ৩	৯
৫	৬	(৬ − ১০) = − ৪	১৬
যোগফল	৫০%	ব্যবধান বর্গের যোগফল =	৫৪
গড় আয়	$\frac{৫০}{৫}$ = ১০%	ব্যবধান বর্গের গড় $= \frac{৫৪}{n-১} = \frac{৫৪}{৫-১} = \frac{৫৪}{৪}$	= ১৩.৫০

∴ আদর্শ বিচ্যুতি $= \sqrt{১৩.৫০}$

$= ৩.৬৭\%$

লক্ষণীয় যে, সুপ্তি প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.৬৭% অন্যদিকে দিপ্তি প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.৭৮% (প্রশ্নে প্রদত্ত)। এক্ষেত্রে দিপ্তি প্রকল্পের আদর্শ বিচ্যুতি সুপ্তি প্রকল্প অপেক্ষা বেশি। অর্থাৎ যে প্রকল্পের আদর্শ বিচ্যুতি বেশি সে প্রকল্পের ঝুঁকি তত বেশি। এমতাবস্থায় ঝুঁকি বিবেচনায় জনাব মেহরিনের দিপ্তি প্রকল্প বন্ধ করে দেওয়া উচিত।

প্রশ্ন ▶ ০৪ জনাব অয়ন সম্প্রতি চাকরি থেকে অবসর গ্রহণ করেন। তিনি এককালীন প্রাপ্ত অর্থ হতে ৮,০০,০০০ টাকা ব্যাংকে জমা রাখতে চান। এক্ষেত্রে 'অরিত্র ব্যাংক' তাকে বার্ষিক ৯% হারে মুনাফা প্রদানের প্রস্তাব দেয়। অপরদিকে 'নক্ষত্র ব্যাংক' তাকে ৮.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. কোন ক্ষেত্রে কেবল আসলের উপর সুদ গণনা করা হয়? ১

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব অয়ন 'অরিত্র ব্যাংক' থেকে মেয়াদ শেষে কত টাকা পাবেন? নির্ণয় করো। ৩

ঘ. জনাব অয়নের কোন ব্যাংকে টাকা জমা রাখা অধিক লাভজনক? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

৪নং প্রশ্নের উত্তর

ক সরল সুদের ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়।

খ যে পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয় তাকে চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি বলে।

সরল সুদের ক্ষেত্রে শুধু আসলের উপর সুদ গণনা করা হয়। কিন্তু চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ গণনা করা হয়। যেমন : আসল ১০০ টাকা ও সুদের হার ১০% ধরলে ১ বছর পর সুদ হবে (১০০ × ১০%) = ১০ টাকা। ভবিষ্যৎ মূল্য দাঁড়াবে {১০০ + (১০০ × ১০%)} = ১১০ টাকা। দ্বিতীয় বছর এই ১১০ টাকাকে আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের ১০% হারে সুদ ধার্য করলে সুদ হবে (১১০ × ১০%) = ১১ টাকা। এভাবে প্রথম বছরের সুদাসলকে দ্বিতীয় বছরের আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের সুদ ধার্য করার প্রক্রিয়াকে বলা হয় চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি।

গ জনাব আয়ন অরিত্র ব্যাংক থেকে মেয়াদ শেষে কত টাকা পাবেন তা নির্ণয় :

অরিত্র ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

দেওয়া আছে,

বর্তমান ম্যূ (PV) = ৮,০০,০০০ টাকা

সুদের হার (i) = ৯% বা ০.০৯

মেয়াদকাল (n) = ১ বছর

আমরা জানি,

ভবিষ্যৎ মূল্য, $FV = PV (১ + i)^n$

$= ৮,০০,০০০ (১ + ০.০৯)^১$

$= ৮,৭২,০০০$ টাকা

∴ অরিত্র ব্যাংকের ভবিষ্যৎ মূল্য ৮,৭২,০০০ টাকা।

ঘ জনাব অয়নের কোন ব্যাংকে টাকা রাখা লাভজনক তা নির্ণয় করা হলো–

নক্ষত্র ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য (PV) = ৮,০০,০০০ টাকা

মেয়াদকাল (n) = ১ বছর

সুদের হার (i) = ৮.৫% বা ০.০৮৫

চক্রবৃদ্ধির সংখ্যা (m) = 12 [∵ মাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

ভবিষ্যৎ মূল্য $FV = PV \left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$

$= ৮,০০,০০০ \left(১ + \frac{০.০৮৫}{১২}\right)^{১ \times ১২}$

$= ৮,০০,০০০ \times ১.০৮৮৩$

$= ৮,৭০,৬৪০$ টাকা।

∴ নক্ষত্র ব্যাংক হতে ৮,৭০,৬৪০ টাকা পাবেন।

∴ লক্ষণীয় যে, জনাব অয়ন ৮,০০,০০০ টাকা অরিত্র ব্যাংকে জমা রাখলে মেয়াদ শেষে ৮,৭২,৬৪০ (গ নং হতে প্রাপ্ত) টাকা পাবেন। অন্যদিকে একই পরিমাণ টাকা একই সময়ের জন্য নক্ষত্র ব্যাংকে রাখলে মেয়াদ শেষে ৮,৭০,৬৪০ টাকা পাবেন। অর্থাৎ অরিত্র ব্যাংকে জমা রাখরে বেশি টাকা পাবেন। তাই জনাব অয়নের জন্য অরিত্র ব্যাংকে জমা রাখা লাভজনক।

প্রশ্ন ▶ ০৫ 'বর্নীল লি:' তার নিট মুনাফার একটি অংশ ভবিষ্যতে অর্থনৈতিক বিপর্যয় মোকাবেলার জন্য রেখে দেয়। নিয়মিত লভ্যাংশ প্রদান করায় শেয়ার হোল্ডারদের মধ্যে প্রতিষ্ঠানটির বেশ সুনাম রয়েছে। কিন্তু এ বছর মুনাফা কম হওয়ায় শেয়ার হোল্ডারদের লভ্যাংশ দিতে পারেনি। ফলে শেয়ারবাজারে প্রতিষ্ঠানটির সুনাম ক্ষুণ্ন হচ্ছে।

ক. স্বল্প মেয়াদ বলতে কত সময়কে বুঝানো হয়? ১

খ. মজুত মালের মাধ্যমে অর্থসংস্থান বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২

গ. বর্নীল লি. তার নিট মুনাফার যে অংশ রেখে দেয় তাকে কী বলা হয়? বর্ণনা করো। ৩

ঘ. বর্ণীল লি. এর সুনাম অক্ষুণ্ন রাখার জন্য করণীয় কী? বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

৫নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৬ রিমন ও সুমন দুই বন্ধু। তারা দু'জন ভিন্ন ভিন্ন খাতে বিনিয়োগ করেছে। রিমনের বিনিয়োগের বিপরীতে নিশ্চয়তা আছে যে, বিনিয়োগকৃত প্রতিষ্ঠানটি বিলুপ্ত হলেও তার বিনিয়োগের অর্থ ফেরত পেতে কোনো সমস্যা হবে না। অন্যদিকে বন্ধু সুমনের বিনিয়োগকৃত খাতটিতে ঝুঁকি থাকলেও আয়ের সম্ভাবনাও বেশি।

ক. শেয়ার কী? ১

খ. স্টক লভ্যাংশ কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব সুমন কোন খাতে বিনিযোগ করেছেন? বর্ণনা করো। ৩

ঘ. "আয় কম হলেও সুমনের তুলনায় রিমনের বিনিয়োগটি অধিক নিরাপদ"— উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন করো। ৪

[কু. বো. ২০২৫]

৬নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৭ 'হিমালয় ব্যাংক' জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং আমানতকৃত অর্থ ঋণ হিসেবে প্রদান করে। ব্যাংকটি জমাকৃত অর্থের একটি অংশ সবসময় সংরক্ষণ করে যেন গ্রাহকদের প্রয়োজন প্রদান করতে পারে। অপরদিকে ব্যাংকটি ঋণগ্রহীতাদের আর্থিক স্বচ্ছলতা ও সততা যাচাই করে পর্যাপ্ত জামানত গ্রহণ করে ঋণ প্রদান করে।

ক. কোন মুদ্রা সহজে বহনযোগ্য? ১

খ. কোন প্রথাটি বিনিময় প্রথা হিসেবে পরিচিত? ব্যাখ্যা করো। ২

গ. হিমালয় ব্যাংকের গ্রাহকদের জমাকৃত অর্থ প্রদান দ্বারা ব্যাংকের কোন নীতির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকটির গৃহীত পদক্ষেপ ব্যবসায়ের মূলনীতির আলোকে মূল্যায়ন করো। ৪

[কু. বো. ২০২৫]

৭নং প্রশ্নের উত্তর

ক কাগজি মুদ্রা সহজে বহনযোগ্য।

খ দ্রব্যের বিনিময়ে দ্রব্য এই প্রথাটি বিনিময় প্রথা হিসেবে পরিচিত।

সাধারণত মানুষ সৃষ্টির শুরু থেকেই সমাজে ও দেশে দেশে বিভিন্ন পদ্ধতিতে বিনিময় প্রথা চালু হয়ে এসেছে। চাহিদা মিটাতে সমাজের মানুষজন নিজের প্রয়োজনের অতিরিক্ত দ্রব্যাদি অপরের সাথে বিনিময় করত; যাকে দ্রব্যের বিনিময়ে দ্রব্য বলা হয়। আর এই দ্রব্যের পরিবর্তে দ্রব্যের আদান-প্রদানকেই বিনিময় প্রথা বলা হয়ে থাকে ।

গ 'হিমালয়' ব্যাংক গ্রাহকদের জমাকৃত অর্থ প্রদান দ্বারা ব্যাংকের তারল্য নীতিটি প্রকাশ পেয়েছে।

তারল্য নীতি ব্যাংকিং ব্যবসায়ের অন্যতম একটি মূলনীতি। এ নীতি অনুযায়ী বাণিজ্যিক ব্যাংককে সবসময় নির্দিষ্ট পরিমাণ তারল্য বা নগদ অর্থ সংরক্ষণ করতে হয়। কেননা ব্যাংক গ্রাহকের অর্থ চাওয়ামাত্র ফেরত দানে বাধ্য থাকে।

উদ্দীপকে হিমালয় ব্যাংক জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে। উক্ত অর্থ ঋণ হিসেবে বিনিয়োগ করে। ব্যাংকটি আমানতের একটি অংশ সর্বদা সংরক্ষণ করে। ফলে গ্রাহক সন্তুষ্টি বজায় থাকে। আমানতের সংরক্ষিত অংশ হলো তারল্য। তাই তারল্য নীতি অনুযায়ী ব্যাংককে নির্দিষ্ট পরিমাণ অর্থ তরল অবস্থায় সংরক্ষণ করতে হয় যাতে গ্রাহক চাওয়ামাত্র ব্যাংক আমানতকৃত অর্থ ফেরত দিতে পারে। এটিই ব্যাংকের তারল্যনীতি।

তাই বলা যায়, 'হিমালয়' ব্যাংকটি গ্রাহক সন্তুষ্টি বজায় রাখার জন্য তারল্যনীতি অনুসরণ করে।

ঘ ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকটির গৃহীত পদক্ষেপ ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতির নিরাপত্তার নীতিটি অনুসরণ করেছে।

বাণিজ্যিক ব্যাংক তাদের জমাকৃত আমানত থেকে বিভিন্ন খাতে ঋণ দেয় ও বিভিন্ন লাভজনক খাতে বিনিয়োগ করে। এতে মূলধনের গতিশীলতা বেড়ে যায়। এছাড়া ব্যাংক অভ্যন্তরীণ বাণিজ্যের উন্নয়নে মূলধন সরবরাহ, অর্থের নিরাপদ সংরক্ষণ, অর্থ স্থানান্তর ও দেনা-পাওনা নিষ্পত্তিতে সহায়তা করে।

উদ্দীপকের 'হিমালয় ব্যাংকটি' আমানত সংগ্রহ ও ঋণদানের মাধ্যমে মূলধন গঠনে সাহায্য করছে। বিভিন্ন সেবা প্রদানের বিশেষায়নের মাধ্যমে এ ব্যাংক মানুষের জীবনযাত্রার মান উন্নত করছে। ব্যাংক আমানতকারীর জমাকৃত অর্থের নিরাপত্তার জন্য ঋণ প্রদানে সতর্ক থাকে। 'হিমালয় ব্যাংক' ঋণ প্রদানে গ্রাহকের আর্থিক সচ্ছলতা যাচাই করে। কারণ গ্রাহক আর্থিকভাবে সচ্ছল হলে ঋণ আদায় সহজ হয়। আবার, ব্যাংকটি গ্রাহকের সততাও যাচাই করে। কারণ গ্রাহক সৎ না হলে ঋণখেলাপির ঝুঁকি বাড়ে। ব্যাংকটি পর্যাপ্ত জামানতও গ্রহণ করে। ফলে ঋণগ্রহীতা ঋণ প্রদানে ব্যর্থ হলে ব্যাংক উক্ত জামানত বিক্রি করে অর্থ সংগ্রহ করতে পারবে। দেশীয় ও বৈদেশিক বাণিজ্যে এ ব্যাংকের অবদান রয়েছে। তাই বলা যায় উদ্দীপকের হিমালয় ব্যাংক ঋণদানের ক্ষেত্রে নিরাপত্তার নীতি অনুসরণ করেছে।

প্রশ্ন ▶ ০৮ বিশিষ্ট ব্যবসায়ী জনাব মালেক-এর ব্যাংক হিসাবের তথ্যাদি নিম্নরূপ :

শাখার নাম	জমা (টাকা)	মুনাফা (টাকা)	উত্তোলন (টাকা)
বাবু বাজার	২,০০,০০০	১৩,০০০	৭০,০০০
নবাবপুর	৫,০০,০০০	—	৫,২৫,০০০

ক. ব্যাংক তার মক্কেলের হিসাব থেকে কীভাবে সেবার ফি কর্তন করে? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মালেক বাবুবাজার শাখায় কোন হিসাব খুলেছেন? বর্ণনা করো। ৩

ঘ. 'মুনাফা না থাকলেও নবাবপুর শাখার হিসাবটি জনাব মালেকের জন্য বেশি উপযোগী'—বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

৮নং প্রশ্নের উত্তর

ক ব্যাংক স্বয়ংক্রিয়ভাবে তার মক্কেলের হিসাব থেকে সেবার ফি কর্তন করে।

খ বিভিন্ন হিসাবের মাধ্যমে ব্যাংক গ্রাহকদের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে বিনিয়োগের জন্য পুঁজি বা মূলধন গঠনে সহায়তা করে।

বাণিজ্যিক ব্যাংক জনগণের বিভিন্ন মেয়াদি যেমন চলতি, সঞ্চয়ী, স্থায়ী ইত্যাদি হিসাবের মাধ্যমে আমাণত গ্রহণ করে থাকে, যা আমানতকারীরা একত্রে উত্তোলন করে না। এভাবে হিসাব খোলার সুবিধা দিয়ে ব্যাংক জনগণের ছড়িয়ে ছিটিয়ে থাকা অর্থ সংগ্রহ করে মূলধন গঠন করে।

গ জনাব মালেক বাবুবাজার শাখায় সঞ্চয়ী হিসাব খুলেছেন।

সঞ্চয়ী হিসাবে ইচ্ছামত টাকা জমা করা যায়। তবে সপ্তাহে দুইবারের বেশি টাকা উত্তোলন করা যায় না। এ হিসাবের বিপরীতে কম হারে সুদ প্রদান করা হয়।

উদ্দীপকে জনাব মালেকের দুইটি হিসাবের বিবরণ দেওয়া হয়েছে। বাবুবাজার শাখা হিসাবটিতে তিনি ২,০০,০০০ টাকা জমা দিয়েছেন। এর থেকে তিনি উত্তোলনও করেছেন। এ হিসাব থেকে তিনি ১৩,০০০ টাকা মুনাফা পেয়েছেন। একই সাথে জমা, উত্তোলন ও মুনাফার বৈশিষ্ট্য সম্বলিত হিসাব হলো সঞ্চয়ী হিসাব। জনাব মালেকের বাবুবাজার শাখার হিসাবটিতে একই সাথে তিনটি বৈশিষ্ট্য দেখা যাচ্ছে যা সঞ্চয়ী হিসাবের বৈশিষ্ট্যর সাথে সাদৃশ্য। অতএব বলা যায়, জনাব মালেকের বাবুবাজার শাখায় সঞ্চয়ী হিসাব রয়েছে।

ঘ 'সুদ না পেলেও নবাবপুর শাখার হিসাবটি জনাব মালেকের জন্য উত্তম'– উক্তিটি যথার্থ।

চলতি হিসাবে গ্রাহক দিনে যতবার খুশি ততবার টাকা জমা ও উত্তোলন করতে পারেন। এ হিসাবে জমাকৃত অর্থের উপর কোনো সুদ দেওয়া হয় না। তবে জমাতিরিক্ত উত্তোলন করার সুযোগ রয়েছে।

উদ্দীপকে জনাব মালেক ব্যাংকের বাবুবাজার ও নবাবপুর শাখায় দুটি হিসাবের বিবরণ দেওয়া হয়েছে। বাবুবাজার শাখার হিসাবটিতে তিনি ২,০০,০০০ টাকা জমা করেছেন এবং হিসাব থেকে মুনাফা পেয়েছে ১৩,০০০ টাকা। অন্য দিকে নবাবপুর শাখায় ৫,০০,০০০ টাকা জমা করে। তিনি জমার অতিরিক্ত ২৫,০০০ টাকা উত্তোলন করেছেন। এই হিসাবের বিপরীতে তিনি কোনো মুনাফা পাননি। বৈশিষ্ট্য বিবেচনায় তার এই হিসাবটি চলতি হিসাব।

উদ্দীপকে জনাব মালেক একজন ব্যবসায়ী। ব্যবসায়ী হওয়ায় তার জন্য ব্যাংকের চলতি হিসাব বেশি উপযোগী। কারণ এই হিসাবের মাধ্যমে তিনি প্রতিদিন যতবার খুশি অর্থ জমা দিতে পারবেন। আবার প্রয়োজনে উত্তোলন করতে পারবেন। এতে তার ব্যবসায়িক কাজ সচল থাকবে। এ হিসাবের বিপরীতে কোনো সুদ বা মুনাফা পাওয়া যায় না। তবে এ হিসাবে ঋণ সুবিধা পাওয়া যায়। উদ্দীপকে জনাব মালেক ২৫,০০০ টাকা ঋণ সুবিধা পেয়েছেন যা তার ব্যবসায়ে অতিরিক্ত অর্থের প্রয়োজন মেটাবে। তাই বলা যায়, সুদ না পেলেও নবাবপুর শাখার হিসাবটি জনাব মালেক জন্য উত্তম।

প্রশ্ন ▶ ০৯ রাজগঞ্জ বাজারে 'কাবেরী ব্যাংক'-এর একটি শাখা রয়েছে। উক্ত শাখার মাধ্যমে রাজগঞ্জসহ আশপাশের জনগণ নিরাপদে টাকা জমা রাখা, অর্থ উত্তোলন ও নানাবিধ ব্যবসায়িক কার্যক্রম সম্পাদন করে থাকে। রাজগঞ্জ বাজারের বিশিষ্ট ব্যবসায়ী জনাব মাহাদী চীন থেকে একটি মেশিন আমদানি করতে চান। এক্ষেত্রে 'কাবেরী ব্যাংক' মাহাদীকে মেশিনটি ক্রয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে।

ক. কার্ড ব্যবহার করে কোনটি থেকে টাকা উত্তোলন করতে হয়? ১

খ. ব্যাংক কীভাবে ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'কাবেরী ব্যাংক' কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩

ঘ. জনাব মাহাদীর মেশিনটি ক্রয়ে 'কাবেরী ব্যাংকের' ভূমিকা বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

৯নং প্রশ্নের উত্তর

ক কার্ড ব্যবহার করে ATM (Automated Teller Machine) মেশিন থেকে টাকা উত্তোলন করতে হয়।

খ বাণিজ্যিক ব্যাংক ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে।

ব্যাংক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ দেওয়ার সময় সরাসরি অর্থ না দিয়ে তার হিসাবে জমা করে। এরপর ঋণগ্রহীতা চেকের মাধ্যমে ঐ হিসাব থেকে অর্থ উত্তোলন করে। এভাবেই বাণিজ্যিক ব্যাংক ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে।

গ কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'কাবেরী' ব্যাংক একটি বাণিজ্যিক ব্যাংক।

বাণিজ্যিক ব্যাংকের প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন। এ ব্যাংক জনগণের জমাকৃত অর্থ আমানত হিসেবে নেয় আবার উক্ত অর্থ থেকে ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ দেয়। এছাড়া আন্তর্জাতিক বাণিজ্যে সাহায্য করা বাণিজ্যিক ব্যাংকের একটি কাজ।

উদ্দীপকে বিশিষ্ট ব্যবসায়ী জনাব মাহাদী মূলত বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে লেনদেন করেছেন। 'কাবেরী ব্যাংক' জনগণের আমানত গ্রহণ ও ঋণদান করে। এছাড়া সংগৃহীত আমানতের দ্বারা মূলধন গঠন করে। মাহাদী একটি নতুন কারখানা স্থাপন করেন। কারখানাটির জন্য চীন থেকে বিভিন্ন মেশিন ক্রয়ের প্রয়োজন হয় এক্ষেত্রে 'কাবেরী' ব্যাংক জনাব মাহাদীর পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে। ব্যাংকটির শাখা প্রত্যেক জেলায় রয়েছে। এক্ষেত্রে ব্যাংকের আমানত গ্রহণ ও ঋণদান মাহাদীর পক্ষ হয়ে প্রতিনিধিত্বমূলক কাজ বাণিজ্যিক ব্যাংকের প্রধান কার্যাবলিকে নির্দেশ করে। অতএব বলা যায় যে, জনাব মাহাদীর ব্যাংকটি বাণিজ্যিক ব্যাংক।

ঘ জনাব মাহাদীর মেশিন ক্রয়ে আমদানি রপ্তানিতে 'কাবেরী' ব্যাংকের গৃহীত পদক্ষেপ অধিক গুরুত্বপূর্ণ।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে বাণিজ্যিক ব্যাংক আমানত গ্রহণ করে এবং সেই অর্থ হতে ঋণ দেয়। মুনাফা অর্জন মুখ্য উদ্দেশ্য হলেও বৈদেশিক

বাণিজ্যে সহায়তা করা বাণিজ্যিক ব্যাংকের একটি অন্যতম কাজ। গ্রাহককে নিত্য নতুন পণ্য বা সেবা দেওয়ার পাশাপাশি ব্যাংক বৈদেশিক বাণিজ্য ও প্রতিনিধিত্বমূলক কার্যাবলির মাধ্যমে ব্যবসায়ের উন্নয়নে অবদান রাখে। আধুনিক উন্নত ব্যাংকিং ব্যবস্থা যেমন : ইন্টারনেট ব্যাংকিং এ ব্যাংকিং কার্যক্রমকে আরো সহজ ও গতিশীল করেছে।

উদ্দীপকে মি. মাহাদী একজন বিশিষ্ট ব্যবসায়ী। ব্যবসায়ের প্রয়োজনে তিনি ব্যাংকের শরণাপন্ন হন। জনাব মাহাদী তার ব্যবসায় দেশের সীমানা ছাড়িয়ে বিদেশেও সম্প্রসারিত করেছেন। তাই তাকে দেশ-বিদেশে বিভিন্ন সময়ে ব্যাংকের মাধ্যমে লেনদেন করতে হয়। দেশে উন্নত ব্যাংকিং ব্যবস্থা থাকায় তার আর্থিক লেনদেন সম্পাদন অনেক সহজ হয়ে উঠেছে।

মেশিন ক্রয়ে 'কাবেরী' ব্যাংক জনাব মাহাদীর পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা নেয়। মূলত 'কাবেরী' ব্যাংকটি জনাব মাহাদীর পক্ষ থেকে রপ্তানিকারককে নিশ্চয়তা প্রদান করে। বৈদেশিক বাণিজ্যে আমদানিকারক ও রপ্তানিকারকের মধ্যে দূরত্ব, মুদ্রার ভিন্নতাসহ বিভিন্ন বাধার সৃষ্টি হয়। এছাড়া আমদানিকারক ও রপ্তানিকারক একে অপরের পরিচিত না হওয়ায় তারা অর্থ ও পণ্য প্রাপ্তির অনিশ্চয়তায় ভোগে। এক্ষেত্রে ব্যাংক আমদানিকারকের প্রতিনিধি হিসেবে কাজ করে বৈদেশিক বাণিজ্যকে সহজতর করে।

পরিশেষে বলা যায় যে, জনাব মাহাদীর মেশিন ক্রয়ে 'কাবেরী' ব্যাংকের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রশ্ন ▶ ১০ জনাব ফয়সাল ঢাকা বংশাল এর রড ও সিমেন্টের একজন পাইকারি বিক্রেতা। তিনি সাভারের ভূঁইয়া এন্টারপ্রাইজের নিকট থেকে সিমেন্টের মূল্যবাবদ ২ লক্ষ ও ৫ লক্ষ টাকার দুইটি চেক পান। চেক দুইটির টাকা উত্তোলন করতে ব্যাংকে গেলে ১ম চেকটির টাকা ব্যাংক নগদে প্রদান করে কিন্তু ২য় চেকটি তার ব্যাংক হিসাবে জমা দিতে বলে।

ক. সব ব্যাংকের ব্যাংকার কে? ১

খ. নির্দিষ্ট মেয়াদের জন্য কোন হিসাব খোলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব ফয়সালের প্রাপ্ত ১ম চেকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. "ব্যবসায়িক লেনদেনে ২য় চেকটি অধিক নিরাপদ"— উক্তিটির সত্যতা বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

১০নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ১১ ফাহাদ ও রাহাত দুই বন্ধু প্লাস্টিক কার্ড দ্বারা যাবতীয় ব্যয় নির্বাহ করেন। সম্প্রতি ফাহাদ একটি সুপার শপ হতে কেনাকাটার মূল্য তার কার্ডের মাধ্যমে পরিশোধ করতে ব্যর্থ হন। এমতাবস্থায় তার বন্ধু রাহাত তার কার্ড দিয়ে মূল্য পরিশোধ করে দেন। যদিও রাহাতের ব্যাংকে কোনো হিসাব ছিল না।

ক. বিধিবদ্ধ রিজার্ভ কী? ১

খ. এনি ব্রাঞ্চ ব্যাংকিং বলতে কী বোঝায়? ২

গ. লেনদেন সম্পাদনে রাহাত কোন কার্ড ব্যবহার করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ফাহাদের কেনাকাটায় মূল্য পরিশোধে ব্যর্থ হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

১১নং প্রশ্নের উত্তর

ক বাণিজ্যিক ব্যাংক তার আমানতি অর্থের যে পরিমাণ অংশ বাধ্যতামূলকভাবে কেন্দ্রীয় ব্যাংকের কাছে জমা রাখে তাকে বিধিবদ্ধ রিজার্ভ বলা হয়।

খ এনি ব্রাঞ্চ ব্যাংকিং বলতে ব্যাংকের একটি শাখায় হিসাব খুলে দেশের যেকোনো স্থানে উক্ত ব্যাংকের শাখার মাধ্যমে লেনদেন করাকে বোঝায়।

এই হিসাবের সাহায্যে ব্যাংকের যে শাখায় হিসাব খোলা হয় সেই শাখায় না গিয়েও অন্য শাখায় লেনদেন করা যায়। যেমন– গাজীপুরে একটি শাখায় হিসাব খুলে প্রয়োজনে রংপুরের যেকোনো শাখায় লেনদেন সুবিধা পাওয়া যায়। অনেক ব্যাংকের শাখা দেশের বাহিরে সর্বত্র পাওয়া যায়।

গ লেনদেন সম্পাদনে রাহাত ক্রেডিট কার্ড ব্যবহার করেন।

ক্রেডিট কার্ড একধরনের ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড, যা ব্যাংক তার গ্রাহকের জন্য ইস্যু করে থাকে। এই কার্ডের মাধ্যমে নগদ টাকা ছাড়াই গ্রাহক কেনাকাটা করতে পারে এবং প্রয়োজনে এটিএম মেশিন থেকে নগদ টাকা উত্তোলন করতে পারে। হিসাবে জমা না থাকলেও ক্রেডিট কার্ডের মাধ্যমে বাকিতে মালামাল ক্রয় করার সুযোগ থাকে।

উদ্দীপকে ফাহাদ ও রাহাত দুই বন্ধু। সম্প্রতি ফাহাদ একটি সুপার শপ হতে কেনাকাটা করতে গিয়ে মূল্য পরিশোধে ব্যর্থ হন। তখন রাহাত তার কার্ডের মাধ্যমে মূল্য পরিশোধ করেন। কার্ডের বিপরীতে তার ব্যাংকে কোনো টাকা জমা ছিল না। এটি হলো ক্রেডিট কার্ড, ক্রেডিট কার্ড একধরনের ব্যক্তিগত ঋণ, যা নির্দিষ্ট সময়ান্তে গ্রাহককে সুদসহ পরিশোধ করতে হয়। এ ক্ষেত্রে ব্যাংকে হিসাব থাকার বাধ্যবাধকতা নেই। তাই বলা যায়, লেনদেন সম্পাদনে রাহাতের ব্যবহৃত কার্ডটি ক্রেডিট কার্ড।

ঘ ফাহাদের কেনাকাটায় মূল্য পরিশোধে ব্যর্থ হওয়ার কারণ ডেবিট কার্ডের ব্যবহার।

সাধারণত সঞ্চয়ী ও চলতি হিসাবের গ্রাহকদের তার হিসাবের বিপরীতে ডেবিট কার্ড সরবরাহ করে ব্যাংক। এই কার্ডের মাধ্যমে ব্যাংকের হিসাবে জমাকৃত অর্থ ATM মেশিনের সাহায্যে উত্তোলন ও কেনাকাটার বিল পরিশোধ করা যায়। তবে এই সুবিধা গ্রাহক শুধু তখনই ভোগ করতে পারে যখন তার হিসাবে পর্যাপ্ত টাকা থাকবে। টাকা না থাকলে উক্ত সুবিধা গ্রাহক পাবে না।

উদ্দীপকে ফাহাদ ও রাহাত দুই বন্ধুই ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থায় কার্ড দ্বারা যাবতীয় ব্যয় নির্বাহ করেন। ফাহাদ একটি সুপার শপে কেনাকাটার মূল্য তার কার্ডের মাধ্যমে পরিশোধে ব্যর্থ হন। কিন্তু তার বন্ধু রাহাত তার কার্ডের মাধ্যমে মূল্য পরিশোধে সক্ষম হন। এক্ষেত্রে ফাহাদের ব্যাংক হিসাবে টাকা না থাকায় তিনি অর্থ পরিশোধে সক্ষম হন না। সুতরাং ফাহাদের কার্ডের সাথে ডেবিট কার্ডের বৈশিষ্ট্যের সাথে মিল রয়েছে। তাই বলা যায়, উদ্দীপকের ফাহাদ ডেবিট কার্ডের মাধ্যমে তার লেনদেন সম্পাদন করেন।

যশোর বোর্ড– ২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড : 1 5 2

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

সময়– ৩০ মিনিট   পূর্ণমান– ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. বাংলাদেশ কোন পণ্য রপ্তানি করে?
ⓚ খাদ্য সামগ্রী ⓚ কাঁচামাল
ⓖ তৈরি পোশাক ⓖ মেশিনারিজ

২. ট্রেজারি বিল কে ইস্যু করে?
ⓚ বাণিজ্য মন্ত্রণালয় ⓚ বিমা কোম্পানি
ⓖ অর্থমন্ত্রী ⓖ সরকার

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৩ থেকে ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
বন্ধনের কাছে ১০,০০০ টাকার একটি প্রাপ্যবিল আছে। মেয়াদ শেষ হওয়ার আগে টাকার প্রয়োজন হলে বন্ধন বিলটি ভাঙাতে ব্যাংকে যায়। ব্যাংক তাকে ৯,৮০০ টাকা দেয়।

৩. ব্যাংক থেকে কম মূল্য পাওয়াকে কী বলে?
ⓚ ব্যবসায় বাট্টাকরণ ⓚ নগদ বাট্টাকরণ
ⓖ বিনিময় বিল বাট্টাকরণ ⓖ মূল্য বাট্টাকরণ

৪. বিনিময় বিলের মেয়াদ কতদিন?
ⓚ ৬ মাস ⓚ ৫ মাস ⓖ ৪ মাস ⓖ ৩ মাস

৫. IMF-এর পূর্ণরূপ কী?
ⓚ International Money Fund ⓚ International Monetary Fund
ⓖ Internal Monetary Fund ⓖ Internal Money Fund

৬. বিলম্বিত শেয়ারের বৈশিষ্ট্য হলো—
i. সকলের পরে লভ্যাংশ পাওয়া ii. সকলের আগে লভ্যাংশ পাওয়া
iii. আনুপাতিক হারে লভ্যাংশ পাওয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৭. স্টক লভ্যাংশের অপর নাম কী?
ⓚ নগদ লভ্যাংশ ⓚ বোনাস লভ্যাংশ ⓖ বোনাস শেয়ার ⓖ রাইট শেয়ার

৮. বিধি-৭২ কী?
ⓚ বিনিয়োগকৃত অর্থ দ্বিগুণ করার হিসাব
ⓚ বিনিয়োগকৃত অর্থ বহুগুণ করার হিসাব
ⓖ বিনিয়োগকৃত অর্থ তিনগুণ করার হিসাব
ⓖ দ্বিগুণকৃত অর্থে বিনিয়োগের হিসাব

৯. একাধিকবার বাট্টাকরণের বর্তমান মূল্য নির্ণয়ের সূত্র কোনটি?
ⓚ $PV = FV\left(১ + \frac{i}{m}\right)^{m \times n}$ ⓚ $PV = \frac{FV}{\left(১ + \frac{i}{m}\right)^{m \times n}}$
ⓖ $FV = \frac{PV}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$ ⓖ $FV = PV\left(১ + \frac{i}{m}\right)^{m \times n}$

☐ **উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব উশা একজন ব্যবসায়ী। তার বিনিয়োগকৃত মূলধন ২,০০,০০০ টাকা। তিনি আশা করছেন এ বছর ১৫% নিট মুনাফা করবেন। কিন্তু প্রকৃত লাভ হলো ১০%।

১০. জনাব উশার ঝুঁকির পরিমাণ কত?
ⓚ ২০% ⓚ ১৫% ⓖ ৫% ⓖ ৩%

১১. জনাব উশার প্রকৃত লাভের পরিমাণ কত?
ⓚ ৫০,০০০ টাকা ⓚ ৩০,০০০ টাকা
ⓖ ২৫,০০০ টাকা ⓖ ২০, ০০০ টাকা

১২. আদর্শ বিচ্যুতির বড় মান কী নির্দেশ করে?
ⓚ অধিক মুনাফা ⓚ অধিক ঝুঁকি ⓖ কম বিক্রয় ⓖ কম ঝুঁকি

১৩. কর পূর্ব মুনাফা থেকে কর বাদ দিয়ে কোনটি পাওয়া যায়?
ⓚ আন্তঃপ্রবাহ ⓚ নগদ প্রবাহ ⓖ সঞ্চিতি ⓖ নিট মুনাফা

১৪. ARR-এর পূর্ণরূপ কী?
ⓚ Annuat Rate of Return ⓚ Actual Rate of Return
ⓖ Accounting Rate of Return ⓖ Accumulated Rate of Return

১৫. ১০% সুদে ২,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করা হলে ঋণ মূলধন ব্যয় কত?
ⓚ ১০,০০০ টাকা ⓚ ২০,০০০ টাকা
ⓖ ১,৮০,০০০ টাকা ⓖ ২,০০,০০০ টাকা

১৬. কোন প্রাচীন ভাষা থেকে ব্যাংক শব্দের উৎপত্তি?
ⓚ গ্রিক ⓚ ল্যাটিন ⓖ ফরাসি ⓖ জার্মান

১৭. 'দ্রব্যের বিনিময়ে দ্রব্য' একে কী বলে?
ⓚ Barter system ⓚ Debtor ⓖ Creditor ⓖ Sales

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
নীল ব্যাংক লি. তার হাতে অর্থ না রেখে সম্পূর্ণ অর্থ উৎপাদনশীল খাতে ঋণদান করে। ফলে ব্যাংকটি গ্রাহক সেবা দিতে এবং সময়মত পাওনাদারের অর্থ পরিশোধে ব্যর্থ হয়। এক সময় ব্যাংকটি ক্ষতির সম্মুখীন হতে থাকে।

১৮. উদ্দীপকে বর্ণিত ব্যাংকটি ব্যাংকিং ব্যবসায়ের কোন নীতিটি লঙ্ঘন করেছে?
ⓚ তারল্য ⓚ মুনাফা ⓖ নিরাপত্তা ⓖ বিনিয়োগ

১৯. উদ্দীপকে বর্ণিত ব্যাংকটির মূলনীতি—
i. কর্মসংস্থান সৃষ্টি ii. মুনাফা নীতি iii. তারল্য নীতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২০. দেশের মুদ্রার বিনিময় হার কীসের উপর নির্ভর করে?
ⓚ বৈদেশিক মোট অর্থের উপর ⓚ মোট স্বর্ণের পরিমাণের উপর
ⓖ বৈদেশিক মুদ্রা রিজার্ভের উপর ⓖ স্বর্ণ রিজার্ভের উপর

২১. বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস কোনটি?
ⓚ যোগাযোগ ⓚ বিমা প্রিমিয়াম
ⓖ শুল্ক ও কর ⓖ নিরীক্ষকের বিল

২২. কোনটির মাধ্যমে বাকিতে মালামাল ক্রয় করার সুযোগ থাকে?
ⓚ ডেবিট কার্ড ⓚ ডিপিএস ⓖ এফডিআর ⓖ ক্রেডিট কার্ড

২৩. 'প্রাপকের হিসাবে দেয়' কথাটি কোন চেকে লেখা থাকে?
ⓚ বাহক চেকে ⓚ প্রত্যয় পত্র ⓖ হুকুম চেকে ⓖ দাগকাটা চেকে

২৪. বাংলাদেশ ব্যাংককে কত সালে কার্যকর কেন্দ্রীয় ব্যাংক হিসাবে ঘোষণা করা হয়?
ⓚ ১৬ ডিসেম্বর ১৯৭১ ⓚ ২৬ মার্চ ১৯৭২
ⓖ ১৬ ডিসেম্বর ১৯৭২ ⓖ ৭ মার্চ ১৯৭২

২৫. কেন্দ্রীয় ব্যাংকের সাধারণ কাজ কোনটি?
ⓚ জনকল্যাণ ⓚ অর্থনৈতিক উন্নয়ন
ⓖ শিল্প উন্নয়ন ⓖ ঋণ নিয়ন্ত্রণ

☐ **উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
'পদ্মা' বাংলাদেশের একটি জনকল্যাণমুখী ও অমুনাফাভোগী ব্যাংক। সর্বসাধারণের মঙ্গল নিশ্চিত করা এবং অর্থনীতিকে মজবুত করাই ব্যাংকটির উদ্দেশ্য।

২৬. উদ্দীপকের ব্যাংকটি কী হবে?
ⓚ বাংলাদেশ ব্যাংক ⓚ অগ্রণী ব্যাংক
ⓖ কৃষি ব্যাংক ⓖ সমবায় ব্যাংক

২৭. উদ্দীপকের ব্যাংকটির অন্যতম উদ্দেশ্য—
i. মুদ্রা বাজার গঠন ii. মুদ্রা বাজার নিয়ন্ত্রণ iii. মুদ্রা বাজার পরিচালনা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৮. ধর্মীয় দৃষ্টিকোণ ভিত্তিক একটি ব্যাংক কর্তৃক ঋণ গ্রহীতাকে গাড়ি, যন্ত্রপাতি ইত্যাদি ক্রয়ের জন্য ঋণ সরবরাহ করাকে কী বলে?
ⓚ মুরাবাহা ⓚ ইজারা ⓖ মুদারাবা ⓖ মুসারাকা

২৯. প্রকৃত সুদের হার নির্দেশ করে কোনটি?
ⓚ EAR ⓚ FV ⓖ PV ⓖ IRR

৩০. প্রবর্তকের শেয়ার কী নামে অভিহিত?
ⓚ রাইট শেয়ার ⓚ বিলম্বিত শেয়ার
ⓖ বোনাস শেয়ার ⓖ অগ্রাধিকার শেয়ার

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

উত্তর	১		২		৩		৪		৫		৬		৭		৮		৯		১০		১১		১২		১৩		১৪		১৫	
	১৬		১৭		১৮		১৯		২০		২১		২২		২৩		২৪		২৫		২৬		২৭		২৮		২৯		৩০	

যশোর বোর্ড– ২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম তিনটি প্রশ্ন নিয়ে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ফিন্যান্স অংশ

১। সবুজ লাইব্রেরির মালিক জনাব আসিফ তার লাইব্রেরিতে স্কুল কলেজের বইয়ের পাশাপাশি গল্প, উপন্যাস, নাটক ও ধর্মীয় বই রাখেন। ব্যবসা সফলভাবে পরিচালনার জন্য লাইব্রেরিতে বিভিন্নরকম স্টেশনারী আইটেমও রাখেন। সম্প্রতি তিনি লাইব্রেরির একপাশে কম্পোজ ও প্রিন্টিং চালু করার জন্য ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত নেন। এতে তার মুনাফা বৃদ্ধি পাবে বলে তিনি মনে করেন।

ক. কোন ধরনের অর্থায়ন সাধারণত অলাভজনক হয়? ১
খ. ব্যবসায় প্রতিষ্ঠানে পরিকল্পনামাফিক অর্থায়ন করার কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আসিফের ব্যবসায় অর্থায়নের কোন নীতি পরিলক্ষিত হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. কম্পিউটার ক্রয়ের জন্য জনাব আসিফের ঋণ গ্রহণ কতটা যৌক্তিক বলে তুমি মনে কর। মতামত দাও। ৪

২। জনাব ফয়সাল একজন গার্মেন্টস ব্যবসায়ী। ব্যবসায়ের কাঁচামাল ক্রয়ের জন্য তিনি X ব্যাংক থেকে চার মাসের জন্য ১০% সুদে ২ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। এছাড়াও তিনি তার ব্যবসার প্রয়োজনে ভাড়ার বিনিময়ে ৫ বছরের জন্য একটি মেশিন সংগ্রহ করে উৎপাদন অব্যাহত রেখেছেন।

ক. বাণিজ্যিক পত্র কী? ১
খ. সঞ্চিতি তহবিল কাকে বলে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব ফয়সাল কাঁচামাল ক্রয়ের অর্থায়নের কোন উৎস ব্যবহার করেছেন? বর্ণনা কর। ৩
ঘ. জনাব ফয়সালের মেশিন সংগ্রহের উৎসটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩। জনাব রহিম সাহেব ৬ বছর পর ২০ লক্ষ টাকা দিয়ে জমি কেনার আশায় মধুমতি ব্যাংকে স্থায়ী হিসাবে ১০ লক্ষ টাকা জমা রাখেন। উক্ত আমানতের বিপরীতে ব্যাংক তাকে ৮.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দেয়।

ক. বাট্টাকরণ কী? ১
খ. অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের মধ্যে পার্থক্য ঘটার কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. মধুমতি ব্যাংকের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. উক্ত মেয়াদ শেষে জমি কিনতে জনাব রহিম সাহেবের আর কত টাকা প্রয়োজন হবে তা বিশ্লেষণ কর। ৪

৪। জনাব মোহন নিজস্ব মূলধন ও ব্যাংক ঋণ নিয়ে "আরাম সুজ" নামে একটি জুতার কারখানা প্রতিষ্ঠা করেন। কিন্তু আর্থিক মন্দার কারণে জুতা বিক্রি কমে যাওয়ায় তিনি ক্ষতিগ্রস্ত হন। ফলে তিনি ঋণের অর্থ পরিশোধে ব্যর্থ হন। ব্যবসা বন্ধ করে তিনি নতুন একটি ফার্মেসী ব্যবসা চালু করার সিদ্ধান্ত নেন। তার প্রতিষ্ঠানের বিগত কয়েক বছরের আয়ের হার যথাক্রমে ১০%, – ৫%, ১২%, ১৫%, ০%। নতুন ফার্মেসী প্রতিষ্ঠানের আদর্শ বিচ্যুতি ৬.৫%।

ক. অনিশ্চয়তা কী? ১
খ. সরকার কর্তৃক ইস্যুকৃত বিনিয়োগ ক্ষেত্র ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব মোহন তার ব্যবসায়ে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? বর্ণনা কর। ৩
ঘ. মোহন সাহেবের জুতা কারখানা বন্ধ করে নতুন ঔষধ ফার্মেসী চালু করা যৌক্তিক কিনা তা মূল্যায়ন কর। ৪

৫। কামাল ট্রেডার্স ৬ লক্ষ টাকা দিয়ে একটি ফটোকপি মেশিন জাপান থেকে আমদানি করার সিদ্ধান্ত নেন। মেশিনটি ৫ বছর মেয়াদি এবং বার্ষিক অবচয় ১,২০,০০০ টাকা। আগামী ৫ বছর মেশিন থেকে প্রত্যাশিত নিট মুনাফা যথাক্রমে ৬৫,০০০, ৭৫,০০০, ৮৫,০০০, ৯০,০০০, ৯৫,০০০ টাকা। অপরদিকে তার বন্ধু তমাল তাকে একটি ফটোকপি মেশিন ক্রয়ের প্রস্তাব দেয় যার পে-ব্যাক সময় ৪ বছর।

ক. মূলধন বাজেটিং কাকে বলে? ১
খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর কেন? ব্যাখ্যা কর। ২
গ. কামাল ট্রেডার্স এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. কামাল ট্রেডার্স এর পে-ব্যাক সময় নির্ণয় করে তমালের প্রস্তাব গ্রহণ যুক্তিসংগত কিনা মতামত দাও। ৪

৬। মি. আতিক তার জমানো কিছু অর্থ বিনিয়োগ করার জন্য বিভিন্ন বিনিয়োগ ক্ষেত্র বিচার বিশ্লেষণ করে একটি কোম্পানির স্থাবর সম্পত্তির মূল্যবান কাগজপত্র নিজের কাছে সংরক্ষণ করে বিনিয়োগের জন্য চুক্তিবদ্ধ হন। অপরদিকে তার বন্ধু আরিফ বেশি আয়ের আশায় বেশি ঝুঁকি নিতে আগ্রহী হয়ে বিনিয়োগ করতে চান। তিনি মনে করেন, ঝুঁকিপূর্ণ বিনিয়োগেই সর্বোচ্চ আয় সম্ভব।

ক. শেয়ার কী? ১
খ. স্টক লভ্যাংশ কাকে বলে? ব্যাখ্যা কর। ২
গ. মি. আতিকের বিনিয়োগ ক্ষেত্রটি বর্ণনা কর। ৩
ঘ. "আরিফের বিনিয়োগ কোম্পানির মালিকানা পেলেও ঝুঁকি বেশি।" কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

ব্যাংকিং অংশ

৭। বৈদ্যুতিক সামগ্রি ব্যবসায়ী জনাব সিহাব জাপানের 'ইজুমি' কোম্পানি হতে কিছু যন্ত্রপাতি কেনার সিদ্ধান্ত নেন। এই জন্য "সুরমা ব্যাংক" ইজুমি কোম্পানিকে প্রয়োজনীয় অর্থ পরিশোধের নিশ্চয়তা দেয়। অপরদিকে শ্যামল নামক একজন গ্রাহক সুরমা ব্যাংকের কাছে ঋণের জন্য আবেদন করলে প্রয়োজনীয় কাগজপত্র ঠিক না থাকায় ব্যাংক ঋণদানে অসম্মতি জানায়। সম্প্রতি ব্যাংকটি দুইজন গ্রাহকের চেকের অর্থ পরিশোধে ব্যর্থ হয়েছে।

ক. সর্বনিম্ন কত সময়ের জন্য মেয়াদি আমানত করা হয়? ১
খ. স্কুল ব্যাংকিং কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সিহাবকে যন্ত্রপাতি কেনায় সুরমা ব্যাংক কোন ধরনের সহযোগিতা করবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক নীতির আলোকে উদ্দীপকের সুরমা ব্যাংকের কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

৮। শাহিন সাহেব একজন চাকুরীজীবী। তিনি প্রতি মাসে কিছু টাকা জমানোর জন্য ব্যাংকে একটি হিসাব খুলতে চান। এ ব্যাপারে তার বন্ধু সাগরের পরামর্শে সামান্য কিছু অর্থ জমা দিয়ে "M" ব্যাংকে একটি হিসাব খুলেন। মি. নাজমুল "N" ব্যাংকে ২০ লক্ষ টাকা ঋণ নিতে আবেদন করলে ব্যাংক সরাসরি ঋণ মঞ্জুর না করে উক্ত টাকা একটি হিসাব খুলে চেকের মাধ্যমে তুলে খরচ করার পরামর্শ দেন।

ক. ব্যাংক ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী? ১
খ. দাগকাটা চেক অধিক নিরাপদ কেন? ব্যাখ্যা কর। ২
গ. শাহিন সাহেব "M" ব্যাংকে কোন ধরনের হিসাব খুলবেন? বর্ণনা কর। ৩
ঘ. 'নাজমুল সাহেবকে ঋণ মঞ্জুরের ক্ষেত্রে "N" ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করেছে'— বিশ্লেষণ কর। ৪

৯। শফিক সাহেব একজন চাকুরীজীবী। তিনি তার ছেলে তন্ময়কে একটি চেক দিয়ে ব্যাংকে পাঠান। তন্ময় চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংক সাথে সাথে টাকা পরিশোধ করে। জনাব হালিম ব্যবসায়িক প্রয়োজনে বাড়ির দলিল জমা রেখে ত্রিশ লক্ষ টাকা ঋণ নিয়েছেন কিন্তু তিনি সময়মত ঋণের অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন।

ক. কোন ইলেকট্রনিক ব্যাংকিং পণ্যের জন্য ব্যাংকে হিসাব থাকার আবশ্যকতা নেই। ১
খ. ব্যাংকে বিভিন্ন প্রকার হিসাব খোলার ব্যবস্থা রাখা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. চেকের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংক তন্ময়ের প্রতি কোন দায়িত্ব পালন করেছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে ব্যাংকের ঋণ আদায়ে শফিক সাহেবের মতো গ্রাহকের প্রতি কী দায়িত্ব আছে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১০। জনাব আদিল "স্টার" ব্যাংকের একজন গ্রাহক। তিনি এই ব্যাংকে প্রতিনিয়ত অর্থ জমা রাখেন এবং প্রয়োজনে ঋণও নেন। সম্প্রতি আদিল একটি সাবান তৈরির কারখানা নির্মাণের জন্য স্টার ব্যাংকে ঋণ চাইলে ব্যাংক তাকে "মুন" ব্যাংকের শরণাপন্ন হওয়ায় পরামর্শ দেন।

ক. ব্যাংক তার মক্কেলের প্রাপ্য সুদ কীভাবে তার হিসাবে জমা করে। ১
খ. বাড়ি ভাড়া আদায় করা ব্যাংকের কোন ধরনের কাজ? ব্যাখ্যা কর। ২
গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী "স্টার" ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩
ঘ. জনাব আদিলের "মুন" ব্যাংকের শরণাপন্ন হওয়ার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১। জনাব হাসিব X নামক একটি ব্যাংকের কর্মকর্তা। X ব্যাংকের প্রধান কাজ হল আমানত সংগ্রহ এবং ঋণ দান করা। তার বন্ধু হারুন সাহেব Y নামক একটি ব্যাংকের কর্মকর্তা। হারুন সাহেবের ব্যাংকটি মুদ্রাবাজারের অভিভাবক ও ঋণের সর্বশেষ আশ্রয়স্থল হিসেবে কাজ করে থাকে।

ক. কেন্দ্রীয় ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী? ১
খ. বিধিবদ্ধ রিজার্ভ বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ব্যাংক X এবং Y এর মধ্যে কী ধরনের সম্পর্ক তা বর্ণনা কর। ৩
ঘ. মুদ্রাবাজার এবং দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে কোন ব্যাংকটি বেশি তাৎপর্যপূর্ণ? বিশ্লেষণ কর। ৪

উত্তরমালা (যশোর বোর্ড ২০২৫)

বহুনির্বাচনি অভীক্ষা

১	গ	২	ঘ	৩	গ	৪	ঘ	৫	খ	৬	খ	৭	ক	৮	ক	৯	খ	১০	গ	১১	ঘ	১২	খ	১৩	ঘ	১৪	গ	১৫	খ
১৬	খ	১৭	ক	১৮	ক	১৯	গ	২০	গ	২১	ক	২২	ঘ	২৩	ঘ	২৪	ক	২৫	ঘ	২৬	ক	২৭	ঘ	২৮	ক	২৯	ক	৩০	খ

সৃজনশীল

প্রশ্ন ▶ ০১ সবুজ লাইব্রেরির মালিক জনাব আসিফ তার লাইব্রেরিতে স্কুল কলেজের বইয়ের পাশাপাশি গল্প, উপন্যাস, নাটক ও ধর্মীয় বই রাখেন। ব্যবসা সফলভাবে পরিচালনার জন্য লাইব্রেরিতে বিভিন্নরকম স্টেশনারী আইটেমও রাখেন। সম্প্রতি তিনি লাইব্রেরির একপাশে কম্পোজ ও প্রিন্টিং চালু করার জন্য ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত নেন। এতে তার মুনাফা বৃদ্ধি পাবে বলে তিনি মনে করেন।

ক. কোন ধরনের অর্থায়ন সাধারণত অলাভজনক হয়? ১

খ. ব্যবসায় প্রতিষ্ঠানে পরিকল্পনামাফিক অর্থায়ন করার কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আসিফের ব্যবসায় অর্থায়নের কোন নীতি পরিলক্ষিত হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. কম্পিউটার ক্রয়ের জন্য জনাব আসিফের ঋণ গ্রহণ কতটা যৌক্তিক বলে তুমি মনে কর। মতামত দাও। ৪

[য. বো. ২০২৫]

১নং প্রশ্নের উত্তর

ক সরকারি অর্থায়ন সাধারণত অলাভজনক হয়।

খ ব্যবসায় প্রতিষ্ঠানে পরিকল্পনা মাফিক অর্থায়ন করার কারণ হচ্ছে ব্যবসায়ের সঠিক লক্ষ্য ও ঝুঁকি হ্রাস এবং সম্পদের সুষ্ঠ ব্যবহার করা। একজন ব্যবসায়ী অর্থায়ন ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞান থাকলে পরিকল্পনামাফিক স্বল্পমূল্যে প্রয়োজনীয় পরিমাণ অর্থসংস্থান করতে পারে। অর্থায়ন ব্যবস্থাপনা একজন ব্যবসায়ীকে সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে কী পরিমাণ তহবিল স্বল্পমূল্যে সংগ্রহ করা যাবে সে বিষয়ে জ্ঞান দান করে। ফলে সংগৃহীত অর্থের যথাযথ ব্যবহারের মাধ্যমে ব্যবসায় পরিচালনা করে পর্যাপ্ত মুনাফা অর্জন করা সম্ভব হয়।

গ জনাব আসিফ অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি অনুযায়ী পাঠ্যবইয়ের পাশাপাশি অন্য বই ও স্টেশনারী সামগ্রী বিক্রয় করেন।

এই নীতির মূল কথা হলো একাধিক পণ্যের সমাহার করে ঝুঁকি হ্রাস করা। অর্থাৎ, সকল অর্থ একটি নির্দিষ্ট খাতে বিনিয়োগ না করে একাধিক খাতে বিনিয়োগ করা। এই নীতির মাধ্যমে ব্যবসায়ে ঝুঁকি বণ্টন করে প্রত্যাশিত মুনাফা অর্জন করা যায়।

উদ্দীপকে জনাব আসিফ একজন বই বিক্রেতা। তিনি স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য পাঠ্যবই বিক্রয় করেন। এছাড়াও জনপ্রিয় লেখকদের গল্প, উপন্যাসের বইও বিক্রয় করেন। তার দোকানে স্টেশনারী সামগ্রীও পাওয়া যায়। এখানে জনাব আসিফ একাধিক পণ্য নিয়ে ব্যবসায় করেন। জনাব আসিফ একটি পণ্য নিয়ে ব্যবসায় করলে ক্ষতি হওয়ার আশঙ্কা থাকতো। কিন্তু বৈচিত্র্যপূর্ণ পণ্যের কারণে একটি পণ্যের মুনাফা দিয়ে থাকতো। কিন্তু বৈচিত্র্যপূর্ণ পণ্যের কারণে একটি পণ্যের মুনাফা দিয়ে অন্য পণ্যের ক্ষতি কাটিয়ে ওঠা সম্ভব। এর ফলে ব্যবসায়ের ঝুঁকি বণ্টিত হবে এবং হ্রাস পাবে। এভাবে বিভিন্ন পণ্যের সমাবেশ ঘটালে ব্যবসায়ের মুনাফা অর্জনের সম্ভাবনা বৃদ্ধি পাবে। তাই বলা যায়, জনাব আসিফ ব্যবসায়ের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি মেনে চলেছেন।

ঘ উপযুক্ততার নীতি অনুযায়ী কম্পিউটার ক্রয় করার জন্য গৃহীত স্বল্পমেয়াদি ঋণের ব্যবস্থা জনাব আসিফের জন্য যথার্থ হয়েছে বলে আমি মনে করি।

এ নীতি অনুযায়ী স্বল্পমেয়াদি তহবিল দ্বারা চলতি মূলধনের ব্যবস্থা করা হয়। আবার, দীর্ঘমেয়াদি তহবিল দিয়ে স্থায়ী মূলধন সরবরাহ করা হয়। ব্যবসায়ের অনিয়মিত পণ্য কেনা, আসবাবপত্র, কম্পিউটারসহ বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের জন্য স্থায়ী মূলধন প্রয়োজন হয়। ব্যাংক থেকে দীর্ঘমেয়াদি ঋণ নিয়ে এ ধরনের মূলধনের ব্যবস্থা করা যায়।

উদ্দীপকে জনাব আসিফ বই বিক্রয় করেন। তিনি স্কুল-কলেজের বইয়ের পাশাপাশি গল্প ও উপন্যাসের বই বিক্রয় করেন। এছাড়াও তিনি স্টেশনারী সামগ্রীও বিক্রয় করেন। তিনি তার ব্যবসায়ের কার্যক্রম পরিচালনার জন্য দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ করেন।

সাধারণত ব্যবসায়ের দৈনন্দিন খরচ নির্বাহের জন্য চলতি মূলধনের প্রয়োজন হয়। অন্য দিকে সম্পদ বা দীর্ঘমেয়াদি বিনিয়োগে স্থায়ী খরচ ব্যবহৃত হয়। জনাব আসিফের ব্যবসায়িক পণ্য হলো বিভিন্ন বই ও স্টেশনারী সামগ্রী এবং কম্পিউটার ক্রয়। ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা এবং কম্পিউটার ক্রয় করার জন্য অর্থের প্রয়োজন হলে তিনি দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ করেন। অর্থাৎ, চলতি খরচ এবং কম্পিউটার ক্রয় বাবদ ব্যয় নির্বাহের জন্য তিনি দীর্ঘমেয়াদি ঋণের উৎস ব্যবহার করেন। এ ঋণের বিপরীতে তাকে কোনো জামানত প্রদান করতে হয়। ব্যবসায়ের পণ্য বিক্রয়লব্ধ আয় দ্বারা সহজেই তিনি এ ঋণ পরিশোধ করতে পারবেন। এছাড়াও অর্থায়নের অন্যান্য দীর্ঘমেয়াদি বিকল্প উৎসের তুলনায় এ উৎসের খরচ তুলনামূলকভাবে কম। তাই বলা যায়, কম্পিউটার ক্রয়ের জন্য জনাব আসিফের দীর্ঘমেয়াদি ঋণ নেওয়া যৌক্তিক সিদ্ধান্ত হয়েছে।

প্রশ্ন ▶ ০২ জনাব ফয়সাল একজন গার্মেন্টর্স ব্যবসায়ী। ব্যবসায়ের কাঁচামাল ক্রয়ের জন্য তিনি X ব্যাংক থেকে চার মাসের জন্য ১০% সুদে ২ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। এছাড়াও তিনি তার ব্যবসার প্রয়োজনে ভাড়ার বিনিময়ে ৫ বছরের জন্য একটি মেশিন সংগ্রহ করে উৎপাদন অব্যাহত রেখেছেন।

ক. বাণিজ্যিক পত্র কী? ১

খ. সঞ্চিতি তহবিল কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. জনাব ফয়সাল কাঁচামাল ক্রয়ের অর্থায়নের কোন উৎস ব্যবহার করেছেন? বর্ণনা কর। ৩

ঘ. জনাব ফয়সালের মেশিন সংগ্রহের উৎসটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

[য. বো. ২০২৫]

২নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৩ জনাব রহিম সাহেব ৬ বছর পর ২০ লক্ষ টাকা দিয়ে জমি কেনার আশায় মধুমতি ব্যাংকে স্থায়ী হিসাবে ১০ লক্ষ টাকা জমা রাখেন। উক্ত আমানতের বিপরীতে ব্যাংক তাকে ৮.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দেয়।

ক. বাট্টাকরণ কী? ১

খ. অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের মধ্যে পার্থক্য ঘটার কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. মধুমতি ব্যাংকের প্রকৃত সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. উক্ত মেয়াদ শেষে জমি কিনতে জনাব রহিম সাহেবের আর কত টাকা প্রয়োজন হবে তা বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৫]

৩নং প্রশ্নের উত্তর

ক বর্তমান মূল্য নির্ণয় করার প্রক্রিয়াকে বাট্টাকরণ বলে।

খ অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের মধ্যে পার্থক্যকারী উপাদানটি হলো সুদের হার। অর্থের সময়মূল্যের মূল কারণ হলো সুদের হার।

সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের যে পরিবর্তন হয় তাকে অর্থের সময়মূল্য বলে। অর্থের বর্তমান মূল্য এবং ভবিষ্যৎ মূল্য কত হবে সুদের হারের ওপর নির্ভর করে তা নির্ধারণ করা হয়। মূলত সুদের হারের কারণে বর্তমান মূল্য এবং ভবিষ্যৎ মূল্য সমান হয় না। কারণ বর্তমানে কোনো অর্থ ব্যাংকে জমা রাখলে সুদসহ ঐ জমাকৃত অর্থ থেকে অতিরিক্ত অর্থ পাওয়া যায়। অর্থাৎ বর্তমানের ১০০ টাকা এবং ১ বছর পরের ১০০ টাকা সুদের হারের কারণে সমান মূল্য বহন করে না। কেননা ব্যাংকের সুদের হার যদি ১০% হয় তবে ১ বছর পর ১০০ টাকার মূল্য হবে $১০০ (১ + ০.১০)^{১} = ১১০$ টাকা। আবার পাঁচ বছর পর সরল সুদে ১০০ টাকার মূল্য হবে ১৫০ টাকা। এর মূল কারণ হচ্ছে সুদের হার।

গ মধুমতি ব্যাংকের প্রকৃত সুদের হার নির্ণয় :

এখানে,

সুদের হার (i) = ৮.৫% বা ০.০৮৫

চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ৪ বার

আমরা জানি,

$$\text{প্রকৃত সুদের হার (EAR)} = \left\{\left(১ + \frac{i}{m}\right)^{m} - ১\right\} \times ১০০$$
$$= \left\{\left(১ + \frac{০.০৮৫}{৪}\right)^{৪} - ১\right\} \times ১০০$$
$$= (১.০৮৭৭৪৭৯ - ১) \times ১০০$$
$$= ০.০৮৭৭৪৭৯ \times ১০০$$
$$= ৮.৭৭\%$$

∴ মধুমতি ব্যাংকের প্রকৃত সুদের হার ৮.৭৭%।

ঘ জনাব রহিম সাহেব ২০ লক্ষ টাকা পেতে মেয়াদ শেষে আর কত টাকা লাগবে তা নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য, (PV) = ১০,০০,০০০ টাকা

সুদের হার, (i) = ৮.৫% বা ০.০৮৫

মেয়াদকাল, (n) = ৬ বছর

চক্রবৃদ্ধির সংখ্যা = ৪ বার (∵ ত্রৈমাসিক চক্রবৃদ্ধি)

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য, FV} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$
$$= ১০,০০,০০০\left(১ + \frac{০.০৮৫}{৪}\right)^{৬ \times ৪}$$
$$= ১০,০০,০০০ (১.০২১২৫)^{২৪}$$
$$= ১০,০০,০০০ \times ১.৬৫৬৪১$$
$$= ১৬,৫৬,৪১০ \text{ টাকা (প্রায়)}$$

∴ জনাব রহিম মধুমতি ব্যাংক হতে ৬ বছর পর ১৬,৫৬,৪১০ টাকা পাবেন। যেহেতু জমি কিনতে ২০ লক্ষ টাকা লাগবে তাহলে জনাব রহিম সাহেবের আরো (২০,০০,০০০ − ১৬,৫৬,৪১০) = ৩,৪৩,৫৯০ টাকা প্রয়োজন হবে।

প্রশ্ন ▶ ০৪ জনাব মোহন নিজস্ব মূলধন ও ব্যাংক ঋণ নিয়ে "আরাম সুজ" নামে একটি জুতার কারখানা প্রতিষ্ঠা করেন। কিন্তু আর্থিক মন্দার কারণে জুতা বিক্রি কমে যাওয়ায় তিনি ক্ষতিগ্রস্ত হন। ফলে তিনি ঋণের অর্থ পরিশোধে ব্যর্থ হন। ব্যবসা বন্ধ করে তিনি নতুন একটি ফার্মেসী ব্যবসা চালু করার সিদ্ধান্ত নেন। তার প্রতিষ্ঠানের বিগত কয়েক বছরের আয়ের হার যথাক্রমে ১০%, – ৫%, ১২%, ১৫%, ০%। নতুন ফার্মেসী প্রতিষ্ঠানের আদর্শ বিচ্যুতি ৬.৫%।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. সরকার কর্তৃক ইস্যুকৃত বিনিয়োগ ক্ষেত্র ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব মোহন তার ব্যবসায়ে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? বর্ণনা কর। ৩

ঘ. মোহন সাহেবের জুতা কারখানা বন্ধ করে নতুন ঔষধ ফার্মেসী চালু করা যৌক্তিক কিনা তা মূল্যায়ন কর। ৪

[য. বো. ২০২৫]

৪নং প্রশ্নের উত্তর

ক ভবিষ্যতে কোনো একটি ঘটনা ঘটা বা না ঘটার সম্ভাবনাকে যখন গাণিতিকভাবে নির্ণয় করা যায় না তখন তাকে অনিশ্চয়তা বলে।

খ আয়ের হার নির্দিষ্ট হওয়ায় সরকার কর্তৃক ইস্যুকৃত বিনিয়োগ ক্ষেত্র (ট্রেজারি বিল, ট্রেজারি বন্ড) ঝুঁকিমুক্ত থাকে।

এ ধরনের বিনিয়োগে প্রকৃত আয় সবসময় প্রত্যাশিত আয়ের সমান হয়। অর্থাৎ, সরকার কর্তৃক ইস্যুকৃত বিনিয়োগ ক্ষেত্রগুলো নির্দিষ্ট হারে আয় দেওয়ায় প্রাপ্ত আয়কে ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য করা যায়।

গ উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানে ব্যবসায়িক ঝুঁকি বিদ্যমান।

ব্যবসায় প্রতিষ্ঠান সফলভাবে চালানোর জন্য বিভিন্ন রকম পরিচালনা ব্যয়ের সৃষ্টি হয়। যেমন: কাঁচামাল ক্রয়, শ্রমিকের বেতন, অফিস ভাড়া ইত্যাদি। এসব পরিচালনা খরচ পরিশোধের অক্ষমতা থেকে ব্যবসায়িক ঝুঁকির সৃষ্টি হয়। প্রতিষ্ঠানের পরিচালনা ব্যয় মেটানোর সক্ষমতা নির্ভর করে বিক্রয় থেকে আয়ের স্থিতিশীলতার উপর। বিক্রয়লব্ধ আয় কোনো সময় বেশি আবার কোনো সময় কম হলে প্রতিষ্ঠানের পরিচালনা ব্যয় মেটাতে অনিশ্চয়তা দেখা দেয়।

উদ্দীপকে আরাম সুজ সম্প্রতি বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে বিক্রয়ের পরিমাণ হ্রাস পাওয়ায় পরিচালন খরচ মেটাতে অনিশ্চয়তা দেখা দেয়। উক্ত কোম্পানিতে ব্যবসায়িক ঝুঁকি বিদ্যমান। কেননা বিক্রয়ের পরিমাণ হ্রাস পেলে প্রতিষ্ঠান পরিচালন খরচ মেটাতে সক্ষম হয় না, ফলে ব্যবসায়িক ঝুঁকি সৃষ্টি হয়। সুতরাং বলা যায় যে, আরাম সুজ কারখানাতে ব্যবসায়িক ঝুঁকি বিদ্যমান।

ঘ জনাব মোহন সাহেবের 'আরাম সুজ' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় :

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়–গড়) (%)	ব্যবধানের বর্গ (%)
১	১০	(১০ – ৬.৪০) = ৩.৬০	১২.৯৬
২	– ৫	(– ৫ – ৬.৪০) = – ১১.৪০	১২৯.৯৬
৩	১২	(১২ – ৬.৪০) = ৫.৬০	৩১.৩৬
৪	১৫	(১৫ – ৬.৪০) = ৮.৬০	৭৩.৯৬
৫	০	(০ – ৬.৪০) = – ৬.৪০	৪০.৯৬
যোগফল	৩২	ব্যবধান বর্গের যোগফল =	২৮৯.২০
গড় আয়	$\frac{৩২}{৫}$ = ৬.৪০%	ব্যবধান বর্গের গড় $= \frac{২৮৯.২০}{n - ১} = \frac{২৮৯.২০}{৫ - ১} = \frac{২৮৯.২০}{৪}$	= ৭২.৩০

∴ আদর্শ বিচ্যুতি $= \sqrt{৭২.৩০}$ = ৮.৫০% টাকা (প্রায়)।

লক্ষণীয় যে, আরাম সুজ কারখানার আদর্শ বিচ্যুতি ৮.৫০% অন্যদিকে ফার্মেসীর আদর্শ বিচ্যুতি ৬.৫% (প্রশ্নে প্রদত্ত) যা আরাম সুজ থেকে কম। যে প্রকল্পের আদর্শ বিচ্যুতি বেশি সেই প্রকল্পের ঝুঁকি বেশি। অর্থাৎ জনাব মোহনের আরাম সুজ প্রকল্প থেকে ফার্মেসী প্রকল্পের ঝুকি কম। তাই জনাব মোহনের জন্য ফার্মেসী ব্যবসায় চালিয়ে যাওয়া যৌক্তিক।

প্রশ্ন ▶ ০৫ কামাল ট্রেডার্স ৬ লক্ষ টাকা দিয়ে একটি ফটোকপি মেশিন জাপান থেকে আমদানি করার সিদ্ধান্ত নেন। মেশিনটি ৫ বছর মেয়াদি এবং বার্ষিক অবচয় ১,২০,০০০ টাকা। আগামী ৫ বছর মেশিন থেকে প্রত্যাশিত নিট মুনাফা যথাক্রমে ৬৫,০০০, ৭৫,০০০, ৮৫,০০০, ৯০,০০০, ৯৫,০০০ টাকা। অপরদিকে তার বন্ধু তমাল তাকে একটি ফটোকপি মেশিন ক্রয়ের প্রস্তাব দেয় যার পে-ব্যাক সময় ৪ বছর।

ক. মূলধন বাজেটিং কাকে বলে? ১
খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর কেন? ব্যাখ্যা কর। ২
গ. কামাল ট্রেডার্স এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. কামাল ট্রেডার্স এর পে-ব্যাক সময় নির্ণয় করে তমালের প্রস্তাব গ্রহণ যুক্তিসংগত কিনা মতামত দাও। ৪

[য. বো. ২০২৫]

৫নং প্রশ্নের উত্তর

ক মূলধন বাজেটিং হলো দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের সাথে জড়িত একটি প্রক্রিয়া।

খ ভবিষ্যতের তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে মূলধন বাজেটিং করা হয় বলে এটি অনুমাননির্ভর।

মূলধন বাজেটিং-এ অধিকাংশ অনুমানই ভবিষ্যতের ওপর নির্ভরশীল। একটি স্থায়ী সম্পত্তি যেমন– মেশিনটিতে বিনিয়োগ করা উচিত কি না এই সিদ্ধান্তটি ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্যটির ভবিষ্যতে বিক্রয় বাবদ ও উৎপাদিত খরচের ওপর নির্ভর করে। ভবিষ্যতের এই তথ্য-উপাত্ত একটি অনুমাননির্ভর যা বাস্তবসম্মত নাও হতে পারে। তাই মূলধন বাজেটিং সবসময় অনুমাননির্ভর হয়।

গ কামাল ট্রেডার্সের গড় মুনাফার হার নির্ণয় :

এখানে,

$$∴ \text{ গড় নিট মুনাফা } = \frac{৬৫,০০০ + ৭৫,০০০ + ৮৫,০০০ + ৯০,০০০ + ৯৫,০০০}{৫}$$

= ৮২,০০০ টাকা

$$\text{গড় বিনিয়োগ } = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ + ভগ্নাবশেষ মূল্য}}{২} \text{ টাকা}$$

$$= \frac{৬,০০,০০০ + ০}{২} \text{ টাকা}$$

= ৩,০০,০০০ টাকা

$$\text{গড় মুনাফার হার } = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{৮২,০০০}{৩,০০,০০০} \times ১০০$$

= ২৭.৩৩%

∴ কামাল ট্রেডার্সের গড় মুনাফার হার ২৭.৩৩%।

ঘ কামাল ট্রেডার্সের পে-ব্যাক সময় নির্ণয় করে তমালের প্রস্তাব যুক্তিসংগত কিনা তা নির্ণয় :

কামাল ট্রেডার্সের পে-ব্যাক সময় নির্ণয় ;

বিবরণ	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
নিট মুনাফা	৬৫,০০০	৭৫,০০০	৮৫,০০০	৯০,০০০	৯৫,০০০
যোগ : অবচয়	১,২০,০০০	১,২০,০০০	১,২০,০০০	১,২০,০০০	১,২০,০০০
নগদ আন্তঃপ্রবাহ	১,৮৫,০০০	১,৯৫,০০০	২,০৫,০০০	২,১০,০০০	২,১৫,০০০

কামাল ট্রেডার্সের ক্রমযোজিত নগদ আন্তঃপ্রবাহ :

বছর	নগদ প্রবাহ	ক্রমযোজিত নগদ প্রবাহ
০	– ৬,০০,০০০	– ৬,০০,০০০
১	১,৮৫,০০০	– ৪,১৫,০০০
২	১,৯৫,০০০	– ২,২০,০০০
৩	২,০৫,০০০	– ১৫,০০০
৪	২,১০,০০০	১,৯৫,০০০
৫	২,১৫,০০০	৪,১০,০০০

$$∴ \text{ পে-ব্যাক সময় } = ৩ \text{ বছর} + \frac{১৫,০০০}{২,১০,০০০}$$

= ৩.০৭ বছর

উত্তর : পে-ব্যাক সময় ৩.০৭ বছর।

সুতরাং জনাব কামাল ট্রেডার্সের পে-ব্যাক সময় ৩.০৭ বছর। অন্যদিকে, তার বন্ধুর প্রস্তাবের পে-ব্যাক সময় ৪ বছর। পে-ব্যাক সময়ের সিদ্ধান্ত অনুযায়ী যে প্রকল্পের পে-ব্যাক সময় যত কম সে প্রকল্প তত বেশি গ্রহণযোগ্য। তাই জনাব কামালের জন্য তার বন্ধু তমালের প্রস্তাব গ্রহণ যুক্তিসংগত নয় কারণ তার ঝুঁকি বেশি।

প্রশ্ন ▶ ০৬ মি. আতিক তার জমানো কিছু অর্থ বিনিয়োগ করার জন্য বিভিন্ন বিনিয়োগ ক্ষেত্র বিচার বিশ্লেষণ করে একটি কোম্পানির স্থাবর সম্পত্তির মূল্যবান কাগজপত্র নিজের কাছে সংরক্ষণ করে বিনিয়োগের জন্য চুক্তিবদ্ধ হন। অপরদিকে তার বন্ধু আরিফ বেশি আয়ের আশায় বেশি ঝুঁকি নিতে আগ্রহী হয়ে বিনিয়োগ করতে চান। তিনি মনে করেন, ঝুঁকিপূর্ণ বিনিয়োগেই সর্বোচ্চ আয় সম্ভব।

ক. শেয়ার কী? ১
খ. স্টক লভ্যাংশ কাকে বলে? ব্যাখ্যা কর। ২
গ. মি. আতিকের বিনিয়োগ ক্ষেত্রটি বর্ণনা কর। ৩
ঘ. "আরিফের বিনিয়োগ কোম্পানির মালিকানা পেলেও ঝুঁকি বেশি।" কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৫]

৬নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৭ বৈদ্যুতিক সামগ্রি ব্যবসায়ী জনাব সিহাব জাপানের 'ইজুমি' কোম্পানি হতে কিছু যন্ত্রপাতি কেনার সিদ্ধান্ত নেন। এই জন্য "সুরমা ব্যাংক" ইজুমি কোম্পানিকে প্রয়োজনীয় অর্থ পরিশোধের নিশ্চয়তা দেয়। অপরদিকে শ্যামল নামক একজন গ্রাহক সুরমা

ব্যাংকের কাছে ঋণের জন্য আবেদন করলে প্রয়োজনীয় কাগজপত্র ঠিক না থাকায় ব্যাংক ঋণদানে অসম্মতি জানায়। সম্প্রতি ব্যাংকটি দুইজন গ্রাহকের চেকের অর্থ পরিশোধে ব্যর্থ হয়েছে।

ক. সর্বনিম্ন কত সময়ের জন্য মেয়াদি আমানত করা হয়? ১

খ. স্কুল ব্যাংকিং কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব সিহাবকে যন্ত্রপাতি কেনায় সুরমা ব্যাংক কোন ধরনের সহযোগিতা করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংক নীতির আলোকে উদ্দীপকের সুরমা ব্যাংকের কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৫]

৭নং প্রশ্নের উত্তর

ক সর্বনিম্ন ৩০ দিন বা ১ মাস সময়ের জন্য মেয়াদি আমানত করা হয়।

খ শিক্ষার্থীদের সঞ্চয়ের জন্য স্কুল ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছে।

স্কুলের শিক্ষার্থীদের সঞ্চয়ে উদ্বুদ্ধ করার জন্য যে ব্যাংকিং ব্যবস্থার প্রচলন করা হয়। তাকে স্কুল ব্যাংকিং বলে। এক্ষেত্রে স্কুলের শিক্ষার্থীদের সঞ্চয়ের জন্য সঞ্চয় বক্স বা ব্যাগ সরবরাহ করা হয়। শিক্ষার্থীরা এতে টাকা পয়সা জমা করে থাকে। এসব সঞ্চিত অর্থ স্কুল সঞ্চয়ী হিসাবের মাধ্যমে ব্যাংক আমানত হিসেবে গ্রহণ করে।

গ জনাব সিহাবকে যন্ত্রপাতি কেনায় সুরমা ব্যাংক প্রত্যয়পত্র বা LC ইস্যু করার মাধ্যমে সহযোগীতা করবে।

আমদানি-রপ্তানি বাণিজ্যে ব্যবহৃত একটি গুরুত্বপূর্ণ দলিল হলো Letter of Credit (LC) বা প্রত্যয়পত্র। প্রত্যয়পত্রের মাধ্যমে ব্যাংক বৈদেশিক বাণিজ্যে রপ্তানিকারককে আমদানিকারকের পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে। প্রত্যয়পত্র এমন একটি ব্যবস্থা, যেখানে আমদানিকারক ও রপ্তানিকারকের মধ্যে আর্থিক এবং ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে তাদের মনোনীত ব্যাংক দুই পক্ষের স্বার্থ সংরক্ষণের মাধ্যমে অভ্যন্তরীণ এবং বৈদেশিক ব্যবসায়-বাণিজ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

উদ্দীপকের জনাব সিহাব একজন আমদানিকারক। তিনি জাপানের ইজুমি কোম্পানি হতে যন্ত্রপাতি কেনার সিদ্ধান্ত নেন। সুরমা ব্যাংক ইজুমি কোম্পানিকে অগ্রিম অর্থ প্রদানের নিশ্চয়তা চায়। এ ব্যাপারে 'সুরমা ব্যাংক' ব্যাংক তার পক্ষে অর্থ প্রদানের নিশ্চয়তা দেয়। এক্ষেত্রে 'সুরমা ব্যাংক' ব্যাংক কর্তৃক গৃহীত বিশেষ পদক্ষেপটি হলো প্রত্যয়পত্র। কেননা এই দলিলের মাধ্যমে আমদানিকারকের পক্ষে বাণিজ্যিক ব্যাংক রপ্তানিকারককে অর্থ পরিশোধ করে। ফলে রপ্তানিকারক নিশ্চিন্তে পণ্য প্রেরণ করতে পারে। অতএব, উদ্দীপকে 'সুরমা ব্যাংক' ব্যাংক প্রত্যয়পত্রের মাধ্যমে জনাব নাঈমকে সহায়তা করে।

ঘ উদ্দীপকে ব্যাংকিং ব্যবসায়ের নীতি অনুসারে সুরমা ব্যাংকের অনুসৃত নীতিটি হলো নিরাপত্তার নীতি।

ব্যাংকিং ব্যবসায়ের ঝুঁকি এড়ানোর জন্য ব্যাংক কতগুলো মৌলিক নীতিমালা অনুসরণ করে। নিরাপত্তার নীতি অনুযায়ী ব্যাংক গ্রাহকের ঋণের বিপরীতে নিরাপত্তা বিধান করে। ব্যাংকের একটি অন্যতম নীতি হলো নিরাপত্তার নীতি। নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংক গ্রাহককে ঋণ দেওয়ার সমসয় গ্রাহকের আর্থিক সচ্ছলতা যাচাই করে। এছাড়া ব্যাংক বিভিন্ন সম্পত্তি যেমন : জমি, দালান ইত্যাদি বন্ধক নেয়।

উদ্দীপকে সুরমা ব্যাংকে এ বছর সিহাব সাহেব ঋণের জন্য আবেদন করেন। এক্ষেত্রে তিনি ঋণ নিতে আগ্রহী। তবে তার সরবরাহ করা তথ্য ও দলিলপত্রের মধ্যে যথেষ্ট অমিল রয়েছে। বাণিজ্যিক ব্যাংককে তার গ্রাহকের আমানতের অর্থের সর্বোচ্চ নিরাপত্তা বিধান করতে হয়। এক্ষেত্রে ঋণ দেওয়ার সময় ঋণগ্রহীতার সততা ও ঋণ ফেরতের নিশ্চয়তার বিষয়টি খেয়াল রাখতে হয়। ঋণগ্রহীতা অর্থ ফেরত দিতে ব্যর্থ হলে ব্যাংক বন্ধক করা সম্পত্তি বিক্রি করে তা আদায় করতে পারে। তবে উদ্দীপকে সিহাব সাহেবের সরবরাহ করা তথ্য ও দলিলপত্রে গরমিল রয়েছে। এক্ষেত্রে ঋণগ্রহীতার সততার অভাব ও ব্যাংকের নিরাপত্তাহীনতা দেখা যাচ্ছে। ফলে ব্যাংক তার পাওনা আদায়ে সমস্যার সম্মুখীন হতে পারে । একারণে ব্যাংক তাকে ঋণ প্রদানে অস্বীকৃতি জানায় তাই বলা যায়, সিহাব সাহেবকে ঋণ দেওয়া উচিত হবে না বলে আমি মনে করি।

প্রশ্ন ▶ ০৮ শাহিন সাহেব একজন চাকুরীজীবী। তিনি প্রতি মাসে কিছু টাকা জমানোর জন্য ব্যাংকে একটি হিসাব খুলতে চান। এ ব্যাপারে তার বন্ধু সাগরের পরামর্শে সামান্য কিছু অর্থ জমা দিয়ে "M" ব্যাংকে একটি হিসাব খুলেন। মি. নাজমুল "N" ব্যাংকে ২০ লক্ষ টাকা ঋণ নিতে আবেদন করলে ব্যাংক সরাসরি ঋণ মঞ্জুর না করে উক্ত টাকা একটি হিসাব খুলে চেকের মাধ্যমে তুলে খরচ করার পরামর্শ দেন।

ক. ব্যাংক ব্যবসায়ের তহবিলের মূল উৎস কী? ১

খ. দাগকাটা চেক অধিক নিরাপদ কেন? ব্যাখ্যা কর। ২

গ. শাহিন সাহেব "M" ব্যাংকে কোন ধরনের হিসাব খুলবেন? বর্ণনা কর। ৩

ঘ. 'নাজমুল সাহেবকে ঋণ মঞ্জুরের ক্ষেত্রে "N" ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করেছে'— বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৫]

৮নং প্রশ্নের উত্তর

ক ব্যাংক ব্যবসায়ের তহবিলের মূল উৎস গ্রাহকের আমানত।

খ গ্রাহকদের জন্য দাগকাটা চেক সর্বাধিক নিরাপদ।

বাহক বা হুকুম চেকের বাম কোণের উপরিভাগে আড়াআড়িভাবে সমান্তরাল দুটি রেখা অঙ্কন করা হলে তাকে দাগকাটা চেক বলে। এ চেকের অর্থ নির্দিষ্ট প্রাপকের ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করা হয়। ফলে এ ধরনের চেক চুরি বা হারিয়ে গেলেও কেউ এ চেকের অর্থ উত্তোলন করতে পারে না। তাই দাগকাটা চেক গ্রাহকদের জন্য অধিক নিরাপদ।

গ 'M ব্যাংকে' শাহিন সাহেব সঞ্চয়ী হিসাব খোলেন।

যে হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায়। কিন্তু সপ্তাহে দুইবার বা নির্দিষ্ট নিয়মানুযায়ী টাকা উত্তোলন করতে হয়। সাধারণত অব্যবসায়ী বা নির্দিষ্ট আয়ের জনগণ সঞ্চয়ের উদ্দেশ্যে এ হিসাব খুলে থাকেন। এ হিসাবের বিনিময়ে স্বল্প হারে সুদ দেওয়া হয়।

উদ্দীপকে শাহিন সাহেব একজন চাকরিজীবী। তিনি বেতনের সব টাকা খরচ করেন না। প্রত্যেক মাসে কিছু টাকা সঞ্চয় করেন। তিনি উক্ত সঞ্চয়কৃত টাকা নিরাপদে জমা রাখার উদ্দেশ্যে একটি ব্যাংক হিসাব খোলার সিদ্ধান্ত নেন। সাধারণত সঞ্চয়ী হিসাবে নিয়মিত অর্থ জমা দেওয়া যায় এবং প্রয়োজনে অর্থ উত্তোলন করা যায়। এই হিসাবে স্বল্প হারে সুদ পাওয়া যায়। চাকরিজীবীদের জন্য এ হিসাব খুবই উপযোগী। তাই বলা যায়, একজন চাকরিজীবী হিসেবে উদ্দীপকের শাহিন সাহেবের ব্যাংক হিসাবটি একটি সঞ্চয়ী হিসাব।

ঘ নাজমুল সাহেবকে ঋণ মঞ্জুরের ক্ষেত্রে 'N' ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করেছে কথাটি যথার্থ।

বাণিজ্যিক ব্যাংকসমূহ গ্রাহককে মঞ্জুরিকৃত ঋণের অর্থ নগদে না দিয়ে ঋণগ্রহীতার আমানত হিসাবে স্থানান্তর করে। উক্ত হিসাব থেকে পুনরায় ঋণের সৃষ্টি হয়। বাণিজ্যিক ব্যাংকের এ কৌশলকে ঋণ আমানত সৃষ্টি বলা হয়। যা বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজ।

উদ্দীপকে নাজমুল 'M' ব্যাংকে ঋণের আবেদন করলে ব্যাংক ম্যানেজার ঋণ মঞ্জুর করে তবে ঋণের টাকা নগদে না দিয়ে ব্যাংক হিসেবে জমা করার পরামর্শ দেন। অর্থাৎ ব্যাংক জনাব নাজমুলকে প্রদত্ত ঋণের অর্থ নগদে না দিয়ে উক্ত হিসাবে জমা দিবে। জনাব নাজমুল তার প্রয়োজন অনুযায়ী অর্থ এখান থেকে চেক কেটে উত্তোলন করতে পারবেন। চেকের মাধ্যমে উক্ত টাকা উত্তোলন করে বিধায় এ আমানত জনাব নাজমুল উঠানোর আগ পর্যন্ত ব্যাংক অন্য কোনো ব্যাংকে জমার মাধ্যমে নতুনভাবে আমানতের সৃষ্টি করেছে। তাই বলা যায়, উদ্দীপকের আলোকে ঋণের অর্থ হিসাবে জমা করার কাজটি হলো ঋণ আমানত সৃষ্টি। যা বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজ।

প্রশ্ন ▶ ০৯ শফিক সাহেব একজন চাকুরীজীবী। তিনি তার ছেলে তন্ময়কে একটি চেক দিয়ে ব্যাংকে পাঠান। তন্ময় চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংক সাথে সাথে টাকা পরিশোধ করে। জনাব হালিম ব্যবসায়িক প্রয়োজনে বাড়ির দলিল জমা রেখে ত্রিশ লক্ষ টাকা ঋণ নিয়েছেন কিন্তু তিনি সময়মত ঋণের অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন।

ক. কোন ইলেকট্রনিক ব্যাংকিং পণ্যের জন্য ব্যাংকে হিসাব থাকার আবশ্যকতা নেই। ১

খ. ব্যাংকে বিভিন্ন প্রকার হিসাব খোলার ব্যবস্থা রাখা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. চেকের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংক তন্ময়ের প্রতি কোন দায়িত্ব পালন করেছে? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে ব্যাংকের ঋণ আদায়ে শফিক সাহেবের মতো গ্রাহকের প্রতি কী দায়িত্ব আছে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৫]

৯নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ১০ জনাব আদিল ''স্টার'' ব্যাংকের একজন গ্রাহক। তিনি এই ব্যাংকে প্রতিনিয়ত অর্থ জমা রাখেন এবং প্রয়োজনে ঋণও নেন। সম্প্রতি আদিল একটি সাবান তৈরির কারখানা নির্মাণের জন্য স্টার ব্যাংকে ঋণ চাইলে ব্যাংক তাকে ''মুন'' ব্যাংকের শরণাপন্ন হওয়ায় পরামর্শ দেন।

ক. ব্যাংক তার মক্কেলের প্রাপ্য সুদ কীভাবে তার হিসাবে জমা করে। ১

খ. বাড়ি ভাড়া আদায় করা ব্যাংকের কোন ধরনের কাজ? ব্যাখ্যা কর। ২

গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী ''স্টার'' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩

ঘ. জনাব আদিলের ''মুন'' ব্যাংকের শরণাপন্ন হওয়ার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

[য. বো. ২০২৫]

১০নং প্রশ্নের উত্তর

ক ব্যাংক মক্কেলের প্রাপ্য সুদ স্বয়ংক্রিয়ভাবে মক্কেলের হিসাবে প্রদান করে।

খ বাড়ি ভাড়া আদায় করা ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজ।
ব্যাংক গ্রাহকের প্রতিনিধি হিসেবে বিভিন্ন কাজ করে। বিনিময়ে ব্যাংক সেবার মূল্য নিয়ে থাকে। ব্যাংক সাধারণত গ্রাহকের পক্ষে বিনিময় বিল ইস্যু ও বাড়ি ভাড়া সংগ্রহ করে থাকে।

গ কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুসারে 'স্টার' ব্যাংকটি হলো একটি শিল্প ব্যাংক।
দেশের শিল্প খাত উন্নয়নের লক্ষ্যে যে ব্যাংক প্রতিষ্ঠিত হয় তাকে শিল্প ব্যাংক বলে। যন্ত্রপাতি সংগ্রহ, ভূমি ক্রয়, কারখানা নির্মাণ ইত্যাদির জন্য শিল্প ব্যাংক ঋণ প্রদান করে থাকে। বিডিবিএল (Bangladesh Development Bank Limited) বাংলাদেশে এই ধরনের একটি ব্যাংক।
উদ্দীপকে জনাব আদিল একজন উদ্যোক্তা। তিনি ঋণের জন্য 'স্টার' ব্যাংকে আবেদন করেন। প্রতিষ্ঠানটি ভূমি ক্রয় ও কারখানা নির্মাণের জন্য ঋণ দেয়। বৈশিষ্ট্যগত দিক থেকে 'স্টার' ব্যাংকের সাথে শিল্প ব্যাংকের মিল রয়েছে।
শিল্প ব্যাংক দেশের শিল্প উন্নয়ন ও নতুন উদ্যোক্তা সৃষ্টির জন্য সহজ শর্তে ঋণ দেয়। কারখানা নির্মাণ, যন্ত্রপাতি সংগ্রহ, ভূমি ক্রয়, বিভিন্ন খরচ মেটাতে ব্যাংক দীর্ঘ ও মধ্যমেয়াদি ঋণ প্রদান করে থাকে। বাণিজ্যিক ব্যাংকগুলো সাধারণত দীর্ঘমেয়াদি প্রকল্পে বিনিয়োগে বেশি আগ্রহী নয়। অতএব বলা যায় যে, দেশের শিল্পের উন্নয়নে 'স্টার' ব্যাংকটির ভূমিকা অপরীসিম।

ঘ জনাব আদিলের মুন ব্যাংকের শরণাপন্ন হওয়ার যৌক্তিকতা যথার্থ।
মুন ব্যাংক হলো একটি বাণিজ্যিক ব্যাংক।
গ্রাহকদের নিকট থেকে তাদের সঞ্চয় বিভিন্ন হিসাবের (চলতি, সঞ্চয়ী ও স্থায়ী) মাধ্যমে আমানত হিসেবে গ্রহণ করা বাণিজ্যিক ব্যাংকের একটি প্রধান কাজ। মুনাফা অর্জনের উদ্দেশ্যে ব্যাংক এই অর্থ বিভিন্ন লাভজনক খাতে ঋণ দেয়। এছাড়াও বাণিজ্যিক ব্যাংক মূলধন গঠন, বিনিময়ের মাধ্যম সৃষ্টি, কর্মসংস্থান সৃষ্টি, অর্থের নিরাপত্তা প্রদান, অর্থনৈতিক উন্নয়ন, জীবনযাত্রার মান উন্নয়ন ইত্যাদি কার্যাবলী সম্পাদন করে থাকে।
উদ্দীপকে জনাব আদিল একটি সাবান তৈরির কারখানা নির্মাণের জন্য ঋণ নিতে চাইলে স্টার ব্যাংক তাকে মুন ব্যাংকের নিকট পাঠান কারণ মুন ব্যাংক ছিলো বাণিজ্যিক ব্যাংক। বাণিজ্যিক ব্যাংক জনগণের সঞ্চিত অর্থ জমা রাখে এবং বিনিময়ে তাদের কিছু সুবিধা দেয় যা বাণিজ্যিক ব্যাংকের একটি প্রধান কাজ। বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্য আমানতকারীর কাছ থেকে বিভিন্ন প্রকার হিসাবের মাধ্যমে কম সুদে আমানত গ্রহণ করে এবং সেই অর্থ বেশি সুদে ঋণ হিসেবে বিতরণ করে। এক্ষেত্রে ব্যাংকটি জনগণের বিক্ষিপ্ত সঞ্চয়গুলো একত্রিত করে মূলধন গঠন করে। এই ধরনের তহবিল থেকে ব্যাংক বিভিন্ন উৎপাদনশীল ও লাভজনক খাতে বিনিয়োগ করে বা ঋণদান করে।
উদ্দীপকে M ব্যাংকের কার্যাবলীর সাথে বাণিজ্যিক ব্যাংকের কার্যাবলী সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী M ব্যাংকের ধরনটি হলো বাণিজ্যিক ব্যাংক। ফলে জনাব আদিলের মুন ব্যাংকের শরাণাপন্ন হওয়ার যৌক্তিকতা ছিলো বলে আমি মনে করি।

প্রশ্ন ▶ ১১ জনাব হাসিব X নামক একটি ব্যাংকের কর্মকর্তা। X ব্যাংকের প্রধান কাজ হল আমানত সংগ্রহ এবং ঋণ দান করা। তার বন্ধু হারুন সাহেব Y নামক একটি ব্যাংকের কর্মকর্তা। হারুন সাহেবের ব্যাংকটি মুদ্রাবাজারের অভিভাবক ও ঋণের সর্বশেষ আশ্রয়স্থল হিসেবে কাজ করে থাকে।

ক. কেন্দ্রীয় ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী? ১

খ. বিধিবদ্ধ রিজার্ভ বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ব্যাংক X এবং Y এর মধ্যে কী ধরনের সম্পর্ক তা বর্ণনা কর। ৩

ঘ. মুদ্রাবাজার এবং দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে কোন ব্যাংকটি বেশি তাৎপর্যপূর্ণ? বিশ্লেষণ কর। ৪

[য. বো. ২০২৫]

১১নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

চট্টগ্রাম বোর্ড-২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 5 2**

সময় : ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ব্যবসায়ের মূল চালিকা শক্তি কোনটি?
ⓚ ঝুঁকি নিয়ন্ত্রণ ⓚ পরিচালনা
ⓖ অর্থায়ন ⓖ আয় সিদ্ধান্ত

২. সরকারের অর্থ সংগ্রহের উৎস কোনটি?
ক) আমদানি শুল্ক খ) লকার ভাড়া
গ) সম্পদ বিক্রয় ঘ) শেয়ার বিক্রয়

৩. 'বাণিজ্যিক পত্র' অর্থায়নের উৎস—
i. অপ্রাতিষ্ঠানিক ii. মধ্যমেয়াদি iii. বহিস্থ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

৪. জামান টেইলার্সের ব্যবসায় সম্প্রসারণের জন্য মেশিন কিনতে অর্থায়নের উৎস হতে পারে—
i. শেয়ার বিক্রি ii. ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন iii. প্রাপ্যবিল বাট্টাকরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

৫. নিচের কোন প্রতিষ্ঠানটির অর্থায়ন প্রক্রিয়া ভিন্ন ধরনের?
ক) সাগর হোটেল এন্ড রেস্টুরেন্ট খ) সৌখিন বুটিক শপ
গ) শাপলা সমবায় সমিতি ঘ) জামান কেমিক্যাল লিমিটেড

৬. স্থির হারে লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি অনুসারে এ বছর লভ্যাংশ বৃদ্ধির হার ১০% হলে ৪র্থ বছরে লভ্যাংশ বৃদ্ধির হার কত?
ক) ১৩.৪০% খ) ১২.২০% গ) ১১.১০% ঘ) ১০%

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আশরাফ কে.এল লি. এর ১০০ টাকা মূল্যের ১০০ শেয়ারের মালিক। কোম্পানি প্রতি বছরে প্রতি শেয়ারে ১০ টাকা হিসেবে লভ্যাংশ প্রদানের সিদ্ধান্ত নিল।

৭. জনাব আশরাফ কত টাকা লভ্যাংশ পাবেন?
ক) ১০০ টাকা খ) ১০০০ টাকা
গ) ১৫০০ টাকা ঘ) ১০,০০০ টাকা

৮. জনাব আশরাফের প্রাপ্য লভ্যাংশকে কী বলা হয়?
ক) নগদ লভ্যাংশ খ) স্টক লভ্যাংশ
গ) বকেয়া লভ্যাংশ ঘ) বোনাস লভ্যাংশ

৯. সরকারের ঋণ গ্রহণের উৎস কোনটি?
ক) ADB খ) BCIC গ) PPP ঘ) ICB

১০. আসলের উপর ধার্যকৃত সুদকে কী বলে?
ক) চক্রবৃদ্ধি সুদ খ) বাৎসরিক সুদ
গ) মাসিক সুদ ঘ) সরল সুদ

১১. কোনটি ছাড়া মুদ্রার ব্যবহার সীমিত?
ক) লেনদেন খ) বিমা
গ) ব্যাংক ঘ) শেয়ার বাজার

১২. দেশে ঋণ নিয়ন্ত্রণের দায়িত্ব কোন ব্যাংকের?
ক) সোনালি ব্যাংক খ) বাংলাদেশ ব্যাংক
গ) অগ্রণী ব্যাংক ঘ) সীমান্ত ব্যাংক

১৩. কোনটি ঋণ মূলধনের প্রধান উৎস?
ক) শেয়ার বিক্রির অর্থ খ) ব্যাংক
গ) সঞ্চিতি তহবিল ঘ) জাতীয় বন্ড

১৪. কোনো কোম্পানির মূলধন খরচ যদি ৩০% হয় তবে প্রতিষ্ঠানকে তার বিনিয়োগ থেকে ন্যূনতম কত শতাংশ মুনাফা করতে হবে?
ক) ১৫% খ) ২৫% গ) ৩০% ঘ) ৩৫%

১৫. ঝুঁকিমুক্ত আয়ের উদাহরণ হলো—
i. সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল কেনা
ii. সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বন্ড কেনা
iii. শেয়ার বাজারের অর্থ বিনিয়োগ করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৬. ব্যবধানের বর্গের গড় ১৭০.৭৫ হলে আদর্শ বিচ্যুতি কত হবে?
ক) ১০.৩৮% খ) ১৩.০০% গ) ১৩.০৩% ঘ) ১৩.০৭%

☐ **উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শিউলি একটি কোম্পানিতে সাধারণ শেয়ারের বিনিয়োগকারী। তাঁর প্রতিটি ১,৫০০ টাকা মূল্যের ১০টি শেয়ার রয়েছে। কিন্তু কোম্পানিটি তাঁকে প্রতি বছর লভ্যাংশ প্রদান করে না। তিনি এ বছর ১০% মুনাফা আশা করেছেন যা পাননি।

১৭. এ বছর জনাব শিউলি-এর ঝুঁকির পরিমাণ কত?
ক) ১৫০ টাকা খ) ১,৫০০ টাকা
গ) ১৫,০০০ টাকা ঘ) ১,৫০,০০০ টাকা

১৮. বিনিয়োগের কারণে জনাব শিউলি ঝুঁকির সম্মুখীন হতে পারেন—
i. অগ্রাধিকার শেয়ার মালিকদের প্রাধান্য
ii. লভ্যাংশের অনিশ্চয়তায় শেয়ার মূল্য কমে যাওয়ার আশঙ্কা
iii. বিনিয়োগ অর্থের বিনিময়ে মুনাফা না পাওয়ার সম্ভাবনা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. ব্যাংক হিসাবের মাধ্যমে কোনটি বেড়ে যায়?
ক) বিনিয়োগ খ) ঝুঁকি গ) কর্মসংস্থান ঘ) অনিশ্চয়তা

২০. নির্দিষ্ট মেয়াদের জন্য কোন হিসাব খোলা হয়?
ক) চলতি খ) সঞ্চয়ী গ) ঋণ আমানতি ঘ) স্থায়ী

২১. হস্তান্তরযোগ্য বিনিময় বিলকে কী বলা হয়?
ক) প্রত্যয়পত্র খ) ড্রাফট গ) চেক ঘ) চুক্তির দলিল

২২. গারনিশি অর্ডার জারি করে কে?
ক) সংশ্লিষ্ট ব্যাংক খ) কেন্দ্রীয় ব্যাংক
গ) আদালত ঘ) পাওনাদার

২৩. বাণিজ্যিক ব্যাংক কীভাবে দেশের কৃষি উন্নয়ন ত্বরান্বিত করে?
ক) সম্পদের সুষম বণ্টন করে খ) ঋণ প্রদানের মাধ্যমে
গ) তহবিল সংগ্রহের মাধ্যমে ঘ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

২৪. ৫ বছর মেয়াদি কোনো প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৮৫ লক্ষ টাকা হলে উক্ত প্রকল্পের গড় বিনিয়োগ কত টাকা হবে?
ক) ১৭ লক্ষ খ) ৪২.৫০ লক্ষ
গ) ৮০.০০ লক্ষ ঘ) ৮৭ লক্ষ

২৫. আমদানি-রপ্তানি ব্যাংকের কাজ হলো—
i. প্রত্যয়নপত্র সুবিধা প্রদান করা ii. ক্রেতা-বিক্রেতার অনুসন্ধান করা
iii. আমদানি তদারকি করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

☐ **উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস তানহা একজন শিক্ষিকা। তিনি আধুনিক ব্যাংকিং সুযোগ-সুবিধা সম্বন্ধে অভিজ্ঞ। তাই তিনি ব্যাংকের প্রয়োজনীয় কাজগুলো নিজেই করেন। ফলে ব্যাংকের সকল সুবিধাগুলো ভোগ করতে পারেন।

২৬. মিসেস তানহা গ্রাহকভিত্তিক ব্যাংকিং সুবিধার কোনটির আওতাভুক্ত?
ক) নারীদের ব্যাংক খ) সমবায়-ব্যাংক
গ) শ্রমিক ব্যাংক ঘ) স্কুল ব্যাংক

২৭. ভোক্তাদের ব্যাংক ব্যবস্থা কীভাবে মিসেস তানহাকে সুবিধা প্রদান করতে পারে?
ক) ক্রেডিট কার্ড সরবরাহ করে খ) ডেবিট কার্ড সরবরাহ করে
গ) ব্যাংক হিসাব খুলতে সুবিধা দিয়ে ঘ) সঞ্চয়ের প্রবণতা সৃষ্টি করে

২৮. দেশের বাণিজ্যিক ব্যাংকগুলোকে তাদের আমানতের একটি নির্দিষ্ট অংশ কোথায় জমা রাখতে হয়?
ক) বাংলাদেশ ব্যাংকে খ) সোনালী ব্যাংকে
গ) ট্রাস্ট ব্যাংকে ঘ) অগ্রণী ব্যাংকে

২৯. দেশের ব্যাংকগুলোকে বিরাষ্ট্রীয়করণ প্রক্রিয়া শুরু করে কোন দশকে?
ক) ষাটের দশকে খ) সত্তরের দশকে
গ) আশির দশকে ঘ) নব্বইয়ের দশকে

৩০. দেশের ব্যাংকিং সমাজে নিকাশ ঘরের দায়িত্ব পালন করে কে?
ক) সোনালী ব্যাংক খ) রূপালী ব্যাংক
গ) জনতা ব্যাংক ঘ) বাংলাদেশ ব্যাংক

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

উত্তর	১		২		৩		৪		৫		৬		৭		৮		৯		১০		১১		১২		১৩		১৪		১৫	
	১৬		১৭		১৮		১৯		২০		২১		২২		২৩		২৪		২৫		২৬		২৭		২৮		২৯		৩০	

চট্টগ্রাম বোর্ড-২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান– ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম তিনটি প্রশ্ন নিয়ে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ফিন্যান্স অংশ

১। স্বপ্নীল লি. তার নিট মুনাফার একটি অংশ ভবিষ্যতে অর্থনৈতিক বিপর্যয় মোকাবেলার জন্য রেখে দেয়। নিয়মিত লভ্যাংশ প্রদান করায় শেয়ার হোল্ডারদের মধ্যে প্রতিষ্ঠানটির বেশ সুনাম রয়েছে। কিন্তু এ বছর মুনাফা কম হওয়ায় শেয়ার হোল্ডারদের লভ্যাংশ দিতে পারেনি। ফলে শেয়ার বাজারে প্রতিষ্ঠানটির সুনাম ক্ষুণ্ন হচ্ছে।

ক. স্বল্প মেয়াদ বলতে কত সময়কে বুঝানো হয়? ১
খ. মজুত মালের মাধ্যমে অর্থ সংস্থান বলতে কী বুঝায়? ২
গ. স্বপ্নীল লি. তার নিট মুনাফার যে অংশ রেখে দেয় তাকে কী বলা হয়? বর্ণনা করো। ৩
ঘ. স্বপ্নীল লি.-এর সুনাম অক্ষুন্ন রাখার জন্য করণীয় কী? বিশ্লেষণ করো। ৪

২। জনাব আরিফ ও জনি 'শাপলা লি.' এ অর্থ বিনিয়োগ করেন। তাদের বিনিয়োগে নিম্নলিখিত বৈশিষ্ট্য পরিলক্ষিত হয় :

বিনিয়োগকারী	ভোটাধিকার	পরিপক্বতার মেয়াদ	বিনিয়োগের বিপরীতে জামানত
আরিফ	আছে	নেই	নেই
জনি	নেই	আছে	আছে

ক. শেয়ার বাজারের সার্বিক অবস্থা বুঝানোর জন্য কী ব্যবহার করা হয়? ১
খ. কোন ধরনের শেয়ারকে প্রবর্তকের শেয়ার বলা হয়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আরিফ কোন খাতে বিনিয়োগ করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. "ঝুঁকি বিবেচনায় জনির বিনিয়োগ অধিক নিরাপদ"–উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৩। জনাব জামাল তার প্রতিষ্ঠানের জন্য ৫,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করতে চান। এজন্য তিনি দুইটি মেশিনের আয়-ব্যয় বিশ্লেষণ করে নিম্নোক্ত তথ্য পান :

মেশিনের নাম	নিট মুনাফা (আনুমানিক)				
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
নিটোল	২০,০০০	৫০,০০০	৩০,০০০	১০,০০০	৫০,০০০
নিলয়	১০,০০০	৩০,০০০	৫০,০০০	২০,০০০	৪০,০০০

মেশিন দুটিরই মেয়াদকাল ৫ বছর এবং নিটোল মেশিনের পে-ব্যাক সময় ৩.৯১ বছর।

ক. কোনটি থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তঃপ্রবাহ ঘটে? ১
খ. মূলধন বাজেটিং এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত ঝুঁকিপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
গ. নিটোল মেশিনের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩
ঘ. জনাব কামালের জন্য কোন মেশিনটি ক্রয় করা যুক্তিযুক্ত? পে-ব্যাক সময়ের ভিত্তিতে সিদ্ধান্ত দাও। ৪

৪। জনাব নাহিদ সম্প্রতি চাকরি থেকে অবসর গ্রহণ করেন। তিনি এককালীন প্রাপ্ত অর্থ হতে ৮,০০,০০০ টাকা ব্যাংকে জমা রাখতে চান। এক্ষেত্রে 'সিরাত ব্যাংক' তাকে বার্ষিক ৯% হারে মুনাফা প্রদানের প্রস্তাব দেয়। অপরদিকে 'মিরাজ ব্যাংক' তাকে ৮.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. কোন ক্ষেত্রে কেবল আসলের উপর সুদ গণনা করা হয়? ১
খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব নাহিদ 'সিরাত ব্যাংক' থেকে মেয়াদ শেষে কত টাকা পাবেন? নির্ণয় করো। ৩
ঘ. জনাব নাহিদের কোন ব্যাংকে টাকা জমা রাখা অধিক লাভজনক? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৫। বিশিষ্ট ব্যবসায়ী জনাব সিফাত, 'মিম' ও 'মিনা' নামের দুইটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করেন। প্রকল্প দুইটির গত ৫ বছরের আয় হার নিম্নরূপ :

প্রকল্পের নাম	২০২০	২০২১	২০২২	২০২৩	২০২৪
মিম	১৫%	৫%	২০%	৮%	১২%
মিনা	১০%	১২%	২৫%	৭%	৬%

বর্তমানে অর্থ সংকটের কারণে তিনি একটি প্রকল্প বন্ধ করে দিতে চান।

ক. যেসব আয়ের সাথে ঝুঁকি জড়িত থাকে তাকে কী বলে? ১
খ. দায় পরিশোধের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২
গ. মিম প্রকল্পের আদর্শ বিচ্যুতি নিরূপণ করো। ৩
ঘ. ঝুঁকি বিবেচনায় 'মিম' ও 'মিনা' প্রকল্প দুইটির মধ্যে কোনটি বন্ধ করে দেওয়া উচিত? যুক্তি দাও। ৪

৬। 'পুনম লিঃ' এর মোট মূলধন ১০ কোটি টাকা, যার প্রতিটি শেয়ার ১০ টাকা মূল্যের ১ কোটি শেয়ারে বিভক্ত। মি. শাকিল কোম্পানিটির ৫,০০০ শেয়ারের মালিক। কোম্পানিটি প্রতিষ্ঠার পর থেকে ২৫% হারে নগদ লভ্যাংশ ঘোষণা করে আসছে। চলতি বছর কোম্পানিটি শেয়ার হোল্ডারদের ৪:১ অনুপাতে বোনাস শেয়ার প্রদানের ঘোষণা দেয়।

ক. অগ্রাধিকার শেয়ারের ব্যয় কীসের উপর নির্ভর করে? ১
খ. শেয়ার ক্রয় বিক্রয়ের প্রতিষ্ঠানটি কী নামে পরিচিত? ব্যাখ্যা করো। ২
গ. 'পুনম লিঃ' এর লভ্যাংশ প্রদান নীতিটি কী? বর্ণনা করো। ৩
ঘ. চলতি বছর লভ্যাংশ ঘোষণার ফলে মি. শাকিলের পাশাপাশি কোম্পানির মূলধনের কীরূপ পরিবর্তন হবে তা গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

ব্যাংকিং অংশ

৭। ব্যবসায়ী জনাব আসাদের 'নীলাচল ব্যাংক'-এ একটি হিসাব রয়েছে। কিন্তু উক্ত হিসাব থেকে তিনি সপ্তাহে দু'বারের বেশি টাকা উত্তোলন করতে পারেন না। ফলে তার ব্যবসায়িক লেনদেন পরিচালনায় সমস্যার সৃষ্টি হয়। তাই তিনি ব্যবসায়ের জন্য উপযুক্ত একটি ব্যাংক হিসাব খোলার চিন্তা করছেন।

ক. কোন ব্যাংকিং সেবার মাধ্যমে পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে বিল পরিশোধ করা যায়? ১
খ. ব্যাংকে টাকা রাখা ঝুঁকিহীন বিনিয়োগ কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আসাদের 'নীলাচল ব্যাংক'-এ কোন ধরনের হিসাব রয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. বর্তমান পরিস্থিতিতে জনাব আসাদের কোন ধরনের ব্যাংক হিসাব খোলা যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

৮। 'তাকওয়া ব্যাংক' জনগণের কাছ থেকে সঞ্চয় সংগ্রহ ও ঋণদানে নিয়োজিত। দেশের বিভিন্ন স্থানে এর শাখা থাকায় গ্রাহকের উক্ত ব্যাংকের সাথে লেনদেন করতে সুবিধা হয়। সম্প্রতি জনাব বুলবুল তাকওয়া ব্যাংকের ধানমন্ডি শাখায় ঋণের জন্য আবেদন করেন। ব্যাংকটি জনাব বুলবুলের ব্যবসায়ের উৎপাদনশীলতা ও লাভজনকতা বিচার করে সন্তুষ্ট হয়ে ঋণ মঞ্জুর করে।

ক. আর্থিক স্বচ্ছলতার অভাবে ব্যাংক কী হতে পারে? ১
খ. ব্যাংকের তারল্যনীতিটি ব্যাখ্যা করো। ২
গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী উদ্দীপকের 'তাকওয়া ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের জনাব বুলবুলকে ঋণ দেওয়ার ক্ষেত্রে ব্যাংক যথাযথ নীতি অনুসরণ করেছে কী? মতামত দাও। ৪

৯। জনাব ইমরান তার স্বাক্ষরিত একটি চেক পাওনাদার নীলিমা রহমানকে দেয়। নীলিমা রহমান চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংক সাথে সাথে টাকা পরিশোধ করে। কিন্তু ইমরান-এর হিসাবে কত টাকা অবশিষ্ট আছে তা জানতে চাইলে ব্যাংকটি নীলিমাকে তা জানাতে অপারগতা প্রকাশ করে।

ক. ব্যাংকিং ব্যবসায়ে লিপ্ত ব্যক্তিকে কী বলা হয়? ১
খ. কোন ধরনের চেক অধিক নিরাপদ? ব্যাখ্যা করো। ২
গ. চেকের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটি ইমরানের প্রতি কোন দায়িত্বটি পালন করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ইমরানের অবশিষ্ট টাকার পরিমাণ জানাতে অপারগতা প্রকাশ ব্যাংকের জন্য কতটুকু যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

১০। রাজেন্দ্রপুর বাজারে 'পারিজাত ব্যাংক'-এর একটি শাখা রয়েছে। উক্ত শাখার মাধ্যমে রাজেন্দ্রপুরসহ আশপাশের জনগণ নিরাপদে টাকা জমা রাখা, অর্থ উত্তোলন ও নানাবিধ ব্যবসায়িক কার্যকর সম্পাদন করে থাকে। রাজেন্দ্রপুর বাজারের বিশিষ্ট ব্যবসায়ী জনাব মাহিন জাপান থেকে একটি মেশিন আমদানি করতে চান। এক্ষেত্রে 'পারিজাত ব্যাংক' মাহিনকে মেশিনটি ক্রয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে।

ক. কোন কার্ড ব্যবহারে ব্যাংক হিসাবে টাকা জমা থাকা আবশ্যক? ১
খ. ব্যাংক কীভাবে ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২
গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'পারিজাত ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব মাহিনের মেশিনটি ক্রয়ে 'পারিজাত ব্যাংকের' ভূমিকা বিশ্লেষণ করো। ৪

১১। মেহেরিমা ও তাহমিনা দুইজন ঘনিষ্ঠ প্রতিবেশী। তাদের গৃহস্থালি দ্রব্যের ঘাটতি হলে তারা নিজেদের মধ্যে আদান-প্রদানের মাধ্যমে তা পূরণ করে। হঠাৎ মেহেরিমার এক আত্মীয় অসুস্থ হওয়ায় তাকে দেখতে তিনি ঢাকায় যান। নিরাপত্তার কথা ভেবে তিনি তার মূল্যবান গহনাপত্র প্রতিবেশী তাহমিনার বাসায় রেখে যান। এই সময়ে তাহমিনার বাসায় চুরি হয় এবং মেহেরিমার গহনাও খোয়া যায়। এতে উভয়ের মাঝে মনোমালিন্য সৃষ্টি হয়।

ক. ব্যাংকের সকল আইনসজ্ঞাত কাজ কী হিসেবে পরিচিত? ১
খ. মুদ্রা কীভাবে মূল্যের পরিমাপক হিসেবে কাজ করে? ব্যাখ্যা করো। ২
গ. মেহেরিমা ও তাহমিনা তাদের গৃহস্থালি দ্রব্যের ঘাটতি যেভাবে পূরণ করে তাকে কী বলা হয়? বর্ণনা করো। ৩
ঘ. ব্যাংকের কোন সেবা গ্রহণ করলে মেহেরিমা উক্ত অপ্রত্যাশিত ঘটনাটি এড়াতে পারতো বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

উত্তরমালা (চট্টগ্রাম বোর্ড ২০২৫)

বহুনির্বাচনি অভীক্ষা

১	গ	২	ক	৩	গ	৪	ক	৫	গ	৬	ক	৭	খ	৮	ক	৯	ক	১০	ঘ	১১	গ	১২	খ	১৩	খ	১৪	গ	১৫	ক
১৬	ঘ	১৭	গ	১৮	ঘ	১৯	ক	২০	ঘ	২১	গ	২২	গ	২৩	খ	২৪	খ	২৫	গ	২৬	ক	২৭	ক	২৮	ক	২৯	গ	৩০	ঘ

সৃজনশীল

প্রশ্ন ▸ ০১ স্বপ্নীল লি. তার নিট মুনাফার একটি অংশ ভবিষ্যতে অর্থনৈতিক বিপর্যয় মোকাবেলার জন্য রেখে দেয়। নিয়মিত লভ্যাংশ প্রদান করায় শেয়ার হোল্ডারদের মধ্যে প্রতিষ্ঠানটির বেশ সুনাম রয়েছে। কিন্তু এ বছর মুনাফা কম হওয়ায় শেয়ার হোল্ডারদের লভ্যাংশ দিতে পারেনি। ফলে শেয়ার বাজারে প্রতিষ্ঠানটির সুনাম ক্ষুণ্ন হচ্ছে।

ক. স্বল্প মেয়াদ বলতে কত সময়কে বুঝানো হয়? ১

খ. মজুত মালের মাধ্যমে অর্থ সংস্থান বলতে কী বুঝায়? ২

গ. স্বপ্নীল লি. তার নিট মুনাফার যে অংশ রেখে দেয় তাকে কী বলা হয়? বর্ণনা করো। ৩

ঘ. স্বপ্নীল লি.-এর সুনাম অক্ষুন্ন রাখার জন্য করণীয় কী? বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

১নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▸ ০২ জনাব আরিফ ও জনি 'শাপলা লি.' এ অর্থ বিনিয়োগ করেন। তাদের বিনিয়োগে নিম্নলিখিত বৈশিষ্ট্য পরিলক্ষিত হয় :

বিনিয়োগকারী	ভোটাধিকার	পরিপক্বতার মেয়াদ	বিনিয়োগের বিপরীতে জামানত
আরিফ	আছে	নেই	নেই
জনি	নেই	আছে	আছে

ক. শেয়ার বাজারের সার্বিক অবস্থা বুঝানোর জন্য কী ব্যবহার করা হয়? ১

খ. কোন ধরনের শেয়ারকে প্রবর্তকের শেয়ার বলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আরিফ কোন খাতে বিনিয়োগ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "ঝুঁকি বিবেচনায় জনির বিনিয়োগ অধিক নিরাপদ"—উক্তিটি বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

২নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▸ ০৩ জনাব জামাল তার প্রতিষ্ঠানের জন্য ৫,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করতে চান। এজন্য তিনি দুইটি মেশিনের আয়-ব্যয় বিশ্লেষণ করে নিম্নোক্ত তথ্য পান :

মেশিনের নাম	নিট মুনাফা (আনুমানিক)				
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
নিটোল	২০,০০০	৫০,০০০	৩০,০০০	১০,০০০	৫০,০০০
নিলয়	১০,০০০	৩০,০০০	৫০,০০০	২০,০০০	৪০,০০০

মেশিন দুটিরই মেয়াদকাল ৫ বছর এবং নিটোল মেশিনের পে-ব্যাক সময় ৩.৯১ বছর।

ক. কোনটি থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তঃপ্রবাহ ঘটে? ১

খ. মূলধন বাজেটিং এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত ঝুঁকিপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২

গ. নিটোল মেশিনের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. জনাব কামালের জন্য কোন মেশিনটি ক্রয় করা যুক্তিযুক্ত? পে-ব্যাক সময়ের ভিত্তিতে সিদ্ধান্ত দাও। ৪

[চ. বো. ২০২৫]

৩নং প্রশ্নের উত্তর

ক বিক্রয় থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তঃপ্রবাহ ঘটে।

খ ভবিষ্যৎ তথ্য উপাত্ত অনুমান নির্ভর বলে মূলধন বাজেটিং-এর গৃহীত সিদ্ধান্ত ঝুঁকিপূর্ণ।

মূলধন বাজেটিং প্রক্রিয়ায় প্রতিটি বিনিয়োগের সম্ভাব্য আয়-ব্যয় ও ঝুঁকি পরিমাণ প্রাক্কলন করতে হয়। প্রাক্কলিত আয়-ব্যয়ের বিপরীতে ঝুঁকির গ্রহণযোগ্যতা নির্ণয় করতে হয়। মূলধন বাজেটিং সর্বদাই ঝুঁকিযুক্ত সিদ্ধান্ত। মূলধন বাজেটিং-এ অধিকাংশ সিদ্ধান্তসমূহ ভবিষ্যতের উপর নির্ভরশীল। মূলধন বাজেটিং-এ ঝুঁকির পরিমাণ নিরূপণ ও গ্রহণযোগ্যতা যাচাই করে প্রকল্পের লাভজনকতা নির্ণয় করতে হয়। উদাহরণস্বরূপ কোনো নতুন মেশিনে বিনিয়োগ করা উচিত কিনা এই সিদ্ধান্ত নির্ভর করে ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্য ভবিষ্যতে কত টাকা করে এবং কী পরিমাণে বিক্রি হবে, কোথায় করতে হবে তার উপর। এছাড়াও পণ্যটির উৎপাদন ব্যয় কত ইত্যাদি বিষয় রয়েছে। অর্থাৎ ভবিষ্যতের এসব তথ্য উপাত্ত অনুমাননির্ভর হয় বলে মূলধন বাজেটিং-এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত ঝুঁকিপূর্ণ।

গ নিটোল মেশিনের গড় মুনাফার হার নির্ণয় :

দেওয়া আছে,

মেশিনের ক্রয় মূল্য = ৫,০০,০০০ টাকা

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$\therefore \text{গড় নিট মুনাফা} = \frac{২০,০০০ + ৫০,০০০ + ৩০,০০০ + ১০,০০০ + ৫০,০০০}{৫} \text{ টাকা}$$

$$= \frac{১,৬০,০০০}{৫} \text{ টাকা}$$

$$= ৩২,০০০ \text{ টাকা}$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{৫,০০,০০০ + ০}{২} \text{ টাকা}$$

$$= ২,৫০,০০০ \text{ টাকা}$$

$$\therefore \text{গড় মুনাফার হার} = \frac{৩২,০০০}{২,৫০,০০০} \times ১০০$$

$$= ০.১২৮ \times ১০০$$

$$= ১২.৮০\% \text{ (প্রায়)}$$

∴ নিটোল মেশিনের গড় মুনাফার হার ১২.৮০% (প্রায়)।

উত্তর : ১২.৮০%।

ঘ জনাব জামাল এর প্রতিষ্ঠানের জন্য কোন মেশিনটি ক্রয় করা যুক্তিযুক্ত হবে তা নির্ণয় করার জন্য উভয় মেশিনের গড় মুনাফার হার নির্ণয় করা প্রয়োজন।

নিলয় মেশিনের পে-ব্যাক সময় নির্ণয় :

বিবরণ	পরিমাণ (টাকা)				
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
নিট মুনাফা	১০,০০০	৩০,০০০	৫০,০০০	২০,০০০	৪০,০০০
অবচয় (নোট)	১,০০,০০০	১,০০,০০০	১,০০,০০০	১,০০,০০০	১,০০,০০০
নগদ প্রবাহ	১,১০,০০০	১,৩০,০০০	১,৫০,০০০	১,২০,০০০	১,৪০,০০০

নোট : অবচয় $= \frac{\text{প্রাথমিক বিনিয়োগ} - \text{ভগ্নাংশের মূল্য}}{\text{আয়ুষ্কাল}}$

$= \frac{৫,০০,০০০ - ০}{৫}$

$=$ ১,০০,০০০ টাকা

বছর	বার্ষিক নগদ প্রবাহ	ক্রমযোজিত নগদ প্রবাহ
০	৫,০০,০০০	− ৫,০০,০০০
১	১,১০,০০০	− ৩,৯০,০০০
২	১,৩০,০০০	− ২,৬০,০০০
৩	১,৫০,০০০	− ১,১০,০০০
৪	১,২০,০০০	১০,০০০
৫	১,৪০,০০০	১,৫০,০০০

$\therefore$ পে-ব্যাক সময় $=$ ৩ বছর $+ \frac{১,১০,০০০}{১,২০,০০০}$

$=$ ৩ বছর $+$ ০.৯১৬৭

$=$ ৩.৯১ বছর

নিলয় মেশিনের পে-ব্যাক সময় ৩.৯১। অন্যদিকে নিটোল মেশিনের পে-ব্যাক সময় ৩.৯১ (প্রশ্নে প্রাপ্ত)। বিনিয়োগ সিদ্ধান্তের ক্ষেত্রে অপেক্ষাকৃত কম পে-ব্যাক সময়কে গ্রহণ করা হয়। যেহেতু আমাদের দুইটি মেশিনের পে-ব্যাক সময় সমান। তাহলে দুইটি মেশিনের মধ্যে যেকোনো একটি ক্রয় করা যৌক্তিক হবে।

প্রশ্ন ▶ ০৪ জনাব নাহিদ সম্প্রতি চাকরি থেকে অবসর গ্রহণ করেন। তিনি এককালীন প্রাপ্ত অর্থ হতে ৮,০০,০০০ টাকা ব্যাংকে জমা রাখতে চান। এক্ষেত্রে 'সিরাত ব্যাংক' তাকে বার্ষিক ৯% হারে মুনাফা প্রদানের প্রস্তাব দেয়। অপরদিকে 'মিরাজ ব্যাংক' তাকে ৮.৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. কোন ক্ষেত্রে কেবল আসলের উপর সুদ গণনা করা হয়? ১

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব নাহিদ 'সিরাত ব্যাংক' থেকে মেয়াদ শেষে কত টাকা পাবেন? নির্ণয় করো। ৩

ঘ. জনাব নাহিদের কোন ব্যাংকে টাকা জমা রাখা অধিক লাভজনক? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

৪নং প্রশ্নের উত্তর

ক সরল সুদের ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়।

খ যে পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয় তাকে চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি বলে। সরল সুদের ক্ষেত্রে শুধু আসলের উপর সুদ গণনা করা হয়। কিন্তু চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ গণনা করা হয়। যেমন : আসল ১০০ টাকা ও সুদের হার ১০% ধরলে ১ বছর পর সুদ হবে (১০০ × ১০%) = ১০ টাকা। ভবিষ্যৎ মূল্য দাঁড়াবে {১০০ + (১০০ × ১০%)} = ১১০ টাকা। দ্বিতীয় বছর এই ১১০ টাকাকে আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের ১০% হারে সুদ ধার্য করলে সুদ হবে (১১০ × ১০%) = ১১ টাকা। এভাবে প্রথম বছরের সুদাসলকে দ্বিতীয় বছরের আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের সুদ ধার্য করার প্রক্রিয়াকে বলা হয় চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি।

গ জনাব নাহিদ 'সিরাত ব্যাংক' থেকে মেয়াদ শেষে প্রাপ্য টাকার পরিমাণ নির্ণয় :

দেওয়া আছে,

বর্তমান মূল্য (PV) = ৮,০০,০০০ টাকা

মেয়াদকাল (n) = ১ বছর

সুদের হার (i) = ৯% = ০.০৯

আমরা জানি,

ভবিষ্যৎ মূল্য, (FV) $= PV (১ + i)^n$

$= ৮,০০,০০০ (১ + ০.০৯)^১$

$= ৮,৭২,০০০$

$\therefore$ জনাব নাহিদ 'সিরাত ব্যাংক' থেকে ৮,৭২,০০০ টাকা পাবেন।

ঘ জনাব নাহিদের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক তা জানার জন্য উভয় ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করতে হবে।

'মিরাজ ব্যাংক' থেকে মেয়াদ শেষে প্রাপ্য টাকার পরিমাণ নির্ণয় :

দেওয়া আছে,

বর্তমান মূল্য (PV) = ৮,০০,০০০ টাকা

মেয়াদকাল (n) = ১ বছর

সুদের হার (i) = ৮.৫% = ০.০৮৫

বছরের চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার ($\because$ মাসিক চক্রবৃদ্ধি)

আমরা জানি,

ভবিষ্যত মূল্য, $FV = PV \left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$

$= ৮,০০,০০০ \left(১ + \frac{০.০৮৫}{১২}\right)^{১ \times ১২}$

$= ৮,০০,০০০ \times ১.০৮৮৩৯$

$=$ ৮,৭০,৭১২ টাকা

এখানে, জনাব নাহিদ 'সিরাত ব্যাংক' থেকে বছর শেষে ৮,৭২,০০০ ['গ' থেকে] পাবেন। অন্যদিকে মিরাজ ব্যাংক থেকে বছর শেষে ৮,৭০,৭১২ টাকা পাবেন। সুতরাং 'সিরাত ব্যাংক' থেকে (৮,৭২,০০০ − ৮,৭০,৭১২) = ১,২৮৮ টাকা বেশি পাবেন। তাই জনাব নাহিদের জন্য সিরাত ব্যাংক টাকা রাখা অধিক লাভজনক।

প্রশ্ন ▶ ০৫ বিশিষ্ট ব্যবসায়ী জনাব সিফাত, 'মিম' ও 'মিনা' নামের দুইটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করেন। প্রকল্প দুইটির গত ৫ বছরের আয় হার নিম্নরূপ :

প্রকল্পের নাম	২০২০	২০২১	২০২২	২০২৩	২০২৪
মিম	১৫%	৫%	২০%	৮%	১২%
মিনা	১০%	১২%	২৫%	৭%	৬%

বর্তমানে অর্থ সংকটের কারণে তিনি একটি প্রকল্প বন্ধ করে দিতে চান।

ক. যেসব আয়ের সাথে ঝুঁকি জড়িত থাকে তাকে কী বলে? ১

খ. দায় পরিশোধের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. মিম প্রকল্পের আদর্শ বিচ্যুতি নিরূপণ করো। ৩

ঘ. ঝুঁকি বিবেচনায় 'মিম' ও 'মিনা' প্রকল্প দুইটির মধ্যে কোনটি বন্ধ করে দেওয়া উচিত? যুক্তি দাও। ৪

[চ. বো. ২০২৫]

৫নং প্রশ্নের উত্তর

ক যে সব আয়ের সাথে ঝুঁকি জড়িত থাকে তাকে ঝুঁকিবহুল আয় বলে।

খ দায় পরিশোধের অক্ষমতা থেকে সৃষ্ট ঝুঁকিটি হলো আর্থিক ঝুঁকি। ঋণ মূলধন ব্যবহারের ফলে কোনো প্রতিষ্ঠানে দায়ের সৃষ্টি হয়। একটি প্রতিষ্ঠান ঋণকৃত মূলধন বিনিয়োগ থেকে প্রাপ্ত নগদ প্রবাহ দিয়ে ঋণের কিস্তি পরিশোধ করে থাকে। প্রাপ্ত নগদ প্রবাহ দ্বারা ঋণের কিস্তি পরিশোধে প্রতিষ্ঠান অসমর্থ হলে সেক্ষেত্রে ঋণদাতা উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে পারে। এতে কোম্পানি দেউলিয়া হওয়ার আশঙ্কা থাকে। ফলে এরূপ দায় পরিশোধের অক্ষমতা থেকে আর্থিক ঝুঁকির সৃষ্টি হয়।

গ মিম প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়-গড়) (%)	ব্যবধানের বর্গ $(আয়-গড়)^২$ (%)
২০২০	১৫	(১৫–১২) = ৩	৯
২০২১	৫	(৫–১২) = –৭	৪৯
২০২২	২০	(২০–১২) = ৮	৬৪
২০২৩	৮	(৮ – ১২) = –৪	১৬
২০২৪	১২	(১২ – ১২) = ০	০
যোগফল =	৬০%	ব্যবধান বর্গের যোগফল =	১৩৮
গড় আয়	$\frac{৬০}{৫}$ = ১২%	ব্যবধান বর্গের গড় $= \frac{১৩৮}{n-১} = \frac{১৩৮}{৫-১} = \frac{১৩৮}{৪}$	= ৩৪.৫০

আমরা জানি,

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\sum(\text{আয় হার} - \text{গড় হার})^২}{n - ১}}$$

$$\therefore \text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{৩৪.৫০} = ৫.৮৭\% \text{ (প্রায়)}$$

উত্তর : মিম প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৫.৮৭%।

ঘ বিশিষ্ট ব্যবসায়ী জনাব সিফাত-এর ঝুঁকি বিবেচনায় কোন প্রকল্পটি বন্ধ করা উচিত তা নির্ণয় করা হলো :

মিনা প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়-গড়) (%)	ব্যবধানের বর্গ $(আয়-গড়)^২$ (%)
২০২০	১০	(১০–১২) = –২	৪
২০২১	১২	(১২–১২) = ০	০
২০২২	২৫	(২৫–১২) = ১৩	১৬৯
২০২৩	৭	(৭ – ১২) = –৫	২৫
২০২৪	৬	(৬ – ১২) = –৬	৩৬
যোগফল =	৬০%	ব্যবধান বর্গের যোগফল =	২৩৪
গড় আয়	$\frac{৬০}{৫}$ = ১২%	ব্যবধান বর্গের গড় $= \frac{২৩৪}{n-১} = \frac{২৩৪}{৫-১} = \frac{২৩৪}{৪}$	= ৫৮.৫০

আমরা জানি,

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\sum(\text{আয় হার} - \text{গড় হার})^২}{n - ১}}$$

$$\therefore \text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{৫৮.৫০} = ৭.৬৫\% \text{ (প্রায়)}$$

অতএব, উদ্দীপকে জনাব সিফাতের বিনিয়োগকৃত 'মিম প্রকল্পের' আদর্শ বিচ্যুতি ৫.৮৭% (গ হতে প্রাপ্ত) এবং মিনা প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৭.৬৫%। আদর্শ বিচ্যুতি যত বেশি ঝুঁকিও তত বেশি। উক্ত দুইটি প্রকল্পের মধ্যে 'মিনা প্রকল্পের' আদর্শ বিচ্যুতি বেশি। তাই এটি ঝুঁকিপূর্ণ। তাই বলা যায়, জনাব সিফাত সাহেবের 'মিনা প্রকল্প' বেশি ঝুকিপূর্ণ হওয়ায় তা বন্ধ করে দেওয়া উচিত।

প্রশ্ন ▶ ০৬ 'পুনম লিঃ' এর মোট মূলধন ১০ কোটি টাকা, যার প্রতিটি শেয়ার ১০ টাকা মূল্যের ১ কোটি শেয়ারে বিভক্ত। মি. শাকিল কোম্পানিটির ৫,০০০ শেয়ারের মালিক। কোম্পানিটি প্রতিষ্ঠার পর থেকে ২৫% হারে নগদ লভ্যাংশ ঘোষণা করে আসছে। চলতি বছর কোম্পানিটি শেয়ার হোল্ডারদের ৪:১ অনুপাতে বোনাস শেয়ার প্রদানের ঘোষণা দেয়।

ক. অগ্রাধিকার শেয়ারের ব্যয় কীসের উপর নির্ভর করে? ১

খ. শেয়ার ক্রয় বিক্রয়ের প্রতিষ্ঠানটি কী নামে পরিচিত? ব্যাখ্যা করো। ২

গ. 'পুনম লিঃ' এর লভ্যাংশ প্রদান নীতিটি কী? বর্ণনা করো। ৩

ঘ. চলতি বছর লভ্যাংশ ঘোষণার ফলে মি. শাকিলের পাশাপাশি কোম্পানির মূলধনের কীরূপ পরিবর্তন হবে তা গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

৬নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

ব্যাংকিং অংশ

প্রশ্ন ▶ ০৭ ব্যবসায়ী জনাব আসাদের 'নীলাচল ব্যাংক'-এ একটি হিসাব রয়েছে। কিন্তু উক্ত হিসাব থেকে তিনি সপ্তাহে দু'বারের বেশি টাকা উত্তোলন করতে পারেন না। ফলে তার ব্যবসায়িক লেনদেন পরিচালনায় সমস্যার সৃষ্টি হয়। তাই তিনি ব্যবসায়ের জন্য উপযুক্ত একটি ব্যাংক হিসাব খোলার চিন্তা করছেন।

ক. কোন ব্যাংকিং সেবার মাধ্যমে পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে বিল পরিশোধ করা যায়? ১

খ. ব্যাংকে টাকা রাখা ঝুঁকিহীন বিনিয়োগ কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আসাদের 'নীলাচল ব্যাংক'-এ কোন ধরনের হিসাব রয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. বর্তমান পরিস্থিতিতে জনাব আসাদের কোন ধরনের ব্যাংক হিসাব খোলা যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

৭নং প্রশ্নের উত্তর

ক ইন্টারনেট ব্যাংকিং সেবার মাধ্যমে পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে বিল পরিশোধ করা যায়।

খ গ্রাহকের জন্য ব্যাংকে টাকা রাখা সর্বাধিক নিরাপদ। গ্রাহকের জমাকৃত অর্থ ব্যাংক বিভিন্ন ধরনের হিসাবের মাধ্যমে নিরাপদে সংরক্ষণ করে থাকে। এই বিনিয়োগ বা জমাকৃত অর্থ থেকে নির্দিষ্ট হারে নিশ্চিত আয় পাওয়া যায়। বিভিন্ন হারে সুদও পাওয়া যায়। এ জমাকৃত অর্থ গ্রাহক চাহিবামাত্র ব্যাংক পরিশোধ করতে বাধ্য থাকে। পক্ষান্তরে

বিনিয়োগের অন্যান্য ক্ষেত্র যেমন– শেয়ার বাজারের বিনিয়োগের মতো এটি ঝুকিপূর্ণ নয়। ব্যাংকে গ্রাহক নগদ অর্থ ও অন্যান্য ব্যাংকিং সেবার মাধ্যমে নিরাপদভাবে লেনদেন সম্পন্ন করতে পারে। তাই বলা যায় ব্যাংকে টাকা রাখা একজন গ্রাহকের জন্য ঝুঁকিহীন বিনিয়োগ।

গ জনাব আসাদ 'নীলাচল ব্যাংক'-এ একটি সঞ্চয়ী হিসাব রয়েছে।

যে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায়, কিন্তু সপ্তাহে দুইবার বা নিয়ম অনুযায়ী টাকা উত্তোলন করা যায়, তাকে সঞ্চয়ী হিসাব বলে। সাধারণত সমাজের নির্দিষ্ট আয়ের জনগণ সঞ্চয়ের উদ্দেশ্যে এই ধরনের হিসাব খুলে থাকেন। এ হিসাবে ব্যাংক স্বল্পহারে সুদ প্রদান করে থাকে।

গ্রাহকের চাহিদা অনুযায়ী ব্যাংকে সঞ্চয়ী, চলতি এবং স্থায়ী হিসাব খোলা যায়। তন্মধ্যে যারা চাকরিজীবী বা নির্দিষ্ট আয়ের লোক তাদের জন্য ব্যাংকের একটি উপযোগী হিসাব হলো সঞ্চয়ী হিসাব। কেননা অব্যবসায়ী বা নির্দিষ্ট আয়ের লোকদের সবসময় টাকা উত্তোলনের প্রয়োজন হয় না কিন্তু জমাদানের প্রয়োজন হতে পারে। এক্ষেত্রে সঞ্চয়ী হিসাব খুলে একজন গ্রাহক তার অর্জিত আয় থেকে সঞ্চিত অর্থ যখন খুশি তখনই ব্যাংকে জমা দিতে পারেন।

উদ্দীপকে ব্যবসায়ী জনাব আসাদের 'নীলাচল ব্যাংক'-এ একটি হিসাব রয়েছে। কিন্তু উক্ত হিসাব থেকে তিনি সপ্তাহে দু'বারের বেশি টাকা উত্তোলন করতে পারবে না। এক্ষেত্রে তার ব্যাংক হিসাবের সাথে ব্যাংকের সঞ্চয়ী হিসাবের বৈশিষ্ট্য সাদৃশ্য পাওয়া যায়। তাই বলা যায় উদ্দীপকের ব্যবসায়ী জনাব আসাদ 'নীলাচল ব্যাংকে' সঞ্চয়ী হিসাবের একজন গ্রাহক।

ঘ বর্তমান পরিস্থিতিতে জনাব আসাদের ব্যাংকে চলতি হিসাব খোলা যুক্তিযুক্ত হবে।

যে হিসাব থেকে কার্যদিবসে যতবার ইচ্ছা ততবার টাকা জমা ও উত্তোলন করা যায় তা হলো চলতি হিসাব। ব্যবসায়ীদের জন্য চলতি হিসাব খোলা উপযোগী। এ হিসাবে সাধারণত কোনো সুদ দেওয়া হয় না। এই হিসাবে জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়।

উদ্দীপকে জনাব আসাদ একজন ব্যবসায়ী। তার 'নীলাচল ব্যাংক' একটি সঞ্চয়ী হিসাব রয়েছে। কিন্তু উক্ত হিসাব থেকে তিনি সপ্তাহে দু'বারের বেশি টাকা উত্তোলন করতে পারেন না। ফলে তার ব্যবসায়িক লেনদেন পরিচালনায় সমস্যার সৃষ্টি হয়। তাই তিনি ব্যবসায়ের জন্য একটি হিসাব খোলার পরিকল্পনা করেন।

জনাব আসাদ একজন ব্যবসায়ী তাই তাকে প্রতিনিয়ত প্রচুর ব্যবসায়িক লেনদেন করতে হয়। ব্যবসায়িক প্রয়োজনে তাৎক্ষণিক অর্থ লেনদেনেরও প্রয়োজন পড়ে ফলে এই হিসাব উপযোগী। পণ্য সরবরাহকারীকে পণ্যের মূল্য পরিশোধে এবং ক্রেতাদের কাছ থেকে পণ্যের মূল্য প্রাপ্তিতে ব্যাংক হিসাবের ব্যবহার অধিক নিরাপদ। ব্যবসায়ের প্রয়োজনে ঋণ সুবিধাসহ অন্যান্য সকল ব্যাংকিং সুবিধা এ হিসাবে রয়েছে। চলতি হিসাবের মাধ্যমে জনাব আসাদ ব্যবসায়ের প্রয়োজনে যখন খুশি তখন অর্থ জমা ও উত্তোলনও করতে পারবেন। তাই বলা যায়, জনাব আসাদের চলতি হিসাব খোলা যৌক্তিক সিদ্ধান্ত হবে।

প্রশ্ন ▶ ০৮ 'তাকওয়া ব্যাংক' জনগণের কাছ থেকে সঞ্চয় সংগ্রহ ও ঋণদানে নিয়োজিত। দেশের বিভিন্ন স্থানে এর শাখা থাকায় গ্রাহকের উক্ত ব্যাংকের সাথে লেনদেন করতে সুবিধা হয়। সম্প্রতি জনাব বুলবুল তাকওয়া ব্যাংকের ধানমন্ডি শাখায় ঋণের জন্য আবেদন করেন। ব্যাংকটি জনাব বুলবুলের ব্যবসায়ের উৎপাদনশীলতা ও লাভজনকতা বিচার করে সন্তুষ্ট হয়ে ঋণ মঞ্জুর করে।

ক. আর্থিক স্বচ্ছলতার অভাবে ব্যাংক কী হতে পারে? ১

খ. ব্যাংকের তারল্যনীতিটি ব্যাখ্যা করো। ২

গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী উদ্দীপকের 'তাকওয়া ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের জনাব বুলবুলকে ঋণ দেওয়ার ক্ষেত্রে ব্যাংক যথাযথ নীতি অনুসরণ করেছে কী? মতামত দাও। ৪

[চ. বো. ২০২৫]

৮নং প্রশ্নের উত্তর

ক আর্থিক সচ্ছলতার অভাবে ব্যাংক দেউলিয়া হতে পারে।

খ মক্কেলদের দাবি পূরণ করার সামর্থ্য সংরক্ষণের নীতিকে তারল্যনীতি বলে।

আমানতকারী যখন টাকা তুলতে চায় তখন তাদের নগদ টাকা দিতে হয়। আবার এটা বিবেচনায় রেখে যদি আমানতের সব টাকা ব্যাংক তরল অবস্থায় রেখে দেয় তবে ব্যাংকের কোনো বিনিয়োগ হবে না এবং ব্যাংকটির কোনো মুনাফাও হবে না। সুতরাং সার্থক ব্যাংক ব্যবসায় মানে হলো সঠিক তারল্যনীতি। যেখানে অতিরিক্ত তারল্যও থাকবে না আবার তারল্যের সংকটও হবে না। তাই এই তারল্যনীতি ব্যাংক ব্যবসায়ের অন্যতম মূলনীতি হিসেবে বিবেচিত হয়।

গ কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী উদ্দীপকের 'তাকওয়া ব্যাংক' একটি শিল্প ব্যাংক।

কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'তাকওয়া ব্যাংক' হলো শিল্প ব্যাংক। এ ব্যাংক দেশের শিল্প খাতের উন্নয়নের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়। যন্ত্রপাতি সংগ্রহ, ভূমি ক্রয়, কারখানা নির্মাণ ইত্যাদির জন্য এ ব্যাংক ঋণ দেয়। বাংলাদেশের শিল্প খাতকে এগিয়ে নেওয়ার জন্য এই ব্যাংক তৈরি করা হয়েছে।

উদ্দীপকে তাকওয়া ব্যাংক জনগণের কাছ থেকে সঞ্চয় সংগ্রহ করে ঋণদানে নিয়োজিত থাকে। এ ধরনের ব্যাংকের বিভিন্ন শাখা থেকে ঋণ গ্রহণের সুবিধা পাওয়া যায়। সম্প্রতি জনাব বুলবুল তাকওয়া ব্যাংকের ধানমন্ডি শাখায় ঋণের জন্য আবেদন করেন। ব্যাংকটি জনাব বুলবুলের ব্যবসায়ের উৎপাদনশীলতা ও লাভজনকতা বিচার করে সন্তুষ্ট হয়ে ঋণ মঞ্জুর করে। অর্থাৎ ব্যাংকটি শিল্প প্রতিষ্ঠানের উন্নয়নের উদ্দেশ্য ঋণ দিয়েছে। দেশের শিল্প খাতকে ত্বরান্বিত করতে এ ব্যাংক কাজ করে থাকে। তাই বলা যায় উদ্দীপকের তাকওয়া ব্যাংক একটি শিল্প ব্যাংক।

ঘ জনাব বুলবুলকে ঋণ দেওয়ার ক্ষেত্রে ব্যাংকিং ব্যবসায়ের ঋণমঞ্জুরের নীতি যথাযথ অনুসরণ করলেও ও নিরাপত্তার নীতি অনুসরণ করেনি। ঋণ মঞ্জুরের নীতি অনুযায়ী ঋণ প্রদানের পূর্বে ব্যাংক প্রস্তাবিত প্রকল্পের উৎপাদনশীলতা ও লাভজনকতা বিবেচনা করে। এ ব্যাপারে অনুৎপাদন এবং অনিশ্চিত ক্ষেত্রে ঋণ প্রত্যাখান করে।

গ্রাহকের অর্থ ও ঋণ হিসেবে প্রদত্ত অর্থের নিরাপত্তা নিশ্চিত করাকে ব্যাংকের নিরাপত্তা নীতি বলা হয়। ব্যাংকের একটি অন্যতম নীতি হলো নিরাপত্তা নীতি। এ নীতি অনুযায়ী নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংক গ্রাহককে ঋণ দেওয়ার সময় তার আর্থিক সচ্ছলতা যাচাই করে এবং জামানত হিসেবে বিভিন্ন সম্পত্তি বন্ধক রাখে। নির্দিষ্ট সময়ে ঋণের অর্থ ফেরত পাওয়ার উদ্দেশ্যে এ বিষয়গুলো বিবেচনা করা হয় এবং বন্ধক রাখা সম্পত্তি বিক্রি করে অর্থ আদায় করে।

উদ্দীপকে 'তাকওয়া ব্যাংক' ঋণ দেওয়ার ক্ষেত্রে বুলবুলের উৎপাদনশীলতা ও লাভজনকতা বিবেচনা করে ঋণ মঞ্জুর করে। অর্থাৎ প্রতিষ্ঠানটি ঋণমঞ্জুর নীতি অনুসরণ করে। অন্যদিকে প্রতিষ্ঠানটির ঋণ

প্রদানের ক্ষেত্রে কোনো জামানত নেয়নি ফলে নিরাপত্তার নীতি লঙ্ঘন হয়েছে। ভবিষ্যতে যদি জনাব বুলবুল ব্যাংক ঋণ পরিশোধে ব্যর্থ হয় তাহলে তাকওয়া ব্যাংক ক্ষতির সম্মুখীন বা আর্থিক সংকটে পড়বে। অতএব বলা যায়, জনাব বুলবুলকে ঋণ দেওয়ার ক্ষেত্রে 'তাকওয়া ব্যাংক' যথাযথ নীতি সম্পূর্ণভাবে অনুসরণ করেনি।

প্রশ্ন ▸ ০৯ জনাব ইমরান তার স্বাক্ষরিত একটি চেক পাওনাদার নীলিমা রহমানকে দেয়। নীলিমা রহমান চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংক সাথে সাথে টাকা পরিশোধ করে। কিন্তু ইমরান-এর হিসাবে কত টাকা অবশিষ্ট আছে তা জানতে চাইলে ব্যাংকটি নীলিমাকে তা জানাতে অপারগতা প্রকাশ করে।

ক. ব্যাংকিং ব্যবসায়ে লিপ্ত ব্যক্তিকে কী বলা হয়? ১

খ. কোন ধরনের চেক অধিক নিরাপদ? ব্যাখ্যা করো। ২

গ. চেকের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটি ইমরানের প্রতি কোন দায়িত্বটি পালন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমরানের অবশিষ্ট টাকার পরিমাণ জানাতে অপারগতা প্রকাশ ব্যাংকের জন্য কতটুকু যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

[চ. বো. ২০২৫]

৯নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▸ ১০ রাজেন্দ্রপুর বাজারে 'পারিজাত ব্যাংক'-এর একটি শাখা রয়েছে। উক্ত শাখার মাধ্যমে রাজেন্দ্রপুরসহ আশপাশের জনগণ নিরাপদে টাকা জমা রাখা, অর্থ উত্তোলন ও নানাবিধ ব্যবসায়িক কার্যকর সম্পাদন করে থাকে। রাজেন্দ্রপুর বাজারের বিশিষ্ট ব্যবসায়ী জনাব মাহিন জাপান থেকে একটি মেশিন আমদানি করতে চান। এক্ষেত্রে 'পারিজাত ব্যাংক' মাহিনকে মেশিনটি ক্রয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে।

ক. কোন কার্ড ব্যবহারে ব্যাংক হিসাবে টাকা জমা থাকা আবশ্যক? ১

খ. ব্যাংক কীভাবে ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'পারিজাত ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মাহিনের মেশিনটি ক্রয়ে 'পারিজাত ব্যাংকের' ভূমিকা বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

১০নং প্রশ্নের উত্তর

ক ডেবিট কার্ড ব্যবহারে ব্যাংক হিসাবে টাকা জমা থাকা আবশ্যক।

খ বাণিজ্যিক ব্যাংক ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে।

ব্যাংক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ দেওয়ার সময় সরাসরি অর্থ না দিয়ে তার হিসাবে জমা করে। এরপর ঋণগ্রহীতা চেকের মাধ্যমে ঐ হিসাব থেকে অর্থ উত্তোলন করে। এভাবেই বাণিজ্যিক ব্যাংক ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে।

গ কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'পারিজাত ব্যাংক' হলো একটি বাণিজ্যিক ব্যাংক।

এ ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত ও পরিচালিত হয়। বাণিজ্যিক ব্যাংক জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে সংগ্রহ করে। সংগৃহীত অর্থ থেকে গ্রাহককে বিভিন্ন মেয়াদে ঋণ দেয়। এছাড়া বিভিন্ন ধরনের সেবার বিনিময়ে থেকে কমিশন আদায় করে। স্বল্প সুদে আমানত সংগ্রহ করে। সংগৃহীত আমানত বেশি সুদে গ্রাহকদের ঋণ হিসেবে দেয়। এছাড়া মুদ্রা প্রচলনেও কেন্দ্রীয় ব্যাংককে পরোক্ষভাবে সাহায্য করে।

উদ্দীপকের 'পারিজাত ব্যাংক' আশেপাশের জনগণের নিকট থেকে নিরাপদে টাকা জমা রাখা, অর্থ উত্তোলন ও নানাবিধ সুবিধা প্রদান করে ব্যবসায়িক কার্যক্রম সম্পাদন করে থাকে। জনগণের অর্থ আমানত হিসেবে রেখে ঋণদান করে। এছাড়া সংগৃহীত আমানতের দ্বারা মূলধন গঠন করে। এখানে 'পারিজাত ব্যাংকের' আমানত গ্রহণ ও ঋণদান এবং পণ্য আমদানি রপ্তানিতে প্রতিনিধিত্বমূলক কাজ বাণিজ্যিক ব্যাংকের প্রধান কার্যাবলিকে নির্দেশ করে। সুতরাং কার্যাবলি বিবেচনায় পারিজাত ব্যাংক একটি বাণিজ্যিক ব্যাংক।

ঘ উদ্দীপকের জনাব মাহিনের মেশিনটি ক্রয়ে 'পারিজাত ব্যাংকের' ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা মেশিনটি ক্রয়ে পারিজাত ব্যাংকের সম্পাদিত কাজটি হচ্ছে প্রত্যয়পত্রের ইস্যু করা।

আন্তর্জাতিক বাণিজ্যে আমদানিকারকের পক্ষে ও রপ্তানিকারকের অনুকূলে ব্যাংক প্রত্যয়পত্র ইস্যু করে। এক্ষেত্রে ব্যাংক রপ্তানিকারককে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে। এই দলিলের মাধ্যমে ব্যাংক আমদানিকারক ও রপ্তানিকারক উভয়পক্ষের স্বার্থ সংরক্ষণ করে। ব্যাংক এ ধরনের দলিলের মাধ্যম আমদানিকারককে মূল্য পরিশোধের নিশ্চয়তা নেয়। এ কাজের মাধ্যমে ব্যাংক আমদানিকারকের নিকট হতে কমিশন আদায় করে।

উদ্দীপকে রাজেন্দ্রপুর বাজারে পারিজাত ব্যাংক-এর একটি শাখা রয়েছে। উক্ত শাখায় জনগণ নিরাপদে টাকা জমা রাখে, অর্থ উত্তোলন ও নানাবিধ ব্যবসায়িক কার্যক্রম সম্পাদন করে। এই বাজারের একজন বিশিষ্ট ব্যবসায়ী জনাব মাহিন জাপান থেকে একটি মেশিন আমদানি করতে চান। এক্ষেত্রে 'পারিজাত ব্যাংক' মাহিনকে মেশিনটি ক্রয়ে সহায়তা প্রদান করে। আর এই সহায়তার গৃহীত পদক্ষেপটি হলো প্রত্যয়পত্র যা রপ্তানিকারকে অর্থ পরিশোধের নিশ্চয়তা দেয়। অর্থাৎ এই দলিলের মাধ্যমে আমদানিকারকের পক্ষে বাণিজ্যিক ব্যাংক রপ্তানিকারককে অর্থ পরিশোধ করে। ফলে রপ্তানিকারক নিশ্চিন্তে পণ্য প্রেরণ করতে পারে। তাই বলা যায় জনাব মাহিনের মেশিনটি ক্রয়ে 'পারিজাত ব্যাংক' তার পক্ষ হয়ে রপ্তানিকারককে প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে সহায়তা প্রদান করে।

প্রশ্ন ▸ ১১ মেহেরিমা ও তাহমিনা দুইজন ঘনিষ্ঠ প্রতিবেশী। তাদের গৃহস্থালি দ্রব্যের ঘাটতি হলে তারা নিজেদের মধ্যে আদান-প্রদানের মাধ্যমে তা পূরণ করে। হঠাৎ মেহেরিমার এক আত্মীয় অসুস্থ হওয়ায় তাকে দেখতে তিনি ঢাকায় যান। নিরাপত্তার কথা ভেবে তিনি তার মূল্যবান গহনাপত্র প্রতিবেশী তাহমিনার বাসায় রেখে যান। এই সময়ে তাহমিনার বাসায় চুরি হয় এবং মেহেরিমার গহনাও খোয়া যায়। এতে উভয়ের মাঝে মনোমালিন্য সৃষ্টি হয়।

ক. ব্যাংকের সকল আইনসঙ্গত কাজ কী হিসেবে পরিচিত? ১

খ. মুদ্রা কীভাবে মূল্যের পরিমাপক হিসেবে কাজ করে? ব্যাখ্যা করো। ২

গ. মেহেরিমা ও তাহমিনা তাদের গৃহস্থালি দ্রব্যের ঘাটতি যেভাবে পূরণ করে তাকে কী বলা হয়? বর্ণনা করো। ৩

ঘ. ব্যাংকের কোন সেবা গ্রহণ করলে মেহেরিমা উক্ত অপ্রত্যাশিত ঘটনাটি এড়াতে পারতো বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

[চ. বো. ২০২৫]

১১নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

বরিশাল বোর্ড-২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 5 2**

সময় : ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হাফিজ ৫ বছর পর ১০ লক্ষ টাকা পাওয়ার আশায় জনতা ব্যাংকে কিছু টাকা জমা রাখতে চাইলে ব্যাংক তাকে মাসিক ১২% চক্রবৃদ্ধির প্রস্তাব দেয়।

১. জনাব হাফিজকে বর্তমানে কত টাকা ব্যাংকে জমা রাখতে হবে?
ⓚ ৩,৩৯,৪৫৬ টাকা ⓚh ৩,৪২,৯৯৪ টাকা
ⓖ ৪,৮০,৩১৮ টাকা ⓖh ৫,৫০,৪৪৯ টাকা

২. কাগজি মুদ্রার ব্যাপক প্রসারের কারণ—
i. নিরাপত্তা নিশ্চিত হওয়া
ii. ধাতব মুদ্রার দীর্ঘস্থায়িত্ব
iii. কাগজের সহজলভ্যতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

৩. সংরক্ষিত তহবিল এর ক্ষেত্রে নিচের কোনটি বিবেচ্য?
ⓚ ঋণপত্র বিক্রয়ের মাধ্যমে সংগৃহীত তহবিল
ⓚh এর কোনো সুযোগ ব্যয় নেই
ⓖ অবণ্টিত মুনাফার সঞ্চিত অংশ
ⓖh ব্যাংক সুদের নির্দিষ্ট প্রাপ্ত অংশ

৪. 'স্বল্প ব্যয়ে অধিক মুনাফা' ব্যাংকের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ?
ⓚ সাবধানতার নীতি ⓚh মিতব্যয়িতার নীতি
ⓖ সচ্ছলতার নীতি ⓖh নিরাপত্তার নীতি

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রুম্মান ৫ লক্ষ টাকা ৩ বছরের জন্য একটি স্বনামধন্য কোম্পানির এমন একটি খাতে বিনিয়োগ করেছেন যা থেকে নিয়মিত আয় পেলেও বন্ড মালিকদের দাবি মেটানোর পর তাদের পাওনা পরিশোধ করা হবে। অন্যদিকে জনাব জব্বার আলী অবসর সময়ে প্রাপ্ত অর্থ শেয়ারে বিনিয়োগ করতে চাইলে তার বন্ধু তাকে বিভিন্ন তথ্য সংগ্রহসহ শেয়ার কেনাবেচার কাজে নিয়োজিত প্রতিষ্ঠানে খোঁজ নিতে বলেন।

৫. জনাব রুম্মান কোন খাতে বিনিয়োগ করেছেন?
ⓚ বন্ড ⓚh ডিবেঞ্চার ⓖ সাধারণ শেয়ার ⓖh অগ্রাধিকার শেয়ার

৬. জনাব জব্বার আলীর বিনিয়োগের পূর্বে বিবেচনা করা উচিৎ—
i. কোম্পানির আর্থিক তথ্য বিশ্লেষণ
ii. দেশের শিল্পখাত ও অর্থনৈতিক অবস্থার তথ্য
iii. শেয়ার বাজার সম্পর্কে অভিজ্ঞ ব্যক্তির পরামর্শ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

৭. বাণিজ্যিকপত্র বিক্রয়ে জামানত হিসেবে কাজ করে কোনটি?
ⓚ প্রতিষ্ঠানের সুনাম ⓚh ঋণপত্র ⓖ নগদ তহবিল ⓖh লভ্যাংশ

৮. বোনাস শেয়ার কীসের মাধ্যমে তৈরি হয়?
ⓚ অবণ্টিত মুনাফা ⓚh সঞ্চিতি তহবিল
ⓖ নিজস্ব তহবিল ⓖh নিট মুনাফা

৯. আমদানি-রপ্তানি ব্যাংক কেন প্রতিষ্ঠা করা হয়?
ⓚ যন্ত্রাংশ আমদানির লক্ষ্যে ⓚh মেশিন আধুনিকীকরণের জন্য
ⓖ শিল্পায়ন ত্বরান্বিত করতে ⓖh আমদানি কার্যে ঋণ সরবরাহ করতে

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ফাহিম 'রূপা' ব্যাংকের লকারে মূল্যবান জমির দলিল, গহনা, ডকুমেন্ট প্রভৃতি জমা রাখেন।

১০. রূপা ব্যাংক উদ্দীপকে উল্লিখিত সেবার বিনিময়ে জনাব ফাহিমের নিকট থেকে কী আদায় করে?
ⓚ কমিশন ⓚh সুদ ⓖ সার্ভিস চার্জ ⓖh মুনাফা

১১. নতুন পণ্য বাজারে ছাড়ার সময় কোনটি বিবেচনা করা প্রয়োজন?
ⓚ ক্রীত পণ্যের খরচ ⓚh বিমা খরচ ⓖ অবচয় ⓖh উৎপাদন খরচ

১২. নিট মুনাফার সাথে কোনটি যোগ করলে নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যায়?
ⓚ অবচয় ⓚh কর ⓖ চলতি ব্যয় ⓖh বিক্রয় খরচ

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হান্নান সততা ব্যাংকে হিসাব খুলে তার সঞ্চিত অর্থ জমা রাখেন। হঠাৎ অর্থের প্রয়োজন হওয়ায় তিনি সততা ব্যাংক থেকে বাড়ি বন্ধক রেখে ঋণ নেন। কিন্তু সময়মতো জনাব হান্নান তার ঋণের অর্থ পরিশোধ করতে পারছেন না।

১৩. হিসাব খোলার মাধ্যমে জনাব হান্নান ও সততা ব্যাংকের মধ্যে কোন ধরনের সম্পর্ক বিদ্যমান?
ⓚ ডেটর-ক্রেডিটর ⓚh ব্যাংক গ্রাহকের অছি
ⓖ চুক্তিবদ্ধ সম্পর্ক ⓖh ব্যাংক গ্রাহকের প্রতিনিধি

১৪. ঋণের টাকা আদায়ে সততা ব্যাংকের করণীয়—
i. আইনি নোটিশ প্রদান
ii. বন্ধকী সম্পদ ক্রোক
iii. বন্ধকী বাড়ি বিক্রয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

১৫. মূলধন বাজেটিং এর সাহায্যে নিচের কোন সিদ্ধান্তটি গ্রহণ করা হয়?
ⓚ যন্ত্র ক্রয় ⓚh কাগজ ক্রয় ⓖ বেতন প্রদান ⓖh মজুরি প্রদান

১৬. ব্যাংকের ক্ষেত্রে ব্যাংক আমানতের উদ্দেশ্য কোনটি?
ⓚ ব্যবসায়িক লেনদেন ⓚh তহবিলের মূল উৎস
ⓖ মূলধন গঠন ⓖh ঋণের সুবিধা

১৭. কোনটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের উৎস?
ⓚ ঋণ ⓚh অনুদান ⓖ রেমিটেন্স ⓖh বিনিয়োগের সুদ

১৮. সরকারকে নিচের কোন খাতে ব্যয় করতে হয়?
ⓚ সামাজিক অবকাঠামো ⓚh মূল্য সংযোজন কর
ⓖ গিফট ট্যাক্স ⓖh আমদানি শুল্ক

১৯. আর্থিক প্রতিষ্ঠানগুলোতে কাঙ্ক্ষিত সময়ের মধ্যে আবেদন করলেও ঋণ পাওয়া যায় না কেন?
ⓚ যথাযথ অর্থের সংস্থান নেই বলে
ⓚh অর্থের লাভজনক ব্যবহার হয় না বলে
ⓖ আর্থিক প্রতিষ্ঠানগুলো যথেষ্ট সুসংগঠিত নয় বলে
ⓖh আর্থিক পরিকল্পনা ও ব্যবস্থাপনা অদক্ষ বলে

২০. নিচের কোনটির জন্য চলতি মূলধন প্রয়োজন?
ⓚ কারখানা নির্মাণ ⓚh মেশিন স্থাপন ⓖ কাঁচামাল ক্রয় ⓖh আসবাবপত্র ক্রয়

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
ব্যবসায়ী জনাব সায়েমের সুপ্ত ব্যাংকে একটি হিসাব আছে। যুক্তরাষ্ট্রে অবস্থানকালে সুপ্ত ব্যাংকের সুরক্ষিত ওয়েব সাইটে তিনি তার সকল তথ্য প্রদান করেন। তিনি তার হিসাবের সকল তথ্য, অর্থ স্থানান্তরসহ বিভিন্ন লেনদেন ইন্টারনেটের মাধ্যমে করতে পারেন।

২১. জনাব সায়েম ইলেকট্রনিক ব্যাংকিং এর কোন সেবাটি পেয়েছেন?
ⓚ ইন্টারনেট ব্যাংকিং ⓚh মোবাইল ব্যাংকিং
ⓖ এস.এম.এস ব্যাংকিং ⓖh এনি ব্রাঞ্চ ব্যাংকিং

২২. জনাব সায়েমের সুপ্ত ব্যাংকে খোলা হিসাবের ক্ষেত্রে প্রযোজ্য—
i. জমার অতিরিক্ত অর্থ উত্তোলনের সুযোগ
ii. পর্যাপ্ত সুদ প্রদান করা হয়
iii. সপ্তাহে একাধিকবার অর্থ জমা রাখা যায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

২৩. ব্যাংকিং ব্যবসায়ের ভিত্তিমূল কোনটি?
ⓚ আস্থা ও বিশ্বাস ⓚh চুক্তিবদ্ধ সম্পর্ক
ⓖ আইনগত ভিত্তি ⓖh দাতা-গ্রহীতা সম্পর্ক

২৪. বিদেশে সফরকারি বাংলাদেশি নাগরিকদের জন্য কোন হিসাব তৈরি করা হয়?
ⓚ ঋণ আমানতি হিসাব
ⓚh রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব
ⓖ ডিপোজিট পেনশন স্কিম হিসাব
ⓖh বৈদেশিক মুদ্রা হিসাব

২৫. নিচের কোন প্রতিষ্ঠানের ঋণ মূলধনের প্রধান উৎস হচ্ছে ব্যাংক?
ⓚ স্কয়ার ফার্মাসিউটিক্যালস ⓚh বাটা কোম্পানি
ⓖ ঔষধের ব্যবসায় ⓖh পোশাক শিল্পের ব্যবসায়

২৬. নিচের কোনটির মাধ্যমে কেন্দ্রীয় ব্যাংক বিনিময় মাধ্যম সৃষ্টি করে?
ⓚ খোলা বাজার নীতি ⓚh হুন্ডি ⓖ ব্যাংক হার নীতি ⓖh ঋণ

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ইরফান সায়মন কোম্পানির ১০ লক্ষ টাকার বন্ড কিনেছেন। উক্ত কোম্পানি তিন বছর মেয়াদি ইয়ামিন নামক একটি প্রকল্পে বিনিয়োগ করতে আগ্রহী যার প্রাথমিক বিনিয়োগ ১ কোটি টাকা। প্রকল্পটির আগামী তিন বছরের প্রাক্কলিত নিট মুনাফা যথাক্রমে ৩৬ লক্ষ, ১৭ লক্ষ ও ১৪ লক্ষ টাকা এবং গড় বিনিয়োগ ৫০ লক্ষ টাকা। তবে তিয়ানা নামক একটি প্রকল্পে একই অর্থ বিনিয়োগ করা হলে ৩ বছরে গড় মুনাফার হার হবে ২৮.৩০%।

২৭. জনাব ইরফান কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে পারেন?
ⓚ আর্থিক ঝুঁকি ⓚh তারল্য ঝুঁকি ⓖ ব্যবসায়িক ঝুঁকি ⓖh সুদ হারের ঝুঁকি

২৮. সায়মন কোম্পানির জন্য ইয়ামিন প্রকল্প গ্রহণযোগ্য, কারণ—
i. ইয়ামিন প্রকল্পের গড় মুনাফার হার বেশি
ii. তিয়ানা প্রকল্পের মুনাফার হার কম
iii. ইয়ামিন প্রকল্পের গড় নিট মুনাফা ৩৪.৬৭%
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

২৯. কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যকার লেনদেন নিষ্পত্তি করে কেন?
ⓚ অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে
ⓚh অতিরিক্ত ঋণ প্রদানকে রহিত করতে
ⓖ অর্থবাজারকে স্থিতিশীল করতে
ⓖh পুরো ব্যাংকিং ব্যবস্থায় সমন্বয় বজায় রাখতে

৩০. ভবিষ্যৎ মূল্য নির্ধারণের জন্য ব্যবহৃত পদ্ধতিকে কী বলা হয়?
ⓚ প্রকৃত সুদ নির্ণয় ⓚh বাট্টাকরণ প্রক্রিয়া
ⓖ সরল সুদ নির্ণয় ⓖh চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

উত্তর	১		২		৩		৪		৫		৬		৭		৮		৯		১০		১১		১২		১৩		১৪		১৫	
	১৬		১৭		১৮		১৯		২০		২১		২২		২৩		২৪		২৫		২৬		২৭		২৮		২৯		৩০	

বরিশাল বোর্ড-২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান– ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম তিনটি প্রশ্ন নিয়ে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ফিন্যান্স অংশ

১। জনাব মুসাব্বির নিজস্ব অর্থায়নে 'এল.এক্স' নামে একটি বিরিয়ানি হাউজ চালু করেন। এলাকাটিতে নিম্ন আয়ের মানুষের সংখ্যা বেশি থাকায় তিনি সফলতা লাভ করতে পারেননি। পরবর্তীতে তিনি বন্ধু নূরের পরামর্শে বিরিয়ানির পাশাপাশি সাদাভাত, রুটি, ডাল ও সবজি বিক্রয়ের ব্যবস্থা করেন।
- ক. অর্থায়ন কী নিয়ে কাজ করে? ১
- খ. আয় সিদ্ধান্ত কী? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব মুসাব্বিরের অর্থায়ন কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
- ঘ. জনাব মুসাব্বিরের বন্ধুর পরামর্শ গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

২। জনাব জহির ৬ বছর পর ২,৫০,৭৫০ টাকা পাওয়ার আশায় বর্তমানে এককালীন কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'ক' ব্যাংক ৯% হারে বার্ষিক সুদ ও 'খ' ব্যাংক ৮.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব করেছে।
- ক. অর্থের সময়মূল্য কাকে বলে? ১
- খ. সুযোগ ব্যয় কী? ব্যাখ্যা করো। ২
- গ. 'ক' ব্যাংকে জনাব জহিরকে বর্তমানে কত টাকা জমা করতে হবে? উদ্দীপকের আলোকে নির্ণয় করো। ৩
- ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব জহিরের জন্য অধিক লাভজনক? উদ্দীপকের আলোকে গাণিতিক বিশ্লেষণে মতামত দাও। ৪

৩। মাহিম তার জমানো টাকা বিভিন্ন খাতে বিনিয়োগ করে লাভবান হতে চান। এক্ষেত্রে তার বন্ধু কোম্পানি কর্তৃক ইস্যুকৃত বিভিন্ন বিনিয়োগ হাতিয়ারের নিজস্ব বৈশিষ্ট্য ও সুবিধা-অসুবিধা সম্বন্ধে তাকে অবহিত করেন। মাহিম বিনিয়োগের ক্ষেত্রে লাভ কম হলেও লোকসানের তেমন ঝুঁকি নিতে চান না। তাই তিনি জামানত গ্রহণ সাপেক্ষে বিনিয়োগ করেন। নির্দিষ্ট সময় পর অধিক লাভবান হওয়ার আশায় তার বিনিয়োগটিকে অন্য একটি বিনিয়োগ খাতে রূপান্তরের সিদ্ধান্ত গ্রহণ করেন।
- ক. কোন বাজারে বিনিয়োগকারীরা নিজেদের মধ্যে শেয়ার কেনাবেচা করে? ১
- খ. কোন ধরনের লভ্যাংশ প্রদানে কোম্পানির শেয়ার সংখ্যা বৃদ্ধি পায়? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব মাহিম কোন খাতে বিনিয়োগ করেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. মাহিমের গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৪। অর্থ বিনিয়োগকারী জনাব মাজহার ৩ বছরের মধ্যে বিনিয়োগকৃত অর্থ তুলে আনার আশায় একটি প্রকল্পে ২১ লক্ষ টাকা বিনিয়োগ করতে চান। এক্ষেত্রে প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ১২ লক্ষ, ১৬ লক্ষ ও ২১ লক্ষ টাকা স্থায়ী ব্যয় ১ লক্ষ টাকা ধরা হয় এবং চলতি ব্যয় বিক্রয়ের ২৫%। কর হার ৩০%।
- ক. নগদ আন্তঃপ্রবাহ কী? ১
- খ. মূলধন বাজেটিং সর্বদা ঝুঁকিপূর্ণ সিদ্ধান্ত কেন? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব মাজহারের প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩
- ঘ. পে-ব্যাংক সময়ের ভিত্তিতে বিনিয়োগ প্রকল্পটি গ্রহণ করা কি যৌক্তিক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫। রাজ লিমিটেডের ঋণ মূলধনের সুদের হার ৯% ও অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ৭%, যার লিখিত মূল্য ১০০ টাকা। প্রতিটি সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজার মূল্য যথাক্রমে ৩০৫ টাকা ও ১৮০ টাকা। চলতি বছর কোম্পানিটি সাধারণ শেয়ার প্রতি ১৮ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং তা প্রতি বছর ৩% বৃদ্ধি পায়। করহার ৪০%। কোম্পানিটি কম মূলধন ব্যয়সম্পন্ন উৎস থেকে আরো নতুন মূলধন সংগ্রহ করতে চায়।
- ক. দীর্ঘমেয়াদি অর্থায়নের একটি আধুনিক পদ্ধতি কী? ১
- খ. কাম্য ঋণনীতি বলতে কী বুঝায়? ২
- গ. উদ্দীপকের আলোকে সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩
- ঘ. রাজ লিমিটেডের কোন উৎস থেকে নতুন মূলধন সংগ্রহ করা উচিত? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

৬। 'নোভা এন্ড কোং' নিম্নলিখিত দুটি প্রকল্পের মধ্যে একটি প্রকল্প বন্ধ করতে চায়। প্রকল্প দুটির গত পাঁচ বছরের আয় হার নিম্নরূপ :

প্রকল্পের নাম	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪	বছর-৫
দিবা	৮%	১৪%	–৬%	১৮%	১১%
রাত্রি	১০%	–৪%	১৪%	২০%	৫%

- ক. স্বল্প মেয়াদ বলতে কত সময়কে বুঝানো হয়? ১
- খ. ঝুঁকিমুক্ত আয় বলতে কী বুঝায়? ২
- গ. দিবা প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩
- ঘ. নোভা এন্ড কোং-এর কোন প্রকল্প বন্ধ করে দেওয়া উচিত? মতামত দাও। ৪

ব্যাংকিং অংশ

৭। 'A' ব্যাংকের অনুমতি নিয়ে 'B' ব্যাংক তাদের ব্যাংকিং কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সম্প্রতি ব্যবসায়ী জনাব কাশেম ৫ লক্ষ টাকা ঋণের জন্য আবেদন করলে 'B' ব্যাংক তা মঞ্জুর করে। পরবর্তীতে ঋণের টাকা ব্যাংক জনাব কাশেমের নিকট থেকে সময়মতো আদায় করতে পারেনি। 'A' ব্যাংক ঋণ প্রদানের একটি নীতি যথাযথভাবে মেনে চলার জন্য 'B' ব্যাংককে পরামর্শ দেয়।
- ক. ব্যাংকার কে? ১
- খ. দ্রব্য বিনিময় প্রথা বলতে কী বুঝায়? ২
- গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'B' ব্যাংকের মেনে চলা অপরিহার্য'– উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ করো। ৩
- ঘ. 'A' ব্যাংক কর্তৃক প্রদত্ত পরামর্শটি 'B' ব্যাংকের মেনে চলা অপরিহার্য'–উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৮। ব্যবসায়ী মাহমুদ ও তার চাকরিজীবী বন্ধু জনি একসাথে 'শাপলা' ব্যাংকে একই রকম হিসাব খুলতে যান। জনিকে প্রতি মাসে এক বা দুই বার টাকা উত্তোলন করতে হবে। অন্যদিকে মাহমুদ প্রতিদিনই টাকা জমা ও উত্তোলন করতে চান। ব্যাংক কর্মকর্তা তাদের দুই জনের জন্য দুই ধরনের হিসাব খোলার পরামর্শ দিলে তারা রাজি হয় এবং হিসাব খোলে।
- ক. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১
- খ. ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২
- গ. জনির উপযোগী ব্যাংক হিসাব কোনটি? বর্ণনা করো। ৩
- ঘ. ব্যাংক কর্মকর্তার ভিন্নরকম হিসাব খোলার পরামর্শটির যথার্থতা উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

৯। জনাব মাসুম তাঁর স্বাক্ষরিত একটি চেক দিয়ে স্ত্রীকে ব্যাংকে পাঠান। চেকটি ব্যাংকে জমা দিলে, ব্যাংক তাঁর স্ত্রীকে টাকা পরিশোধ করে। কিন্তু জনাব মাসুমের হিসাবে কত টাকা আছে তা জানতে চাইলে ব্যাংকটি তার স্ত্রীকে জানাতে অপারগতা প্রকাশ করে।
- ক. ব্যাংকের সকল আইনসজ্ঞাত কার্যাবলি কী হিসেবে পরিচিত? ১
- খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? ২
- গ. চেকের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটি জনাব মাসুমের প্রতি কোন দায়িত্বটি পালন করেছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. জনাব মাসুমের স্ত্রী ব্যাংকের বর্তমান স্থিতি জানতে চাইলে, ব্যাংক অপারগতা প্রকাশ করার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

১০। 'অন্তরা ইন্টারন্যাশনাল' ডেনমার্ক থেকে পুষ্টিকর শিশুখাদ্য আমদানি করতে চায়। রপ্তানিকারক প্রতিষ্ঠান লেনদেনের নিশ্চয়তা চাইলে 'একতা ব্যাংক' কর্তৃক ইস্যুকৃত একটি পত্র তাদের নিকট প্রেরণ করলে খুব দ্রুত তারা রপ্তানির কার্যক্রম শুরু করে। অন্যদিকে উক্ত ব্যাংকের গ্রাহক মিতু ব্যাংকিং সময়ের পরেও যেকোনো সময় লেনদেন করতে চাইলে ব্যাংক কর্তৃপক্ষ তাকে একটি কার্ড প্রদান করে। এই কার্ডের মাধ্যমে লেনদেনের ক্ষেত্রে হিসাবে জমা টাকা থাকা বাধ্যতামূলক।
- ক. গারনিশি অর্ডার কে জারি করে? ১
- খ. কোন ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়? ব্যাখ্যা করো। ২
- গ. মিতুর কার্ডের ধরন উদ্দীপকের আলোকে বর্ণনা করো। ৩
- ঘ. "আমদানি-রপ্তানি কার্যক্রমে উদ্দীপকে উল্লিখিত পত্রটি সেতুবন্ধন হিসেবে কাজ করে"–উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

১১। ব্যবসায়ী হিমেল, তাঁর পাওনাদারকে প্রদানের জন্য ১,৫০,০০০ টাকার একটি চেক স্বাক্ষর করে টেবিলের ড্রয়ারে রাখেন। তাঁর একজন কর্মচারী চেকটি নিয়ে ব্যাংকে উপস্থাপন করলে, ব্যাংক তাকে চেকের টাকা পরিশোধ করে এবং সে উত্তোলিত টাকা নিয়ে পালিয়ে যায়। পরবর্তিতে তিনি চেকের মাধ্যমে লেনদেনের ক্ষেত্রে নিরাপত্তার কথা চিন্তাভাবনা করছেন।
- ক. হিসাব খোলার মধ্য দিয়ে ব্যাংক এবং গ্রাহকের মধ্যে কোন ধরনের সম্পর্কের সৃষ্টি হয়? ১
- খ. বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য কী? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব হিমেলের স্বাক্ষরিত চেক কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
- ঘ. লেনদেনের নিরাপত্তার জন্য জনাব হিমেলের কোন ধরনের চেক ব্যবহার করা উচিত? মতামত দাও। ৪

উত্তরমালা (বরিশাল বোর্ড ২০২৫)

বহুনির্বাচনি অভীক্ষা

১	ঘ	২	খ	৩	গ	৪	খ	৫	ঘ	৬	ঘ	৭	ক	৮	ক	৯	ঘ	১০	গ	১১	ঘ	১২	ক	১৩	ক	১৪	ঘ	১৫	ক
১৬	খ	১৭	খ	১৮	ক	১৯	ঘ	২০	গ	২১	ক	২২	খ	২৩	ক	২৪	খ	২৫	গ	২৬	খ	২৭	খ	২৮	ক	২৯	ঘ	৩০	ঘ

সৃজনশীল

প্রশ্ন ▶ ০১ জনাব মুসাব্বির নিজস্ব অর্থায়নে 'এল.এক্স' নামে একটি বিরিয়ানি হাউজ চালু করেন। এলাকাটিতে নিম্ন আয়ের মানুষের সংখ্যা বেশি থাকায় তিনি সফলতা লাভ করতে পারেননি। পরবর্তীতে তিনি বন্ধু নূরের পরামর্শে বিরিয়ানির পাশাপাশি সাদাভাত, রুটি, ডাল ও সবজি বিক্রয়ের ব্যবস্থা করেন।

ক. অর্থায়ন কী নিয়ে কাজ করে? ১

খ. আয় সিদ্ধান্ত কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মুসাব্বিরের অর্থায়ন কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মুসাব্বিরের বন্ধুর পরামর্শ গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

[ব. বো. ২০২৫]

১নং প্রশ্নের উত্তর

ক অর্থায়ন তহবিল ব্যবস্থাপনা নিয়ে কাজ করে।

খ আয় সিদ্ধান্তের অপর নাম অর্থায়ন সিদ্ধান্ত।

অর্থায়ন সিদ্ধান্ত বলতে মূলত একটি কোম্পানির মূলধন তহবিল সংগ্রহ করার সিদ্ধান্তকে বোঝায়। এর আওতায় তহবিল সংগ্রহের জন্য ভিন্ন ভিন্ন উৎস নির্বাচন করা হয়। উক্ত উৎসের সুবিধা-অসুবিধা বিশ্লেষণ করে অর্থায়ন সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ করা হয়।

গ উদ্দীপকের জনাব মুসাব্বিরের অর্থায়ন হলো ব্যবসায় অর্থায়ন।

ব্যবসায় প্রতিষ্ঠান তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য এ ধরনের অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে। ব্যবসায় অর্থায়নের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন করা। ব্যবসায় প্রতিষ্ঠাকালে ও ব্যবসায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার উদ্দেশ্যে এ অর্থায়ন করা হয়।

উদ্দীপকে এল. এক্স কোম্পানি নামে একটি বিরিয়ানি হাউজ চালু করেন। কোম্পানি উক্ত অর্থ দিয়ে এখানে প্রতিষ্ঠানটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ করে। সংগৃহীত তহবিল বিরিয়ানি তৈরিতে ব্যয় করে। আর ব্যবসায় অর্থায়ন মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ ও বিনিয়োগ করে। এছাড়াও ব্যবসায়ের পরিধি বৃদ্ধির সাথে সাথে নতুন কর্মসংস্থানেরও সুযোগ তৈরি হয়। তাই বলা যায়, উদ্দীপকে ব্যবসায় অর্থায়নের কথা বলা হয়েছে।

ঘ জনাব মুসাব্বিরের বন্ধুর পরামর্শ গ্রহণের সিদ্ধান্ত ব্যবসায়ের বৈচিত্র্যায়ণ ও ঝুকি বণ্টন নীতির তাৎপর্য রয়েছে।

এ নীতি অনুযায়ী কোনো বিনিয়োগকারী সমুদয় অর্থ একটি খাতে বিনিয়োগ করে না। বরং একাধিক খাতে বিনিয়োগ বৈচিত্র্যপূর্ণ করা হয়। এ নীতির মূল উদ্দেশ্য ঝুঁকি বণ্টন করা।

উদ্দীপকে এল. এক্স কোম্পানি নামে একটি বিরিয়ানি হাউজ চালু করেন। এলাকাটিতে নিম্ন আয়ের মানুষ থাকায় ব্যবসায় সফলতা হচ্ছে না ফলে তিনি ব্যাবসায়ের বিরিয়ানির পাশাপাশি সাদা ভাত, রুটি ডাল সবজি ইত্যাদি বিক্রয় শুরু করেন। ফলে প্রতিষ্ঠানটির আর্থিক অবস্থা দ্রুত সম্প্রসারিত হচ্ছে।

বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি অনুযায়ী একাধিক পণ্যে বিনিয়োগ করা হয়। উদ্দীপকের এল. বক্স একাধিক খাতে বিনিয়োগ করে ঝুঁকি বণ্টন ও হ্রাস করেছে। এলাকাটিতে নিম্ন আয়ের মানুষের সংখ্যা বেশি থাকায় তিনি সফলতা লাভ করতে পারেননি কারণ অধিকাংশ নিম্ন আয়ের মানুষ থাকায় বিক্রয়ের পরিমাণ কম হতো ফলে কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করা সম্ভব হতো না। কিন্তু বৈচিত্র্যায়ণের ফলে একটি পণ্যের মুনাফা না হলে তা অন্য পণ্যের মুনাফা দ্বারা পুষিয়ে নিতে পারবে। ফলে প্রতিষ্ঠানটির জন্য প্রত্যাশিত মুনাফা ও সাফল্য অর্জন সহজ হয়েছে। তাই বলা যায়, উদ্দীপকের প্রতিষ্ঠানটির ব্যবসায় সম্প্রসারণে তার বন্ধুর পরামর্শটি ব্যবসায় অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতির আলোকে যৌক্তিক ছিলো।

প্রশ্ন ▶ ০২ জনাব জহির ৬ বছর পর ২,৫০,৭৫০ টাকা পাওয়ার আশায় বর্তমানে এককালীন কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'ক' ব্যাংক ৯% হারে বার্ষিক সুদ ও 'খ' ব্যাংক ৮.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব করেছে।

ক. অর্থের সময়মূল্য কাকে বলে? ১

খ. সুযোগ ব্যয় কী? ব্যাখ্যা করো। ২

গ. 'ক' ব্যাংকে জনাব জহিরকে বর্তমানে কত টাকা জমা করতে হবে? উদ্দীপকের আলোকে নির্ণয় করো। ৩

ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব জহিরের জন্য অধিক লাভজনক? উদ্দীপকের আলোকে গাণিতিক বিশ্লেষণে মতামত দাও। ৪

[ব. বো. ২০২৫]

২নং প্রশ্নের উত্তর

ক সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তন হওয়াকে অর্থের সময়মূল্য বলে।

খ কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

উদাহরণস্বরূপ কোনো এলাকায় জমির মূল্য ১০ বছরে দ্বিগুণ হয়। পক্ষান্তরে, ব্যাংকের সঞ্চয়ী হিসাবে সুদের হার ৮%। এক্ষেত্রে দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করতে হবে এবং অন্যটিকে ত্যাগ করতে হবে। মনে করি জমি ক্রয়ে বিনিয়োগ করা হলো এবং সঞ্চয়ী হিসাবের প্রকল্প ত্যাগ করা হলো। এক্ষেত্রে জমি ক্রয়ের সুযোগ ব্যয় হবে ৮% সুদের হার।

গ 'ক' ব্যাংকে জনাব জহিরের জমাকৃত টাকার পরিমাণ নির্ণয় :

দেওয়া আছে,

ভবিষ্যৎ মূল্য, (FV) = ২,৫০,৭৫০ টাকা

সুদের হার (i) = ৯% বা ০.০৯%

মেয়াদকাল (n) = ৬ বছর

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{FV}{(১ + i)^n}$$

$$= \frac{২,৫০,৭৫০}{(১ + ০.০৯)^৬}$$

$$= \frac{২,৫০,৭৫০}{১.৬৭৭১০}$$

= ১,৪৯,৫১৪.০৪ টাকা

∴ মি. জহিরকে বর্তমানে ক-ব্যাংকে ১,৪৯,৫১৪.০৪ টাকা জমা দিতে হবে।

ঘ মি. জহিরের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে তা নির্ধারণের জন্য উভয় ব্যাংকের বর্তমানে জমা টাকার পরিমাণ নির্ণয় করা প্রয়োজন।

'খ' ব্যাংকে জমাকৃত টাকার পরিমাণ নির্ণয় :

দেওয়া আছে,

ভবিষ্যৎ মূল্য, (FV) = ২,৫০,৭৫০ টাকা

সুদের হার, (i) = ৮.৫% বা ০.০৮৫

মেয়াদকাল (n) = ৬ বছর

চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ৪ বার [∵ ত্রৈমাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{FV}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$$

$$= \frac{২,৫০,৭৫০}{\left(১ + \frac{০.০৮৫}{৪}\right)^{৬ \times ৪}}$$

$$= \frac{২,৫০,৭৫০}{১.৬৫৬৪১}$$

= ১,৫১,৩৮১.৬০ টাকা

জনাব জহির যদি 'খ' ব্যাংকে টাকা জমা রাখেন তবে বর্তমানে তাকে ১,৫১,৩৮১.৬০ টাকা জমা রাখতে হবে। অন্যদিকে 'ক' ব্যাংকে যদি জমা রাখেন তবে বর্তমানে ১,৪৯,৫১৪.০৪ টাকা (গ নং হতে প্রাপ্ত) জমা রাখতে হবে। অর্থাৎ 'ক' ব্যাংকে (১,৫১,৩৮১.৬০ − ১,৪৯,৫১৪.০৪) = ১৮৬৭.৫৫ টাকা কম জমা রেখেও 'খ' ব্যাংকের ন্যায় সমান টাকা পাওয়া যাবে। তাই বলা যায়, জনাব জহিরের জন্য 'ক' ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে।

প্রশ্ন ▸ ০৩ মাহিম তার জমানো টাকা বিভিন্ন খাতে বিনিয়োগ করে লাভবান হতে চান। এক্ষেত্রে তার বন্ধু কোম্পানি কর্তৃক ইস্যুকৃত বিভিন্ন বিনিয়োগ হাতিয়ারের নিজস্ব বৈশিষ্ট্য ও সুবিধা-অসুবিধা সম্বন্ধে তাকে অবহিত করেন। মাহিম বিনিয়োগের ক্ষেত্রে লাভ কম হলেও লোকসানের তেমন ঝুঁকি নিতে চান না। তাই তিনি জামানত গ্রহণ সাপেক্ষে বিনিয়োগ করেন। নির্দিষ্ট সময় পর অধিক লাভবান হওয়ার আশায় তার বিনিয়োগটিকে অন্য একটি বিনিয়োগ খাতে রূপান্তরের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. কোন বাজারে বিনিয়োগকারীরা নিজেদের মধ্যে শেয়ার কেনাবেচা করে? ১

খ. কোন ধরনের লভ্যাংশ প্রদানে কোম্পানির শেয়ার সংখ্যা বৃদ্ধি পায়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মাহিম কোন খাতে বিনিয়োগ করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মাহিমের গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

[ব. বো. ২০২৫]

৩নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▸ ০৪ অর্থ বিনিয়োগকারী জনাব মাজহার ৩ বছরের মধ্যে বিনিয়োগকৃত অর্থ তুলে আনার আশায় একটি প্রকল্পে ২১ লক্ষ টাকা বিনিয়োগ করতে চান। এক্ষেত্রে প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ১২ লক্ষ, ১৬ লক্ষ ও ২১ লক্ষ টাকা স্থায়ী ব্যয় ১ লক্ষ টাকা ধরা হয় এবং চলতি ব্যয় বিক্রয়ের ২৫%। কর হার ৩০%।

ক. নগদ আন্তঃপ্রবাহ কী? ১

খ. মূলধন বাজেটিং সর্বদা ঝুঁকিপূর্ণ সিদ্ধান্ত কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মাজহারের প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. পে-ব্যাংক সময়ের ভিত্তিতে বিনিয়োগ প্রকল্পটি গ্রহণ করা কি যৌক্তিক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[ব. বো. ২০২৫]

৪নং প্রশ্নের উত্তর

ক প্রতিষ্ঠানের অর্থের আগমনকে নগদ আন্তঃপ্রবাহ বলে।

খ ভবিষ্যতের তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে মূলধন বাজেটিং করা হয় বলে এটি সর্বদাই ঝুঁকিযুক্ত।

মূলধন বাজেটিং প্রক্রিয়ায় অধিকাংশ অনুমানই ভবিষ্যতের ওপর নির্ভরশীল। একটি স্থায়ী সম্পত্তি যেমন– মেশিনটিতে বিনিয়োগ করা উচিত কি না এই সিদ্ধান্তটি ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্যটির ভবিষ্যতে বিক্রয় বাবদ ও উৎপাদিত খরচের ওপর নির্ভর করে। ভবিষ্যতের এই তথ্য-উপাত্ত একটি অনুমাননির্ভর যা বাস্তবসম্মত নাও হতে পারে। তাই মূলধন বাজেটিং সর্বদা ঝুঁকিযুক্ত বা ঝুঁকিপূর্ণ সিদ্ধান্ত।

গ জনাব মাজহারের প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় :

বিবরণ	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)		
	বছর ১	বছর ২	বছর ৩
বিক্রয়	১২.০০	১৬.০০	২১.০০
চলতি ব্যয় (২৫%)	(৩.০০)	(৪.০০)	(৫.২৫)
স্থায়ী ব্যয়	(১.০০)	(১.০০)	(১.০০)
অবচয় (নোট)	(৭.০০)	(৭.০০)	(৭.০০)
করযোগ্য মুনাফা	১.০০	৪.০০	৭.৭৫
কর হার (৩০%)	(০.৩০)	(১.২০)	(২.৩২৫)
নিট মুনাফা	০.৭০	২.৮০	৫.৪২৫

নোট : বার্ষিক অবচয় $= \frac{\text{প্রাথমিক বিনিয়োগ − ভগ্নাবশেষ মূল্য}}{\text{আয়ুষ্কাল}}$

$= \frac{২১.০০ − ০}{৩}$ লক্ষ টাকায়

= ৭.০০ লক্ষ টাকায়

$$\therefore \text{ গড় নিট মুনাফা} = \frac{০.৭০ + ২.৮০ + ৫.৪২৫}{৩}$$

$$= ৮.৯২৫ \text{ লক্ষ টাকায়}$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ} + \text{ভগ্নাবশেষ মূল্য}}{২}$$

$$= \frac{২১ + ০}{২} \text{ লক্ষ টাকা}$$

$$= ১০.৫০ \text{ লক্ষ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{৮.৯২৫}{১০.৫০} \times ১০০$$

$$= ৮৫\%$$

∴ জনাব মাজহারের প্রকল্পের গড় মুনাফার হার ৮৫%।

ঘ জনাব মাজহারের প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

বিবরণ	পরিমাণ (লক্ষ টাকায়)		
	বছর ১	বছর ২	বছর ৩
নিট মুনাফা (গ থেকে প্রাপ্ত)	০.৭০	২.৮০	৫.৪২৫
যোগ : অবচয় (নোট)	৭.০০	৭.০০	৭.০০
নগদ প্রবাহ (প্রায়)	৭.৭০	৯.৮০	১২.৪২৫

সারণি থেকে প্রাপ্ত নগদ প্রবাহ ব্যবহার করে জনাব মাজহারের পে-ব্যাক সময় নির্ণয় :

বছর	বার্ষিক নগদ প্রবাহ (লক্ষ টাকায়)	ক্রমযোজিত নগদ প্রবাহ (লক্ষ টাকায়)
০	২১.০০	− ২১.০০
১	৭.৭০	− ১৩.৩০
২	৯.৮০	− ৩.৫০
৩	১২.৪২৫	৮.৯২৫

$$\therefore \text{ পে-ব্যাক সময়} = ২ \text{ বছর} + \frac{৩.৫০}{১২.৪২৫}$$

$$= ২.২৮ \text{ বছর (প্রায়)}$$

∴ পে-ব্যাক সময় ২.২৮ বছর (প্রায়)।

সুতরাং পে-ব্যাক সময়ের ভিত্তিতে যে প্রকল্পের মান যত কম সেটি তত কম ঝুঁকিপূর্ণ। যেহেতু জনাব মাজহারের প্রকল্পের পে-ব্যাক সময় কম তার অর্থ এর গ্রহণযোগ্যতা বেশি। তাই তার জন্য এই প্রকল্পটি গ্রহণযোগ্য।

প্রশ্ন ▸ ০৫ রাজ লিমিটেডের ঋণ মূলধনের সুদের হার ৯% ও অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ৭%, যার লিখিত মূল্য ১০০ টাকা। প্রতিটি সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজার মূল্য যথাক্রমে ৩০৫ টাকা ও ১৮০ টাকা। চলতি বছর কোম্পানিটি সাধারণ শেয়ার প্রতি ১৮ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং তা প্রতি বছর ৩% বৃদ্ধি পায়। করহার ৪০%। কোম্পানিটি কম মূলধন ব্যয়সম্পন্ন উৎস থেকে আরো নতুন মূলধন সংগ্রহ করতে চায়।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়নের একটি আধুনিক পদ্ধতি কী? ১

খ. কাম্য ঋণনীতি বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. রাজ লিমিটেডের কোন উৎস থেকে নতুন মূলধন সংগ্রহ করা উচিত? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

[ব. বো. ২০২৫]

৫নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▸ ০৬ 'নোভা এন্ড কোং' নিম্নলিখিত দুটি প্রকল্পের মধ্যে একটি প্রকল্প বন্ধ করতে চায়। প্রকল্প দুটির গত পাঁচ বছরের আয় হার নিম্নরূপ :

প্রকল্পের নাম	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪	বছর-৫
দিবা	৮%	১৪%	−৬%	১৮%	১১%
রাত্রি	১০%	−৪%	১৪%	২০%	৫%

ক. স্বল্প মেয়াদ বলতে কত সময়কে বুঝানো হয়? ১

খ. ঝুঁকিমুক্ত আয় বলতে কী বুঝায়? ২

গ. দিবা প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. নোভা এন্ড কোং-এর কোন প্রকল্প বন্ধ করে দেওয়া উচিত? মতামত দাও। ৪

[ব. বো. ২০২৫]

৬নং প্রশ্নের উত্তর

ক স্বল্প মেয়াদ বলতে **১** বছরের কম সময়কে বুঝানো হয়েছে।

খ প্রকৃত আয় সবসময় প্রত্যাশিত আয়ের সমান হলে তাকে ঝুঁকিমুক্ত আয় বলে।

কোনো দেশের সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য হয়। এসব খাতে বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে। অর্থাৎ নির্দিষ্ট হারে আয় দেওয়া হয় বলে প্রাপ্ত আয়কে ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য করা হয়। ঝুঁকিমুক্ত আয়ে ঝুঁকি প্রিমিয়াম নেওয়ার কোনো সুযোগ থাকে না।

গ দিবা প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়−গড়) %	ব্যবধানের বর্গ %
১	৮	(৮ − ৯) = − ১	১
২	১৪	(১৪ − ৯) = ৫	২৫
৩	− ৬	(− ৬ − ৯) = − ১৫	২২৫
৪	১৮	(১৮ − ৯) = ৯	৮১
৫	১১	(১১ − ৯) = ২	৪
যোগফল =	৪৫	ব্যবধান বর্গের যোগফল =	৩৩৬
গড় আয়	$\frac{৪৫}{৫}$ = ৯%	ব্যবধান বর্গের গড় $= \frac{৩৩৬}{n - ১} = \frac{৩৩৬}{৫ - ১} = \frac{৩৩৬}{৪}$	= ৮৪

$$\therefore \text{ আদর্শ বিচ্যুতি} = \sqrt{৮৪}$$

$$= ৯.১৬\%$$

∴ দিবা প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৯.১৬%।

ঘ নোভা এন্ড কোং-এর কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত তা জানতে রাত্রি প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করতে হবে :

রাত্রি প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়−গড়) %	ব্যবধানের বর্গ %
১	১০	(১০ − ৯) = ১	১
২	− ৪	(− ৪ − ৯) = − ১৩	১৬৯
৩	১৪	(১৪ − ৯) = ৫	২৫
৪	২০	(২০ − ৯) = ১১	১২১
৫	৫	৫ − ৯ = − ৪	১৬
যোগফল =	৪৫	ব্যবধান বর্গের যোগফল =	৩৩২
গড় আয়	$\frac{৪৫}{৫}$ = ৯%	ব্যবধান বর্গের গড় $= \frac{৩৩২}{n-১} = \frac{৩৩২}{৫-১} = \frac{৩৩২}{৪}$	= ৮৩

∴ আদর্শ বিচ্যুতি $= \sqrt{৮৩}$

= ৯.১১% (প্রায়)

লক্ষণীয় দিবা প্রকল্পের গড় আয় ৯% ও আদর্শ বিচ্যুতি ৯.১৬% (গ-থেকে প্রাপ্ত)। অন্যদিকে রাত্রি প্রকল্পের গড় আয় ৯% ও আদর্শ বিচ্যুতি ৯.১১%। এখানে দুটি প্রকল্পেরই গড় আয় সময় আর আদর্শ বিচ্যুতি রাত্রি প্রকল্পের কম। যে প্রকল্পের আদর্শ বিচ্যুতি যত বেশি সেই প্রকল্পে ঝুঁকি তত বেশি। অর্থাৎ দিবা প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত।

প্রশ্ন ▶ ০৭ 'A' ব্যাংকের অনুমতি নিয়ে 'B' ব্যাংক তাদের ব্যাংকিং কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সম্প্রতি ব্যবসায়ী জনাব কাশেম ৫ লক্ষ টাকা ঋণের জন্য আবেদন করলে 'B' ব্যাংক তা মঞ্জুর করে। পরবর্তীতে ঋণের টাকা ব্যাংক জনাব কাশেমের নিকট থেকে সময়মতো আদায় করতে পারেনি। 'A' ব্যাংক ঋণ প্রদানের একটি নীতি যথাযথভাবে মেনে চলার জন্য 'B' ব্যাংকে পরামর্শ দেয়।

ক. ব্যাংকার কে? ১

খ. দ্রব্য বিনিময় প্রথা বলতে কী বুঝায়? ২

গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'B' ব্যাংকের মেনে চলা অপরিহার্য'—উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ করো। ৩

ঘ. 'A' ব্যাংক কর্তৃক প্রদত্ত পরামর্শটি 'B' ব্যাংকের মেনে চলা অপরিহার্য'—উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

[ব. বো. ২০২৫]

৭নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৮ ব্যবসায়ী মাহমুদ ও তার চাকরিজীবী বন্ধু জনি একসাথে 'শাপলা' ব্যাংকে একই রকম হিসাব খুলতে যান। জনিকে প্রতি মাসে এক বা দুই বার টাকা উত্তোলন করতে হবে। অন্যদিকে মাহমুদ প্রতিদিনই টাকা জমা ও উত্তোলন করতে চান। ব্যাংক কর্মকর্তা তাদের দুই জনের জন্য দুই ধরনের হিসাব খোলার পরামর্শ দিলে তারা রাজি হয় এবং হিসাব খোলে।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১

খ. ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. জনির উপযোগী ব্যাংক হিসাব কোনটি? বর্ণনা করো। ৩

ঘ. ব্যাংক কর্মকর্তার ভিন্নরকম হিসাব খোলার পরামর্শটির যথার্থতা উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

[ব. বো. ২০২৫]

৮নং প্রশ্নের উত্তর

ক ব্যাংক ও গ্রাহকের আস্থা ও বিশ্বাসই হলো ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র।

খ ব্যাংক মঞ্জুরিকৃত ঋণের অর্থ নগদে ঋণ গ্রহীতাকে না প্রদান করে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করে ঋণ আমানত সৃষ্টি করে।

ঋণ গ্রহণের সময় ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট ব্যাংকের সাথে একটি হিসাব খুলতে হয়। ঋণের সম্পূর্ণ অর্থ সেই হিসাবে জমা বা ক্রেডিট করা হয়। এরপর ঋণগ্রহীতা যে পরিমাণ টাকা সেই হিসাব থেকে উত্তোলন করে, তা ঐ হিসাবে ডেবিট করা হয়। এ প্রক্রিয়ায় ব্যাংক ঋণের মাধ্যমে ঋণ আমানত সৃষ্টি করে।

গ 'শাপলা ব্যাংকে' জনির উপযোগী ব্যাংক হিসাবটি একটি সঞ্চয়ী হিসাব।

যে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায়, কিন্তু সপ্তাহে দুইবার বা নিয়ম অনুযায়ী টাকা উত্তোলন করা যায়, তাকে সঞ্চয়ী হিসাব বলে। সাধারণত সমাজের নির্দিষ্ট আয়ের জনগণ সঞ্চয়ের উদ্দেশ্যে এই ধরনের হিসাব খুলে থাকেন। এ হিসাবে ব্যাংক স্বল্পহারে সুদ প্রদান করে থাকে।

গ্রাহকের চাহিদা অনুযায়ী ব্যাংকে সঞ্চয়ী, চলতি এবং স্থায়ী হিসাব খোলা যায়। তন্মধ্যে যারা চাকরিজীবী বা নির্দিষ্ট আয়ের লোক তাদের জন্য ব্যাংকের একটি উপযোগী হিসাব হলো সঞ্চয়ী হিসাব। কেননা অব্যবসায়ী বা নির্দিষ্ট আয়ের লোকদের সবসময় টাকা উত্তোলনের প্রয়োজন হয় না কিন্তু জমাদানের প্রয়োজন হতে পারে। এক্ষেত্রে সঞ্চয়ী হিসাব খুলে একজন গ্রাহক তার অর্জিত আয় থেকে সঞ্চিত অর্থ যখন খুশি তখনই ব্যাংকে জমা দিতে পারেন।

উদ্দীপকে জনি 'শাপলা ব্যাংকে' একটি হিসাব খুলেছেন। তবে তিনি উক্ত হিসাব থেকে সপ্তাহে দুইবারের বেশি টাকা তুলতে পারেন না। এক্ষেত্রে, তার ব্যাংক হিসাবের সাথে সঞ্চয়ী হিসাবের বৈশিষ্ট্য মিলে যায়। তাই বলা যায়, উদ্দীপকে জনি সঞ্চয়ী হিসাবের একজন গ্রাহক।

ঘ ব্যাংক কর্মকর্তার ভিন্নরকম পরামর্শ অনুযায়ী ব্যবসায়ী জনাব মাহমুদের জন্য চলতি হিসাব এবং চাকরিজীবী জনাব জনির জন্য সঞ্চয়ী হিসাব খোলার যথার্থতা রয়েছে।

যে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রতিদিন যতবার খুশি টাকা জমা রাখা যায় এবং প্রয়োজন মতো চাহিবামাত্র যতবার খুশি ততোবার টাকা উত্তোলন করা যায় তাকে চলতি হিসাব বলে। সাধারণত ব্যবসায়ীরা এ ধরনের হিসাব খুলে থাকে।

যে প্রক্রিয়ায় মাধ্যমে ব্যাংকের সাথে গ্রাহকের চুক্তিবন্ধ সম্পর্কের সৃষ্টি হয় তাকে ব্যাংক হিসাব বলে। এর মাধ্যমে গ্রাহক ব্যাংকের সাথে লেনদেন করে। হিসাব খোলার পূর্বে ব্যাংকের সক্ষমতা ও সুযোগ সুবিধা বিবেচনা করা উচিত।

উদ্দীপকে মাহমুদ একজন ব্যবসায়ী। তিনি সিদ্ধান্ত নিলেন একটি ব্যাংক হিসাব খুলবেন। তিনি বিভিন্ন ব্যাংকে গিয়ে তাদের সুবিধা সম্পর্কে ধারণা নেন এবং পছন্দমতো একটি হিসাব খুললেন। ব্যবসায়ী হিসেবে ব্যবসায়ী মাহমুদ একস্থান থেকে অন্যস্থানে অর্থ স্থানান্তরের জন্য একাধিক শাখা রয়েছে এমন ব্যাংকে হিসাব খোলা দরকার। দ্রুততম সময়ে লেনদেন নিষ্পত্তি করার জন্য দক্ষ ব্যাংকার রয়েছে এমন ব্যাংকে হিসাব খোলা উচিত। অন্যদিকে জনাব জনি একজন চাকরিজীবী। যার আয়ের পরিমাণ সীমিত যেহেতু তার আয়

সীমিত সেহেতু প্রতিনিয়ত তার টাকা উত্তোলনের প্রয়োজন পড়ে না। হিসাব বিবেচনায় তার সাথে সঞ্চয়ী হিসাবে সাদৃশ্য থাকায় ব্যাংক কর্মকর্তা তাকে সঞ্চয়ী হিসাব খোলার পরামর্শটি দিয়েছে। অতএব ব্যাংক কর্মকর্তার, ভিন্নরকম হিসাব খোলার পরামর্শটি যৌক্তিক ছিলো।

প্রশ্ন ▶ ০৯ জনাব মাসুম তাঁর স্বাক্ষরিত একটি চেক দিয়ে স্ত্রীকে ব্যাংকে পাঠান। চেকটি ব্যাংকে জমা দিলে, ব্যাংক তাঁর স্ত্রীকে টাকা পরিশোধ করে। কিন্তু জনাব মাসুমের হিসাবে কত টাকা আছে তা জানতে চাইলে ব্যাংকটি তার স্ত্রীকে জানাতে অপারগতা প্রকাশ করে।

ক. ব্যাংকের সকল আইনসঙ্গত কার্যাবলি কী হিসেবে পরিচিত? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? ২

গ. চেকের অর্থ পরিশোধের মাধ্যমে ব্যাংকটি জনাব মাসুমের প্রতি কোন দায়িত্বটি পালন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মাসুমের স্ত্রী ব্যাংকের বর্তমান স্থিতি জানতে চাইলে, ব্যাংক অপারগতা প্রকাশ করার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

[ব. বো. ২০২৫]

৯নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ১০ 'অনতরা ইন্টারন্যাশনাল' ডেনমার্ক থেকে পুষ্টিকর শিশুখাদ্য আমদানি করতে চায়। রপ্তানিকারক প্রতিষ্ঠান লেনদেনের নিশ্চয়তা চাইলে 'একতা ব্যাংক' কর্তৃক ইস্যুকৃত একটি পত্র তাদের নিকট প্রেরণ করলে খুব দ্রুত তারা রপ্তানির কার্যক্রম শুরু করে। অন্যদিকে উক্ত ব্যাংকের গ্রাহক মিতু ব্যাংকিং সময়ের পরেও যেকোনো সময় লেনদেন করতে চাইলে ব্যাংক কর্তৃপক্ষ তাকে একটি কার্ড প্রদান করে। এই কার্ডের মাধ্যমে লেনদেনের ক্ষেত্রে হিসাবে জমা টাকা থাকা বাধ্যতামূলক।

ক. গারনিশি অর্ডার কে জারি করে? ১

খ. কোন ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. মিতুর কার্ডের ধরন উদ্দীপকের আলোকে বর্ণনা করো। ৩

ঘ. "আমদানি-রপ্তানি কার্যক্রমে উদ্দীপকে উল্লিখিত পত্রটি সেতুবন্ধন হিসেবে কাজ করে"—উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

[ব. বো. ২০২৫]

১০নং প্রশ্নের উত্তর

ক আদালত গারনিশি অর্ডার জারি করে।

খ ব্যাংকগুলো আর্থিক সংকটের সময় কোনো উৎস থেকে সাহায্য না পেলে কেন্দ্রীয় ব্যাংক সাহায্য করে বলে একে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়।

তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণের প্রয়োজন হলে বিভিন্ন উৎস (যেমন : শেয়ার বিক্রি, অন্য ব্যাংক থেকে ঋণ নেওয়া) থেকে তা সংগ্রহের চেষ্টা করে। তবে কোনো উৎস থেকেই ঋণ সংগ্রহ করা সম্ভব না হলে কেন্দ্রীয় ব্যাংক প্রয়োজনীয় ঋণ দেয়। এছাড়াও কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক হুন্ডি, প্রতিজ্ঞাপত্র ইত্যাদি পুনঃবাট্টা করে বাণিজ্যিক ব্যাংকগুলোকে ঋণ দেয়।

গ উদ্দীপকের মিতুর কার্ডের ধরন হচ্ছে ডেবিট কার্ড।

সাধারণত সঞ্চয়ী ও চলতি হিসাবের গ্রাহকদের তার হিসাবের বিপরীতে ডেবিট কার্ড সরবরাহ করে ব্যাংক। এই কার্ডের মাধ্যমে ব্যাংকের হিসাবে জমাকৃত অর্থ ATM মেশিনের সাহায্যে উত্তোলন ও কেনাকাটার বিল পরিশোধ করা যায়। তবে এই সুবিধা গ্রাহক শুধু তখনই ভোগ করতে পারে যখন তার হিসাবে পর্যাপ্ত টাকা থাকবে। টাকা না থাকলে উক্ত সুবিধা গ্রাহক পাবে না।

উদ্দীপকে মিতু যে একটি প্লাস্টিক কার্ড ব্যবহার করে যাবতীয় ব্যয় নির্বাহ করে। মিতুর ব্যবহৃত কার্ডটি ছিলো ডেবিট কার্ড। ব্যাংকের হিসাবে পর্যাপ্ত টাকা না থাকলে, উক্ত কার্ড ব্যবহার করে কেনাকাটা বা অতিরিক্ত উত্তোলন কোনোটাই করা যায় না। তাই বলা যায়, মিতুর ব্যবহৃত কার্ডটি ডেবিট কার্ড।

ঘ আমদানি-রপ্তানি কার্যক্রমে ব্যবহৃত পত্রটি হলো প্রত্যয়পত্র যা সেতুবন্ধন হিসেবে কাজ করে।

উদ্দীপকে একতা ইন্টারন্যাশনাল সম্প্রতি ডেনমার্ক থেকে পুষ্টিকর খাদ্য আমদানী করে তার ব্যবসায়ের পরিধি বৃদ্ধি করতে চান। এক্ষেত্রে রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিশ্চয়তা চাইলে 'একতা ব্যাংক' তার পক্ষে যাবতীয় লেনদেন সম্পাদন এবং প্রয়োজনীয় দলিলপত্র তৈরিতে সহায়তা করে।

আন্তর্জাতিক বাণিজ্যে বাণিজ্যিক ব্যাংকগুলো প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে আমদানি-রপ্তানিতে সাহায্য করে। ব্যাংক আমদানিকারকের পক্ষে ও রপ্তানিকারকের অনুকূলে রপ্তানিকারককে রপ্তানিকৃত পণ্যের মূল্য পরিশোধের যে নিশ্চয়তা দেয় তাকে প্রত্যয়পত্র বলা হয়। প্রত্যয়পত্র ইস্যু করে ব্যাংক রপ্তানিকারককে মূল্য ফেরত পেতে সাহায্য করে এবং আমদানিকারকের পক্ষে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে। এক্ষেত্রে আমদানি ও রপ্তানিকারকের মনোনীত বাণিজ্যিক ব্যাংকটি তাদের মধ্যকার আর্থিক ও ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে দুই পক্ষে স্বার্থ সংরক্ষণের মাধ্যমে বৈদেশিক বাণিজ্যে ব্যাপক ভূমিকা রাখে। এছাড়া আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যাদি সম্পাদনে ব্যাংক আমদানিকারককে পরামর্শ দিয়ে থাকে। লেনদেন নিষ্পত্তিতে দেশি মুদ্রা থেকে বৈদেশিক মুদ্রায় রূপান্তরে বাণিজ্যিক ব্যাংক সহায়তা করে। অতএব পরিশেষে বলা যায়, পণ্য আমদানিতে বাণিজ্যিক ব্যাংক প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে সেতু বন্ধন সৃষ্টি করে।

প্রশ্ন ▶ ১১ ব্যবসায়ী হিমেল, তাঁর পাওনাদারকে প্রদানের জন্য ১,৫০,০০০ টাকার একটি চেক স্বাক্ষর করে টেবিলের ড্রয়ারে রাখেন। তাঁর একজন কর্মচারী চেকটি নিয়ে ব্যাংকে উপস্থাপন করলে, ব্যাংক তাকে চেকের টাকা পরিশোধ করে এবং সে উত্তোলিত টাকা নিয়ে পালিয়ে যায়। পরবর্তিতে তিনি চেকের মাধ্যমে লেনদেনের ক্ষেত্রে নিরাপত্তার কথা চিন্তাভাবনা করছেন।

ক. হিসাব খোলার মধ্য দিয়ে ব্যাংক এবং গ্রাহকের মধ্যে কোন ধরনের সম্পর্কের সৃষ্টি হয়? ১

খ. বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব হিমেলের স্বাক্ষরিত চেক কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. লেনদেনের নিরাপত্তার জন্য জনাব হিমেলের কোন ধরনের চেক ব্যবহার করা উচিত? মতামত দাও। ৪

[ব. বো. ২০২৫]

১১নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

সিলেট বোর্ড– ২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড : 1 5 2

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

সময়– ৩০ মিনিট — পূর্ণমান– ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. জাতীয় আয় বৃদ্ধিতে প্রত্যক্ষ ভূমিকা রাখে কোনটি?
ক ব্যাংক — খ বিমা
গ আয়কর — ঘ সফল বিনিয়োগ

২. আন্তর্জাতিক বাণিজ্যে, বাণিজ্যিক ব্যাংক কীসের মাধ্যমে কমিশন আদায় করে?
ক প্রত্যয়পত্রের মাধ্যমে — খ ঋণের মাধ্যমে
গ বিল বাট্টাকরণের মাধ্যমে — ঘ ব্যাংক ড্রাফের মাধ্যমে

৩. বাণিজ্যিক ব্যাংকে অর্থের বিকল্প হিসেবে ব্যবহৃত হয়—
i. চেক ii. হুন্ডি iii. বিনিময় বিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii — খ i ও iii — গ ii ও iii — ঘ i, ii ও iii

৪. পাবলিক লিমিটেড কোম্পানির মালিকানায় ব্যাংকের সর্বনিম্ন সদস্য সংখ্যা কত?
ক ২ জন — খ ৭ জন
গ ১৩ জন — ঘ ২০ জন

৫. নিচের কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে তারল্য ঝুঁকি বেশি হবে?
ক জসিম ট্রেডার্স — খ এমলি কোম্পানি লি.
গ আরকে ব্যাংক লি. — ঘ শশী প্রাইভেট লি.

৬. মূলধন ব্যয় নির্ণয় সহায়তা করে—
i. তহবিলের উৎস নির্বাচনে ii. সিদ্ধান্ত গ্রহণে iii. প্রকল্প নির্বাচনে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii — খ i ও iii — গ ii ও iii — ঘ i, ii ও iii

৭. কোন তহবিলের সুদ প্রদান বাধ্যতামূলক?
ক সঞ্চিতি তহবিল — খ সমতাকরণ তহবিল
গ অভ্যন্তরীণ তহবিল — ঘ বহিস্থ তহবিল

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
শাপলা প্রকল্পের ৩ বছরের আয় যথাক্রমে ১০%, ৫% এবং ১৫%।

৮. শাপলা প্রকল্পের গড় আয় কত?
ক ৫% — খ ১০% — গ ১৫% — ঘ ২০%

৯. প্রকল্পের আদর্শ বিচ্যুতি কত?
ক ৫% — খ ৭% — গ ৯% — ঘ ১০%

১০. শেয়ার মালিকদের মধ্যে কয়টি পদ্ধতিতে লভ্যাংশ বণ্টন করা যায়?
ক ২ পদ্ধতিতে — খ ৩ পদ্ধতিতে
গ ৪ পদ্ধতিতে — ঘ ৫ পদ্ধতিতে

১১. অগ্রাধিকার শেয়ার মালিকদের অসুবিধা কোনটি?
ক মুনাফার উপর অগ্রাধিকার — খ সীমিত আয়
গ সীমাবদ্ধ দায় — ঘ নির্দিষ্ট হারে আয়

১২. শিল্প বিপ্লবের যাত্রা শুরু হয় কত শতাব্দীতে?
ক সপ্তদশ — খ অষ্টাদশ
গ উনবিংশ — ঘ বিংশ

১৩. বিনিয়োগের খাত হিসেবে কোনটি ঝুঁকিপূর্ণ?
ক অগ্রাধিকার শেয়ার — খ সাধারণ শেয়ার
গ বন্ড — ঘ ডিবেঞ্চার

১৪. আন্তর্জাতিক অর্থায়নে কোন খাতগুলো নিয়ে বিচার-বিশ্লেষণ করা হয়?
ক দেশি-বিদেশি বিনিয়োগ — খ আমদানি শুল্ক
গ আমদানি ও রপ্তানি — ঘ মূল্য সংযোজন কর

১৫. এক বছরের কম সময়ের মধ্যে পরিশোধযোগ্য অর্থায়নের প্রাতিষ্ঠানিক উৎস হলো–
i. বাণিজ্যিকপত্র ii. প্রাপ্যবিল বাট্টাকরণ iii. প্রদেয় বিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii — খ i ও iii — গ ii ও iii — ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
রনি তার পরিবারসহ জাফলং বেড়াতে যান। সেখানে যাবতীয় ব্যয় তিনি বিকাশের মাধ্যমে পরিশোধ করেন। বিকাশের টাকা ফুরিয়ে গেলে তার ছোট ভাইকে তার ব্যাংক হিসাবে টাকা জমা করতে বলেন। তারপর তার প্রয়োজনীয় টাকা ব্যাংক থেকে উত্তোলন করে যাবতীয় ব্যয় নির্বাহ করেন।

১৬. রনি তার ব্যাংক একাউন্টে জমাকৃত টাকা কোন মাধ্যমে উত্তোলন করেছেন?
ক ইন্টারনেট ব্যাংকিং — খ এসএমএস ব্যাংকিং
গ মোবাইল ব্যাংকিং — ঘ এনি ব্রাঞ্চ ব্যাংকিং

১৭. রনি ইলেকট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণের ফলে যে সুবিধা ভোগ করেছেন তা হলো–
i. নগদ অর্থবহনের ঝুঁকি হ্রাস ii. যে কোনো মুহূর্তে লেন-দেন করতে পারা
iii. আর্থিক সংকট দূর হওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii — খ i ও iii — গ ii ও iii — ঘ i, ii ও iii

১৮. কাগজি মুদ্রার প্রচলন শুরু হয় কখন?
ক সপ্তদশ শতাব্দী — খ অষ্টাদশ শতাব্দী
গ উনবিংশ শতাব্দী — ঘ বিংশ শতাব্দী

১৯. বাংলাদেশ ব্যাংক কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৭৫ সালে — খ ১৯৭৪ সালে — গ ১৯৭২ সালে — ঘ ১৯৭১ সালে

২০. কোনটি ঝুঁকিবহুল ব্যবসায়?
ক একমালিকানা ব্যবসায় — খ অংশীদারি ব্যবসায়
গ যৌথ মালিকানা ব্যবসায় — ঘ ব্যাংকিং ব্যবসায়

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২১ এবং ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
একজন বিনিয়োগকারীর বিগত ৩ বছরের মুনাফার পরিমাণ যথাক্রমে ১৩,৪৫,০০ টাকা, ১২,৮০,০০০ টাকা, ৯,৭৫,০০০ টাকা এবং প্রাথমিক বিনিয়োগ ১ কোটি টাকা।

২১. বিনিয়োগকারীর গড় মুনাফা কত?
ক ১০ লক্ষ টাকা — খ ১২ লক্ষ টাকা — গ ১৫ লক্ষ টাকা — ঘ ২৪ লক্ষ টাকা

২২. বিনিয়োগকারীর গড় মুনাফার হার কত?
ক ২০% — খ ২২% — গ ২৪% — ঘ ২৬%

২৩. চেক কী?
ক চুক্তির দলিল — খ ব্যাংক কর্তৃক লিখিত আদেশ
গ আমানতকারীর লিখিত আদেশ — ঘ ব্যক্তিগত দলিল

২৪. ৭২ কে প্রকল্পের মেয়াদ দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?
ক ঋণের পরিমাণ — খ সুদের হার
গ বর্তমান মূল্য — ঘ ভবিষ্যৎ মূল্য

২৫. কোন কার্ডের মাধ্যমে জমাতিরিক্ত টাকা খরচ করা যায়?
ক স্মার্ট কার্ড — খ ডেবিট কার্ড — গ ক্রেডিট কার্ড — ঘ এটিএম কার্ড

২৬. ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় সম্প্রসারণের ফলে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়?
ক সুদের হারের ঝুঁকি — খ তারল্য ঝুঁকি
গ ব্যবসায়িক ঝুঁকি — ঘ আর্থিক ঝুঁকি

২৭. নিচের কোনটির মাধ্যমে নগদ বহিঃপ্রবাহ ঘটে?
ক মুনাফা — খ অবচয় — গ বিক্রয় — ঘ ভাড়া প্রাপ্তি

২৮. কোনটির ক্ষেত্রে সুযোগ ব্যয় প্রযোজ্য?
ক ঋণ মূলধন — খ শেয়ার মূলধন — গ সঞ্চিতি তহবিল — ঘ ডিবেঞ্চার

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
'A' ব্যাংক সরকারের সকল অর্থনৈতিক কর্মকাণ্ড সম্পাদন করে এবং বিভিন্ন উপায়ে দেশের আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যাবলির উপর প্রভাব বিস্তার করে।

২৯. 'A' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?
ক বাণিজ্যিক ব্যাংক — খ শিল্প ব্যাংক
গ বিনিময় ব্যাংক — ঘ কেন্দ্রীয় ব্যাংক

৩০. 'A' ব্যাংকের দায়িত্ব হলো–
i. মুদ্রার প্রচলন ii. ঋণ নিয়ন্ত্রণ iii. বিল বাট্টাকরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii — খ i ও iii — গ ii ও iii — ঘ i, ii ও iii

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

উত্তর	১		২		৩		৪		৫		৬		৭		৮		৯		১০		১১		১২		১৩		১৪		১৫	
	১৬		১৭		১৮		১৯		২০		২১		২২		২৩		২৪		২৫		২৬		২৭		২৮		২৯		৩০	

সিলেট বোর্ড– ২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 152

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম তিনটি প্রশ্ন নিয়ে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ফিন্যান্স অংশ

১। শেফালী লেদার এন্টারপ্রাইজ 'গোমতী' ব্যাংক থেকে ৭ বছর মেয়াদে ৮,০০,০০০ টাকা ঋণ নিয়ে প্রতিষ্ঠানের জন্য কাঁচামাল ক্রয় করে। যার ফলে প্রতিষ্ঠানটি আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। তবে মেঘনা সেতু নির্মাণের ফলে উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম দ্রুত সম্প্রসারিত হয়। বর্তমানে প্রতিষ্ঠানটি ব্যাগ তৈরি করার পাশাপাশি জুতা ও বেল্ট উৎপাদন করার সিদ্ধান্ত নিয়েছে।

ক. আয় সিদ্ধান্ত কী? ১

খ. বাংলাদেশকে কেন আমদানিনির্ভর দেশ বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. কোন ধরনের অর্থায়নের মাধ্যমে শেফালী লেদার এন্টারপ্রাইজ কাঁচামাল ক্রয় করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায় অর্থায়নের নীতিমালার আলোকে শেফালী লেদার এন্টারপ্রাইজের সিদ্ধান্তের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২। মি. তাহমিদ ও মি. রাব্বানী চাকুরী থেকে অবসর গ্রহণের পর কয়েক লক্ষ টাকা হাতে পান। মি. তাহমিদ এমন শর্তে বিনিয়োগকারী হতে চান যেখানে অধিক আয় থাকবে এবং প্রয়োজনে বিক্রি করে নগদ টাকা সংগ্রহ করতে পারবেন। অন্যদিকে মি. রাব্বানীর বিনিয়োগের শর্ত হচ্ছে কোম্পানির অবসায়নে সম্পদের উপর দাবি থাকবে এবং মুনাফার উপর অগ্রাধিকার থাকবে।

ক. সেকেন্ডারি বাজার কী? ১

খ. জামানতবিহীন বন্ড কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. মি. রাব্বানী কোন ধরনের খাতে বিনিয়োগ করতে আগ্রহী? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. তাহমিদ এবং মি. রাব্বানীর বিনিয়োগ খাতের মধ্যে কোনটি বিনিয়োগের জন্য উত্তম বলে তুমি মনে কর—বিশ্লেষণ কর। ৪

৩। জনাব রবিউল ১০ বছর পর ১০ লক্ষ টাকা পাওয়ার আশায় ব্যাংকে কিছু টাকা জমা রাখতে চান। 'পলাশ ব্যাংক' তাকে বার্ষিক ১০% হারে মুনাফা প্রদানের প্রস্তাব দেয়। পক্ষান্তরে 'বেলী ব্যাংক' তাকে ৮.৫% হারে মাসিক চক্রবৃদ্ধি মুনাফার প্রস্তাব দেয়।

ক. চক্রবৃদ্ধি সুদ কী? ১

খ. ঋণ গ্রহণের আগে কোনটি বিবেচনা করতে হয়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রবিউলকে পলাশ ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে তা নির্ণয় কর। ৩

ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব রবিউলের জন্য উত্তম হবে বলে তুমি মনে কর? গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

৪। জনাব আতিক একজন ব্যবসায়ী। তিনি ব্যবসায়ের মোট মূলধনের ৪০% নিজস্ব তহবিল এবং ৬০% আত্মীয়-স্বজন থেকে ঋণ বাবদ সংগ্রহ করেন। তার ব্যবসায়ের আগামী ৬ বছরের আয়ের হার হবে যথাক্রমে ২০%, ৩০%, –১০%, ১৫%, ৩৫% ও ০%। যদি তার এ ব্যবসায়টি আশানুরূপ না হয় তাহলে তিনি বিকল্প হিসেবে অন্য আর একটি প্রকল্প গ্রহণ করবেন, যার গড় আয় ১৫% এবং আদর্শ বিচ্যুতি ১৯.৫৬%।

ক. ঝুঁকি কী? ১

খ. ট্রেজারি বন্ডকে ঝুঁকিমুক্ত বিনিয়োগ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আতিকের ব্যবসায়ের ক্ষেত্রে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আতিকের বিকল্প বিনিয়োগ প্রস্তাবটি গ্রহণ করা উচিত কিনা—মূল্যায়ন কর। ৪

৫। আলিফ কোম্পানির প্রাথমিক বিনিয়োগ ৩ কোটি টাকা। প্রকল্পের মেয়াদ ৩ বছর। আলিফ কোম্পানির আগামী তিন বছরের করযোগ্য মুনাফা যথাক্রমে ১০.৬০ লক্ষ টাকা, ২৬.২০ লক্ষ টাকা ও ২০ লক্ষ টাকা এবং কর হার ৩০%। পক্ষান্তরে আদিল কোম্পানির গড় মুনাফার হার ১৮%।

ক. প্রতিষ্ঠানে নগদ আন্তঃপ্রবাহ ঘটে কীভাবে? ১

খ. পে-ব্যাক সময় পদ্ধতির দুটি সীমাবদ্ধতা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে আলিফ কোম্পানির পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. বিনিয়োগের জন্য কোন কোম্পানিটি উত্তম? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬। আদর্শ ফ্যাশন কোং লিঃ ১০ শতাংশ অগ্রাধিকার শেয়ার ইস্যু করে। প্রতিটি শেয়ারের লিখিত মূল্য ১,৫০০ টাকা। প্রতিটি শেয়ার থেকে প্রাপ্ত অর্থ ১,২০০ টাকা। তাছাড়া ব্যাংক থেকে ১২% সুদে ঋণ মূলধন সংগ্রহ করে যার কর হার ২০%। কোম্পানিটি অগ্রাধিকার শেয়ার ও ঋণ থেকে সমান হারে মূলধন সংগ্রহ করে। পরিচালনা পর্ষদ কোম্পানিটির গড় মূলধন ব্যয় ৮% রাখতে আগ্রহী।

ক. কাম্য ঋণনীতি কী? ১

খ. সংরক্ষিত আয়ের কী ধরনের ব্যয় আছে? ব্যাখ্যা কর। ২

গ. আদর্শ ফ্যাশন কোং লিঃ এর অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. পরিচালনা পর্ষদের সুপারিশ অনুযায়ী আদর্শ ফ্যাশন কোং লিঃ গড় মূলধন ব্যয় কাম্য স্তরে রাখতে পারবে কিনা—মূল্যায়ন কর। ৪

ব্যাংকিং অংশ

৭। জনাব নাছির কুমিল্লা শহরের একজন কাপড় ব্যবসায়ী। দৈনন্দিন তাকে প্রচুর অর্থের লেনদেন করতে হয়। তিনি ব্যাংকে একটি হিসাব খোলেন এবং তার ব্যবসায়ের সকল তথ্য ব্যাংককে জানান। জমাতিরিক্ত উত্তোলনের ক্ষেত্রে এর কিস্তি এবং ফি যথাসময়ে পরিশোধ করেন।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূল ভিত্তি কোনটি? ১

খ. গ্রাহকের সম্পত্তির বিপরীতে ব্যাংক ও গ্রাহকের মধ্যে কোন ধরনের সম্পর্ক গড়ে ওঠে? ব্যাখ্যা কর। ২

গ. জনাব নাছির ব্যাংকে কোন ধরনের হিসাব খোলেন? বর্ণনা কর। ৩

ঘ. জনাব নাছির ব্যাংকের প্রতি গ্রাহকের দায়িত্ব সঠিকভাবে পালন করেছেন কিনা—তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮। কোম্পানি আইনের আওতায় 'প্রান্তিক' ব্যাংক প্রতিষ্ঠিত হয়। ব্যাংকটি আমানত হিসেবে গ্রহণকৃত অর্থ 'সূর্য' প্রকল্পে বিনিয়োগ করে এবং ব্যাংকটি সবসময় গ্রাহকের আস্থা অর্জনে সচেষ্ট থাকে। ফলে উন্নত ব্যবস্থাপনা ও দক্ষ পরিচালনার মাধ্যমে 'প্রান্তিক' ব্যাংকের মুনাফা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. মুরাবাহা কী? ১

খ. ভোক্তা ব্যাংক বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. মালিকানাভিত্তিক 'প্রান্তিক' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঝুঁকি এড়াতে 'প্রান্তিক' ব্যাংক কোন নীতিগুলো অনুসরণ করেছিল, ব্যাংকিং ব্যবসায় মূলনীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। A ব্যাংকিং : হিসাবের স্থিতি ও চেক বইয়ের জন্য অনুরোধ করা যায়।
B ব্যাংকিং : হিসাবের বিবরণী সংগ্রহ, তহবিল স্থানান্তর এবং বিল প্রদান করা যায়।

ক. বাংলাদেশে ই-ব্যাংকিং সেবা গ্রহণে গ্রাহকবৃন্দ আগ্রহী কেন? ১

খ. ঋণ আমানত হিসাব কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'A' ব্যাংকিং কোন ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের 'B' ব্যাংকিং সেবাটি পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে গ্রহণ করা যায়" — উক্তিটি মূল্যায়ন কর। ৪

১০। দৃশ্যপট-১ : তাসফিন এমন একটি ব্যাংকে চাকরি করেন, যেই ব্যাংকের নাম টাকার নোটের উপর লিপিবদ্ধ থাকে।

দৃশ্যপট-২ : তামজিদ একটি ব্যাংকে চাকরি করেন। এই ব্যাংক তাসফিনের ব্যাংকের নীতি ও পরিকল্পনা বাস্তবায়ন করে এবং সময়ে সময়ে রিপোর্ট প্রেরণ করে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন সরকারের ব্যাংক বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. তাসফিনের কর্মরত ব্যাংকটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. তাসফিন ও তামজিদের কর্মরত ব্যাংক দুটির পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

১১। 'কর্ণফুলী' ব্যাংক ফারিয়া গার্মেন্টসকে ৩০০০ পিস জামা রপ্তানিতে সাহায্য করে। উক্ত ব্যাংক প্রতিষ্ঠানটিকে পাকিস্তানের "খাদিজা বস্ত্র বিতানের" পক্ষ থেকে অগ্রিম অর্থ গ্রহণের ব্যবস্থা করে দেয়। ফারিয়া গার্মেন্টস মূল্যবান দলিলপত্র উক্ত ব্যাংকের লকারে জমা রাখে এবং মেয়াদপূর্তির পূর্বেই একটি বিল এই ব্যাংকে ভাঙ্গিয়ে নগদায়ন করে।

ক. মুদ্রা কী? ১

খ. মুদ্রাকে কেন ব্যাংক ব্যবস্থার জননী বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'কর্ণফুলী' ব্যাংক কার্যভিত্তিক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে কর্ণফুলী ব্যাংকের আয়ের উৎসসমূহ বিশ্লেষণ কর। ৪

উত্তরমালা (সিলেট বোর্ড ২০২৫)

বহুনির্বাচনি অভীক্ষা

১	ক	২	ক	৩	ঘ	৪	খ	৫	ক	৬	ঘ	৭	ঘ	৮	খ	৯	ক	১০	ক	১১	খ	১২	ক	১৩	খ	১৪	গ	১৫	গ
১৬	ঘ	১৭	ঘ	১৮	গ	১৯	ঘ	২০	ক	২১	খ	২২	গ	২৩	গ	২৪	ঘ	২৫	গ	২৬	ঘ	২৭	খ	২৮	গ	২৯	ঘ	৩০	ক

সৃজনশীল

প্রশ্ন ▶ ০১ শেফালী লেদার এন্টারপ্রাইজ 'গোমতী' ব্যাংক থেকে ৭ বছর মেয়াদে ৮,০০,০০০ টাকা ঋণ নিয়ে প্রতিষ্ঠানের জন্য কাঁচামাল ক্রয় করে। যার ফলে প্রতিষ্ঠানটি আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। তবে মেঘনা সেতু নির্মাণের ফলে উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম দ্রুত সম্প্রসারিত হয়। বর্তমানে প্রতিষ্ঠানটি ব্যাগ তৈরি করার পাশাপাশি জুতা ও বেল্ট উৎপাদন করার সিদ্ধান্ত নিয়েছে।

ক. আয় সিদ্ধান্ত কী? ১

খ. বাংলাদেশকে কেন আমদানিনির্ভর দেশ বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. কোন ধরনের অর্থায়নের মাধ্যমে শেফালী লেদার এন্টারপ্রাইজ কাঁচামাল ক্রয় করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায় অর্থায়নের নীতিমালার আলোকে শেফালী লেদার এন্টারপ্রাইজের সিদ্ধান্তের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৫]

১নং প্রশ্নের উত্তর

ক আয় সিদ্ধান্ত বলতে মূলত তহবিল সংগ্রহের প্রক্রিয়াকে বোঝায়।

খ বাংলাদেশকে আমদানি নির্ভর দেশ বলার কারণ হলো দেশের অভ্যন্তরীণে চাহিদা অনুযায়ী সকল কিছু সরবরাহ না থাকায়।

বাংলাদেশ বিশ্বের একটি জনবহুল দেশ। জনগণের চাহিদা অনুসারে পণ্য উৎপাদন করা সম্ভব হচ্ছে না। তাই এসকল চাহিদা মেটাতে আমদানি বাণিজ্য করতে হয়। যা বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। অর্থাৎ দেশে শিল্প, কৃষি ও ভোগ্যপণ্যের চাহিদা পূরণে যে পরিমাণ সামগ্রী লাগে তা দেশের ভেতর থেকে সরবরাহ না হওয়ায় বাংলাদেশকে আমদানি নির্ভর দেশ বলা হয়।

গ শেফালী লেদার এন্টারপ্রাইজ কাঁচামাল ক্রয় করেছেন ব্যবসায় অর্থায়নের মাধ্যমে। শেফালী লেদার এন্টারপ্রাইজের অর্থায়ন হলো ব্যবসায় অর্থায়ন।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত প্রতিষ্ঠানের জন্য এ ধরনের অর্থায়ন করা হয়। ব্যবসায় প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য এ ধরনের অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে। অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন হচ্ছে ব্যবসায় অর্থায়ন।

উদ্দীপকে শেফালী লেদার এন্টারপ্রাইজের গোমতী ব্যাংক থেকে ৮,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। ঋণ গ্রহণের মাধ্যমে তিনি তার ব্যবসায়ে অর্থায়ন করেছেন। আবার, ঋণকৃত অর্থ দিয়ে তিনি কাঁচামাল ক্রয় করেন। অর্থাৎ, তিনি বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আর মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ ও বিনিয়োগই হলো ব্যবসায় অর্থায়ন। তাই বলা যায়, শেফালী লেদার এন্টারপ্রাইজ কাঁচামাল ক্রয় করার ক্ষেত্রে ব্যবসায় অর্থায়ন ব্যবহার করেছেন।

ঘ উদ্দীপকের শেফালী লেদার এন্টারপ্রাইজের প্রতিষ্ঠানটির ব্যবসায়ে বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি অনুসরণ করা সিদ্ধান্ত যথার্থ হয়েছে।

বৈচিত্র্যায়ণের নীতি অনুযায়ী ব্যবসায়ে পণ্যের বৈচিত্র্য আনা হয়। একটি পণ্য নিয়ে ব্যবসায় করলে মুনাফা না হওয়ার আশঙ্কা থাকে। তবে ব্যবসায়িক পণ্য বৈচিত্র্যপূর্ণ হলে একটির মুনাফা দিয়ে অন্যটির ক্ষতি পুষিয়ে নেওয়া যায়। এ নীতির মূল উদ্দেশ্য ঝুঁকি বণ্টন করা। ব্যবসায় প্রতিষ্ঠান তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য এ ধরনের অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে। ব্যবসায় অর্থায়নের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন। ব্যবসায় প্রতিষ্ঠাকালে ও ব্যবসায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার উদ্দেশ্যে এ অর্থায়ন করা হয়।

উদ্দীপকের শেফালী লেদার এন্টারপ্রাইজ গোমতী ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে তার প্রতিষ্ঠানের জন্য কাঁচামাল ক্রয় করেন। প্রথমে ব্যবসায়টি আর্থিক ক্ষতির সম্মুখীন হলেও পরবর্তীতে তার কার্যক্রম দ্রুত সম্পাদিত হয়। এখানে প্রতিষ্ঠানটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ করে। প্রতিষ্ঠানটি ব্যাগ তৈরি করার পাশাপাশি জুতা ও বেল্ট উৎপাদন করে যা পণ্যের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতির মধ্যে পড়ে। অতএব বলা যায়, শেফালী লেদার এন্টারপ্রাইজ ব্যবসায় অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতিমালার আলোকে প্রতিষ্ঠিত।

প্রশ্ন ▶ ০২ মি. তাহমিদ ও মি. রাব্বানী চাকুরী থেকে অবসর গ্রহণের পর কয়েক লক্ষ টাকা হাতে পান। মি. তাহমিদ এমন শর্তে বিনিয়োগকারী হতে চান যেখানে অধিক আয় থাকবে এবং প্রয়োজনে বিক্রি করে নগদ টাকা সংগ্রহ করতে পারবেন। অন্যদিকে মি. রাব্বানীর বিনিয়োগের শর্ত হচ্ছে কোম্পানির অবসায়নে সম্পদের উপর দাবি থাকবে এবং মুনাফার উপর অগ্রাধিকার থাকবে।

ক. সেকেন্ডারি বাজার কী? ১

খ. জামানতবিহীন বন্ড কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. মি. রাব্বানী কোন ধরনের খাতে বিনিয়োগ করতে আগ্রহী? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. তাহমিদ এবং মি. রাব্বানীর বিনিয়োগ খাতের মধ্যে কোনটি বিনিয়োগের জন্য উত্তম বলে তুমি মনে কর– বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৫]

২নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৩ জনাব রবিউল ১০ বছর পর ১০ লক্ষ টাকা পাওয়ার আশায় ব্যাংকে কিছু টাকা জমা রাখতে চান। 'পলাশ ব্যাংক' তাকে বার্ষিক ১০% হারে মুনাফা প্রদানের প্রস্তাব দেয়। পক্ষান্তরে 'বেলী ব্যাংক' তাকে ৮.৫% হারে মাসিক চক্রবৃদ্ধি মুনাফার প্রস্তাব দেয়।

ক. চক্রবৃদ্ধি সুদ কী? ১

খ. ঋণ গ্রহণের আগে কোনটি বিবেচনা করতে হয়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রবিউলকে পলাশ ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে তা নির্ণয় কর। ৩

ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব রবিউলের জন্য উত্তম হবে বলে তুমি মনে কর? গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

[সি. বো. ২০২৫]

৩নং প্রশ্নের উত্তর

ক সুদ-আসলের ওপর যে সুদ ধার্য করা হয় তাকে চক্রবৃদ্ধি সুদ বলে।

খ ঋণ গ্রহণের পূর্বে কিস্তি পরিশোধের ক্ষমতা বিবেচনা করতে হয়। ঋণের বিভিন্ন মেয়াদের ভিত্তিতে কিস্তির পরিমাণ ভিন্ন ভিন্ন হয়। অর্থের সময়মূল্য নির্ণয় করে বিভিন্ন পরিমাণ ঋণের বিভিন্ন মেয়াদি কিস্তি বের করে কী ধরনের মেয়াদে কীভাবে পরিশোধ্য কিস্তিতে কত টাকা ঋণ নেওয়া ব্যবসায়ের জন্য উপযুক্ত হবে সেই অনুযায়ী ঋণ গ্রহণের সিদ্ধান্ত নিতে হয়। এ ধরনের পরিকল্পনার অভাবে ঋণ পরিশোধে ব্যর্থ হলে অনেক ব্যবসায়ী দেউলিয়া হয়ে যায়। কারণ, ঋণের টাকা পরিশোধ করা বাধ্যতামূলক। তাই, ঋণ গ্রহণের পূর্বে কিস্তি পরিশোধের ক্ষমতা বিবেচনা করতে হয়।

গ জনাব রবিউলকে 'পলাশ ব্যাংকে' জমাকৃত টাকার পরিমাণ নির্ণয় :

দেওয়া আছে,

ভবিষ্যৎ মূল্য, (FV) = ১০,০০,০০০ টাকা
সুদের হার (i) = ১০ বছর
মেয়াদকাল (n) = ১০% বা ০.১০

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{FV}{(১ + i)^n} = \frac{১০,০০,০০০}{(১ + ০.১০)^{১০}} = \frac{১০,০০,০০০}{২.৫৯৩৭৪২} = ৩,৮৫,৫৪৩.৩৫ \text{ টাকা (প্রায়)}$$

∴ জনাব রবিউল পলাশ ব্যাংকে ৩,৮৫,৫৪৩.৩৫ টাকা জমা রাখতে হবে।

ঘ জনাব রবিউলের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখলে উত্তম হবে তার জন্য দুইটির বর্তমান মূল্য বের করতে হবে তা নির্ণয় :

বেলী ব্যাংকের বর্তমান মূল্য নির্ণয় :

দেওয়া আছে,

ভবিষ্যৎ মূল্য (FV) = ১০,০০,০০০ টাকা
সুদের হার (i) = ৮.৫% বা ০.০৮৫
মেয়াদকাল (n) = ১০ বছর
চক্রবৃদ্ধির সংখ্যা (m) = ১২ বার [∵ মাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য PV} = \frac{FV}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}} = \frac{১০,০০,০০০}{\left(১ + \frac{০.০৮৫}{১২}\right)^{১০ \times ১২}} = \frac{১০,০০,০০০}{২.৩৩২৬৪৭} = ৪,২৮,৬৯৭.৫২$$

∴ বেলী ব্যাংকে ৪,২৮,৬৯৭.৫২ টাকা জমা রাখতে হবে। লক্ষণীয় যে জনাব রবিউল ১০ লক্ষ টাকা পেতে বর্তমানে তাকে 'পলাশ ব্যাংকে' জমা রাখতে হবে ৩,৮৫,৫৪৩.৩৫ (গ নং হতে প্রাপ্ত) টাকা। অন্যদিকে 'বেলী ব্যাংকে' যদি জমা রাখেন তাহলে ৪,২৮,৬৯৭.৫২ টাকা জমা রাখতে হবে। অর্থাৎ পলাশ ব্যাংকে (৪২৮৬৯৭.৫২ − ৩,৮৫,৫৪৩.৩৫) = ৪৩,১৫৪ টাকা কম জমা রেখেও বেলী ব্যাংকের ন্যায় সমান টাকা পাওয়া যাবে। তাই বলা যায়, জনাব রবিউলের জন্য পলাশ ব্যাংকে টাকা জমা রাখা উত্তম ও লাভজনক।

প্রশ্ন ▶ ০৪ জনাব আতিক একজন ব্যবসায়ী। তিনি ব্যবসায়ের মোট মূলধনের ৪০% নিজস্ব তহবিল এবং ৬০% আত্মীয়-স্বজন থেকে ঋণ বাবদ সংগ্রহ করেন। তার ব্যবসায়ের আগামী ৬ বছরের আয়ের হার হবে যথাক্রমে ২০%, ৩০%, − ১০%, ১৫%, ৩৫% ও ০%। যদি তার এ ব্যবসায়টি আশানুরূপ না হয় তাহলে তিনি বিকল্প হিসেবে অন্য আর একটি প্রকল্প গ্রহণ করবেন, যার গড় আয় ১৫% এবং আদর্শ বিচ্যুতি ১৯.৫৬%।

ক. ঝুঁকি কী? ১
খ. ট্রেজারি বন্ডকে ঝুঁকিমুক্ত বিনিয়োগ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আতিকের ব্যবসায়ের ক্ষেত্রে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আতিকের বিকল্প বিনিয়োগ প্রস্তাবটি গ্রহণ করা উচিত কিনা− মূল্যায়ন কর। ৪

[সি. বো. ২০২৫]

৪নং প্রশ্নের উত্তর

ক প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকে ঝুঁকি বলে।

খ সরকার কর্তৃক ইস্যু হয় বলে ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয় বা বিনিয়োগ হিসেবে গণ্য হয়।

সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড ঝুঁকিমুক্ত বিনিয়োগের ক্ষেত্র হিসেবে পরিচিত। সরকার কর্তৃক ইস্যুকৃত হয় বলে এসব বিনিয়োগের ক্ষেত্রে দেউলিয়াত্ব ঝুঁকি নেই। কারণ সরকার কখনও দেউলিয়া হতে পারে না। এসব বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে অর্থাৎ নির্দিষ্ট হারে আয় পাওয়া যায়। তাই, ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত।

গ জনাব আতিকের ব্যবসায়ের ক্ষেত্রে আর্থিক ঝুঁকি বিদ্যমান।

দায় পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয়। তাকে আর্থিক ঝুঁকি বলে। প্রতিষ্ঠানে ঋণের পরিমাণ বেশি হলে, আর্থিক ঝুঁকি হয়।

উদ্দীপকে জনাব আতিক ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যাবসায়ে বিনিয়োগ করেন। যদি ব্যবসায়ে আশানুরূপ মুনাফা না হয় তাহলে দায় পরিশোধ করতে আর্থিক ঝুঁকির সৃষ্টি হবে। অর্থাৎ ঋণ মূলধন ব্যবহার করা হলে, ব্যবসায়টি যদি লাভজনক না হয় তাহলে ব্যবসায়টি আর্থিক ঝুঁকিতে পড়ে। কেননা ঋণকৃত অর্থের সাথে সুদ ও পরিশোধ করতে হয়। তাই বলা যায় যে, জনাব আতিকের ব্যবসায় পরিচালনা করতে গিয়ে, আর্থিক ঝুঁকির সম্ভাবনা রয়েছে।

ঘ জনাব আতিকের বিকল্প বিনিয়োগ প্রস্তাবটি গ্রহণ করা উচিত কিনা তা নির্ণয় :

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়−গড়) (%)	ব্যবধানের বর্গ (%)
১	২০	(২০ − ১৫) = ৫	২৫
২	৩০	(৩০ − ১৫) = ১৫	২২৫
৩	− ১০	(− ১০ − ১৫) = − ২৫	৬২৫
৪	১৫	(১৫ − ১৫) = ০	০
৫	৩৫	(৩৫ − ১৫) = ২০	৪০০
৬	০	(০ − ১৫) = − ১৫	২২৫
যোগফল	৯০%	ব্যবধান বর্গের যোগফল =	১৫০০
গড় আয়	$\frac{৯০}{৬}$ = ১৫%	ব্যবধান বর্গের গড় $= \frac{১৫০০}{n - ১} = \frac{১৫০০}{৬ - ১} = \frac{১৫০০}{৫}$	= ৩০০

$$\therefore \text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{৩০০} = ১৭.৩২\% \text{ (প্রায়)}$$

∴ জনাব আতিকের ব্যবসায়ের আদর্শ বিচ্যুতি ১৭.৩২%। অন্যদিকে তার বিকল্প প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১৯.৫৬% (প্রশ্নে প্রদত্ত)। বিকল্প প্রকল্প থেকে (১৯.৫৬% − ১৭.৩২%) = ২.২৪% কম। অর্থাৎ বিচ্যুতির বড়ো মান অধিক ঝুঁকি নির্দেশ করে আবার বিচ্যুতির ছোটো মান কম ঝুঁকি নির্দেশ করে। তাই বলা যায়, জনাব আতিকের বিকল্প বিনিয়োগটি গ্রহণ করা উচিত নয়।

প্রশ্ন ▸ ০৫ আলিফ কোম্পানির প্রাথমিক বিনিয়োগ ৩ কোটি টাকা। প্রকল্পের মেয়াদ ৩ বছর। আলিফ কোম্পানির আগামী তিন বছরের করযোগ্য মুনাফা যথাক্রমে ১০.৬০ লক্ষ টাকা, ২৬.২০ লক্ষ টাকা ও ২০ লক্ষ টাকা এবং কর হার ৩০%। পক্ষান্তরে আদিল কোম্পানির গড় মুনাফার হার ১৮%।

ক. প্রতিষ্ঠানে নগদ আন্তঃপ্রবাহ ঘটে কীভাবে? ১

খ. পে-ব্যাক সময় পদ্ধতির দুটি সীমাবদ্ধতা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে আলিফ কোম্পানির পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. বিনিয়োগের জন্য কোন কোম্পানিটি উত্তম? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৫]

৫নং প্রশ্নের উত্তর

ক বিক্রয় থেকে প্রতিষ্ঠানের নগদ আন্তঃপ্রবাহ ঘটে।

খ পে-ব্যাক সময় পদ্ধতির দুটি সীমাবদ্ধতা নিচে ব্যাখ্যা করা হলো−

১. পে-ব্যাক সময় মূলত কোনো লাভের হার নয়। এটা একটি সময়কাল, যখন বিনিয়োজিত মূলধন ফেরত আসবে বলে আশা করা হয়। পে-ব্যাক সময়কাল অতিবাহিত হলে প্রতিষ্ঠানটির কোনো লাভ হবে না প্রতিষ্ঠানটি কেবল ক্ষতির হাত থেকে রক্ষা পাবে।

২. যদি দুই বা ততোধিক প্রকল্প থাকে, তবে যার পে-ব্যাক কাল কম; তা গ্রহণ করা হয় যদি একটি প্রকল্প থাকে তাহলে এটি গ্রহণযোগ্য কি না তা এই পদ্ধতির মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া যায় না।

গ আলিফ কোম্পানির পে-ব্যাক সময় নির্ণয় :

বিবরণ	পরিমাণ (লক্ষ টাকায়)		
	বছর ১	বছর ২	বছর ৩
কর যোগ্য মুনাফা	১০,৬০,০০০	২৬,২০,০০০	২০,০০,০০০
বাদ : কর হার (৩০%)	(৩,১৮,০০০)	(৭,৮৬,০০০)	(৬,০০,০০০)
নিট মুনাফা	৭,৪২,০০০	১৮,৩৪,০০০	১৪,০০,০০০
অবচয় (নোট)	১,০০,০০,০০০	১,০০,০০,০০০	১,০০,০০,০০০
নগদ প্রবাহ	১,০৭,৪২,০০০	১,১৮,৩৪,০০০	১,১৪,০০,০০০

নোট : বার্ষিক অবচয় $= \frac{৩,০০,০০,০০০ - ০}{৩}$

$= ১,০০,০০,০০০$

উপরের সারণী নির্ণীত নগদ প্রবাহ ব্যবহার করে প্রকল্পটির পে-ব্যাক সময় নিম্নরূপ :

বছর	বার্ষিক নগদ প্রবাহ	ক্রমযোজিত নগদ প্রবাহ
০	− ৩,০০,০০,০০০	− ৩,০০,০০,০০০
১	১,০৭,৪২,০০০	− ১,৯২,৫৮,০০০
২	১,১৮,৩৪,০০০	− ৭৪,২৪,০০০
৩	১,১৪,০০,০০০	৩৯,৭৬,০০০

∴ পে-ব্যাক সময় $= ২ \text{ বছর} + \frac{৭৪,২৪,০০০}{১,১৪,০০,০০০} \text{ বছর}$

$= ২.৬৫ \text{ বছর}$

∴ আলিফ কোম্পানির পে-ব্যাক সময় ২.৬৫ বছর।

ঘ গড় মুনাফা নির্ণয় পূর্বক জনাব আলিফ কোম্পানির বিনিয়োগের যথার্থতা যাচাই :

এখানে,

নিট গড় মুনাফা $= \frac{\text{মোট বার্ষিক নিট মুনাফা}}{\text{বছরের সংখ্যা}}$

$= \frac{৭,৪২,০০০ + ১৮,৩৪,০০০ + ১৪,০০,০০০}{৩} \text{ টাকা}$

$= ১৩,২৫,৩৩৩ \text{ টাকা}$

গড় বিনিয়োগ $= \frac{\text{প্রাথমিক বিনিয়োগ}}{২}$

$= \frac{৩,০০,০০,০০০}{২}$

$= ১,৫০,০০,০০০$

আমরা জানি,

গড় মুনাফার হার $= \frac{\text{গড় মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$

$= \frac{১৩,২৫,৩৩৩}{১,৫০,০০,০০০} \times ১০০$

$= ৮.৮৩\%$

∴ আলিফ প্রকল্পের গড় মুনাফার হার ৮.৮৩%। অন্যদিকে, আদিল প্রকল্পের গড় মুনাফার হার ১৮%। গড় মুনাফার হার সিদ্ধান্ত নীতি অনুযায়ী যে প্রকল্পের গড় হার বেশি সে প্রকল্প বেশি লাভবান। তাই বলা যায় আদিলের প্রকল্পটি বিনিয়োগের জন্য উত্তম।

প্রশ্ন ▸ ০৬ আদর্শ ফ্যাশন কোং লিঃ ১০ শতাংশ অগ্রাধিকার শেয়ার ইস্যু করে। প্রতিটি শেয়ারের লিখিত মূল্য ১,৫০০ টাকা। প্রতিটি শেয়ার থেকে প্রাপ্ত অর্থ ১,২০০ টাকা। তাছাড়া ব্যাংক থেকে ১২% সুদে ঋণ মূলধন সংগ্রহ করে যার কর হার ২০%। কোম্পানিটি অগ্রাধিকার শেয়ার ও ঋণ থেকে সমান হারে মূলধন সংগ্রহ করে। পরিচালনা পর্ষদ কোম্পানিটির গড় মূলধন ব্যয় ৮% রাখতে আগ্রহী।

ক. কাম্য ঋণনীতি কী? ১

খ. সংরক্ষিত আয়ের কী ধরনের ব্যয় আছে? ব্যাখ্যা কর। ২

গ. আদর্শ ফ্যাশন কোং লিঃ এর অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. পরিচালনা পর্ষদের সুপারিশ অনুযায়ী আদর্শ ফ্যাশন কোং লিঃ গড় মূলধন ব্যয় কাম্য স্তরে রাখতে পারবে কিনা− মূল্যায়ন কর। ৪

[সি. বো. ২০২৫]

৬নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▸ ০৭ জনাব নাছির কুমিল্লা শহরের একজন কাপড় ব্যবসায়ী। দৈনন্দিন তাকে প্রচুর অর্থের লেনদেন করতে হয়। তিনি ব্যাংকে একটি হিসাব খোলেন এবং তার ব্যবসায়ের সকল তথ্য ব্যাংককে জানান। জমাতিরিক্ত উত্তোলনের ক্ষেত্রে এর কিস্তি এবং ফি যথাসময়ে পরিশোধ করেন।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূল ভিত্তি কোনটি? ১
খ. গ্রাহকের সম্পত্তির বিপরীতে ব্যাংক ও গ্রাহকের মধ্যে কোন ধরনের সম্পর্ক গড়ে ওঠে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব নাছির ব্যাংকে কোন ধরনের হিসাব খোলেন? বর্ণনা কর। ৩
ঘ. জনাব নাছির ব্যাংকের প্রতি গ্রাহকের দায়িত্ব সঠিকভাবে পালন করেছেন কিনা– তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[সি. বো. ২০২৫]

৭নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৮ কোম্পানি আইনের আওতায় 'প্রান্তিক' ব্যাংক প্রতিষ্ঠিত হয়। ব্যাংকটি আমানত হিসেবে গ্রহণকৃত অর্থ 'সূর্য' প্রকল্পে বিনিয়োগ করে এবং ব্যাংকটি সবসময় গ্রাহকের আস্থা অর্জনে সচেষ্ট থাকে। ফলে উন্নত ব্যবস্থাপনা ও দক্ষ পরিচালনার মাধ্যমে 'প্রান্তিক' ব্যাংকের মুনাফা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. মুরাবাহা কী? ১
খ. ভোক্তা ব্যাংক বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মালিকানাভিত্তিক 'প্রান্তিক' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঝুঁকি এড়াতে 'প্রান্তিক' ব্যাংক কোন নীতিগুলো অনুসরণ করেছিল, ব্যাংকিং ব্যবসায় মূলনীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৫]

৮নং প্রশ্নের উত্তর

ক কোনো পণ্যের ক্রয় মূল্যের ওপর ক্রেতা-বিক্রেতা উভয়ের সম্মতিতে নির্ধারিত লাভে বিক্রয় করাকে মুরাবাহা বলে।

খ ভোক্তাদের বাকিতে পণ্য ক্রয়ের সুবিধার জন্য ভোক্তাদের ব্যাংক গঠন করা হয়।

ব্যাংক তার গ্রাহককে একটি কার্য সরবরাহ করে যার মাধ্যমে ভোক্তা বাজার থেকে বাকিতে পণ্য ক্রয় করতে পারে। ব্যাংক তার মক্কেলকে যে কার্ডটি সরবরাহ করে সেটি হলো Credit Card। এই কার্ডটি দ্বারাই বাকিতে বাজার থেকে পণ্য ক্রয় করতে পারে। পরবর্তী সময়ে নির্দিষ্ট সময় শেষে গ্রাহক ব্যাংককে তার ব্যবহারকৃত অর্থ ফেরত দেয়। অর্থাৎ ভোক্তা ব্যাংক হলো সেই ব্যাংক যা ব্যক্তিগত এবং ক্ষুদ্র গ্রাহকদের হিসাবে টাকা জমা না থাকা সত্ত্বেও আর্থিক সেবা প্রদান করে।

গ মালিকানা ভিত্তিক 'প্রান্তিক' ব্যাংক হলো একটি বাণিজ্যিক ব্যাংক।

বাণিজ্যিক ব্যাংকের প্রধান উদ্দেশ্য হলো মুনাফা অর্জন করা। এ ব্যাংক অল্প সুদে জনগণের ছড়িয়ে থাকা অর্থ আমানত হিসেবে সংগ্রহ করে। পরবর্তীতে এ অর্থ থেকে অপেক্ষাকৃত বেশি সুদে অন্যকে ঋণ দেয়। এই প্রাপ্ত সুদই বাণিজ্যিক ব্যাংকের আয়ের একটি প্রধান উৎস। প্রদত্ত ও প্রাপ্ত সুদের পার্থক্যই হলো ব্যাংকের আয়। এভাবে বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জন করে।

উদ্দীপকে 'প্রান্তিক' ব্যাংক হলো স্বল্পমেয়াদি ঋণের ব্যাংক। এ ব্যাংক গ্রাহকের নিকট থেকে অর্থ সংগ্রহ ও ঋণদানের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বিশেষ ভূমিকা পালন করে। কাজের ধরন বিবেচনায় প্রান্তিক ব্যাংকটি একটি বাণিজ্যিক ব্যাংক। এ ব্যাংক বিভিন্ন হিসাবের মাধ্যমে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে কম সুদে আমানত গ্রহন করে মূলধন গঠন করে এবং সেই অর্থ অধিক সুদে বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ দেয়। এই উভয় সুদের পার্থক্য হচ্ছে ব্যাংকের মুনাফা। তবে আমানতকারীর অর্থ চাহিদামাত্র ফেরতদানে বাধ্য থাকায় বাণিজ্যিক ব্যাংক স্বল্পমেয়াদি ঋণ দেয়। উদ্দীপকে প্রান্তিক ব্যাংকটি এরূপ গ্রাহকের নিকট থেকে আমানত হিসেবে অর্থ সংগ্রহ করে এবং সেই অর্থ স্বল্পমেয়াদে ঋণদানের মাধ্যমে মুনাফা অর্জন করে। অতএব প্রান্তিক ব্যাংকটি বৈশিষ্ট্যগত দিক থেকে একটি বাণিজ্যিক ব্যাংক।

ঘ ঝুঁকি এড়াতে 'প্রান্তিক ব্যাংকটি' নিরাপত্তার নীতি, সততা ও বিশ্বস্তার নীতি, দক্ষতার নীতি, উন্নয়নের নীতি ইত্যাদি মূলনীতিগুলো অনুসরণ করায় শ্রেষ্ঠত্ব অর্জন করেছে।

ব্যাংকিং ব্যবসায় একটি ঝুঁকি বহন ব্যবসায়, অন্যের অর্থ নিয়ে ব্যবসায় করে বিধায় ঝুঁকি এড়ানোর জন্য ব্যাংককে বেশ কিছু মৌলিক নীতিমালা অনুসরণ করতে হয়। এসব নীতির অনুসরণ করা ব্যাংক ব্যবসায়ের সাফল্যের মূল শর্ত।

উদ্দীপকে 'প্রান্তিক ব্যাংকটি' মুনাফা অর্জনের পাশাপাশি দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এছাড়াও ব্যাংকটি কর্মচারীগণের দক্ষতা, গ্রাহকদের সততা, আর্থিক নিরাপত্তা ও সেবা প্রদান করে দেশের অন্যতম শ্রেষ্ঠ ব্যাংক হিসেবে সম্মানিত হয়েছে।

ব্যাংক ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ নীতি হলো গ্রাহকের অর্থের নিরাপত্তা বিধান। নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংককে ঋণ প্রদানের সময় ঋণগ্রহীতার আর্থিক স্বচ্ছলতা যাচাই করা এবং পর্যাপ্ত আমানত গ্রহণ করে। এছাড়া জনগণের আস্থা অর্জনের জন্য ব্যাংককে সততা ও বিশ্বস্ততার নীতি অবলম্বন করতে হয়। এই আস্থার বলেই গ্রাহক তাদের মূল্যবান অর্থ ও সম্পদ ব্যাংকের কাছে জমা রাখে। উদ্দীপকের প্রান্তিক ব্যাংকটি এসব মূলনীতিগুলো মেনে চলে। এছাড়াও ব্যাংকটি সেবার নীতির আওতায় গ্রাহককে নানারকম সেবা দিয়ে থাকে। ব্যাংকটি দক্ষতার নীতি অনুযায়ী সব কর্মকর্তা কর্মচারীদের দক্ষতার সাথে কাজে লাগিয়ে সাফল্য অর্জন করে। এসব মূলনীতিগুলো যথাযথভাবে মেনে চলায় ব্যাংকটি ঝুঁকি এড়াতে সক্ষম হয়েছে।

প্রশ্ন ▶ ০৯ A ব্যাংকিং : হিসাবের স্থিতি ও চেক বইয়ের জন্য অনুরোধ করা যায়।

B ব্যাংকিং : হিসাবের বিবরণী সংগ্রহ, তহবিল স্থানান্তর এবং বিল প্রদান করা যায়।

ক. বাংলাদেশে ই-ব্যাংকিং সেবা গ্রহণে গ্রাহকবৃন্দ আগ্রহী কেন? ১
খ. ঋণ আমানত হিসাব কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'A' ব্যাংকিং কোন ধরনের ইলেক্ট্রনিক ব্যাংকিং? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের 'B' ব্যাংকিং সেবাটি পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে গ্রহণ করা যায়" — উক্তিটি মূল্যায়ন কর। ৪

[সি. বো. ২০২৫]

৯নং প্রশ্নের উত্তর

ক বাংলাদেশে ই-ব্যাংকিং সেবা গ্রহণে গ্রাহকবৃন্দ আগ্রহী কারণ এই সেবার ক্ষেত্রে ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা পাওয়া যায়।

খ কোনো ব্যবসায়ী, শিল্পপতি বা অন্য যেকোনো ঋণগ্রহীতা ব্যাংক হতে ঋণ গ্রহণ করলে ব্যাংক নগদ অর্থে ঋণ প্রদান না করে গ্রাহকের হিসাবে টাকা স্থানান্তর করে। ঋণগ্রহীতা তার প্রয়োজন অনুযায়ী উক্ত হিসাব হতে চেক কেটে টাকা উত্তোলন করে। চেকের মাধ্যমে উক্ত টাকা উত্তোলন করে বিধায় পুনরায় কোনো না কোনো ব্যাংকে জমার মাধ্যমে নতুনভাবে ঋণ আমানত সৃষ্টি হয়।

গ উদ্দীপকে 'A' ব্যাংকিং ইলেকট্রনিক এসএমএস ব্যাংকিং।

মোবাইল ফোনে SMS এর মাধ্যমে বিভিন্ন ব্যাংকিং সেবা প্রদান করাকে (SMS) ব্যাংকিং বলে। SMS ব্যাংকিং এক ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং সেবা। এর মাধ্যমে হিসাবের স্থিতি, চেক বইয়ের জন্য অনুরোধ ইত্যাদি সুবিধা পাওয়া যায়। SMS ব্যাংকিং এর মাধ্যমে গ্রাহক তার ব্যাংকের জমাকৃত অর্থ সম্পর্কে জানতে পারে। এছাড়া ফান্ড ট্রান্সফার মোবাইল ব্যাংকিং ইত্যাদি কার্যক্রম দ্রুততার সাথে সম্পূর্ণ করতে পারেন।

সুতরাং বলা যায় যে A ব্যাংকের ইলেকট্রনিক ব্যাংকিং সেবাগুলো এসএমএস ব্যাংকিং-এর সাথে সাদৃশ্য থাকায় এটি এসএমএস ব্যাংকিং হিসেবে বিবেচিত।

ঘ উদ্দীপকের B ব্যাংকিং সেবাটি ইন্টারনেট ব্যাংকিং। যার মাধ্যমে পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে সেবা গ্রহণ করা যায়।

কম্পিউটার ও ইন্টারনেট প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে যে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা হয় তাকে ইন্টারনেট ব্যাংকিং বলে।

এই ব্যাংকিংয়ের মাধ্যমে গ্রাহক ব্যাংকের হিসাব একটি নিরাপদ ওয়েবসাইটে নাম এবং পাসওয়ার্ড দ্বারা নিবন্ধিত হয়ে থাকে। যথাযথ তথ্য প্রদানের পর গ্রাহক পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে যেকোনো সময় তার হিসাবের বিবরণী, তহবিল স্থানান্তর, বিল প্রদানসহ অন্যান্য লেনদেন ইন্টারনটের সাহায্য সম্পন্ন করতে পারে।

উদ্দীপকের B ব্যাংকিং হলো ইন্টারনেট ব্যাংকিং যার সেবা ভবিষ্যতে পৃথিবীতে আরোও সম্প্রসারিত হবে এবং ধনী-গরিব, শিক্ষিত-অশিক্ষিত সকল জনগোষ্ঠীকেই তার সেবা পৌঁছে দিতে পারবে। কর্মব্যস্ত গ্রাহকদের কাছে এই সেবা দিন দিন জনপ্রিয় হয়ে উঠেছে। প্রতীযোগিতামূলক বাজারে ইন্টারনেট ব্যাংকিং সেবা বাংলাদেশে সস্তা ও সহজলভ্য হওয়ায় গ্রাহকদের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে এবং ইন্টারনেট ব্যাংকিং এর জনপ্রিয়তা পৃথিবীতে উজ্জ্বল বলে প্রতীয়মান হয়।

প্রশ্ন ▶ ১০ দৃশ্যপট-১ : তাসফিন এমন একটি ব্যাংকে চাকরি করেন, যেই ব্যাংকের নাম টাকার নোটের উপর লিপিবদ্ধ থাকে।

দৃশ্যপট-২ : তামজিদ একটি ব্যাংকে চাকরি করেন। এই ব্যাংক তাসফিনের ব্যাংকের নীতি ও পরিকল্পনা বাস্তবায়ন করে এবং সময়ে সময়ে রিপোর্ট প্রেরণ করে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন সরকারের ব্যাংক বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. তাসফিনের কর্মরত ব্যাংকটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. তাসফিন ও তামজিদের কর্মরত ব্যাংক দুটির পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৫]

১০নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ১১ 'কর্ণফুলী' ব্যাংক ফারিয়া গার্মেন্টসকে ৩০০০ পিস জামা রপ্তানিতে সাহায্য করে। উক্ত ব্যাংক প্রতিষ্ঠানটিকে পাকিস্তানের "খাদিজা বস্ত্র বিতানের" পক্ষ থেকে অগ্রিম অর্থ গ্রহণের ব্যবস্থা করে দেয়। ফারিয়া গার্মেন্টস মূল্যবান দলিলপত্র উক্ত ব্যাংকের লকারে জমা রাখে এবং মেয়াদপূর্তির পূর্বেই একটি বিল এই ব্যাংকে ভাঙ্গিয়ে নগদায়ন করে।

ক. মুদ্রা কী? ১

খ. মুদ্রাকে কেন ব্যাংক ব্যবস্থার জননী বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'কর্ণফুলী' ব্যাংক কার্যভিত্তিক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর।৩

ঘ. উদ্দীপকের আলোকে কর্ণফুলী ব্যাংকের আয়ের উৎসসমূহ বিশ্লেষণ কর। ৪

[সি. বো. ২০২৫]

১১নং প্রশ্নের উত্তর

ক মুদ্রা হলো একটি বিনিময়ের মাধ্যম যা সবার নিকট গ্রহণীয় ও মূল্যের পরিমাপক এবং সঞ্চয়ের বাহন হিসেবে কাজ করে।

খ মুদ্রা আবির্ভাবের পরপরই ব্যাংক ব্যবস্থার প্রয়োজনীয়তা দেখা দেয়। যার জন্য মুদ্রাকে ব্যাংক ব্যবসায়ের জননী বলা হয়।

মুদ্রা ছাড়া ব্যাংক ব্যবসায় অচল। কারণ ব্যাংক ব্যবসায়ের প্রধান উপাদান হলো মুদ্রা। মানুষের কাছে থাকা প্রয়োজনীয় অর্থ বা মুদ্রা ব্যাংক আমানত হিসেবে গ্রহণ করে। আবার বিভিন্ন খাতে ঋণদানের মাধ্যমে মুনাফা অর্জন করে। মূলত মুদ্রা সৃষ্টির কারণেই মুদ্রার নিরাপত্তার প্রয়োজন দেখা দেয় এবং ব্যাংক ব্যবস্থার প্রচলন ঘটে। আর এসব কারণেই মুদ্রাকে ব্যাংক ব্যবসায়ের জননী বলা হয়।

গ কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'কর্ণফুলী ব্যাংক' একটি বাণিজ্যিক ব্যাংক। যে ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং সে আমানত হতে বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ প্রদান করে তাকে বাণিজ্যিক ব্যাংক বলে। আমানত গ্রহণ ও ঋণ প্রদান ছাড়াও বাণিজ্যিক ব্যাংক মূলধন গঠন। বিনিময়ের মাধ্যমে সৃষ্টি, নোট ইস্যু, আমদানি-রপ্তানিতে সাহায্য ইত্যাদি কার্য সম্পাদন করে।

উদ্দীপকে ফারিয়া একজন গার্মেন্টস ব্যবসায়ী। তার জামার চাহিদা থাকায় পাকিস্তানের খাদিজা বস্ত্র বিতানের নিকট পণ্য রপ্তানি করে। আর এই রপ্তানিতে ফারিয়া গার্মেন্টসকে কর্ণফুলী ব্যাংক নিশ্চয়তা দেয় এবং অগ্রিম অর্থগ্রহণের ব্যবস্থা করে দেয়। কাজের বৈশিষ্ট্য বিবেচনায় বলা যায়, কর্ণফুলী ব্যাংকটি একটি বাণিজ্যিক ব্যাংক। এছাড়া ব্যাংকটি প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে জনাব ফারিয়া পণ্য রপ্তানিতে সাহয়তা করে যা বাণিজ্যিক ব্যাংকের অন্যতম প্রধান কাজ। তাই বলা যায়, কর্ণফুলী ব্যাংকটি একটি বাণিজ্যিক ব্যাংক।

ঘ উদ্দীপকের 'কর্ণফুলী' ব্যাংক প্রত্যয়পত্র ও লকার ভাড়া সেবা প্রদান করে আয় করে।

বাণিজ্যিক ব্যাংক মক্কেলের পক্ষে বিভিন্ন প্রতিনিধিত্বমূলক কাজ বা লেনদেন করে। যেমন: চেক বা বিলের অর্থ আদায়-পরিশোধ, লকার ভাড়া, ব্যাংক ড্রাফট, ট্রাভেলার্স চেক ইস্যু, প্রত্যয়পত্র ইস্যু ইত্যাদি। এসব কাজের বিনিময়ে ব্যাংক নির্দিষ্ট কমিশন বা ভাড়া আদায় করে।

উদ্দীপকে ফারিয়া গার্মেন্টস ৩,০০০ পিস জামা রপ্তানি করেন। রপ্তানিকারক অগ্রিম অর্থ প্রাপ্তির নিশ্চয়তা চায়। এক্ষেত্রে 'কর্ণফুলী' ব্যাংক ফারিয়া গার্মেন্টসের পক্ষে রপ্তানিকারককে নিশ্চয়তা দেয়। তিনি তার মূল্যবান দলিলপত্রাদি নিরাপত্তার জন্য (কর্ণফুলী ব্যাংকে) জমা রাখেন।

বর্তমানে বাণিজ্যিক ব্যাংক বহুমুখী সেবার নীতি বিশেষভাবে অনুসরণ করে। এ নীতি অনুযায়ী একটি ব্যাংক যত বেশি সম্ভব বিশেষ সেবা প্রদানের চেষ্টা করে। উদ্দীপকের 'কর্ণফুলী' ব্যাংক আমদানি-রপ্তানি বাণিজ্যে সহায়তা করার জন্য প্রত্যয়পত্র ইস্যু করে। এর বিপরীতে ব্যাংক কমিশন বা সার্ভিস চার্জ আদায় করে। আবার, ব্যাংকটি ফারিয়া গার্মেন্টসকে লকার সেবা প্রদান করে। আর লকার সেবার মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক সার্ভিস চার্জ আদায় করে। তাই বলা যায়, উদ্দীপকে উল্লিখিত কার্যাবলি 'কর্ণফুলী' ব্যাংকের আয়ের উৎস।

দিনাজপুর বোর্ড–২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড : 1 5 2

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

সময়– ৩০ মিনিট | পূর্ণমান– ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. কোনটি দীর্ঘ মেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের সাথে জড়িত?
ক মূলধন বাজেটিং খ কর্মী নির্বাচন
গ বিক্রয় পূর্বানুমান ঘ মুনাফা নির্ধারণ

২. রাষ্ট্রপতির আদেশে কত তারিখে কেন্দ্রীয় ব্যাংক প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৭২ সালের ২৬ মার্চ খ ১৯৭২ সালের ১৭ এপ্রিল
গ ১৯৭১ সালে ১৬ ডিসেম্বর ঘ ১৯৭১ সালের ৭ নভেম্বর

৩. একাধিক বাট্টাকরণের মাধ্যমে কী নির্ণয় করা হয়?
ক ভবিষ্যৎ মূল্য খ বর্তমান মূল্য গ সাধারণ সুদ ঘ চক্রবৃদ্ধি সুদ

৪. পুরাতন শেয়ার হোল্ডার পুরাতন শেয়ার ক্রয় করতে চাইলে তাকে কোন জাতীয় শেয়ার বরাদ্দ করা হবে?
ক অগ্রাধিকার শেয়ার খ সাধারণ শেয়ার
গ রাইট শেয়ার ঘ বিলম্বিত শেয়ার

৫. প্রতিযোগিতামূলক বিশ্বে সাফল্য অর্জনের জন্য কোন নীতি একান্ত প্রয়োজন?
ক সেবার নীতি খ মুনাফার নীতি গ তারল্য নীতি ঘ দক্ষতার নীতি

৬. বাণিজ্যিক ব্যাংকের পরোক্ষ উদ্দেশ্য কী?
ক নিরাপত্তা খ কর্মসংস্থান সৃষ্টি
গ সম্পদের সুষম বণ্টন ঘ জনকল্যাণ

৭. নিট মুনাফাকে বছরের সংখ্যা দ্বারা ভাগ করলে কোনটি পাওয়া যায়?
ক গড় মুনাফার হার খ মোট মুনাফা
গ গড় মুনাফা ঘ গড় বিনিয়োগ

৮. N প্রকল্পে ১০০ (লক্ষ) টাকা বিনিয়োগে তিন বছরের আয় যথাক্রমে ২০ (লক্ষ) টাকা, ৮০ (লক্ষ) টাকা এবং ৪০ (লক্ষ) টাকা হলে পে-ব্যাক সময় কত?
ক ১.৫ বছর খ ২.০ বছর গ ২.৫ বছর ঘ ৩.০ বছর

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৯ থেকে ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস রত্নার 'A' প্রকল্পের বিগত ৩ বছরের সম্ভাব্য আয় হার যথাক্রমে ২৫%, ১০%,−৫%। তার নিকট 'B' নামে আরেকটি প্রকল্প আছে যার আদর্শ বিচ্যুতি ১৬%।

৯. মিসেস রত্নার 'A' প্রকল্পের গড় আয় কত?
ক ৫% খ ১০% গ ১৫% ঘ ২৫%

১০. মিসেস রত্নার–
i. 'A' প্রকল্পটির গ্রহণযোগ্য ii. 'B' প্রকল্পটির ঝুঁকি বেশি iii. 'B' প্রকল্পটির বর্জনীয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১১. ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহক কোনটি প্রথমে বিবেচনা করে?
ক ব্যাংকের সুনাম খ ব্যাংক কর্মচারীর দক্ষতা
গ ব্যাংকের শাখা ঘ ব্যাংকের অবস্থান

১২. হিসাব খোলার মাধ্যমে আইনগতভাবে ব্যাংক ও গ্রাহকের মধ্যে কোন সম্পর্ক সৃষ্টি হয়?
ক ডেটর-ক্রেডিটর সম্পর্ক খ চুক্তিবন্ধ সম্পর্ক
গ বন্ধকদাতা-বন্ধক গ্রহীতা সম্পর্ক ঘ ব্যাংক গ্রাহকের অছি

১৩. বিনিয়োগের ক্ষেত্রে অনিশ্চয়তা ও ঝুঁকি এড়ানোর জন্য কোন নীতি মেনে চলা উচিৎ?
ক গোপনীয়তার নীতি খ সাবধানতার নীতি
গ বিশেষায়নের নীতি ঘ মিতব্যয়িতার নীতি

১৪. বাণিজ্যিক ব্যাংক বিনিময়ের মাধ্যমে সৃষ্টি করে–
i. ব্যাংক ড্রাফটের মাধ্যমে ii. পে-অর্ডারের মাধ্যমে iii. বিনিময় বিলের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৫ থেকে ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
'অম্বেষা ব্যাংক' তার নগদ টাকার প্রয়োজনে 'দিশারী ব্যাংক' আবেদন করে। দিশারী ব্যাংক অম্বেষাকে ব্যাংকিং জগতের নীতি নির্ধারক 'আস্থা' ব্যাংকে আবেদনের পরামর্শ দেয়।

১৫. দিশারী ব্যাংকের প্রধান কাজ কী?
ক মূলধন গঠন খ মূলধন বিনিয়োগ
গ অর্থ স্থানান্তর ঘ শিল্পায়ন

১৬. আস্থা ব্যাংক হলো–
i. সকল ব্যাংকের ব্যাংকার ii. ঋণের শেষ আশ্রয়স্থল iii. নিকাশঘর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. ব্যাংকের ক্ষেত্রে আমানতের উদ্দেশ্য কী?
ক সেবা অর্জন খ বিনিয়োগ
গ কর্মসংস্থান ঘ ঋনের সুবিধা

১৮. কোন ব্যাংক আমানতের একটি অংশ বাধ্যতামূলকভাবে কেন্দ্রীয় ব্যাংকে রিজার্ভ হিসেবে জমা রাখে?
ক বাণিজ্যিক ব্যাংক খ সমবায় ব্যাংক
গ বিনিময় ব্যাংক ঘ শিল্প ব্যাংক

১৯. ব্যাংকের প্রতি গ্রাহকের দায়িত্ব কী?
ক ঠিকভাবে চেক অঙ্কন খ সুদের আদান-প্রদান
গ হিসাবের গোপনীয়তা ঘ ঋণ পরিশোধের সুযোগ

২০. অর্থায়ন বিকাশের চারণভূমি কোনটি?
ক যুক্তরাজ্য খ ইতালী গ যুক্তরাষ্ট্র ঘ অস্ট্রেলিয়া

২১. বহিস্থ অর্থায়নের স্বল্পমেয়াদি প্রাতিষ্ঠানিক উৎস কোনটি?
ক ক্ষুদ্র ঋণ খ ঋণপত্র গ গ্রাম্য মহাজন ঘ শেয়ার

২২. কোন জাতীয় শেয়ার বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ?
ক রাইট শেয়ার খ বোনাস শেয়ার
গ অগ্রাধিকার শেয়ার ঘ সাধারণ শেয়ার

২৩. অমুনাফাভোগী প্রতিষ্ঠান হচ্ছে–
i. দাতব্য চিকিৎসালয় ii. এতিমখানা iii. বাংলাদেশ রেলওয়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. ব্যবসায়ের কোনটির সাথে আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ জড়িত থাকে?
ক বিনিয়োগের সাথে খ সিদ্ধান্তের সাথে
গ মূলধনের সাথে ঘ মুনাফার সাথে

২৫. মি. হাবিব ৪ বছর পরিশোধযোগ্য একটি উৎস থেকে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য ১ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। তাঁর অর্থায়নের উৎস কোনটি?
ক বাণিজ্যিক ব্যাংক প্রদত্ত ঋণ খ বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান
গ বেসরকারি প্রতিষ্ঠান ঘ মূলধনি বাজারের প্রতিষ্ঠান

২৬. মুনাফা ভিত্তিক অভ্যন্তরীণ উৎস কোনটি?
ক বিধিবদ্ধ সঞ্চিতি খ ক্রেতা থেকে অগ্রিম গ্রহণ
গ মালিকের মূলধন ঘ প্রাপ্য বিল বাট্টাকরণ

২৭. বন্ডে বিনিয়োগকারীদের কোন জাতীয় ঝুঁকি মোকাবেলা করতে হয়?
ক ব্যবসায়িক ঝুঁকি খ আর্থিক ঝুঁকি
গ তারল্য ঝুঁকি ঘ সুদের হারের ঝুঁকি

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৮ থেকে ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
সবুর সাহেব শেয়ারের বিকল্প একটি উৎসে অর্থ বিনিয়োগ করতে চান যাতে সুদের হারের উল্লেখ আছে এবং সুদ প্রদান বাধ্যতামূলক।

২৮. সবুর সাহেব প্রতিষ্ঠানের কোন উৎস অর্থ বিনিয়োগ করেন?
ক বাণিজ্যিক পত্রে খ ঋণে
গ ঋণপত্রে ঘ লিজিং-এ

২৯. উল্লিখিত উৎসে বিনিয়োগের যৌক্তিকতা হলো–
i. অর্থের নিরাপত্তা ii. সুদ প্রাপ্তি নিশ্চয়তা
iii. সুদের হার স্থির ও পূর্ব নির্ধারিত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. কোন জাতীয় অর্থায়ন দ্রুততম ও সরল প্রক্রিয়া?
ক মধ্য মেয়াদি খ স্বল্প মেয়াদি
গ দীর্ঘ মেয়াদি ঘ অতি দীর্ঘ মেয়াদি

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

উত্তর	১		২		৩		৪		৫		৬		৭		৮		৯		১০		১১		১২		১৩		১৪		১৫	
	১৬		১৭		১৮		১৯		২০		২১		২২		২৩		২৪		২৫		২৬		২৭		২৮		২৯		৩০	

দিনাজপুর বোর্ড– ২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম তিনটি প্রশ্ন নিয়ে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ফিন্যান্স অংশ

১। জনাব আমিন নিজস্ব অর্থ দিয়ে সবজি ব্যবসায় শুরু করেন। দেশের বিভিন্ন এলাকা থেকে পাইকারি দরে সবজি ক্রয় করে তিনি শহরে এনে আড়তদারদের মাঝে বিক্রি করেন। সম্প্রতি দেশের কিছু জেলায় বন্যার কারণে সবজি ক্ষেত নষ্ট হয়ে যাওয়ায় তিনি আশানুরূপ সবজি সংগ্রহ করতে পারছেন না। তিনি পূর্বের ব্যবসায় অর্জিত মুনাফা বিনিয়োগের জন্য একজন আর্থিক ব্যবস্থাপকের পরামর্শ ক্রমে একটি কোম্পানিতে বিনিয়োগ করে কোম্পানির মালিকানা গ্রহণ করেন।
ক. বাণিজ্য ঘাটতি কী? ১
খ. ধারে পণ্য ক্রয় করে কীভাবে ব্যবসায় করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. অর্থায়নের শ্রেণি বিভাগের আলোকে জনাব আমিনের ব্যবসায়ের অর্থায়নের ধরনটি ব্যাখ্যা কর। ৩
ঘ. আর্থিক ব্যবস্থাপকের কার্যাবলির আলোকে উদ্দীপকের জনাব আমিনের ব্যবসায়ের কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

২। চট্টগ্রামের সামিদ ও তার ছয় বন্ধু পলিটেকনিক কলেজ থেকে ডিপ্লোমা ডিগ্রি অর্জন করে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি করে কিছু অর্থ সঞ্চয় করেন। তাঁদের সঞ্চিত অর্থ দিয়ে 'ইকরা' নামে একটি কোম্পানি গঠন করেন। ব্যবসায়ের পরিসর বৃদ্ধি পাওয়ায় কোম্পানি কিছু শেয়ার ও ঋণপত্র বাজারে ছেড়ে মূলধন সংগ্রহ করে।
ক. সঞ্চিতি তহবিল কী? ১
খ. লিজিং কীভাবে স্থায়ী সম্পদের বিকল্প হিসেবে ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. 'ইকরা' কোম্পানি গঠনে তহবিলের উৎসের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. অর্থায়নের উৎসের শ্রেণি বিভাগের আলোকে কোম্পানির মূলধন সংগ্রহের প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

৩। 'A' কোম্পানি লিমিটেড এর মোট মূলধন ৩০০ কোটি টাকা যার ৬০% সাধারণ শেয়ার, অবশিষ্ট ১২% ঋণপত্র। সাধারণ শেয়ারের বাজার মূল্য ২৫০ টাকা। এ বছর কোম্পানি শেয়ার মালিকদের শেয়ার প্রতি ১১ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৫% বৃদ্ধি পেয়েছে। কর হার ৩০%।
ক. কাম্য ঋণনীতি কী? ১
খ. "শেয়ার ব্যয় নির্ভর করে শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশের উপর"- ব্যাখ্যা করো। ২
গ. 'A' কোম্পানির সাধারণ শেয়ার মূলধণ ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. গড় মূলধন ব্যয় নির্ণয়পূর্বক 'A' কোম্পানির মূলধন কাঠামোর যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৪। সানজিদা তাঁর ১২,০০,০০০ টাকা ৬ বছরের জন্য ব্যাংকে রাখতে আগ্রহী। 'গ্লোব ব্যাংক' তাঁকে প্রতি ৩ মাস পর পর ১২% হারে চক্রবৃদ্ধি সুদ দিতে আগ্রহ দেখায়, অপরদিকে 'এলিট ব্যাংক' তাঁকে বার্ষিক ১২.৫০% হারে চক্রবৃদ্ধি সুদ দেওয়ার আগ্রহ দেখায়।
ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. সুযোগ ব্যয় ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. সানজিদা 'গ্লোব ব্যাংকে' টাকা জমা রাখলে মেয়াদ শেষে কত টাকা পাবেন? নির্ণয় করো। ৩
ঘ. কোন ব্যাংকের প্রস্তাবটি সানজিদার জন্য অধিক লাভজনক হবে? মতামত দাও। ৪

৫। জনাব সাঈদ তাঁর বাড়ির পাশে সাংগু নদীর চরে উন্নত মানের সবজি উৎপাদন ও বাজারজাতকরণ করেন। পর্যাপ্ত সার, শ্রমিক ও কৃষি উপকরণ প্রাপ্তির কারণে তাঁর ব্যবসায়ে ভালো মুনাফা হচ্ছে। গত ৫ বছরে ব্যবসায়ের লাভ-লোকসান নিম্নরূপ ছিল :
২০২০ — ১২%, ২০২১ — ১৩%, ২০২২ — ৬%, ২০২৩ — ১০%, ২০২৪ — ৯%। তার প্রত্যাশিত ঝুঁকি ৩%।
ক. ঝুঁকি কী? ১
খ. একমালিকানা ও অংশীদারি ব্যবসায়ে মূলধন সংগ্রহে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সাঈদ এর ব্যবসায়ের লাভ-লোকসানের ক্ষেত্রে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. আদর্শ বিচ্যুতি নির্ণয়পূর্বক জনাব সাঈদ এর ব্যবসায়টি লাভজনক কি না? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬। জনাব হিশাম 'নীহারিকা' ও 'ধূমকেতু' নামে ২টি প্রকল্পে ২ লক্ষ টাকা করে বিনিয়োগের চিন্তা করছেন। প্রকল্পে বিনিয়োগের উদ্দেশ্যে তিনি 'বলাকা ব্যাংক' থেকে কিছু টাকা ঋণ নেন। ঋণের সুদ তিনি উভয় বিনিয়োগের আয় থেকে পরিশোধ করবেন। 'নীহারিকা' প্রকল্পের ৪ বছরের প্রত্যাশিত বিক্রয় যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৮০,০০০ টাকা, ৭০,০০০ টাকা, ৬০,০০০ টাকা। অবচয় ৮,০০০ টাকা, স্থায়ী খরচ ১০,০০০ টাকা এবং কর হার ২০%। 'ধূমকেতু' প্রকল্পে বিনিয়োগকৃত অর্থ তিনি ৩ বছরের মধ্যে ফেরত পাবেন।
ক. নগদ বহিঃপ্রবাহ কী? ১
খ. দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'নীহারিকা' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩
ঘ. 'নীহারিকা' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক জনাব হিশামের জন্য কোন প্রকল্পে বিনিয়োগ করা অধিক লাভজনক? মতামত দাও। ৪

ব্যাংকিং অংশ

৭। 'A' ব্যাংক প্রতিষ্ঠাকাল থেকে বিপুল পরিমাণে ঋণদান করে পরিচিতি লাভ করে। ঋণদান ও বিনিয়োগের খাত অতিরিক্ত হওয়ায় আমানতকারীদের জমাকৃত অর্থ ফেরতদানে সমস্যা হচ্ছে। সংকট নিরসনে 'B' ব্যাংক এর দারস্থ হয়ে ৫০০ কোটি টাকা শর্ত সাপেক্ষে ঋণ নেন। এছাড়া 'B' ব্যাংকের পরিচালকপর্ষদ ভবিষ্যত নিরাপত্তার কথা ভেবে নিম্নের পরামর্শ দেন :
* ব্যাংকের আমানতের একটা অংশ অত্র ব্যাংকে জমা রাখা।
* ঋণ আদায়ের ক্ষেত্রে কৌশলী হওয়া।
* নতুন নতুন আমানত সৃষ্টিতে পদক্ষেপ নেয়া।
ক. মুরাবাহা কী? ১
খ. ব্যাংক বিনিময়ের মাধ্যমে হিসেবে কীসের প্রবণতা সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. কোন নীতির অভাবে 'A' ব্যাংক 'B' ব্যাংকের দারস্থ হয়? ব্যাংক ব্যবসার নীতির আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. 'A' ব্যাংকের আর্থিক সংকট কাটিয়ে উঠার জন্য 'B' ব্যাংকের পরামর্শের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৮। জনাব আরিফ ব্যাংকে এমন একটি হিসাব খুলতে চান যেখানে তিনি যখন ইচ্ছা টাকা জমা ও উত্তোলন করতে পারবেন। তার প্রতিবেশী বন্ধু তাকে 'বেলি ব্যাংক' এ হিসাব খোলার পরামর্শ দেন যেটি খুব বিশ্বস্ত ও যুগোপযোগী। অতপর তিনি 'বেলি ব্যাংক' এ হিসাব খোলেন। তিনি তার যাবতীয় দলিলপত্র ও স্বর্ণলংকার 'বেলি ব্যাংক' এ জমা রাখেন। সম্প্রতি জনাব আরিফ তার পাওনাদার সোহাগকে ২ লক্ষ টাকার একটি চেক দেন। সোহাগ চেকটি 'বেলি ব্যাংক' এ উপস্থাপন করলে, ব্যাংক উক্ত চেকের অর্থ নগদে পরিশোধ না করে তার ব্যাংক হিসাবের মাধ্যমে উপস্থাপন করতে বলেন।
ক. চুক্তিবন্ধ সম্পর্ক কী? ১
খ. চেক অংকনে কীভাবে সতর্কতা অবলম্বন করতে হয়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সোহাগকে প্রদত্ত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের জনাব আরিফ এর সাথে 'বেলি ব্যাংক' এর সম্পর্ক, ব্যাংক গ্রাহক সম্পর্কের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯। জনাব সাজিদ ব্যবসার জন্য স্থানীয় 'ফরচুন' ব্যাংকে একটি হিসাব খোলেন। হিসাব খোলার সময় তিনি ব্যাংকের কিছু তথ্য গোপন করেন। দীর্ঘদিন ব্যাংকের সাথে কোনো লেনদেন না করায় ব্যাংক খোঁজ নিয়ে জানতে পারে তিনি পারিবারিক সমস্যার কারণে ভারসাম্যহীন হয়ে পড়েছেন।
ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. ইন্টারনেট ব্যাংকিং কী? ব্যাখ্যা কর। ২
গ. 'ফরচুন ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ফরচুন ব্যাংক' ও জনাব সাজিদের মধ্যকার ব্যাংকিং সম্পর্ক কি বিদ্যমান থাকবে বলে তুমি মনে করো। উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

১০। 'সাথী ব্যাংক' এর বিভিন্ন শাখায় ব্যাপক আর্থিক সমস্যা থাকায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিরীক্ষণ শেষে নিম্নলিখিত সমস্যাগুলো উদঘাটন করেন :
* গ্রহীতার আর্থিক সচ্ছলতা ও জামানত না থাকা সত্ত্বেও পর্যাপ্ত ঋণ প্রদান।
* উৎপাদনশীলতা ও লাভজনকতা বিবেচনা না করে ঋণ প্রদান নিরীক্ষকবৃন্দ নিম্নে উল্লিখিত পরামর্শগুলো প্রদান করেন :
* ব্যাংকের মুনাফার অংশ ভবিষ্যতের জন্য জমা রাখা
* কেন্দ্রীয় ব্যাংক থেকে অর্থ ধার নেওয়া
* নতুন গ্রাহক সৃষ্টিতে পদক্ষেপ নেওয়া।
ক. প্রত্যয়পত্র কী? ১
খ. জীবনযাত্রার মানোন্নয়নে ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. ব্যাংকিং ব্যবসায়ের কোন নীতিগুলো মেনে চললে উক্ত ব্যাংকে আর্থিক সমস্যা হতো না? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সাথী' ব্যাংকের আর্থিক সমস্যা নিরসনে ও তহবিল বৃদ্ধিতে নিরীক্ষকবৃন্দ কোন কোন উৎস বিবেচনা করার পরামর্শ দিয়েছেন? বাণিজ্যিক ব্যাংকের তহবিলের উৎসের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১। দেশের বিভিন্ন খাতে ব্যাংকিং সেবা প্রদানের জন্য 'উদয়ন ব্যাংক' প্রতিষ্ঠিত হয়। এই ব্যাংক দেশ ও সরকারের অনেক গুরুত্বপূর্ণ কাজে অবদান রাখছে। অপর দিকে, 'ইউনিক ব্যাংক' দেশের অবকাঠামোগত উন্নয়ন আন্তর্জাতিক সংস্থার সাথে চুক্তি সম্পাদন এবং দাতা ব্যাংকগুলোর ঋনের কিস্তি পরিশোধ করে।
ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন সব ব্যাংকের অভিভাবক বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'ইউনিক ব্যাংক' এর ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের উভয় ব্যাংকই অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে–মূল্যায়ন করো। ৪

উত্তরমালা (দিনাজপুর বোর্ড ২০২৫)

বহুনির্বাচনি অভীক্ষা

১	ক	২	গ	৩	খ	৪	গ	৫	ঘ	৬	ঘ	৭	গ	৮	খ	৯	খ	১০	ঘ	১১	ঘ	১২	খ	১৩	খ	১৪	ঘ	১৫	ক
১৬	ঘ	১৭	খ	১৮	ক	১৯	ক	২০	গ	২১	ক	২২	ঘ	২৩	ক	২৪	ক	২৫	ক	২৬	ক	২৭	ঘ	২৮	গ	২৯	ঘ	৩০	খ

সৃজনশীল

প্রশ্ন ▸ ০১ জনাব আমিন নিজস্ব অর্থ দিয়ে সবজি ব্যবসায় শুরু করেন। দেশের বিভিন্ন এলাকা থেকে পাইকারি দরে সবজি ক্রয় করে তিনি শহরে এনে আড়তদারদের মাঝে বিক্রি করেন। সম্প্রতি দেশের কিছু জেলায় বন্যার কারণে সবজি ক্ষেত নষ্ট হয়ে যাওয়ায় তিনি আশানুরূপ সবজি সংগ্রহ করতে পারছেন না। তিনি পূর্বের ব্যবসায় অর্জিত মুনাফা বিনিয়োগের জন্য একজন আর্থিক ব্যবস্থাপকের পরামর্শ ক্রমে একটি কোম্পানিতে বিনিয়োগ করে কোম্পানির মালিকানা গ্রহণ করেন।

ক. বাণিজ্য ঘাটতি কী? ১

খ. ধারে পণ্য ক্রয় করে কীভাবে ব্যবসায় করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. অর্থায়নের শ্রেণি বিভাগের আলোকে জনাব আমিনের ব্যবসায়ের অর্থায়নের ধরনটি ব্যাখ্যা কর। ৩

ঘ. আর্থিক ব্যবস্থাপকের কার্যাবলির আলোকে উদ্দীপকের জনাব আমিনের ব্যবসায়ের কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

[দি. বো. ২০২৫]

১নং প্রশ্নের উত্তর

ক দেশে রপ্তানি অপেক্ষা আমদানি বেশি হওয়ার কারণে সৃষ্ট ঘাটতিকে বাণিজ্য ঘাটতি বলে।

খ ধারে পণ্য ক্রয় করে ব্যবসা করার পদ্ধতিকে সাধারণ ভাবে 'ক্রেডিট ব্যবসা' বলা হয়।

ক্রেডিটে ব্যবসা করা হলো একটি প্রচলিত কৌশল যেখানে ব্যবসায়ীকে সরাসরি অর্থ প্রদান না করে পণ্য সংগ্রহ করে এবং নির্ধারিত সময় পরে টাকা পরিশোধ করে। এটি এক ধরণের ব্যবসায়িক কৌশল যেখানে আপনি কোনো পণ্য সরাসরি নগদে না কিনে সরবরাহকারীর কাছ থেকে বাকি বা ঋণে নিয়ে ব্যবসা শুরু করা। সাধারণত সরবরাহকারী বা পাইকারদের সঙ্গে বিশ্বাস ভিত্তিক সম্পর্ক তৈরি করে এবং তাদের সাথে চুক্তি অনুযায়ী পণ্য ক্রয় বিক্রয় ও অর্থে পরিশোধের নিশ্চয়তার প্রদানের মাধ্যমে এই ধরণের ব্যবসায় সংগঠিত হয়ে থাকে। এভাবে সততা, সময়মতে পরিশোধ ও কার্যকর বিক্রয় কৌশলের মাধ্যমে ধারে পণ্য ক্রয় করে সফলভাবে ব্যবসা করা যায়।

গ উদ্দীপকের জনাব আমিনের অর্থায়নের ধরন হলো ব্যবসায় অর্থায়ন।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত প্রতিষ্ঠানের জন্য এ ধরনের অর্থায়ন করা হয়। ব্যবসায় প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য এ ধরনের অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে। অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন হচ্ছে ব্যবসায় অর্থায়ন।

উদ্দীপকে জনাব আমিন একজন ব্যবসায়ী। তিনি নিজস্ব তহবিল ও ঋণ নিয়ে একটি সবজি ব্যবসায় শুরু করেন। এক্ষেত্রে তার ব্যবসায়ের মূল লক্ষ্য হলো মুনাফা অর্জন। আর মুনাফা অর্জনের উদ্দেশ্যে অর্থায়ন করাই হলো ব্যবসায় অর্থায়ন। জনাব আমিন তার প্রতিষ্ঠানের তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য এ অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করেছেন। তাই বলা যায়, জনাব আমিন ব্যবসায় অর্থায়ন করেছেন।

ঘ উদ্দীপকে জনাব আমিনের বিনিয়োগ সিদ্ধান্তটি আর্থিক ব্যবস্থাপকের ব্যয় বা বিনিয়োগ সিদ্ধান্ত।

ব্যয় সিদ্ধান্তের অপর নাম বিনিয়োগ সিদ্ধান্ত। প্রতিষ্ঠানের সংগৃহীত তহবিল কোন কোন খাতে ব্যয় করা হবে সে সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণই হলো বিনিয়োগ সিদ্ধান্ত। প্রতিষ্ঠানের স্থায়ী ব্যয় নির্বাহ অর্থাৎ যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়, কারখানা নির্মাণ খরচ প্রভৃতি ব্যয় সিদ্ধান্ত বা বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্ভুক্ত। এ ধরনের বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করার আগে প্রতিষ্ঠানের সম্ভাব্য আগমন-নির্গমনের একটি পরিকল্পনা করতে হয়।

উদ্দীপকের জনাব আমিন দেশের বিভিন্ন এলাকা থেকে পাইকারি দরে সবজি ক্রয় করে আড়তদারদের মাঝে বিক্রি করেন। পরবর্তীতে দেশের কিছু জেলায় বন্যার কারণে সবজি নষ্ট হয়ে যায়। ফলে জনাব আমিন তার আশানুরূপ সবজি সংগ্রহ করতে পাচ্ছেন না। তখন তিনি পূর্বের অর্জিত মুনাফা একটি কোম্পানিতে বিনিয়োগ করেন। এতে তার প্রতিষ্ঠানের নগদ বহিঃপ্রবাহ ঘটবে এবং এর মাধ্যমে তিনি দীর্ঘ সময়ে আর্থিক সুবিধা পাবেন। অর্থাৎ কোন স্থায়ী সম্পদ বিনিয়োগের মাধ্যমে নগদ বহিঃপ্রবাহ ঘটলে তাকে ব্যয় বা বিনিয়োগ সিদ্ধান্ত বলে। তাই বলা যায়, উদ্দীপকে জনাব আমিনের সিদ্ধান্তটি ব্যয় সিদ্ধান্ত।

প্রশ্ন ▸ ০২ চট্টগ্রামের সামিদ ও তার ছয় বন্ধু পলিটেকনিক কলেজ থেকে ডিপ্লোমা ডিগ্রি অর্জন করে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি করে কিছু অর্থ সঞ্চয় করেন। তাঁদের সঞ্চিত অর্থ দিয়ে 'ইকরা' নামে একটি কোম্পানি গঠন করেন। ব্যবসায়ের পরিসর বৃদ্ধি পাওয়ায় কোম্পানি কিছু শেয়ার ও ঋণপত্র বাজারে ছেড়ে মূলধন সংগ্রহ করে।

ক. সঞ্চিতি তহবিল কী? ১

খ. লিজিং কীভাবে স্থায়ী সম্পদের বিকল্প হিসেবে ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'ইকরা' কোম্পানি গঠনে তহবিলের উৎসের ধরন ব্যাখ্যা কর।৩

ঘ. অর্থায়নের উৎসের শ্রেণি বিভাগের আলোকে কোম্পানির মূলধন সংগ্রহের প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

[দি. বো. ২০২৫]

২নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৩ 'A' কোম্পানি লিমিটেড এর মোট মূলধন ৩০০ কোটি টাকা যার ৬০% সাধারণ শেয়ার, অবশিষ্ট ১২% ঋণপত্র। সাধারণ শেয়ারের বাজার মূল্য ২৫০ টাকা। এ বছর কোম্পানি শেয়ার মালিকদের শেয়ার প্রতি ১১ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৫% বৃদ্ধি পেয়েছে। কর হার ৩০%।

ক. কাম্য ঋণনীতি কী? ১

খ. "শেয়ার ব্যয় নির্ভর করে শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশের উপর'– ব্যাখ্যা করো। ২

গ. 'A' কোম্পানির সাধারণ শেয়ার মূলধণ ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. গড় মূলধন ব্যয় নির্ণয়পূর্বক 'A' কোম্পানির মূলধন কাঠামোর যথার্থতা বিশ্লেষণ করো। ৪

[দি. বো. ২০২৫]

৩নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৪ সানজিদা তাঁর ১২,০০,০০০ টাকা ৬ বছরের জন্য ব্যাংকে রাখতে আগ্রহী। 'গ্লোব ব্যাংক' তাঁকে প্রতি ৩ মাস পর পর ১২% হারে চক্রবৃদ্ধি সুদ দিতে আগ্রহ দেখায়, অপরদিকে 'এলিট ব্যাংক' তাঁকে বার্ষিক ১২.৫০% হারে চক্রবৃদ্ধি সুদ দেওয়ার আগ্রহ দেখায়।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. সুযোগ ব্যয় ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. সানজিদা 'গ্লোব ব্যাংকে' টাকা জমা রাখলে মেয়াদ শেষে কত টাকা পাবেন? নির্ণয় করো। ৩

ঘ. কোন ব্যাংকের প্রস্তাবটি সানজিদার জন্য অধিক লাভজনক হবে? মতামত দাও। ৪

[দি. বো. ২০২৫]

৪নং প্রশ্নের উত্তর

ক সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তন হওয়াকে অর্থের সময়মূল্য বলে।

খ কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

উদাহরণস্বরূপ কোনো এলাকায় জমির মূল্য ১০ বছরে দ্বিগুণ হয়। পক্ষান্তরে, ব্যাংকের সঞ্চয়ী হিসাবে সুদের হার ৮%। এক্ষেত্রে দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করতে হবে এবং অন্যটিকে ত্যাগ করতে হবে। মনে করি জমি ক্রয়ে বিনিয়োগ করা হলো এবং সঞ্চয়ী হিসাবের প্রকল্প ত্যাগ করা হলো। এক্ষেত্রে জমি ক্রয়ের সুযোগ ব্যয় হবে ৮% সুদের হার।

গ গ্লোব ব্যাংকে টাকা জমা রাখলে মেয়াদ শেষে কত টাকা পাবেন তা নির্ণয় করো :

দেওয়া আছে,

বর্তমান মূল্য (PV) = ১২,০০,০০০ টাকা

মেয়াদ কাল (n) = ৬ বছর

সুদের হার (i) = ১২% বা, ০.১২

চক্রবৃদ্ধি সংখ্যা (m) = ৪ বার (৩ মাস অন্তর অন্তর)

আমরা জানি,

ভবিষ্যৎ মূল্য, $FV = PV \left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$

$= ১২,০০,০০০ \left(১ + \frac{০.১২}{৪}\right)^{৬ \times ৪}$

$= ১২,০০,০০০ \times ২.০৩২৭৯৪$ টাকা

$= ২৪,৩৯,৩৫২.৮০$ টাকা

উত্তর : সানজিদা গ্লোব ব্যাংকে মেয়াদ শেষ হলে ২৪,৩৯,৩৫২ টাকা পাবেন।

ঘ কোন ব্যাংকের প্রস্তাবটি সানজিদার জন্য অধিক লাভজনক তা নির্ণয় :

এলিট ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

দেওয়া আছে,

বর্তমান মূল্য (PV) = ১২,০০,০০০ টাকা

মেয়াদ কাল (n) = ৬ বছর

সুদের হার (i) = ১২.৫০% বা, ০.১২৫

ভবিষ্যৎ মূল্য, $FV = PV (১ + i)^n$

$= ১২,০০,০০০ (১ + .১২৫)^৬$

$= ২৪,৩২,৭৪৩.৮৩$ টাকা

∴ এলিট ব্যাংক হতে মেয়াদ শেষে ২৪,৩২,৭৪৩.৮৩ টাকা পাবেন

অতএব, জনাব সানজিদা মেয়াদান্তে গ্লোব ব্যাংক থেকে ২৪,৩৯,৩৫২.৮০ টাকা (গ নং থেকে) পাবেন। অন্যদিকে তিনি এলিট ব্যাংক থেকে মেয়াদ শেষে ২৪,৩২,৭৪৩.৮৩ টাকা পাবেন। অর্থাৎ গ্লোব ব্যাংক থেকে মেয়াদান্তে (২৪,৩৯,৩৫২.৮০ – ২৪,৩২,৭৪৩.৮৩) = ৬,৬০৮.৯৬ টাকা বেশি পাবেন। তাই জনাব সানজিদার জন্য গ্লোব ব্যাংকে টাকা রাখা অধিক লাভজনক হবে।

প্রশ্ন ▶ ০৫ জনাব সাঈদ তাঁর বাড়ির পাশে সাংগু নদীর চরে উন্নত মানের সবজি উৎপাদন ও বাজারজাতকরণ করেন। পর্যাপ্ত সার, শ্রমিক ও কৃষি উপকরণ প্রাপ্তির কারণে তাঁর ব্যবসায়ে ভালো মুনাফা হচ্ছে। গত ৫ বছরে ব্যবসায়ের লাভ-লোকসান নিম্নরূপ ছিল :

২০২০ — ১২%, ২০২১ — ১৩%, ২০২২ — ৬%, ২০২৩ — ১০%, ২০২৪ — ৯%। তার প্রত্যাশিত ঝুঁকি ৩%।

ক. ঝুঁকি কী? ১

খ. একমালিকানা ও অংশীদারি ব্যবসায়ে মূলধন সংগ্রহে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? ব্যাখ্যা করো। ২

গ. জনাব সাঈদ এর ব্যবসায়ের লাভ-লোকসানের ক্ষেত্রে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. আদর্শ বিচ্যুতি নির্ণয়পূর্বক জনাব সাঈদ এর ব্যবসায়টি লাভজনক কি না? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[দি. বো. ২০২৫]

৫নং প্রশ্নের উত্তর

ক প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকে ঝুঁকি বলে।

খ একমালিকানা ও অংশীদারি ব্যবসায়ে মূলধন সংগ্রহে যে ঝুঁকি বিদ্যমান তা হলো আর্থিক ঝুঁকি।

দায় পরিশোধের অক্ষমতা থেকে সৃষ্ট ঝুঁকিটি হলো আর্থিক ঝুঁকি। ঋণ মূলধন ব্যবহারের ফলে কোনো প্রতিষ্ঠানে দায়ের সৃষ্টি হয়। একটি প্রতিষ্ঠান ঋণকৃত মূলধন বিনিয়োগ থেকে প্রাপ্ত নগদ প্রবাহ দিয়ে ঋণের কিস্তি পরিশোধ করে থাকে। প্রাপ্ত নগদ প্রবাহ দ্বারা ঋণের কিস্তি পরিশোধে প্রতিষ্ঠান অসমর্থ হলে সেক্ষেত্রে ঋণদাতা উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে পারে। এতে কোম্পানি দেউলিয়া হওয়ার আশঙ্কা থাকে। ফলে এরূপ দায় পরিশোধের অক্ষমতা থেকে আর্থিক ঝুঁকির সৃষ্টি হয়।

গ জনাব সাঈদ এর ব্যবসায়ের লাভ-লোকসান ক্ষেত্রে যেই ঝুঁকি সৃষ্টি হয় তা হলো ব্যবসায়িক ঝুঁকি।

ব্যবসায়ের পরিচালনা খরচ পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে ব্যবসায়িক ঝুঁকি বলে। কেননা পরিচালনা ব্যয় বলতে কাঁচামাল ক্রয়, শ্রমিকের মজুরি, অফিস ভাড়া, বিমা খরচ ইত্যাদিকে বোঝায়।

জনাব সাঈদ উন্নত মানের সবজি উৎপাদন করে বাজারজাত করেন। গত ৫ বছরে ব্যবসায়ে লাভ-লোকসানের পরিমাণ ২০২০ – ১২%, ২০২১ – ১৩%, ২০২২ – ৬%, ২০২৩ – ১০%, ২০২৪ – ৯% অর্থাৎ প্রকল্পটির বিক্রয় থেকে অর্জিত আয়ের স্থিতিশীলতা নেই। অর্থাৎ বিক্রয়লব্ধ আয় কোনো বছর বেশি আবার কোনো বছর কম। কোনো প্রতিষ্ঠানের পরিচালনা ব্যয় মেটানোর সক্ষমতা নির্ভর করে বিক্রয় থেকে আয়ের স্থিতিশীলতা এবং পরিচালনা খরচের মিশ্রণ অর্থাৎ স্থায়ী ও চলতি খরচের অনুপাতের উপর। বিক্রয় থেকে আয়ের স্থিতিশীলতা না থাকলে প্রতিষ্ঠানের পরিচালনা ব্যয় মেটাতে অনিশ্চয়তা দেখা দেয় যা থেকে ব্যবসায়িক ঝুঁকির সৃষ্টি হয়। তাই বলা যায়, জনাব সাঈদের ব্যবসায়ে ব্যবসায়িক ঝুঁকি বিদ্যমান।

ঘ আদর্শ বিচ্যুতি নির্ণয় পূর্বক জনাব সাঈদ এর ব্যবসায়টি লাভজনক কিনা তা নির্ণয়।

আদর্শ বিচ্যুতি নির্ণয় :

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়-গড়) %	ব্যবধানের বর্গ %
২০২০	১২	(১২ – ১০) = ২	৪
২০২১	১৩	(১৩ – ১০) = ৩	৯
২০২২	৬	(৬ – ১০) = – ৪	১৬
২০২৩	১০	(১০ – ১০) = ০	০
২০২৪	৯	(৯ – ১০) = – ১	১
যোগফল =	৫০	ব্যবধানের বর্গের যোগফল =	৩০
গড় আয়	$\frac{৫০}{৫}$ = ১০%	ব্যবধানের বর্গের গড় $= \frac{৩০}{n-১} = \frac{৩০}{৫-১} = \frac{৩০}{৪}$	= ৭.৫০

∴ আদর্শ বিচ্যুতি $= \sqrt{৭.৫০}$

$= ২.৭৪\%$

∴ লক্ষণীয় যে, জনাব সাঈদকে ব্যবসায়ের আদর্শ বিচ্যুতি = ২.৭৪% অন্যদিকে জনাব সাঈদের প্রত্যাশিত ঝুঁকি ৩% (প্রশ্নে প্রদত্ত)। আদর্শ বিচ্যুতির ছোট মান কম ঝুঁকি নির্দেশ করে আর বড় মান বেশি ঝুঁকি নির্দেশ করে। জনাব সাঈদের আদর্শ বিচ্যুতি ২.৭৪। অর্থাৎ এটি কম ঝুঁকি নির্দেশ করে। তাই ঝুঁকি বিবেচনায় জনাব সাঈদের ব্যবসায়টি লাভজনক।

প্রশ্ন ▶ ০৬ জনাব হিশাম 'নীহারিকা' ও 'ধূমকেতু' নামে ২টি প্রকল্পে ২ লক্ষ টাকা করে বিনিয়োগের চিন্তা করছেন। প্রকল্পে বিনিয়োগের উদ্দেশ্যে তিনি 'বলাকা ব্যাংক' থেকে কিছু টাকা ঋণ নেন। ঋণের সুদ তিনি উভয় বিনিয়োগের আয় থেকে পরিশোধ করবেন। 'নীহারিকা' প্রকল্পের ৪ বছরের প্রত্যাশিত বিক্রয় যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৮০,০০০ টাকা, ৭০,০০০ টাকা, ৬০,০০০ টাকা। অবচয় ৮,০০০ টাকা, স্থায়ী খরচ ১০,০০০ টাকা এবং কর হার ২০%। 'ধূমকেতু' প্রকল্পে বিনিয়োগকৃত অর্থ তিনি ৩ বছরের মধ্যে ফেরত পাবেন।

ক. নগদ বহিঃপ্রবাহ কী? ১

খ. দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'নীহারিকা' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. 'নীহারিকা' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক জনাব হিশামের জন্য কোন প্রকল্পে বিনিয়োগ করা অধিক লাভজনক? মতামত দাও। ৪

[দি. বো. ২০২৫]

৬নং প্রশ্নের উত্তর

ক প্রতিষ্ঠানে নগদ অর্থের বহির্গমনকে নগদ বহিঃপ্রবাহ বলে।

খ দীর্ঘ মেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত বলতে মূলধন বাজেটিং এর মূল্যায়ন প্রক্রিয়াকে বুঝায়।

মূলধন বাজেটিং-এর মাধ্যমে প্রকল্পের আয়-ব্যয় প্রাক্কলন করে সম্ভাব্য লাভজনকতা বিশ্লেষণ করে সেই মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কোনো একটি বিনিয়োগের ক্ষেত্রে ঝুঁকির আশঙ্কাও এ প্রক্রিয়ায় জানা সম্ভব। এছাড়া একাধিক বিকল্প বিনিয়োগ খাত থাকলেও এ প্রক্রিয়ার মাধ্যমে সর্বোত্তম বিকল্পটি নির্বাচন করা যায়।

গ নীহারিকা প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় :

বিবরণ	পরিমাণ (টাকায়)			
	বছর–১	বছর–২	বছর-৩	বছর–৪
বিক্রয়	১,০০,০০০	৮০,০০০	৭০,০০০	৬০,০০০
স্থায়ী খরচ	(১০,০০০)	(১০,০০০)	(১০,০০০)	(১০,০০০)
অবচয়	(৮,০০০)	(৮,০০০)	(৮,০০০)	(৮,০০০)
করযোগ্য মুনাফা	৮২,০০০	৬২,০০০	৫২,০০০	৪২,০০০
করহার (২০%)	(১৬,৪০০)	(১২,৪০০)	(১০,৪০০)	(৮,৪০০)
নিট মুনাফা	৬৫,৬০০	৪৯,৬০০	৪১,৬০০	৩৩,৬০০

এখানে,

$$\text{গড় নিট মুনাফা} = \frac{৬৫,৬০০ + ৪৯,৬০০ + ৪১,৬০০ + ৩৩,৬০০}{৪}$$

$$= \frac{১,৯০,৪০০}{৪}$$

$$= ৪৭,৬০০$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{২,০০,০০০}{২}$$

$$= ১,০০,০০০ \text{ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{৪৭,৬০০}{১,০০,০০০} \times ১০০$$

$$= ০.৪৭৬ \times ১০০$$

$$= ৪৭.৬০\%$$

উত্তর : নীহারিকা প্রকল্পের গড় মুনাফার হার ৪৭.৬০%।

ঘ জনাব হিশামের জন্য গ্রহণযোগ্য বা লাভজনক প্রকল্প নির্বাচন করতে হলে উভয় প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করতে হবে।

বিবরণ	পরিমাণ (টাকায়)			
	বছর–১	বছর–২	বছর–৩	বছর–৪
নিট মুনাফা (গ-থেকে)	৬৫,৬০০	৪৯,৬০০	৪১,৬০০	৩৬,৬০০
অবচয়	৮,০০০	৮,০০০	৮,০০০	৮,০০০
নগদ প্রবাহ	৭৩,৬০০	৫৭,৬০০	৪৯,৬০০	৬১,৬০০

পে-ব্যাক সময় নির্ণয় সারণি

বছর	বার্ষিক নগদ প্রবাহ	ক্রমযোজিত নগদ প্রবাহ
০	২,০০,০০০	– ২,০০,০০০
১	৭৩,৬০০	– ১, ২৬, ৪০০
২	৫৭,৬০০	– ৬৮, ৮০০
৩	৪৯,৬০০	– ১৯, ২০০
৪	৪১,৬০০	২২,৪০০

$$\text{পে-ব্যাক সময়} = \left(৩ \text{ বছর} + \frac{১৯,২০০}{২২,৪০০}\right) \text{বছর} = ৩.৮৫ \text{ বছর।}$$

এখানে, নীহারিকা প্রকল্পের পে-ব্যাক সময় ৩.৮৫ বছর। অন্যদিকে ধূমকেতু প্রকল্পের পে-ব্যাক সময় ৩ বছর উদ্দীপকে দেওয়া আছে। যে প্রকল্পের পে-ব্যাক সময় যত কম ঐ প্রকল্পের গ্রহণযোগ্যতা তত বেশি। ধূমকেতু প্রকল্পের পে-ব্যাক সময় নীহারিকা প্রকল্প অপেক্ষা কম। তাই জনাব হিশমের জন্য ধূমকেতু প্রকল্পে বিনিয়োগ করা অধিক লাভজনক।

প্রশ্ন ▶ ০৭ 'A' ব্যাংক প্রতিষ্ঠাকাল থেকে বিপুল পরিমাণে ঋণদান করে পরিচিতি লাভ করে। ঋণদান ও বিনিয়োগের খাত অতিরিক্ত হওয়ায় আমানতকারীদের জমাকৃত অর্থ ফেরতদানে সমস্যা হচ্ছে। সংকট নিরসনে 'B' ব্যাংক এর দারস্থ হয়ে ৫০০ কোটি টাকা শর্ত সাপেক্ষে ঋণ নেন। এছাড়া 'B' ব্যাংকের পরিচালকপর্ষদ ভবিষ্যত নিরাপত্তার কথা ভেবে নিম্নের পরামর্শ দেন :

* ব্যাংকের আমানতের একটা অংশ অত্র ব্যাংকে জমা রাখা।
* ঋণ আদায়ের ক্ষেত্রে কৌশলী হওয়া।
* নতুন নতুন আমানত সৃষ্টিতে পদক্ষেপ নেয়া।

ক. মুরাবাহা কী? ১

খ. ব্যাংক বিনিময়ের মাধ্যমে হিসেবে কীসের প্রবণতা সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. কোন নীতির অভাবে 'A' ব্যাংক 'B' ব্যাংকের দারস্থ হয়? ব্যাংক ব্যবসার নীতির আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. 'A' ব্যাংকের আর্থিক সংকট কাটিয়ে উঠার জন্য 'B' ব্যাংকের পরামর্শের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

[দি. বো. ২০২৫]

৭নং প্রশ্নের উত্তর

ক কোনো পণ্যের ক্রয় মূল্যের ওপর ক্রেতা-বিক্রেতা উভয়ের সম্মতিতে নির্ধারিত লাভে বিক্রয় করাকে মুরাবাহা বলে।

খ বাণিজ্যিক ব্যাংক বিনিময়ের মাধ্যমে হিসেবে অর্থ ও অর্থের মূল্যে পরিমাপযোগ্য দলিলের প্রচলন করে। চেক, বিনিময় বিল, প্রত্যয়পত্র, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ব্যাংক ড্রাফট, পে-অর্ডার ইত্যাদি হলো ব্যাংক সৃষ্ট বিনিময়ের মাধ্যম। এসব দলিল ও উপকরণের মাধ্যমে সহজে অর্থ লেনদেন করা যায়। উপর্যুক্ত দলিল ও উপকরণের প্রচলন ঘটিয়ে বাণিজ্যিক ব্যাংক বিনিময়ের মাধ্যমে সৃষ্টি করে।

গ 'A' ব্যাংক B ব্যাংকের নিকট দারস্থ হয় তারল্য নীতির অভাবে।

তারল্য নীতি হলো ব্যাংকিং ব্যবসায়ের অন্যতম একটি মূলনীতি। এ নীতি অনুযায়ী বাণিজ্যিক ব্যাংককে সব সময় নির্দিষ্ট পরিমাণ তারল্য বা নগদ অর্থ সংরক্ষণ করতে হয়। এতে আমানতকারীদের চেকের অর্থ চাহিবামাত্র পরিশোধ করা সম্ভব হয়।

উদ্দীপকে 'B' ব্যাংকের সম্মতিতে 'A' ব্যাংক তাদের ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এক্ষেত্রে 'B' ব্যাংক দেশের কেন্দ্রীয় ব্যাংক এবং 'A' ব্যাংক বাণিজ্যিক ব্যাংক। সম্প্রতি 'A' ব্যাংক গ্রাহকদের আমানতের প্রায় বেশির ভাগ অন্যত্র বিনিয়োগ করে। এতে ব্যাংকটি প্রচুর মুনাফা অর্জন করতে পেরেছে। তবে আমানতকারীদের দাবিকৃত টাকা ফেরত দিতে বেশ সমস্যায় পড়তে হচ্ছে। এ অবস্থায় কেন্দ্রীয় ব্যাংক হিসেবে 'B' ব্যাংক একটি নীতি মেনে চলার পরামর্শ দিয়েছে। 'B' ব্যাংক কেন্দ্রীয় ব্যাংক হিসেবে তারল্য নীতি মেনে চলার নির্দেশনা দিয়েছে। 'A' ব্যাংক মূলত আমানতকারীদের চেকের অর্থ পরিশোধে ব্যর্থ হচ্ছে। কারণ ব্যাংকটি পর্যাপ্ত তারল্য সংরক্ষণ না করে অধিক হারে বিনিয়োগ করেছে। ফলে চেকের অর্থ পরিশোধ করার মতো পর্যাপ্ত নগদ অর্থ ব্যাংকটির কাছে নেই। তবে 'A' ব্যাংকটি 'B' ব্যাংকের পরামর্শ অনুযায়ী তারল্য নীতি অনুসরণ করলে ভবিষ্যতে এ ধরনের পরিস্থিতির সম্মুখীন হবে না।

তাই বলা যায়, আর্থিক সংকটের কারণে A ব্যাংক তারল্য ব্যবসায় তারল্য নীতির অভাবে 'B' ব্যাংকের নিকট দারস্থ হয়।

ঘ উদ্দীপকের A ব্যাংকের আর্থিক সংকট কাটিয়ে উঠার জন্য B ব্যাংকের পরামর্শ যথার্থতা রয়েছে বলে আমি মনে করি।

দেশের মুদ্রাবাজারকে সুসংগঠিত আকারে পরিচালিত করার উদ্দেশ্যেই কেন্দ্রীয় ব্যাংক গঠিত হয়। এ ব্যাংক মুদ্রা প্রচলন অর্থ সরবরাহ করে, ঋণ নিয়ন্ত্রণ, ইত্যাদি কাজ করে। অন্যদিকে বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে আমানত গ্রহণ ও ঋণদার করে পাশাপাশি নতুন নতুন আমানত সৃষ্টিতে ভূমিকা রাখে।

উদ্দীপকে B ব্যাংক হলো কেন্দ্রীয় ব্যাংক আর A ব্যাংক হলো বাণিজ্যিক ব্যাংক। B ব্যাংক অন্যান্য ব্যাংকের নিয়ন্ত্রক এবং মুদ্রা প্রচলন করে। ব্যাংকটি ঋণের যোগান ও সরবরাহের মধ্যে ভারসাম্য বজায় রাখতে ঋণ নিয়ন্ত্রণ করে। বাজারে ঋণের পরিমাণ বেশি থাকলে কেন্দ্রীয় ব্যাংক জমার হার ও ব্যাংক হার বাড়িয়ে দেয়। ফলে ঋণের পরিমাণ কমে যায়। অন্যদিকে A ব্যাংক আমানত গ্রহণ ও ঋণ প্রদান করে। ব্যাংকটি ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করে।

দেশের সুষ্ঠ ব্যাংকিং পরিবেশ বজায় রাখার জন্য উদ্দীপকে B ব্যাংক তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকের কার্যাবলি নিয়ন্ত্রণ করে। নিকাশ ঘরের মাধ্যমে আন্তঃব্যাংকিং দেনা পাওনা নিষ্পত্তিতে সহায়তা করে। তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকের আর্থিক সংকটে ঋণ প্রদান করে। তাই বলা যায় B ব্যাংক উপদেষ্টা ও পরামর্শদাতা হিসাবে ঋণ আদায় ও আমানত সৃষ্টি ও ব্যাংকিং কার্যক্রমে সহায়তা করে।

প্রশ্ন ▸ ০৮ জনাব আরিফ ব্যাংকে এমন একটি হিসাব খুলতে চান যেখানে তিনি যখন ইচ্ছা টাকা জমা ও উত্তোলন করতে পারবেন। তার প্রতিবেশী বন্ধু তাকে 'বেলি ব্যাংক' এ হিসাব খোলার পরামর্শ দেন যেটি খুব বিশ্বস্ত ও যুগোপযোগী। অতপর তিনি 'বেলি ব্যাংক' এ হিসাব খোলেন। তিনি তার যাবতীয় দলিলপত্র ও স্বর্ণলংকার 'বেলি ব্যাংক' এ জমা রাখেন। সম্প্রতি জনাব আরিফ তার পাওনাদার সোহাগকে ২ লক্ষ টাকার একটি চেক দেন। সোহাগ চেকটি 'বেলি ব্যাংক' এ উপস্থাপন করলে, ব্যাংক উক্ত চেকের অর্থ নগদে পরিশোধ না করে তার ব্যাংক হিসাবের মাধ্যমে উপস্থাপন করতে বলেন।

ক. চুক্তিবন্ধ সম্পর্ক কী? ১
খ. চেক অংকনে কীভাবে সতর্কতা অবলম্বন করতে হয়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সোহাগকে প্রদত্ত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের জনাব আরিফ এর সাথে 'বেলি ব্যাংক' এর সম্পর্ক, ব্যাংক গ্রাহক সম্পর্কের আলোকে বিশ্লেষণ করো। ৪

[দি. বো. ২০২৫]

৮নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▸ ০৯ জনাব সাজিদ ব্যবসার জন্য স্থানীয় 'ফরচুন' ব্যাংকে একটি হিসাব খোলেন। হিসাব খোলার সময় তিনি ব্যাংকের কিছু তথ্য গোপন করেন। দীর্ঘদিন ব্যাংকের সাথে কোনো লেনদেন না করায় ব্যাংক খোঁজ নিয়ে জানতে পারে তিনি পারিবারিক সমস্যার কারণে ভারসাম্যহীন হয়ে পড়েছেন।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. ইন্টারনেট ব্যাংকিং কী? ব্যাখ্যা কর। ২
গ. 'ফরচুন ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ফরচুন ব্যাংক' ও জনাব সাজিদের মধ্যকার ব্যাংকিং সম্পর্ক কি বিদ্যমান থাকবে বলে তুমি মনে করো। উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

[দি. বো. ২০২৫]

৯নং প্রশ্নের উত্তর

ক যে ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নিয়ম-নির্দেশনা মেনে ও এর তালিকায় অন্তর্ভুক্ত থেকে তার ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে তাকে তালিকাভুক্ত ব্যাংক বলে।

খ কম্পিউটার ও ইন্টারনেট প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে যে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা হয় তাকে ইন্টারনেট ব্যাংকিং বলে।

এ ব্যাংকিংয়ের মাধ্যমে গ্রাহক ব্যাংকের একটি নিরাপদ ওয়েবসাইটে নাম এবং পাসওয়ার্ড দ্বারা নিবন্ধিত হয়ে থাকে। যথাযথ তথ্য প্রদানের পর গ্রাহক পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে যেকোনো সময় তার হিসাবের বিবরণী, তহবিল স্থানান্তর, বিল প্রদানসহ অন্যান্য লেনদেন ইন্টারনেটের সাহায্যে সম্পন্ন করতে পারে।

গ কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'ফরচুন ব্যাংক' হলো বাণিজ্যিক ব্যাংক। মুনাফা অর্জনের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও পরিচালিত ব্যাংক হলো বাণিজ্যিক ব্যাংক। এ ব্যাংক গ্রাহকদের আমানত সংগ্রহ ঋণদান ও বিভিন্ন ব্যাংকিং সুবিধা দেয়। জনগণের সঞ্চিত অর্থ থেকে ঋণ দিয়ে মূলত এ ব্যাংক মুনাফা অর্জন করে।

উদ্দীপকের জনাব সাজিদ একজন ব্যবসায়ী। তার সাথে 'ফরচুন ব্যাংক'-এর সম্পর্ক রয়েছে। তাই তিনি ব্যাংক থেকে উত্তোলন, ব্যাংকে অর্থ জমা ও প্রয়োজনে ঋণ নিতে পারেন। অর্থাৎ, 'ফরচুন ব্যাংক' বাণিজ্যিক ব্যাংকের ন্যায় আমানত সংগ্রহ করে এবং প্রয়োজনে অর্থ উত্তোলনের সুযোগ দেয়। তাছাড়া ব্যাংকটি অন্যান্য গ্রাহকদের কাছ থেকেও আমানত সংগ্রহ করে এবং সেই আমানত থেকে সুদের বিনিময়ে ঋণ দেয়। এটি বাণিজ্যিক ব্যাংকের সাধারণ ও প্রধান বৈশিষ্ট্য। তাই বলা যায়, কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'ফরচুন ব্যাংক' হলো বাণিজ্যিক ব্যাংক।

ঘ 'ফরচুন ব্যাংক' ও জনাব সাজিদের মধ্যকার ব্যাংকিং সম্পর্ক বিদ্যমান থাকবে না বলে আমি মনে করি।

হিসাব খোলার মাধ্যমে ব্যাংক ও গ্রাহকের মধ্যে চুক্তিবন্ধ সম্পর্ক তৈরি হয়। এ সম্পর্ক আইন ভঙ্গ অথবা নৈতিক বিপর্যয়ের কারণে শেষ হয়ে যেতে পারে। এছাড়াও দেউলিয়া ঘোষণা, গারনিশি অর্ডার জারি, দীর্ঘদিন লেনদেন চালু না রাখা ইত্যাদি কারণেও হিসাব বন্ধ হয়ে যায়।

উদ্দীপকে জনাব সাজিদ ফরচুন ব্যাংকে একটি হিসাব খোলেন। তারপর তিনি দীর্ঘ দিন ব্যাংকের সাথে কোন লেনদেন বা যোগাযোগ করেননি। পরবর্তীতে ব্যাংক তার খোঁজ খবর নিয়ে দেখে সেই বর্তমানে ভারসাম্যহীন। ব্যাংকের নীতি অনুযায়ী দীর্ঘদিন ব্যাংকে লেনদেন না করলে বা গ্রাহক ভারসাম্যহীন হলে হিসাব বন্ধ করে দেওয়া হয়।

ব্যাংক ও গ্রাহকের সম্পর্ক সমাপ্ত হওয়ার অন্যতম কারণ হলো দীর্ঘদিন লেনদেন না করা। এটি যদি ও গ্রাহকের নিজের সিদ্ধান্ত। গ্রাহক দীর্ঘদিন বিনা নোটিশে লেনদেন চালু না রাখলে ব্যাংক তার হিসাবটি বন্ধ করে দেওয়ার অধিকার রাখে। ফলে তার ওপর উদ্দীপকে জনাব সাজিদ দীর্ঘদিন ব্যাংকের সাথে লেনদেন না রাখার কারণে এবং বর্তমানে ভারসাম্যহীন থাকার কারণে ব্যাংক তার হিসাবটি বন্ধ করে দিবে। আর ব্যাংক হিসাব বন্ধ হয়ে ব্যাংক এবং গ্রাহকের মধ্যকার সম্পর্ক বিচ্ছিন্ন ঘটে। তাই বলা যায় 'ফরচুন ব্যাংকের' সাথে জনাব সাজিদের মধ্যে ব্যাংকিং কোন সম্পর্ক বিদ্যমান থাকবে না।

প্রশ্ন ▸ ১০ 'সাথী ব্যাংক' এর বিভিন্ন শাখায় ব্যাপক আর্থিক সমস্যা থাকায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিরীক্ষণ শেষে নিম্নলিখিত সমস্যাগুলো উদ্ঘাটন করেন :

* গ্রহীতার আর্থিক সচ্ছলতা ও জামানত না থাকা সত্ত্বেও পর্যাপ্ত ঋণ প্রদান।
* উৎপাদনশীলতা ও লাভজনকতা বিবেচনা না করে ঋণ প্রদান

নিরীক্ষকবৃন্দ নিম্নে উল্লিখিত পরামর্শগুলো প্রদান করেন :

* ব্যাংকের মুনাফার অংশ ভবিষ্যতের জন্য জমা রাখা
* কেন্দ্রীয় ব্যাংক থেকে অর্থ ধার নেওয়া
* নতুন গ্রাহক সৃষ্টিতে পদক্ষেপ নেওয়া।

ক. প্রত্যয়পত্র কী? ১

খ. জীবনযাত্রার মানোন্নয়নে ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. ব্যাংকিং ব্যবসায়ের কোন নীতিগুলো মেনে চললে উক্ত ব্যাংকে আর্থিক সমস্যা হতো না? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সাথী' ব্যাংকের আর্থিক সমস্যা নিরসনে ও তহবিল বৃদ্ধিতে নিরীক্ষকবৃন্দ কোন কোন উৎস বিবেচনা করার পরামর্শ দিয়েছেন? বাণিজ্যিক ব্যাংকের তহবিলের উৎসের আলোকে বিশ্লেষণ করো। ৪

[দি. বো. ২০২৫]

১০নং প্রশ্নের উত্তর

ক LC বা প্রত্যয়পত্র হলো একটি ঋণের দলিল যার মাধ্যমে ব্যাংক তার মক্কেল তথা আমদানিকারকের পক্ষে রপ্তানিকারকের অনুকূলে রপ্তানিকৃত পণ্যের মূল্য পরিশোধের নিশ্চয়তা দেয়।

খ মুনাফা অর্জনের পাশাপাশি জনকল্যাণ বাণিজ্যিক ব্যাংকের একটি পরোক্ষ উদ্দেশ্য। অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রসার ঘটিয়ে জনগণকে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা বাণিজ্যিক ব্যাংকের একটি উদ্দেশ্য। বাণিজ্যিক ব্যাংকের আমানত গ্রহণ ও ঋণদানের কার্যক্রম সকল শ্রেণির জনগণের অংশগ্রহণ নিশ্চিত করে। যা সমাজের ধনী দরিদ্রের দূরত্ব হ্রাস করে থাকে এবং জনগণের মাঝে সঞ্চয়ের প্রবণতা সৃষ্টি করে। সামগ্রিকভাবে অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে বাণিজ্যিক ব্যাংক জনগণের জীবনযাত্রার মানোয়ন্নয়নও করে থাকে।

গ ব্যাংকিং ব্যবসায় তারল্যনীতি ও নিরাপত্তার অনুসরণ করে চললে 'সাথী' ব্যাংক আর্থিক অর্থের সংকটে পড়তো না।

তারল্যনীতি ব্যাংকিং ব্যবসায়ের অন্যতম একটি নীতি। এ নীতি অনুযায়ী বাণিজ্যিক ব্যাংকের সব সময় নির্দিষ্ট পরিমাণ তারল্য বা নগদ অর্থ সংরক্ষণ করতে হয়। ব্যাংককে নগদ অর্থ বিনিয়োগ এবং নগদ অর্থ জমা রাখার ভেতর ভারসাম্য বজায় রাখতে হয়। তাহলেই তারল্য নীতি অনুসরণ করা হয়। ব্যাংকিং ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ নীতি হলো গ্রাহকের অর্থ ও ঋণ হিসেবে প্রদত্ত অর্থের নিরাপত্তা বিধান। নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংককে ঋণ প্রদানের সময় ঋণ গ্রহীতার আর্থিক স্বচ্ছলতা ও সততা বিচার করা এবং পর্যাপ্ত জামানত গ্রহণ করা আবশ্যক।

উদ্দীপকে 'সাথী' ব্যাংকের ব্যবস্থাপক আয় বাড়ানোর জন্য গ্রাহকদের অধিক ঋণ প্রদান করে। এতে ব্যাংকটি নগদ অর্থের সংকটে পড়ে। এছাড়া আর্থিক স্বচ্ছলতাও সততা বিচার না করা হয় বিভিন্ন সমস্যায় পড়ে। তারল্য নীতি অনুযায়ী ব্যবস্থাপক উচিত ছিল নগদ অর্থের নির্দিষ্ট একটি অংশ ব্যাংকে জমা রাখা। কেননা 'সাথী' ব্যাংক বাণিজ্যিক ব্যাংক হিসেবে গ্রাহকের অর্থ চাওয়া মাত্র ফেরতদানে বাধ্য। যেহেতু ব্যাংকটি তারল্যনীতি ভঙ্গ করেছে তাই 'সাথী' ব্যাংক নগদ অর্থের সংকটে পড়েছে।

উদ্দীপকের সাথী ব্যাংক যদি ব্যাংকিং ব্যবসায়ের। তারল্য নীতি, নিরাপত্তার নীতি অনুসরণ করতে তাহলে তার ব্যাংক আর্থিক সংকটে পড়তো না।

ঘ সাথী ব্যাংকে আর্থিক সমস্যা নিরসনে এবং তহবিল বৃদ্ধিতে নিরীক্ষকবৃন্দ বাণিজ্যিক ব্যাংকের তহবিল উৎসের সংরক্ষিত মূলধন, আমানত ও ধার গ্রহণ বিবেচনাকরার পরামর্শ দিয়েছেন।

বাণিজ্যিক ব্যাংকের তহবিল সংগ্রহের একটি অন্যতম উৎস হলো সংরক্ষিত তহবিল। প্রতিবছর মুনাফার যে অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করা হয় তাই সংরক্ষিত তহবিল। এ তহবিলের বাহ্যিক ব্যয় না থাকলেও সুযোগ ব্যয় রয়েছে। পক্ষান্তরে ব্যাংক বিভিন্ন মেয়াদে (চলতি, সঞ্চয়ী, স্থায়ী) আমানত গ্রহণ করে থাকে যা আমানতকারীরা একত্রে তুলে না ফেলে এ অর্থ ঋণ বা বিনিয়োগ হিসেবে ব্যবহার করে মুনাফা অর্জন করতে পারে। বাণিজ্যিক ব্যাংক অর্থ সংকটে পড়লে কেন্দ্রীয় ব্যাংক হতে ধার নিতে পারে।

উদ্দীপকে 'সাথী ব্যাংকের' বিভিন্ন শাখা ব্যাপক আর্থিক সমস্যা থাকায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিরীক্ষণ শেষে ব্যাংককে সমস্যা সমাধানের কয়েকটি উপায় বা পরামর্শ প্রদান করে। পরামর্শ হলো ব্যাংকে মুনাফার কিছু অংশ ভবিষ্যতের জন্য জমা রাখা। যা বাণিজ্যিক ব্যাংক তহবিলে উৎসের সংরক্ষিত তহবিলের সাথে সম্পৃক্ত। অন্যদিকে কেন্দ্রীয় ব্যাংক থেকে ধার নেওয়াও নতুন গ্রাহক সৃষ্টি করা যা বাণিজ্যিক ব্যাংকের অভ্যন্তরীণ উৎসের আমানত ও ধার গ্রহণের সাথে সামঞ্জস্য।

উদ্দীপকের 'সাথী ব্যাংক' তার আর্থিক সমস্যা সমাধানে নিরীক্ষকবৃন্দ তহবিল বৃদ্ধিতে যে পরামর্শ দিয়েছেন তা বাণিজ্যিক ব্যাংকের তহবিল উৎসের পরিপূরক।

প্রশ্ন ▶ ১১ দেশের বিভিন্ন খাতে ব্যাংকিং সেবা প্রদানের জন্য 'উদয়ন ব্যাংক' প্রতিষ্ঠিত হয়। এই ব্যাংক দেশ ও সরকারের অনেক গুরুত্বপূর্ণ কাজে অবদান রাখছে। অপর দিকে, 'ইউনিক ব্যাংক' দেশের অবকাঠামোগত উন্নয়ন আন্তর্জাতিক সংস্থার সাথে চুক্তি সম্পাদন এবং দাতা ব্যাংকগুলোর ঋনের কিস্তি পরিশোধ করে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন সব ব্যাংকের অভিভাবক বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'ইউনিক ব্যাংক' এর ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উভয় ব্যাংকই অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে–মূল্যায়ন করো। ৪

[দি. বো. ২০২৫]

১১নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

ময়মনসিংহ–২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড : 1 5 2

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

সময়– ৩০ মিনিট　　　　পূর্ণমান– ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. কোন ক্ষেত্রে কোনো যন্ত্রাংশের মালিক না হয়েও উক্ত যন্ত্রাংশ পরিপূর্ণ ব্যবহারের ক্ষমতা অর্জন করা যায়?
ক) যন্ত্রাংশ ক্রয় করলে　খ) লিজিং নিলে
গ) ধার গ্রহণ করলে　ঘ) সম্পত্তি জামানত রাখলে

২. ব্যাংকিং ব্যবসায় পরিচালনার সাথে সরাসরি জড়িত ব্যক্তিবর্গকে কী বলে?
ক) ব্যাংক　খ) ব্যাংকিং
গ) ব্যাংক গ্রাহকে　ঘ) ব্যাংকার

৩. মহাখালী ফ্লাইওভার নির্মাণে অর্থায়ন কোন ধরনের অর্থায়ন?
ক) আন্তর্জাতিক　খ) অব্যবসায়িক
গ) সরকারি　ঘ) ব্যবসায়

৪. কখন ব্যাংক হিসাব খোলার যাবতীয় কার্যক্রম সমাপ্ত হয়?
ক) প্রাথমিক আমানত জমা করলে　খ) নমুনা স্বাক্ষর কার্ড পূরণ করলে
গ) ছবি ও আই.ডি. কার্ড প্রদান করলে　ঘ) নমিনির স্বাক্ষর প্রদান করলে

৫. কাগজি মুদ্রা প্রচলনের কারণ হলো–
i. ধাতব পদার্থের দুষ্প্রাপ্যতা　ii. সহজে বহনযোগ্য　iii. সংরক্ষণে সুবিধা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৬. বাণিজ্যিক ব্যাংকের তহবিলের মুনাফানির্ভর উৎস কোনটি?
ক) পরিশোধিত মূলধন　খ) অংশীদারি মূলধন
গ) সংরক্ষিত তহবিল　ঘ) ঋণ মূলধন

৭. জনাব পাবেল জনাব শিপনকে একটি চেক দিল, যার উপরের বাম কোণে আড়াআড়ি দুটি সমান্তরাল রেখা আঁকা ছিল। প্রদত্ত চেকটি কোন ধরনের?
ক) বাহক চেক　খ) হুকুম চেক
গ) দাগকাটা চেক　ঘ) বাতিল চেক

৮. কোনটির মাধ্যমে লেনদেন গ্রাহকের জন্য এক ধরনের ব্যক্তিগত ঋণ হিসাবে বিবেচিত?
ক) ডেবিট কার্ড　খ) ক্রেডিট কার্ড
গ) মোবাইল ব্যাংকিং　ঘ) এটিএম কার্ড

৯. গ্রাহককে দেউলিয়া ঘোষণা করার একমাত্র ক্ষমতা কার?
ক) আদালতের　খ) অর্থ মন্ত্রণালয়ের
গ) বাংলাদেশ ব্যাংকের　ঘ) সংশ্লিষ্ট ব্যাংকের

১০. কোনটি পরিমাণযোগ্য নয়?
ক) লাভ-ক্ষতি　খ) ঝুঁকি　গ) আয়-ব্যয়　ঘ) অনিশ্চয়তা

১১. কোনটির ক্ষেত্রে সুযোগ ব্যয় প্রযোজ্য?
ক) ঋণ মূলধন　খ) শেয়ার মূলধন　গ) সঞ্চিতি তহবিল　ঘ) ডিবেঞ্চার

১২. নিচের কোনটির মাধ্যমে নগদ বহিঃপ্রবাহ ঘটে?
ক) মুনাফা　খ) অবচয়　গ) বিক্রয়　ঘ) ভাড়া প্রাপ্তি
[**বি.দ্র.** নিচের কোনোটির মাধ্যমেই নগদ বহিঃপ্রকাশ ঘটে না। মুনাফা, বিক্রয়, ভাড়া প্রাপ্তি দ্বারা নগদ আন্তঃপ্রবাহ ঘটে। অবচয় একটি ব্যয় বণ্টন প্রক্রিয়া। উত্তর হতে পারে- (ক্রয়)]

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৩ থেকে ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সম্প্রতি দেশের কুমিল্লা জেলায় স্মরণকালের ভয়াবহ বন্যায় সাধারণ মানুষ নিঃস্ব হয়ে যায়। এ এলাকার এই অবস্থা থেকে উত্তরণের জন্য এবং বিভিন্ন অর্থনৈতিক সহায়তার লক্ষ্যে 'Y' নামে একটি ব্যাংক প্রতিষ্ঠিত হয়।

১৩. 'Y' ব্যাংক কোন ধরনের ব্যাংক?
ক) বিনিময় ব্যাংক　খ) শিল্প ব্যাংক　গ) সমবায় ব্যাংক　ঘ) আঞ্চলিক ব্যাংক

১৪. 'Y' ব্যাংকটি এই অঞ্চলের উন্নতি কল্পে করতে পারে—
i. আমানত সৃষ্টি　ii. ক্ষুদ্রঋণ প্রদান　iii. প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৫. কোম্পানি অবসায়নকালে কাদের দাবি সর্বপ্রথম পূরণ করা হয়?
ক) সাধারণ শেয়ার মালিকদের　খ) অগ্রাধিকার শেয়ার মালিকদের
গ) ঋণপত্র মালিকদের　ঘ) বন্ড মালিকদের

১৬. মূলধন বাজেটিং এর সবচেয়ে সরল ও জনপ্রিয় পদ্ধতি কোনটি?
ক) গড় মুনাফা হার পদ্ধতি　খ) পে-ব্যাক সময় পদ্ধতি
গ) নিট বর্তমান মূল্য পদ্ধতি　ঘ) অভ্যন্তরীণ মুনাফার পদ্ধতি

১৭. ৯% সুদে ৭,০০,০০০ টাকা 'রুল ৭২' অনুসারে কত বছরে ১৪,০০,০০০ টাকা হবে?
ক) ৭ বছর　খ) ৮ বছর　গ) ৯ বছর　ঘ) ১৪ বছর

১৮. কোন চক্রবৃদ্ধি পদ্ধতিতে প্রকৃত সুদের হার সর্বাধিক হয়?
ক) সাপ্তাহিক　খ) মাসিক　গ) ত্রৈমাসিক　ঘ) বার্ষিক

১৯. ব্যাংকের নিরাপত্তা নীতি নিশ্চিত হয়–
i. ঋণের বিপরীতে পর্যাপ্ত জামানত রাখলে
ii. গ্রাহক থেকে অধিক হারে সুদ গ্রহণ করলে
iii. গ্রাহকের আর্থিক সচ্ছলতা যাচাই করলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২০ থেকে ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
রনি তার পরিবারসহ জাফলং বেড়াতে যান। সেখানে যাবতীয় ব্যয় তিনি বিকাশের মাধ্যমে পরিশোধ করেন। বিকাশের টাকা ফুরিয়ে গেলে, তার ছোট ভাইকে তার ব্যাংক হিসাবে টাকা জমা করতে বলেন। তারপর তিনি প্রয়োজনীয় টাকা ব্যাংক থেকে উত্তোলন করে যাবতীয় ব্যয় নির্বাহ করেন।

২০. রনি তার ব্যাংক একাউন্টে জমাকৃত টাকা কোন ব্যাংকিং এর মাধ্যমে উত্তোলন করেছেন?
ক) ইন্টারনেট ব্যাংকিং　খ) এসএমএস ব্যাংকিং
গ) মোবাইল ব্যাংকিং　ঘ) এনিব্রাঞ্চ ব্যাংকিং

২১. রনি ইলেকট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণের ফলে যে সুবিধা ভোগ করেছেন তা হলো–
i. নগদ অর্থবহনের ঝুঁকি হ্রাস　ii. যে কোনো মুহূর্তে লেনদেন করতে পারা
iii. আর্থিক সংকট দূর হওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২২. বিদ্যমান দুটি প্রকল্পের একটিতে বিনিয়োগ করলে অন্যটি থেকে প্রত্যাশিত আয়কে কী বলে?
ক) প্রত্যাশিত আয়　খ) প্রত্যাশিত ব্যয়　গ) সুযোগ ব্যয়　ঘ) উৎপাদন ব্যয়

২৩. মূলধন সংগ্রহের কোন উৎসে সুনাম জামানত হিসাবে ব্যবহৃত হয়?
ক) বাণিজ্যিক পত্র　খ) গ্রাম্য মহাজন
গ) ঋণপত্র　ঘ) প্রদেয় বিল

২৪. ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় সম্প্রসারণের ফলে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়?
ক) সুদের হারের ঝুঁকি　খ) তারল্য ঝুঁকি
গ) ব্যবসায়িক ঝুঁকি　ঘ) আর্থিক ঝুঁকি

২৫. একটি প্রকল্পে ৮০,০০০ টাকা ৫ বছরের জন্য বিনিয়োগ করলে প্রকল্পটির বার্ষিক অবচয় কত?
ক) ৫,০০০ টাকা　খ) ৮,০০০ টাকা　গ) ১৬,০০০ টাকা　ঘ) ২০,০০০ টাকা

২৬. কোনটিকে ব্যবসায়ের মূল চালিকাশক্তি বলা হয়?
ক) কর্মীসংস্থান　খ) অর্থায়ন　গ) সংগঠন　ঘ) প্রশাসন

২৭. প্রত্যাশিত আয় বিবেচনায় অধিক উপার্জনের জন্য সম্ভাবনাময় শেয়ার কোনটি?
ক) সাধারণ শেয়ার　খ) অগ্রাধিকার শেয়ার
গ) রাইট শেয়ার　ঘ) বোনাস শেয়ার

২৮. নিকাশ ঘর হিসাবে কাজ করে কোন ব্যাংক?
ক) বাণিজ্যিক ব্যাংক　খ) বাংলাদেশ ব্যাংক
গ) শিল্প ব্যাংক　ঘ) বিনিময় ব্যাংক

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯ থেকে ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
পলাশ কোম্পানির মোট মূলধন ১ কোটি টাকা। এর মধ্যে ৪৫% সাধারণ শেয়ার, ৩৫% অগ্রাধিকার শেয়ার এবং অবশিষ্ট ঋণ মূলধন। কোম্পানির প্রতিটি সাধারণ শেয়ারের বাজারমূল্য ২০০ টাকা এবং কোম্পানি ১০% হারে লভ্যাংশ ঘোষণা করে।

২৯. পলাশ কোম্পানির ঋণ মূলধনের পরিমাণ কত?
ক) ২০ লক্ষ　খ) ২৫ লক্ষ　গ) ৩৫ লক্ষ　ঘ) ৪০ লক্ষ

৩০. পলাশ কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় কত?
ক) ৫%　খ) ৮%　গ) ১০%　ঘ) ১২%

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

উত্তর	১		২		৩		৪		৫		৬		৭		৮		৯		১০		১১		১২		১৩		১৪		১৫	
	১৬		১৭		১৮		১৯		২০		২১		২২		২৩		২৪		২৫		২৬		২৭		২৮		২৯		৩০	

ময়মনসিংহ–২০২৫

ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম তিনটি প্রশ্ন নিয়ে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

ফিন্যান্স অংশ

১। জনাব হাসান একজন ব্যবসায়ী। তিনি নতুন বাড়ি নির্মাণের জন্য আত্মীয়-স্বজন থেকে ৩০ লক্ষ টাকা ও বন্ধু-বান্ধব থেকে ১৫ লক্ষ টাকা ধার নেন। বাড়ি নির্মাণের পর অবশিষ্ট অর্থ দিয়ে ব্যবসায়ের জন্য একটি ফ্রিজ ক্রয় করেন।

ক. অর্থায়ন কী নিজের কাজ করে? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্তের অপর নাম কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জনাব হাসান প্রথমে কোন ধরনের অর্থায়ন করেন? বর্ণনা কর। ৩

ঘ. জনাব হাসানের ব্যবসায়ে অর্থায়নের নীতি মূল্যায়ন কর। ৪

২। জনাব কামাল ৫ বছরের জন্য গোমতী ব্যাংকে ৫,০০,০০০ টাকা ৮% হারে বার্ষিক চক্রবৃদ্ধিতে জমা রাখার প্রস্তাব পান। অপরদিকে, তিতাস ব্যাংক তাকে ৭.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে।

ক. অর্থের সময়মূল্য নির্ণয়ের মূল কারণ কী? ১

খ. সুযোগ ব্যয় কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব কামাল 'গোমতী ব্যাংক' থেকে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. জনাব কামালের কোন ব্যাংকের প্রস্তাব গ্রহণ করা উচিত? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৩। জনাব রাজু ৫ বছর পূর্বে 'মনি' ও 'মুক্তা' প্রকল্পদ্বয়ে অর্থ বিনিয়োগ করেন। প্রকল্প দুটি থেকে গত ৫ বছরে প্রাপ্ত আয়ের হার নিম্নরূপ :

প্রকল্প	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪	বছর-৫
মনি	১০%	১২%	১৮%	১৪%	১১%
মুক্তা	৯%	১৪%	২১%	৮%	১৩%

জনাব রাজু তুলনামূলক কম লাভজনক প্রকল্পটি বন্ধ করে দিতে চান।

ক. ট্রেজারি বিল কে ইস্যু করে? ১

খ. আর্থিক ঝুঁকি কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মনি প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. জনাব রাজুর কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

৪। জনাব মান্নান একটি প্রকল্পে ৫০,০০০ টাকা বিনিয়োগ করার চিন্তা করছেন, যা থেকে আগামী ৫ বছর যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা ১০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকা পাওয়া যাবে। বার্ষিক অবচয় ৪,০০০ টাকা এবং কর হার ২০%।

ক. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কোনটি? ১

খ. পণ্যবৈচিত্র্যায়ণ কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব মান্নানের প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক জনাব মান্নানের প্রকল্পটি মূল্যায়ন কর। ৪

৫। ABC কোম্পানি লি. ১০ শতাংশ অগ্রাধিকার শেয়ার ইস্যু করে। প্রতিটি শেয়ারের লিখিত মূল্য ১,২০০ টাকা এবং প্রতিটি শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত অর্থ ১,০০০ টাকা।

ক. বিনিয়োগকারীদের প্রত্যাশিত লভ্যাংশকে কোম্পানির ক্ষেত্রে কী বলে? ১

খ. কাম্য ঋণনীতি কী? ব্যাখ্যা কর। ২

গ. ABC কোম্পানি লিমিটেডের অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. ABC কোম্পানি লিমিটেড যদি প্রতি শেয়ার ১,৫০০ টাকায় বিক্রি করে তবে উক্ত কোম্পানির মূলধন ব্যয়ে কী ধরনের পরিবর্তন হবে? যুক্তি দাও। ৪

৬। রাজু ও মিনা 'XYZ' কোম্পানি শেয়ার হোল্ডার। মিনা, কোম্পানির সাধারণ সভায় অংশগ্রহণ করে থাকেন। তার মুনাফার অংশ নিশ্চিত নয়। অপরদিকে, রাজুর মুনাফার অংশ নিশ্চিত এবং কোম্পানির বিভিন্ন সিদ্ধান্তে মতামত দিতে পারেন না।

ক. শেয়ার বাজারে সূচক ব্যবহার করা হয় কেন? ১

খ. বোনাস শেয়ার কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মিনা কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করেছেন? বর্ণনা কর। ৩

ঘ. বিনিয়োগ নিরাপত্তা বিবেচনায় মিনা ও রাজুর মধ্যে কে সুবিধাজনক অবস্থানে আছে? মূল্যায়ন কর। ৪

ব্যাংকিং অংশ

৭। আলম একজন উদ্যোক্তা। তিনি শিল্পকারখানা নির্মাণ ও সম্প্রসারণের জন্য 'ক' ব্যাংকে ঋণের জন্য আবেদন করেন। কিন্তু 'ক' ব্যাংক তাকে 'খ' ব্যাংকের সাথে যোগাযোগের পরামর্শ দেয়। কারণ 'খ' ব্যাংক বিভিন্ন উৎপাদনমুখী কাজের ঋণ প্রদান করে। অন্যদিকে, ... ব্যাংক দেশের অর্থবাজারকে স্থিতিশীল রাখা ও দেশের অর্থনৈতিক পরিকল্পনা সহায়তা করে।

ক. ব্যাংকিং ব্যবসায়ে তহবিলের মূল উৎস কী? ১

খ. বিনিময় প্রথা (Barter System) কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'খ' ব্যাংকের ধরন বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের ভিত্তিতে 'ক' ব্যাংকের উদ্দেশ্য বিশ্লেষণ কর। ৪

৮। 'P' হিসাব : কোনো সুদ প্রদান করা হয় না এবং জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়। 'Q' হিসাব : প্রতি মাসে নির্দিষ্ট সময়ের মধ্যে টাকা জমা দিতে হয় এবং মেয়াদান্তে সুদসহ ফেরত পাওয়া যায়।

ক. কোন ব্যাংক মুদ্রা প্রচলন করে? ১

খ. ক্রেডিট কার্ড কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের P হিসাবের ধরন বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপকের Q হিসাব মুদ্রা বিনিয়োগকারীদের জন্য একটি বিশেষ গুরুত্ব বহনকারী হিসাব হিসেবে পরিচিত।"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

৯। মি. আহনাফ তার মক্কেলকে "প্রাপকের হিসাবে দেয়" লেখা একটি চেক ইস্যু করেন। পক্ষান্তরে, মি. রোহান, মি. আহনাফের নাম উল্লেখ করে তাকে একটি চেক প্রেরণ করেন।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১

খ. ব্যাংককে নিরাপত্তার প্রতীক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মি. রোহান কর্তৃক ইস্যুকৃত চেকের ধরন বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপকের মি. আহনাফ তার মক্কেলকে প্রদত্ত চেকটি অধিকতর নিরাপদ।"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০। মি. সামিউল 'ক' ব্যাংকের ডেপুটি গভর্নর। তার বন্ধু 'খ' ব্যাংকের সিনিয়র অফিসার। 'খ' ব্যাংক আমানতের একটি অংশ 'ক' ব্যাংকে জমা রাখে। এছাড়াও 'খ' ব্যাংকটির আর্থিক সংকেটে 'ক' ব্যাংকটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক. বাংলাদেশ ব্যাংক কী দ্বারা নিয়ন্ত্রিত? ১

খ. নিকাশ ঘর কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'ক' ব্যাংকের ধরন বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের 'ক' ও 'খ' ব্যাংকের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

১১। 'A' ব্যাংকিং : হিসাবের স্থিতি ও চেক বইয়ের জন্য অনুরোধ করা যায়।
'B' ব্যাংকিং : হিসাবের বিবরণী সংগ্রহ, তহবিল স্থানান্তর এবং বিল প্রদান করা যায়।

ক. বাংলাদেশে ই-ব্যাংকিং সেবা গ্রহণে গ্রাহকবৃন্দ আগ্রহী কেন? ১

খ. ঋণ আমানতি হিসাব কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'A' ব্যাংকিং কোন ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং? বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপকের 'B' ব্যাংকিং সেবাটি পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে গ্রহণ করা যায়।"–উক্তিটি মূল্যায়ন কর। ৪

উত্তরমালা (ময়মনসিংহ বোর্ড ২০২৫)

বহুনির্বাচনি অভীক্ষা

১	খ	২	ঘ	৩	গ	৪	ক	৫	ক	৬	গ	৭	গ	৮	খ	৯	ক	১০	ঘ	১১	গ	১২	*	১৩	গ	১৪	গ	১৫	ঘ
১৬	খ	১৭	খ	১৮	ক	১৯	খ	২০	ঘ	২১	ক	২২	গ	২৩	ক	২৪	ঘ	২৫	গ	২৬	খ	২৭	ক	২৮	খ	২৯	ক	৩০	ক

সৃজনশীল

প্রশ্ন ▶ ০১ জনাব হাসান একজন ব্যবসায়ী। তিনি নতুন বাড়ি নির্মাণের জন্য আত্মীয়-স্বজন থেকে ৩০ লক্ষ টাকা ও বন্ধু-বান্ধব থেকে ১৫ লক্ষ টাকা ধার নেন। বাড়ি নির্মাণের পর অবশিষ্ট অর্থ দিয়ে ব্যবসায়ের জন্য একটি ফ্রিজ ক্রয় করেন।

ক. অর্থায়ন কী নিজের কাজ করে? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্তের অপর নাম কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জনাব হাসান প্রথমে কোন ধরনের অর্থায়ন করেন? বর্ণনা কর। ৩

ঘ. জনাব হাসানের ব্যবসায়ে অর্থায়নের নীতি মূল্যায়ন কর। ৪

[ম. বো. ২০২৫]

১নং প্রশ্নের উত্তর

ক অর্থায়ন তহবিল ব্যবস্থাপনা নিয়ে কাজ করে।

খ বিনিয়োগ সিদ্ধান্তের অপর নাম হলো ব্যয় সিদ্ধান্ত।

অর্থায়নের একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হলো বিনিয়োগ সিদ্ধান্ত। কোন খাতে বিনিয়োগ করলে কম ঝুঁকিতে বেশি লাভ করা যাবে সে সিদ্ধান্ত গ্রহণ করাকে ব্যয় সিদ্ধান্ত বলে। যেমন : স্থায়ী সম্পত্তি ক্রয়জনিত সিদ্ধান্ত দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্গত। এক্ষেত্রে মূলধন বাজেটিং কৌশল প্রয়োগ করে স্থায়ী সম্পত্তি ক্রয় থেকে শুরু করে এসব সম্পত্তি প্রতিস্থাপন, ব্যবসায় সম্প্রসারণ, আধুনিকায়ন ও অন্যান্য দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের আয়-ব্যয় প্রাক্কলন করে সম্ভাব্য লাভজনকতা বিশ্লেষণ করে তদানুসারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ব্যয় সিদ্ধান্তে মুনাফার পরিমাণ নির্ণয়ের জন্য বিক্রয়লব্ধ অর্থ থেকে উৎপাদন ও অন্যান্য খরচ বাদ দিয়ে নগদ প্রবাহ নির্ধারণ করা হয়। এ কাজটির অর্থায়ন দুরূহ হওয়ায় ব্যয় সিদ্ধান্তটি মূলত প্রতিষ্ঠানের জন্য একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত।

গ জনাব হাসান প্রথমে পারিবারিক অর্থায়ন করেছেন।

পারিবারিক অর্থায়ন হলো পরিবারের আয়ের উৎস ও পরিমাণ নির্ধারণ করে সেই আয় কীভাবে ব্যয় করলে পরিবারের সদস্যদের সর্বাঙ্গীণ মঙ্গল হয় তা নির্ধারণ করার একটি প্রক্রিয়া। এক্ষেত্রে পরিবারের প্রয়োজনীয় অসংখ্য ব্যয়ের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে অধিক গুরুত্বপূর্ণ ব্যয়গুলো পূরণ করা হয় এবং ঘাটতি থাকলে সে অর্থ বিভিন্ন উৎস থেকে সংস্থান করা হয়।

উদ্দীপকে জনাব হাসান একজন ব্যবসায়ী। তিনি নতুন বাড়ি নির্মাণের জন্য আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধব থেকে ঋণের সংস্থান করেন। এ থেকে বোঝা যায়, তিনি পরিবার বা তার নিজেস্ব বাড়ি নির্মাণের জন্য অর্থায়ন করেছেন। এই বাড়ি নির্মাণের পর জনাব হাসানের পরিবারের সদস্যরাই এর সুবিধা ভোগ করবেন। তাই বলা যায়, জনাব হাসানের অর্থায়নের বিষয়টি পারিবারিক অর্থায়নের সাথে জড়িত।

ঘ উদ্দীপকে জনাব হাসান ব্যবসায় অর্থায়নের উপযুক্ততার নীতি অবলম্বন করেছেন।

উপযুক্ততার নীতি বলতে স্বল্পমেয়াদি উৎস থেকে চলতি মূলধন এবং দীর্ঘমেয়াদি উৎস থেকে স্থায়ী মূলধন সংগ্রহের নীতিকে বুঝায়।

এ নীতি অনুসারে ব্যবসায়ের যেসব ব্যয় নিয়মিত হয় সেগুলো স্বল্পমেয়াদী উৎস থেকে সংগ্রহ করা হয়। এবং বিভিন্ন স্থায়ী ব্যয় যেমন– মেশিন ক্রয়, দালানকোঠা নির্মাণ প্রভৃতি ব্যয়ের জন্য দীর্ঘমেয়াদি উৎস ব্যবহার করা হয়। সাধারণত বাণিজ্যিক ব্যাংক, বিনিয়োগ ব্যাংক ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান এ দীর্ঘমেয়াদি অর্থ দেয়। ব্যবসায়ের দৈনন্দিন ব্যয় নির্বাহে যদি দীর্ঘমেয়াদি উৎস ব্যবহার করা হয় তাহলে প্রতিষ্ঠানের দায় বেড়ে যায়। ফলে প্রতিষ্ঠান দেউলিয়া ঘোষিত হতে পারে। তাই প্রতিষ্ঠান মূলধন সংগ্রহের ক্ষেত্রে উপযুক্ততার নীতি অনুসরণ করে।

উদ্দীপকে জনাব হাসান একজন ব্যবসায়ী। তিনি পারিবারিক অর্থায়নের মাধ্যমে আত্মীয়-স্বজন থেকে ৩০ লক্ষ ও বন্ধু-বান্ধব থেকে ১৫ লক্ষ টাকা ঋণ করেন। বাড়ি নির্মাণের পর অবশিষ্ট অর্থ দিয়ে ব্যবসায়ের জন্য একটি ফ্রিজ ক্রয় করেন। অর্থাৎ তিনি ব্যবসায় অর্থায়নের উপযুক্ততার নীতিটি অনুসরণ করেন। কারণ জনাব হাসান তিনি ব্যবসায়ের জন্য ফ্রিজ ক্রয় করেছেন, যা স্থায়ী সম্পদ। তিনি স্থায়ী সম্পদটি দীর্ঘমেয়াদি উৎসের অর্থ দ্বারা ক্রয় করেছেন। উপযুক্ততার নীতি কোন ধরনের মূলধনের জন্য কোন ধরনের উৎস উপযুক্ত তা নির্দেশ করে।

অতএব বলা যায়, জনাব হাসান দীর্ঘমেয়াদি ঋণের দ্বারা ব্যবসায়ে স্থায়ী সম্পদ ক্রয় করেছেন বিধায়, উপযুক্ততার নীতি অনুসরণ করা হয়েছে।

প্রশ্ন ▶ ০২ জনাব কামাল ৫ বছরের জন্য গোমতী ব্যাংকে ৫,০০,০০০ টাকা ৮% হারে বার্ষিক চক্রবৃদ্ধিতে জমা রাখার প্রস্তাব পান। অপরদিকে, তিতাস ব্যাংক তাকে ৭.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে।

ক. অর্থের সময়মূল্য নির্ণয়ের মূল কারণ কী? ১

খ. সুযোগ ব্যয় কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব কামাল 'গোমতী ব্যাংক' থেকে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. জনাব কামালের কোন ব্যাংকের প্রস্তাব গ্রহণ করা উচিত? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

২নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৩ জনাব রাজু ৫ বছর পূর্বে 'মনি' ও 'মুক্তা' প্রকল্পদ্বয়ে অর্থ বিনিয়োগ করেন। প্রকল্প দুটি থেকে গত ৫ বছরে প্রাপ্ত আয়ের হার নিম্নরূপ :

প্রকল্প	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪	বছর-৫
মনি	১০%	১২%	১৮%	১৪%	১১%
মুক্তা	৯%	১৪%	২১%	৮%	১৩%

জনাব রাজু তুলনামূলক কম লাভজনক প্রকল্পটি বন্ধ করে দিতে চান।

ক. ট্রেজারি বিল কে ইস্যু করে? ১

খ. আর্থিক ঝুঁকি কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মনি প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. জনাব রাজুর কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

৩নং প্রশ্নের উত্তর

ক ট্রেজারি বিল ইস্যু করে দেশের সরকার।

খ দায় পরিশোধের অক্ষমতা থেকে সৃষ্ট ঝুঁকিটি হলো আর্থিক ঝুঁকি। ঋণ মূলধন ব্যবহারের ফলে কোনো প্রতিষ্ঠানে দায়ের সৃষ্টি হয়। একটি প্রতিষ্ঠান ঋণকৃত মূলধন বিনিয়োগ থেকে প্রাপ্ত নগদ প্রবাহ দিয়ে ঋণের কিস্তি পরিশোধ করে থাকে। প্রাপ্ত নগদ প্রবাহ দ্বারা ঋণের কিস্তি পরিশোধে প্রতিষ্ঠান অসমর্থ হলে সেক্ষেত্রে ঋণদাতা উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে পারে। এতে কোম্পানি দেউলিয়া হওয়ার আশঙ্কা থাকে। ফলে এরূপ দায় পরিশোধের অক্ষমতা থেকে আর্থিক ঝুঁকির সৃষ্টি হয়।

গ মনি প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

প্রকল্প-মনি

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়-গড়)	ব্যবধানের বর্গ
১	১০	(১০ – ১৩) = – ৩	৯
২	১২	(১২ – ১৩) = – ১	১
৩	১৮	(১৮ – ১৩) = ৫	২৫
৪	১৪	(১৪ – ১৩) = ১	১
৫	১১	(১১ – ১৩) = – ২	৪
যোগফল =	৬৫%	ব্যবধানের বর্গের যোগফল =	৪০
গড় আয়	$\frac{৬৫}{৫}$ = ১৩%	ব্যবধানের বর্গের গড় $= \frac{৪০}{(n-১)} = \frac{৪০}{৫-১}$	= ১০

আদর্শ বিচ্যুতি = $\sqrt{১০}$ = ৩.১৬%।

∴ মনি প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.১৬%।

উত্তর : মনি প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.১৬%।

ঘ জনাব রাজু কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত তা জানার জন্য মেঘনা প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

প্রকল্প-মুক্তা

বছর	আয় (%)	গড় থেকে ব্যবধান (আয়-গড়)	ব্যবধানের বর্গ
১	৯	(৯ – ১৩) = – ৪	১৬
২	১৪	(১৪ – ১৩) = ১	১
৩	২১	(২১ – ১৩) = ৮	৬৪
৪	৮	(৮ – ১৩) = – ৫	২৫
৫	১৩	(১৩ – ১৩) = ০	০
যোগফল	৬৫%	ব্যবধানের বর্গের যোগফল =	১০৬
গড় আয়	$\frac{৬৫}{৫}$ = ১৩%	ব্যবধানের বর্গের গড় $= \frac{১০৬}{(n-১)} = \frac{১০৬}{৫-১}$	= ২৬.৫

আদর্শ বিচ্যুতি = $\sqrt{২৬.৫}$

= ৫.১৫% (প্রায়)।

∴ মুক্তা প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৫.১৫%।

দেখা যাচ্ছে, 'মনি' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.১৬% এবং 'মুক্তা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৫.১৫%। সিদ্ধান্ত নীতি অনুযায়ী একাধিক প্রকল্পের মধ্যে যে প্রকল্পের আদর্শ বিচ্যুতি বেশি সে প্রকল্পটি বর্জনীয় হবে। আর তাই জনাব রাজুর জন্য মুক্তা প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত।

প্রশ্ন ▶ ০৪ জনাব মান্নান একটি প্রকল্পে ৫০,০০০ টাকা বিনিয়োগ করার চিন্তা করছেন, যা থেকে আগামী ৫ বছর যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা ১০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকা পাওয়া যাবে। বার্ষিক অবচয় ৪,০০০ টাকা এবং কর হার ২০%।

ক. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কোনটি? ১

খ. পণ্যবৈচিত্র্যায়ণ কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব মান্নানের প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক জনাব মান্নানের প্রকল্পটি মূল্যায়ন কর। ৪

[ম. বো. ২০২৫]

৪নং প্রশ্নের উত্তর

ক অর্থায়নের সাফল্যের চাবিকাঠি মূলধন বাজেটিং।

খ ব্যবসায় প্রতিষ্ঠান সম্প্রসারণের জন্য চলমান পণ্যের বা বিদ্যমান পণ্যের পাশাপাশি নতুন পণ্য বাজারে ছাড়াকে পণ্য বৈচিত্র্যায়ণ বলে। পণ্য বৈচিত্র্যায়নের জন্য তথা নতুন পণ্য বাজারে প্রসারের ক্ষেত্রে নতুন পণ্যের আয়ুষ্কাল, পণ্যের উৎপাদন খরচ, বাজার চাহিদা, পরিচালনা খরচ এবং সম্ভাব্য আয় প্রাক্কলন করে সিদ্ধান্ত নিতে হয়। সঠিকভাবে পণ্য বৈচিত্র্যায়নের ওপর ব্যবসায়ের লাভ বৃদ্ধির পাশাপাশি সম্ভাব্য ক্ষতির ঝুঁকি অনেকটা হ্রাস পায়।

গ জনাব মান্নানের গড় মুনাফার হার নির্ণয় করা হলো−

বিবরণ	পরিমাণ (টাকায়)				
	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
অবচয় ও করপূর্ব মুনাফা	১০,০০০	১৫,০০০	২০,০০০	১০,০০০	২৫,০০০
(−) অবচয়	(৪,০০০)	(৪,০০০)	(৪,০০০)	(৪,০০০)	(৪,০০০)
করযোগ্য মুনাফা	৬,০০০	১১,০০০	১৬,০০০	৬,০০০	২১,০০০
(−) কর হার (২০%)	(১,২০০)	(২,২০০)	(৩,২০০)	(১,২০০)	(৪,২০০)
নিট মুনাফা	৪,৮০০	৮,৮০০	১২,৮০০	৪,৮০০	১৬,৮০০

$$\therefore \text{গড় নিট মুনাফা} = \frac{৪,৮০০ + ৮,৮০০ + ১২,৮০০ + ৪,৮০০ + ১৬,৮০০}{৫}$$

$$= \frac{৪৮,০০০}{৫}$$

$$= ৯,৬০০$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ}}{২} = \frac{৫০,০০০}{২} = ২৫,০০০ \text{ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{৯,৬০০}{২৫,০০০} \times ১০০$$

$$= ৩৮.৪\%$$

∴ গড় মুনাফার হার ৩৮.৪%।

ঘ পে-ব্যাক সময় নির্ণয় করা হলো :

বিবরণ	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর	৫ম বছর
নিট মুনাফা	৪,৮০০	৮,৮০০	১২,৮০০	৪,৮০০	১৬,৮০০
(+) অবচয়	৪,০০০	৪,০০০	৪,০০০	৪,০০০	৪,০০০
নগদ আন্তঃপ্রবাহ	৮,৮০০	১২,৮০০	১৬,৮০০	৮,৮০০	২০,৮০০

পে-ব্যাক নির্ণয় সারণী :

বছর	বার্ষিক নগদ প্রবাহ	ক্রমোযোজিত নগদ প্রবাহ
০	− ৫০,০০০	− ৫০,০০০
১	৮,৮০০	− ৪১,২০০
২	১২,৮০০	− ২৮,৪০০
৩	১৬,৮০০	− ১১,৬০০
৪	৮,৮০০	− ২,৮০০
৫	২০,৮০০	১৮,০০০

$$\therefore \text{পে-ব্যাক সময়} = \left(৪ + \frac{২,৮০০}{২০,৮০০}\right) \text{বছর}$$

$$= ৪.১৩ \text{ বছর}$$

∴ জনাব মান্নানের প্রকল্পটি গ্রহণযোগ্য হবে।

প্রশ্ন ▶ ০৫ ABC কোম্পানি লি. ১০ শতাংশ অগ্রাধিকার শেয়ার ইস্যু করে। প্রতিটি শেয়ারের লিখিত মূল্য ১,২০০ টাকা এবং প্রতিটি শেয়ার বিক্রি থেকে প্রাপ্ত অর্থ ১,০০০ টাকা।

ক. বিনিয়োগকারীদের প্রত্যাশিত লভ্যাংশকে কোম্পানির ক্ষেত্রে কী বলে? ১
খ. কাম্য ঋণনীতি কী? ব্যাখ্যা কর। ২
গ. ABC কোম্পানি লিমিটেডের অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয় কর। ৩
ঘ. ABC কোম্পানি লিমিটেড যদি প্রতি শেয়ার ১,৫০০ টাকায় বিক্রি করে তবে উক্ত কোম্পানির মূলধন ব্যয়ে কী ধরনের পরিবর্তন হবে? যুক্তি দাও। ৪

[ম. বো. ২০২৫]

৫নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৬ রাজু ও মিনা 'XYZ' কোম্পানি শেয়ার হোল্ডার। মিনা, কোম্পানির সাধারণ সভায় অংশগ্রহণ করে থাকেন। তার মুনাফার অংশ নিশ্চিত নয়। অপরদিকে, রাজুর মুনাফার অংশ নিশ্চিত এবং কোম্পানির বিভিন্ন সিদ্ধান্তে মতামত দিতে পারেন না।

ক. শেয়ার বাজারে সূচক ব্যবহার করা হয় কেন? ১
খ. বোনাস শেয়ার কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মিনা কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করেছেন? বর্ণনা কর। ৩
ঘ. বিনিয়োগ নিরাপত্তা বিবেচনায় মিনা ও রাজুর মধ্যে কে সুবিধাজনক অবস্থানে আছে? মূল্যায়ন কর। ৪

[ম. বো. ২০২৫]

৬নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ০৭ আলম একজন উদ্যোক্তা। তিনি শিল্পকারখানা নির্মাণ ও সম্প্রসারণের জন্য 'ক' ব্যাংকে ঋণের জন্য আবেদন করেন। কিন্তু 'ক' ব্যাংক তাকে 'খ' ব্যাংকের সাথে যোগাযোগের পরামর্শ দেয়। কারণ 'খ' ব্যাংক বিভিন্ন উৎপাদনমুখী কাজের ঋণ প্রদান করে। অন্যদিকে, ... ব্যাংক দেশের অর্থবাজারকে স্থিতিশীল রাখা ও দেশের অর্থনৈতিক পরিকল্পনা সহায়তা করে।

ক. ব্যাংকিং ব্যবসায়ে তহবিলের মূল উৎস কী? ১
খ. বিনিময় প্রথা (Barter System) কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'খ' ব্যাংকের ধরন বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের ভিত্তিতে 'ক' ব্যাংকের উদ্দেশ্য বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

<u>৭নং প্রশ্নের উত্তর</u>

ক ব্যাংকিং ব্যবসায়ে তহবিলের মূল উৎস আমানত।

খ দ্রব্যের বিনিময়ে দ্রব্যের আদান-প্রদানকে বিনিময় প্রথা বলে।

প্রথমদিকের মানুষের চাহিদা ছিল খুবই সীমিত। সভ্যতা বিবর্তনের সাথে মানুষের প্রয়োজন কর্মকাণ্ড বাড়ে। মানব সৃষ্টি ও সভ্যতার বিবর্তনের সাথে সাথে মানুষের প্রয়োজন, কর্মকাণ্ড এবং সামাজিক বন্ধনের পরিধি প্রসার লাভ করতে থাকে। প্রথমে মানুষের চাহিদা ছিল খুব সীমিত এবং পরস্পরের মধ্যে তার প্রয়োজনের অতিরিক্ত দ্রব্যাদি বিনিময়ের মাধ্যমে নিজের চাহিদা নির্বাহ করতো। 'দ্রব্যের বিনিময়ে দ্রব্য' এই প্রথাটি বিনিময় প্রথা হিসেবে পরিচিত।

গ উদ্দীপকের 'খ' ব্যাংকের ধরন হচ্ছে শিল্প ব্যাংক।

দেশের শিল্পখাতের উন্নয়নের লক্ষ্যে যে ব্যাংক প্রতিষ্ঠিত হয় তাকে শিল্প ব্যাংক বলে। যন্ত্রপাতি সংগ্রহ, জমি ক্রয়, কারখানা নির্মাণ ইত্যাদির জন্য শিল্প ব্যাংক ঋণ প্রদান করে থাকে। বিডিবিএল বাংলাদেশে এ ধরনের একটি ব্যাংক।

উদ্দীপকে জনাব আলম একজন উদ্যোক্তা। তিনি শিল্পকারখানা নির্মাণ ও সম্প্রসারণের জন্য 'ক' ব্যাংকে ঋণের আবেদন করেন কিন্তু 'ক' ব্যাংক তাকে 'খ' ব্যাংকের সাথে যোগাযোগের পরামর্শ দেয়। কারণ 'খ' ব্যাংক বিভিন্ন উৎপাদনমুখী কাজে ঋণ প্রদান করে যা শিল্প ব্যাংকের বৈশিষ্ট্য। শিল্প ব্যাংক শিল্পকারখানা নির্মাণ ও সম্প্রসারণের উদ্দেশ্যে আগ্রহী ব্যক্তিদের বিভিন্ন মেয়াদ ভিত্তিক ঋণ প্রদান করে থাকে, যা শিল্পখাতের উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে।

সুতরাং বলা যায় যে, 'খ' ব্যাংকটি হচ্ছে শিল্প ব্যাংক।

ঘ উদ্দীপকের ভিত্তিতে 'ক' ব্যাংকটি হচ্ছে কেন্দ্রীয় ব্যাংক। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক হচ্ছে 'বাংলাদেশ ব্যাংক' নিম্নে বাংলাদেশ ব্যাংকের উদ্দেশ্য বর্ণনা করা হলো :

কেন্দ্রীয় ব্যাংক জনকল্যাণমূলক অমুনাফাভোগী প্রতিষ্ঠান। জনগণের কল্যাণে নিয়োজিত থাকাই এ ব্যাংকের মুখ্য উদ্দেশ্য। এছাড়া নোট ও মুদ্রা প্রচলন করা এ ব্যাংকের প্রধান উদ্দেশ্য। অন্যান্য যেসব উদ্দেশ্যে এ ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছে, সেগুলো হলো– বলিষ্ঠ মুদ্রা বাজার গঠন ও নিয়ন্ত্রণ, অর্থনৈতিক উন্নয়ন, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, দেশের মুদ্রা মান নিয়ন্ত্রণ, ব্যাংকসমূহের ব্যাংকার, নিকাশঘর হিসেবে কাজ করা, ঋণ নিয়ন্ত্রণ, সরকারকে পরামর্শ দেওয়া, মূল্যস্তর স্থিতিশীল রাখা, সরকারের ব্যাংক, সম্পদের সুসম বণ্টন, মূলধন গঠনের সহায়তা করা, সুসংগঠিত ব্যাংকিং ব্যবস্থা গড়ে তোলা, ব্যাংক ব্যবস্থার পথ প্রদর্শক ইত্যাদি।

উদ্দীপকে 'ক' ব্যাংকটি দেশের অর্থবাজারকে স্থিতিশীল ও দেশের অর্থনৈতিক পরিকল্পনায় সহায়তা করে। যা কোনো দেশের কেন্দ্রীয় ব্যাংকের বৈশিষ্ট্য। কেন্দ্রীয় ব্যাংক দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে সহায়তা ও কার্যকরী ভূমিকা পালন করে থাকে। কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণ এবং মূল্যস্তর স্থিতিশীল রেখে দেশের অর্থবাজারকে স্থিতিশীল রাখতে সহায়তা করে। কেন্দ্রীয় ব্যাংক বিভিন্ন ক্ষেত্রে দেশের সরকারকে পরামর্শ প্রদান ও সরকার কর্তৃক গৃহীত ঋণের তদারকি করে অর্থনৈতিক পরিকল্পনায় সহায়তা করে।

প্রশ্ন ▶ ০৮ 'P' হিসাব : কোনো সুদ প্রদান করা হয় না এবং জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়। 'Q' হিসাব : প্রতি মাসে নির্দিষ্ট সময়ের মধ্যে টাকা জমা দিতে হয় এবং মেয়াদান্তে সুদসহ ফেরত পাওয়া যায়।

ক. কোন ব্যাংক মুদ্রা প্রচলন করে? ১

খ. ক্রেডিট কার্ড কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের P হিসাবের ধরন বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপকের Q হিসাব মুদ্রা বিনিয়োগকারীদের জন্য একটি বিশেষ গুরুত্ব বহনকারী হিসাব হিসেবে পরিচিত।"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

[ম. বো. ২০২৫]

<u>৮নং প্রশ্নের উত্তর</u>

ক কেন্দ্রীয় ব্যাংক মুদ্রা প্রচলন করে।

খ ক্রেডিট কার্ড বলতে ঋণ সুবিধাবিশিষ্ট এক ধরনের ইলেকট্রনিক কার্ডকে বোঝায়।

ঋণকৃত অর্থ উত্তোলনে, কেনাকাটা করতে ও দেনা পরিশোধে ব্যাংক কর্তৃক ইস্যুকৃত বিশেষ সুবিধা সম্বলিত কার্ড হলো ক্রেডিট কার্ড। এর মাধ্যমে বাকিতে মালামাল কেনার সুযোগ থাকে। এটি এক ধরনের ব্যক্তিগত ঋণ। তাই গ্রাহককে নির্দিষ্ট সময় শেষে সুদসহ পরিশোধে করতে হয়। তবে ক্রেডিট কার্ড ব্যবহার করার জন্য ব্যাংক হিসাব থাকার দরকার নেই।

গ উদ্দীপকের 'P' হিসাবটি হচ্ছে চলতি হিসাব।

যে হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায় এবং প্রয়োজনমতো চাহিবামাত্র যতবার খুশি টাকা উত্তোলন করা যায়, তাকে চলতি হিসাব বলে। ব্যবসায়ীদের জন্য এ হিসাব সুবিধাজনক এবং এ হিসাবে সাধারণত কোনো সুদ প্রদান করা যায় না। এই হিসাবে জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়।

উদ্দীপকে 'P' হিসাবটি চলতি হিসাবের অন্তর্ভুক্ত। কেননা 'P' হিসাবে কোনো সুদ প্রদান করা হয় না এবং জামাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়। শুধু চলতি হিসাবের জমা টাকার উপর কোনো প্রকার সুদ প্রদান করা হয় না। এ হিসাবে টাকা জমা উত্তোলন এবং প্রয়োজনে ঋণ গ্রহণ করা যায়। তাই 'P' হিসাবটি হচ্ছে চলতি হিসাব।

ঘ উদ্দীপকের 'Q' হিসাবটি হচ্ছে ডিপোজিট পেনশন স্কিম হিসাব যা 'DPS' "ডিপোজিট পেনশন স্কিম হিসাব মুদ্রা বিনিয়োগকারীদের জন্য একটি বিশেষ গুরুত্ব বহনকারী হিসাব হিসেবে পরিচিত" উক্তিটি মূল্যায়ন করা হলো :

যে হিসাবের মাধ্যমে প্রতি মাসে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হয়, তাকে ডিপোজিট স্কিম পেনশন বা (DPS) বলে। এভাবে দীর্ঘমেয়াদে জমাকৃত অর্থ মেয়াদ শেষে এককালীন সুদসহ ফেরত দেওয়া হয়। যেমন– প্রতিমাসে ১০০, ২০০ বা ৫০০ টাকা থেকে যেকোনো অঙ্কের সাপ্তাহিক বা মাসিক ভিত্তিতে এ হিসাবে জমা হতে পারে। পরবর্তীতে একটি নির্দিষ্ট মেয়াদান্তে সুদসহ জমাকারীকে ফেরত দেওয়া হয়। মুদ্রা বিনিয়োগকারীদের জন্য এটি বিশেষ গুরুত্ব বহন করে।

উদ্দীপকে 'Q' হিসাবটিতে প্রতিমাসে নির্দিষ্ট সময়ের মধ্যে টাকা জমা দিতে হয় এবং মেয়াদ শেষে সুদসহ ফেরত পাওয়া যায়। যা "ডিপোজিট পেনশন স্কিম" হিসাব। এই হিসাব মুদ্রা বিনিয়োগকারীদের জন্য একটি বিশেষ গুরুত্ব বহনকারী হিসাব, কেননা গ্রাহকরা প্রতিমাসে নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা রেখে মেয়াদ শেষে সুদসহ আসল টাকা পেয়ে থাকেন। বিভিন্ন মেয়াদে গ্রাহকরা উক্ত হিসাবে নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা প্রদানের সুযোগ পান ও মেয়াদান্তে সুদসহ একটি বড় অঙ্কের টাকা ফেরত পায়।

তাই বলা যায়, উদ্দীপকের 'Q' হিসাব অর্থাৎ ডিপোজিট পেনশন স্কিম হিসাবে 'DPS' মুদ্রা বিনিয়োগকারীদের মধ্যে বিশেষ গুরুত্ব বহন করে।

প্রশ্ন ▶ ০৯ মি. আহনাফ তার মক্কেলকে "প্রাপকের হিসাবে দেয়" লেখা একটি চেক ইস্যু করেন। পক্ষান্তরে, মি. রোহান, মি. আহনাফের নাম উল্লেখ করে তাকে একটি চেক প্রেরণ করেন।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১
খ. ব্যাংককে নিরাপত্তার প্রতীক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মি. রোহান কর্তৃক ইস্যুকৃত চেকের ধরন বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের মি. আহনাফ তার মক্কেলকে প্রদত্ত চেকটি অধিকতর নিরাপদ।"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

৯নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

প্রশ্ন ▶ ১০ মি. সামিউল 'ক' ব্যাংকের ডেপুটি গভর্নর। তার বন্ধু 'খ' ব্যাংকের সিনিয়র অফিসার। 'খ' ব্যাংক আমানতের একটি অংশ 'ক' ব্যাংকে জমা রাখে। এছাড়াও 'খ' ব্যাংকটির আর্থিক সংকটে 'ক' ব্যাংকটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক. বাংলাদেশ ব্যাংক কী দ্বারা নিয়ন্ত্রিত? ১
খ. নিকাশ ঘর কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'ক' ব্যাংকের ধরন বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের 'ক' ও 'খ' ব্যাংকের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

১০নং প্রশ্নের উত্তর

ক বাংলাদেশ ব্যাংক সরকার দ্বারা নিয়ন্ত্রিত।

খ বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যকার আন্তঃব্যাংকিং দেনাপাওনা নিষ্পত্তির স্থান হলো নিকাশঘর।

নিকাশঘরের দায়িত্ব পালন করে কেন্দ্রীয় ব্যাংক। এর মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে যে লেনদেন সংঘটিত হয় সেগুলোর নিষ্পত্তি করা হয়। ধরা যাক, 'ক' এবং 'খ' বাণিজ্যিক ব্যাংকের মধ্যে একটি লেনদেন সংঘটিত হয়। কেন্দ্রীয় ব্যাংকের নিকাশঘরের মাধ্যমে এই লেনদেনটির নিষ্পত্তি করা হয়।

গ উদ্দীপকে 'ক' ব্যাংকটি হলো কেন্দ্রীয় ব্যাংক।

কেন্দ্রীয় ব্যাংক সরকারি মালিকানায় প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়। জনকল্যাণ এ ব্যাংকের মূল উদ্দেশ্য। এ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোকে নিয়ন্ত্রণ করে।

উদ্দীপকে মি. সামিউল 'ক' ব্যাংকের ডেপুটি গভর্নর। তার বন্ধু 'খ' ব্যাংকের সিনিয়র অফিসার। 'খ' ব্যাংকটির আর্থিক সংকটে 'ক' ব্যাংকটি গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে। কোনো তালিকাভুক্ত ব্যাংক আর্থিক সংকটে পড়লে কেন্দ্রীয় ব্যাংক সহায়তা প্রদান করে। এছাড়াও ব্যাংকের অন্যান্য কাজও কেন্দ্রীয় ব্যাংক নিয়ন্ত্রণ করে। উদ্দীপকের 'ক' ব্যাংকের বৈশিষ্ট্য কেন্দ্রীয় ব্যাংকের বৈশিষ্ট্যের সাথে মিলে যায়। তাই বলা যায়, 'ক' ব্যাংকটি হলো কেন্দ্রীয় ব্যাংক।

ঘ উদ্দীপকের 'ক' ব্যাংক ও 'খ' ব্যাংকের মধ্যে নিয়ন্ত্রণকারী, অভিভাবক ও ব্যাংকার-গ্রাহক সম্পর্ক রয়েছে।

কেন্দ্রীয় ব্যাংক হলো দেশের প্রধান ব্যাংক। জনকল্যাণ এ ব্যাংকের মূল উদ্দেশ্য। এ ব্যাংক মুদ্রাবাজার ও ব্যাংকিং ব্যবস্থা নিয়ন্ত্রণ করে।

উদ্দীপকের মি. সামিউল 'ক' ব্যাংকের একজন ডেপুটি গভর্নর। তার বন্ধু 'খ' ব্যাংকের একজন সিনিয়র অফিসার। 'খ' ব্যাংকটির আর্থিক সংকটে 'ক' ব্যাংকটি গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে। এখানে 'ক' ব্যাংকটি কেন্দ্রীয় ব্যাংক।

কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের কাজ নিয়ন্ত্রণ করে। নতুন ব্যাংক ও শাখা খোলার জন্য কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি নিতে হয়। তালিকাভুক্ত ব্যাংকগুলোকে তাদের সংগৃহীত আমানতের একটি নির্দিষ্ট অংশ বাধ্যতামূলকভাবে কেন্দ্রীয় ব্যাংকে জমা রাখতে হয়। বাণিজ্যিক ব্যাংকগুলোর আর্থিক সংকটে কেন্দ্রীয় ব্যাংক ঋণ ও পরামর্শ দেয়। এভাবে উদ্দীপকের 'ক' ব্যাংক (কেন্দ্রীয় ব্যাংক) ও 'খ' ব্যাংকের (তালিকাভুক্ত ব্যাংক) মধ্যে অভিভাবক, নিয়ন্ত্রক ও ব্যাংকার-গ্রাহক সম্পর্ক তৈরি হয়।

প্রশ্ন ▸ ১১ 'A' ব্যাংকিং : হিসাবের স্থিতি ও চেক বইয়ের জন্য অনুরোধ করা যায়।

'B' ব্যাংকিং : হিসাবের বিবরণী সংগ্রহ, তহবিল স্থানান্তর এবং বিল প্রদান করা যায়।

ক. বাংলাদেশে ই-ব্যাংকিং সেবা গ্রহণে গ্রাহকবৃন্দ আগ্রহী কেন? ১

খ. ঋণ আমানতি হিসাব কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'A' ব্যাংকিং কোন ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং? বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপকের 'B' ব্যাংকিং সেবাটি পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে গ্রহণ করা যায়।"–উক্তিটি মূল্যায়ন কর। ৪

[ম. বো. ২০২৫]

১১নং প্রশ্নের উত্তর

ক ব্যাংকিং সেবা দ্রুত ও নির্ভুল। তাই বাংলাদেশে ই-ব্যাংকিং সেবা গ্রহণে গ্রাহকবৃন্দ আগ্রহী।

খ ব্যাংক মঞ্জুরিকৃত ঋণের অর্থ নগদে ঋণ গ্রহীতাকে না প্রদান করে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করে ঋণ আমানত সৃষ্টি করে।

ঋণ গ্রহণের সময় ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট ব্যাংকের সাথে একটি হিসাব খুলতে হয়। ঋণের সম্পূর্ণ অর্থ সেই হিসাবে জমা বা ক্রেডিট করা হয়। এরপর ঋণগ্রহীতা যে পরিমাণ টাকা সেই হিসাব থেকে উত্তোলন করে, তা ঐ হিসাবে ডেবিট করা হয়। এ প্রক্রিয়ায় ব্যাংক ঋণের মাধ্যমে ঋণ আমানত সৃষ্টি করে।

গ উদ্দীপকে 'A' ব্যাংকিং হচ্ছে ইলেকট্রনিক ব্যাংকিং এর এস.এম.এস 'SMS' ব্যাংকিং সেবা।

মোবাইল ফোনে SMS এর মাধ্যমে বিভিন্ন ব্যাংকিং সেবা প্রদান করাকে (SMS) ব্যাংকিং বলে। SMS ব্যাংকিং এক ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং সেবা। এর মাধ্যমে হিসাবের স্থিতি, চেক বইয়ের জন্য অনুরোধ ইত্যাদি সুবিধা পাওয়া যায়। SMS ব্যাংকিং এর মাধ্যমে গ্রাহক তার ব্যাংকের জমাকৃত অর্থ সম্পর্কে জানতে পারে। এছাড়া ফান্ড ট্রান্সফার মোবাইল ব্যাংকিং ইত্যাদি কার্যক্রম দ্রুততার সাথে সম্পূর্ণ করতে পারেন।

উদ্দীপকে 'A' ব্যাংকিং এ হিসাবের স্থিতি ও চেক বইয়ের জন্য অনুরোধ করা যায়। যা ইলেকট্রনিক ব্যাংকিং এর SMS ব্যাংকিং সুবিধা। গ্রাহক এস.এম.এস প্রদান করে তার জমাকৃত অর্থের পরিমাণ, চেক বইয়ের জন্য অনুরোধ ইত্যাদি সুবিধা ভোগ করে। তাই বলা যায়, 'A' ব্যাংকিং হচ্ছে ইলেকট্রনিক ব্যাংকিং এর এস.এম.এস ব্যাংকিং।

ঘ উদ্দীপকের 'B' ব্যাংকিং গ্রাহকদের ইলেকট্রনিক ব্যাংকিং সেবা প্রদান করে থাকে, 'B' ব্যাংকিং এর সেবাটি পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে গ্রহণ করা যায়" উক্তিটি মূল্যায়ন করা হলো :

ইলেকট্রনিক প্রযুক্তি ব্যবহার করে অতি দ্রুত, নির্ভুল ও বিস্তৃত কার্য পরিচালনায় সক্ষম ব্যাংকিং ব্যবস্থাকেই ইলেকট্রনিক ব্যাংকিং বলে। এই সেবা পেতে ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা পাওয়ার সুযোগ রয়েছে।

ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, এটিএম, SMS ব্যাংকিং, ফোন ব্যাংকিং ইত্যাদি পদ্ধতিকে ইলেকট্রনিক ব্যাংকিং এর বিভিন্ন পণ্য ও সেবা বলা হয়। ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের দ্বারা এটিএম বুথ থেকে ২৪ ঘণ্টা টাকা জমা ও উত্তোলন করা যায়। ফোন ব্যাংকিং এর দ্বারা বিভিন্ন ব্যাংকিং লেনদেন সম্পন্ন করা যায়। SMS ব্যাংকিং দ্বারা হিসাবের স্থিতি বিবরণী দেখা যায়। পৃথিবীর যেকোনো স্থানে বসে উক্ত সেবা সমূহ গ্রহণ করা যায়, ইলেকট্রনিক ব্যাংকিং এর দ্বারা।

উদ্দীপকে 'B' ব্যাংকিং দ্বারা হিসাবের বিবরণী সংগ্রহ, তহবিল স্থানান্তর, বিল প্রদান করা যায়, যা ইলেকট্রনিক ব্যাংকিং এর আধুনিক সুবিধা, উক্ত সেবাসমূহ পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে খুব সহজেই গ্রহণ করা যায়। যা নির্ভুল ও দ্রুত।